  ডিম—(মাথন, জেলী ইত্যাদি কিছুই
  নহে)—
- (৪) টিফিন—কমল৷ লেবু—( আমি "কত ? ১ ডজন'' ডাক্তার "নানা একটি মাত্র'')
- (৫) চা ( Tea ) কিছু নহে।


- (৬) ডিনার এক টুকরা চব্বিহীন মাংস ও এক টুকরা শুকনা রুটী।
- (৭) সাপার একেবারে বাদ-

আমার স্থর প্রত্যহ ৬ টার পর আসিত ডাক্তার থাঁ সাহেব আমাকে ৫॥ টায় প্রত্যহ ১২ ।
ক্রেণ কুইনাইন থাইবার ব্যবস্থা দিলেন আর
কোনও ঔষধ দিলেন না। যাইবার সময় "আমার
ফী হইতেছে নগদ ৫ আমার কথা মত চলিলে
আমাকে আর ডাকবার প্রয়োজন হইবে না" বলিয়া
ও ধ্যুবাদ দিয়া চলিয়া গেলেন আমাকেও আর সে
ডাক্তারের চেহারা দেখিতে হয় নাই—

আমি মরিয়া হইয়া সেই ডাক্তারটীর ব্যবস্থা পালন করিতে লাগিলাম—১০ দিনে দেখিলাম -এই অসম্ভব লঘু আহারেও আমি ৭ পাউণ্ড ওজনে বাড়িয়াছি ও ৩০ দিন পরে আমার ওজন ১৬ পাউণ্ড বাড়িয়া গিয়াছিল। "আমার ধারণা যে এই ডাক্তারের অদ্ভূত চিকিৎসার প্রণালী ও তাহার পরে প্রাপ্ত স্বাস্থ্য ও সবল দেহই আমার শিক্ষিত ভারত বাসী ও তাহাদের দেশের প্রতি আমার টানের প্রধান কারণ।"

ফেল্লস সাহেবের বয়স এখন ৭০ বৎসরের উপর তিনি এখনও অল্প আহার করেন—অধুনা নিরামিষ ভোজী প্রত্যহ টী কাঁচা পেয়াজ খাইয়া থাকেন তাহার মতে ভারতের মত গরম দেশে কাঁচা পেয়াজ ধ্যবহার করিলে প্রস্রাবের দোষ হয় না।

স্বাস্থ্যের পাঠক পাঠিকাদের মধ্যে অনেকেই এই ফেল্লস সাহেবের অভিজ্ঞতায় উপকৃত হইবেন সন্দেহ নাই।



### মরণ পথের যাত্রী

লেখক —কবিরাজ শ্রীসভ্যচরণ সেন, কবিরঞ্জন

[Superintendent and professor Calcutta Ayurvedic College & Hospital and Editor Ayurbijnan]

আপনারা জানেন কি প্রামাদের মধ্যে **শ্রনাচারের** স্রোভ আমরা কতটা বাডাইয়াছি। শামাদের আহারে সংযম নাই, বিহারে সংযম बार, পোষাক পরিচ্ছদেও বুঝি সংযম হারাইয়া ক্রিলিয়াছি। ধর্মপ্রাণ হিন্দু ধর্মবৃদ্ধি হারাইয়া সাহেবদের অমুকরণে এখন হোটেল, রেণ্টরেণ্টে শ্লীইতে শিখিয়াছি : প্রাত:কালে পুজা অর্চনায় হাঞ্চলী দিয়া মুখ না ধুইয়া চা পানই প্রধান করণীয় করিয়া তুলিয়াছি। ইহা ভিন্ন আগাদের আই গ্রাত্মপ্রধান দেশে মাদক দ্রব্য সেবনে আমরা পাক্ষমেকে যেরূপ বিকল করিয়া তুলিতেছি তাহার হলে অকালমৃত্যু না ঘটিয়া থাকিতে পারে না আপনারা জানেন কি একা কলিকাতাও সহর লীতে গত ১৯২৫ থঃ অব্দেব মার্চ্চমাস হইতে ১৯২৬ গ্রী অব্দের মার্চ্চ মাস পর্যান্ত একবৎসরে 👣 🕶 . ००० गालन (म्बीमम, ১,১০,००० गानन বিষেশী স্পিরিট, ৩১,০০০ গ্যালন মদ বা ওয়াইন. 🚉 🕶 ়০০০ গ্যালন বিয়ার মদ, ৭,০০০ গ্যালন মেডিকেটেড মোট সওয়া মদ সাতলক স্থালন মদের কাট্তি হইয়াছে। ইহা ভিন্ন সিদ্ধি. বিলা, চরস, আফিং তো আছেই ; সমগ্র বাংলা বা জারভবর্ষের হিসাব নহে, একমাত্র কলিকাতা এবং **জিলিকী**ভার উপকণ্ঠের অধিবাসীগণ যদি জ্বাবে সওয়া সাতলক গ্যালন মদ্যপান করিয়া

থাকে তাহা হইলে তাহাদের অবস্থা কি দাঁড়াইতে পারে তাহা আপনারাই অনুমান করুন।

ফলকথা দারিদ্রাই বলুন আর খাছাভাবই বলুন কালপ্রভাবে বাঙ্গালীর ধ্বংস-সাধন ঘটিভেছে সভ্য কিন্তু বাঙ্গালীর কৃতকর্ম্মের ফল যে তাহার সহিত জড়িত সে কথা আমরা সহস্রবার বলিব।

এখন কি কি কারণে আমাদের স্বাস্থ্যের এরূপ
আধঃপতন ঘটিয়াছে—কি কি কারণে কলির নির্দিষ্ট
পরমায় ১২০ বৎসর হইতে ২২ বৎসরে দাঁড়াইয়াছে
কি কি কারণে আমরা যে কয়দিন বাঁচিয়া থাকি
দে কয়দিন যেন জীবন্মৃত হইয়াই আমাদিগকে
বাঁচিতে হয় সে কথাগুলির আলোচনা করিয়াই
আমার বক্তব্য শেষ করিব।

আমাদের অধঃপতনের সর্বপ্রধান কারণ ব্রহ্মচর্য্যের অভাব; থান কাপড় পরিয়া, নিরামিষ আহার করিয়া, একাদশীর দিন উপবাস করিয়া থাকিলেই যে ব্রহ্মচর্য্য পালন করা হয় ভাহা নহে, ব্রহ্মচর্য্য পালনের মূল সূত্র হইল চিন্তর্ন্তি নিরোধ করা। মহার্ষ পভঞ্জলী এই সূত্র অবলম্বন করিয়াই তাঁহার দর্শন গ্রন্থ প্রণয়ন করিয়া গিয়াছেন। এই চিন্তর্ন্তি নিরোধ করার নামই হইল যোগশিক্ষা''। হিন্দু যভদিন এই যোগ শিক্ষায় ঐকান্তিক ভাবে অভান্ত ছিল ভভদিন পর্যান্ত ভাহাকে আধি ব্যাধির অবাধ ভাড়নে বিপর্যান্ত হইতে হয় নাই, অভি



### অস্ত্রখ সারিবার মুখে

THE PACKAGE



হর্লিক মিল্কে পুষ্টিকব, স্বাস্থ্যকর পরিকার নবনীপূর্ণ ছক্ষ থাকে তাহাতে উৎকৃষ্ট মন্ট বালি ও গমের গুড়া দিয়া অধিক উপকারী করিয়া হ্রপথ্য ও স্থপাচ্য করা হয়। ইহা "ভাইটামিনে" পূর্ণ ও সহক্ষে হজম হয় বলিয়া, রোগ আরোগ্যের পরে ছর্কল অবস্থায় ও পরিপাকশক্তি ছর্কল থাকায় কালের উপযোগী খাছ। ম্যালেরিয়া ও আমাশয় জরের সময় ইহা মূল্যবান পথ্য ও নিল্লাহীনতায় শুইবার আগে ঈষং উষ্ণ অবস্থায় ব্যবহারে ঘুম আনে।

THE PACKAGE



গরম বা ঠাণ্ডা জলে শাভ্র জোরে না ি লেই মুহুর্ত্ত মধ্যে তোরী হয়।

যথন ব্যবস্থা দিবেন আপুসল 'HORLIKS' লিখিতে ভূলিবেন না।

দোকানে ও বাজারে সর্বত্ত চার সাইজের পাওয়া যায়।

Made in England

HORLICK'S MALTED MILK CO., LTD., SLOUGH, BUCKS, ENGLAND.

### কালা-জুর

প্রভৃতি পুরাতন রোগ জনিত রস্তারতা ( এনিমিরা ) রোগে

মন্ত্রশক্তির মত কাজ করে। বিশাতী তিমোগোবিন অপেকা শতগুণে প্রেষ্ঠ---वह विष्कृत (धिक्रिक् कर्ज क নিভা ব্যংহত ও শ্রেষ্ঠ বলিয়া বিভেচিত।

মুল্য

বড় শিশি ছোট मिमि ম্যালেরিয়া

নিষ্মিত চিকিৎসার আরাম হইতেই হইবে।

### কেব্ৰি-ফিউগো

নিয়মানুযায়ী সেবনে রোগ মুক্তি অনিবার্য্য বিচক্ষণ চিকিৎসকের ব্যবস্থা প্রামুসারে প্রস্তুত ও যথোপযুক্ত বিভদ্ধ কুইনাইন সংযুক্ত বলিয়া ইহা ব্যবহারে কথনও कान क्रम (मथा यात्र ना।

বড শিশি

ছোট শিশি

10.

টেলিফোন বড বাজার

2200

# ল বাহও-কোম

31

लाबदा विता जिल्ला

' বাইওকৈমিষ্ট কলিকাতা।

টেলিগ্রাফ

ব্রাঞ্চ ডিপো:—১৩নং লায়াল খ্রীট ( পটুয়াটুলি ), ঢাকা।

#### অয়তাঞ্জন

মাথাধরা স্বায়ুর বেদনা পিঠ ব্যথা কোটিদেশের ব্যথা



বাত

কাশী

मिष

গোড়া

**এवर मर्कक्षकोत्र** राथा ७ विषयोत्र এদ্রজালিক ঔষধ

Bombay

वाक्नारमध्यत्र अक्याख वर्णेनकात्री

जि श्राविकाल क्ष कार कार कारोना हैहे, कनिकाछ।

Madras

প্রাচীন যুগে ভারতবর্ষে অকালমৃত্যুর নাম কেহ যে জানিত না, রামায়ণে আমরা তাহার প্রমাণ পাই। রামরাজ্ব একটা মাত্র শিশুর অকাল মৃত্যু ঘটিয়াছিল বলিয়া সদাগরা-ধরণার অধীশর রামচন্দ্রকেও কম নিগ্রহ ভোগ করিতে হয় নাই। থাক সে কথা, ষোগ শাস্ত্রের সর্ববপ্রধান শিক্ষা চিত্তর্ত্তিকে বিরোধ করা। ইহাই হইল স্বাস্থ্যরক্ষার প্রধান উপায়। ছাজ্র দীবনে আগে গুরুগুহে বাসের ব্যবস্থা ছিল, সেই গুরুগুহে বাসের সময় শুধু যে লেখাপড়া শিক্ষা করিয়াই ছাত্রজীবন অতিবাহিত করিতে হইত তাহা নহে, গুরুর সংসারের সকল করণায়ই তখন ছারগণকে পালন করিতে হইত, কর্মময় জীবন প্রস্তুত সেই ওরুর সংসারের কর্মান্যপদেশেই ঘটিত। অফীদশ তখন ছাত্রজীবনে সকলের বর্য পর্যান্ত এইরূপ গুরুগুহে বাস করিয়া ছাত্রেরা সর্ববপ্রকারের যে শিক্ষালাভ করিত—তাহাই হইত তাহাদের ভবিষ্যত জীবন পবিত্র ভাবে গঠনের প্রধান উপায় এক কথায় এই গুরুগুহে অবস্থিতি সূত্রে ছাত্র-জীবনে প্রায় কাহারও পদস্থলন হইত না। এখন সে গুরুগুহে বাস করিবার প্রথা নাই, ছাত্রজীবনে অনেককেই বিদেশে আসিয়া স্বজন দিগকে ছাডিয়া একা াস করিতে হয়। এই একা অবস্থিতির ফলে ছাত্রেরা অভিভাবকের শাসন পায় না, অর্থের বিনিময়ে শিক্ষালাভ করিতে হয় বলিয়া গুরুগণকৈও অধ্যাপককে বা তাহারা আর সেকালের মত ভক্তিব চক্ষে দেখে না। ব্লেচ্ছাচারিতা তাহাদের মধ্যে এই সময় হইতেই প্রবেশ করিতে থাকে, আমি সকল ছাত্রের কথা বলিতেছি না. কিন্তু কলিকাতার থিয়েটার এবং বায়ুসোপে যে এছ দর্শকের ভিড় হয়, রাশি রাশি

কুৎসিৎ ঘটনাপূৰ্ণ নভেল. প্রতিদিন যাহা কলিকাতার মুদাযন্ত্র হইতে বাহির হইতেছে. কলিকাতা সহরে চা ও রেণ্ট্রেণ্টের দোকান, যাহা অসম্ভব রকমে বাড়িয়া গিয়াছে, ইহাদিগকে পরিপুষ্ট করিতেছে কাহারা তাহা আপনারা জানেন কি ? আমি মুক্তকঠে বলিব, মেস এরং হোন্টেলের ছাত্রের দলই ঐ সকল পরিপুষ্টির সর্ববপ্রধান সহায়ক। ছাত্রদিগের মত ছাতীদিগের অধঃপত্ন এইভাবে ঘটিতেছে। আমরা যে ব্রন্ধাচর্যোর কথা বলিয়াছি সেই ব্রন্ধার্যা লাভ করিতে হইলে সর্বাত্যে ইন্দ্রিয় লালসা প্রশমিত ''লালসা'' মস্তিকের ব্যাপার, হওয়া প্রয়োজন। মন সংগত হইলে লালসার দমন হয় এই মন:-সংযম প্রবল ইচ্ছা শক্তির আয়ত্তাধীন। নিরলসতা. ভগবদধ্যান, স্বাস্থ্যরক্ষার নিয়ম অনুসারে স্নান, আহার, ব্যায়াম প্রভৃতি দারা উচ্চলক্ষ্য সাধনে একান্তিক ভাবে আসক্ত হইলে চিত্তসংযমের অধিকারী হওয়া যাইতে পারে। হিন্দুশা**ন্তে আসন** প্রাণায়াম, এবং মুদ্রাদি শিক্ষার যে ব্যবস্থা আছে, এগুলির দ্বারাও চিওসংযম হইয়া থাকে।

এই চিত্ত সংযম হইল আমাদের বাঁচিবার উপায়.
বাঙ্গালীকে বাঁচিতে হইলে আবার বাংলাদেশে
পূর্বেকার মত চিত্তসংযমের শিক্ষালাভের ব্যবস্থা
করিতে হইবে। প্রক্ষাচর্য্য দারা যে শরীব সবল, স্কুস্থ,
কর্মাঠ হয় আমাদের দেশেরবিধবাগণ ভারার প্রকৃষ্ট
দৃষ্টান্ত। আমরা অধ্যাচারী হইয়াছি, প্রক্ষাচর্য্যের আদর্শ
অমুশালন এমন কি আলোচনা পর্য্যন্ত আমাদের নিক্ট
হইতে বিলুপ্ত হইয়াছে, আমাদের মধ্যে ইন্দ্রিয় স্ক্থস্রোত অবাধে প্রবাহিত, প্রক্ষাচর্য্য আমাদের নিক্ট
বিদ্রুপের বিষয়। আমরা মরিব না তো মরিবে কারারা পূ

আমাদের দেশে প্রবল ভাবে ইন্দ্রিয় সংযমের যে অভাব ঘটিয়াছে—ইহাই হইল আমাদের যক্ষা বা ক্ষারোগে মৃত্যুবাছল্যের কারণ। শান্তকার বলিয়া গিয়াছেন—মরণংবিন্দুপাতেন জীবনং বিন্দুধারণাৎ. তম্মাৎ অভিপ্রযত্ত্বেন কুরুতে বিন্দুধারণম্। অর্থাৎ শুক্রক্ষয়ের ফল মৃত্যু এবং শুক্রধারণের ফল দীর্ঘ ও সার্থকজীবন। তাহার পরেই ঋষি বলিভেছেনঃ—

জায়তে ভ্রিয়তে লোকো বিন্দুনেনাত্র সংশয়ঃ এতদ্ জ্ঞাত্বা সদাযোগী বিন্দুধারণ মাচরেৎ।

অর্থাৎ শুক্র হইতেই জীবের জন্ম, এবং শুক্র হইতেই জীবের মৃত্যু হইয়া থাকে; এই তত্ত্ব স্মরণ রাখিয়া যোগী সর্ববদা বীর্য্য ধারণে তৎপর হইবেন, সিদ্ধে বিন্দে মহারত্নে কিং ন সিধ্যতি ভূতলে যস্ত প্রসাদাৎ মহিমা মমাপ্যেতাদৃশোভব ॥ অর্থাৎ বিন্দুরূপ মহারত্ন আমার যে জগতে কিছুই অনায়ত্ত থাকে না। আমার যে জগতে ঈদৃশ মহিমা তাহা কেবল শুক্রধারণের প্রসাদে। ইহা স্বয়ং মহাদেবের উক্তি। আগে আমাদের দেশে আমাদের দৈনন্দিন বিষয়গুলির মধ্যে ব্রক্ষাহ্য্য কিরপে পালন করা হইত, নিম্নে তাহার

১। ব্রাহ্মসূহর্তে উঠিবার অভ্যাদ ছিল। এই অভ্যাদের ফলে শরীর অভ্যন্ত স্থস্থ থাকিত এবং দীর্ঘজীবন শাভ ঘটিত।

নির্দ্দেশ করিতেছি।

- ২। প্রভাতে মলমূত্র ত্যোগ, দন্তধাবন ও মুখ প্রকালনের অভ্যাস ব্যবস্থা ছিল। শরীরকে এসকলের স্বস্থ রাখিবার জন্ম কার্য্য প্রভাতেই করা উচিত।
- ৩। ব্যায়াম ও ব্যায়ামের পরে কিয়ৎকাল বিশ্রাম এবং তৎপরে

- ৪। প্রাতঃস্থান করিয়া এবং তৎপরে উপাসনা করিয়া বালকেরা অধ্যয়ন করিত, প্রাপ্তবহস্কেরা বিষয় কর্ম দেখিত এবং স্থবিরেরা ভগবৎ চিন্তায় সময়ক্ষেপ করিতেন।
- ৫। তাহার পরে আহার কাল, এখনকার
  মত বেলা ৯টার মধ্যেই না সারিয়া দিপ্রহরের সময়
  সম্পন্ন করা হইত। পৌরাজ, রসোন, মদ, মাংস
  বড়বড় মৎস্থা, মাদক দ্রব্যাদি, ধ্মপান, লক্ষা মরিচ,
  সর্বপ; অধিক অন্তদ্রব্যা, অধিক মিষ্টদ্রব্যা, অধিক
  লবণ, এবং লবণাক্ত দ্রব্যা, চা, কাফি, সিগারেট,
  চুরুট ইত্যাদি দ্বারা ইন্দ্রিয়ের উত্তেজনা হয় বলিয়া
  বর্ত্তমান সময়ের পাশ্চাত্য পণ্ডিতগণ যে সকল দ্রব্য
  আহার করিতে নিষেধ করিয়াছেন, বেন্দ্রচারীর ব্রত্ত
  রক্ষার জন্ম সেকালে সে সকল নিয়ম প্রায় সকল
  লোকেই বিশেষ ভাবে প্রতিপালন করিতেন।

অপরাক্ত কালেও আবার ঐরপ নিয়ম প্রতিপালিত হইত। তথন অধ্যয়ন কাল ও কর্মকাল নির্দিন্ট ছিল সকালে ও সন্ধ্যায়। রাত্রি এক প্রহরের পর আর কেহ জাগিয়া থাকিত না। শ্যায় শ্যন পূর্নবিক বিশ্রাম স্থ লাভ করিত। এখন তো ইহার সবই পরিবর্ত্তিত হইয়াছে। মধ্যাক্ত সময়ই এখন আমাদের কর্মকাল। স্বর্ত্তি পরিত্যাগ করিয়া এখন আমরা পরবৃত্তি পরিত্যাহ করিয়াছি কাজেই আমাদিংকে বেলা এক প্রভরের মধ্যেই নাকে মুখে ভাত গুঁজিয়া, অফিস-আদালতে না যাইলে উপায় নাই। এ স্ববস্থায় স্বাস্থ্য রক্ষার নিয়ম সকল আমরা প্রতিপালন করিব ক্ষেমন করিয়া ?

যতগুলি রোগে আমাদের এখন ধ্বংস সাধন
• ঘটিতেছে তন্মধ্যে ধাতু সম্বনীয় পাড়ায় বা প্রস্রাব

জনিত পীড়ায় এখন যে বহুলোক ভূগিয়া থাকেন তাহার প্রমাণ দিবার জন্য সংবাদ পত্রের বিজ্ঞাপনের পৃষ্ঠাগুলি উল্টাইয়া গেলেই বুঝা যায়। রোগের বাহুল্যের সহিত ঐ সকল রোগ নিবারণেব পেটেণ্ট উষধেরও যথেষ্ট স্পৃষ্টি হইয়াছে। এই ধাতু সম্বন্ধীয় পীড়া উৎপত্তির মূল কারণ বারাক্ষনা সহবাস। কলিকাতায় বারাক্ষনা ও কুটনীর সংখ্যা হিন্দুর মধ্যে ৩২,২১৪, মুদলমানের মধ্যে ১১,৯০৬ খ্রীন্টান জাতির মধ্যে ৮০ এনং অন্যান্ত জাতির মধ্যে ২০০, কলিকাতায় মোট ৪৩,৩৩০ টা বেশ্যা বাস করিয়া থাকে। ইহা ভিন্ন প্রচ্ছেয় বেশ্যা অর্থাৎ বি প্রভৃতির সংখ্যাও যথেষ্ট। এই বারাক্ষনা দিগকে পরিপুষ্ট করে কাহারা ? আমরাই নহি কি ? আমরা মরিব না তো মরিবে কে ?

বিবাহিত জীবন পবিত্র সন্দেহ নাই কিন্ত বাল্যজীবনে অক্ষুণ্ণ ব্ৰহ্মচুৰ্য্য প্ৰতিশালিত হইলে যিবাহিত জীবনে যে স্বৰ্গীয় স্তথ তাহা পূৰ্ণ মাত্ৰায় উপভোগ कड़ा थाया। स्वयः, मवन, नीर्घकोवि, এবং কর্ম্মঠ সন্তান লাভ করিতে হইলে পুরুষ বা নারী উভয়েরই ব্রহ্মচর্য্য শিক্ষালাভ করা উচিত। ব্রহ্মচর্য্য শিক্ষালাভ করিয়া এই বিধান পালন করিতে হইলে মাসের মধ্যে একদিন দম্পতি মিলনই যথেষ্ট। জীর গর্ভাবস্থায় এবং প্রসবের অন্ততঃ ছয়মাস পর্যান্ত স্ত্রীপুরুষের মিলন একেবারে পরিত্যজ্য। এই ভাবে স্ত্রী পুরুষের মিলন হইলে অন্ততঃ দেড বৎসর সংযম অবলম্বন না করিয়া উপায় নাই-। প্রকৃত পক্ষে জনক জননা যদি পবিত্র ভাবে জীবন যাপুন করেন, তাহা ছইলে তাঁহাদের সন্তান, সন্ততিগণ্ও যে পবিত্র অন্তঃকরণ লইয়। • দীর্ঘজীবন কাটাইতে পারে—এ কণার উপদেশ

আমাদের শাস্ত্রকারগণ বহুন্থলে বলিয়া গিয়াছেন। আর্যাঝ্যির কথায় আমরা দৃঢ়স্বরে বলিভেছি. পিতামাতা, বিশেষতঃ মাতার প্রবল ইচ্ছা ও নিষ্ঠার উপরে সন্তানের ভালমন্দ সকলই নির্ভর করিয়া থাকে। পিতামাতা ইচ্ছা করিলে সন্থানকে স্বর্গের দেবতা বা দেবী অথবা নরকের কীট করিতে পারেন। চরকসংহিতায় মহর্ষি অগ্নিবেশ ভগবান আর্বেয়ের নিকট বিকৃত সন্তান উৎপত্তির কারণ জিজ্ঞাসা কবিয়াছিলেন.—"কম্মাৎ প্রকাং ন্ত্ৰী প্রসূতে !" ভগবান ইহার উত্তরে জীবের সদৃষ্ট দোব, মাতা পিতার বীজ্ঞদোষ, কালদোষ, সহবাদে অনিয়ম, গর্ভাবস্থায় মাতার আহারের অনিয়ম, মাতার বিকৃত বা পরপুরুষ দর্শনের ইচ্ছা, গর্ভিণীর অনিয়ম, এবং সৃতিকাগৃহ প্রভৃতি নানাকারণে সন্তান বিকৃত, বিকলান্ত এবং অকালে কালগ্রাসে পতিত হয় বলিয়াছেন। আমরা দেখিতেছি সেই সকল কার্যা এখন আমাদের সমাজে প্রতিনিয়ত ঘটিতেছে।

গভাধান বিষয়ে মহর্ষি আত্রেয় বলিয়াছেন :--

"ততঃ পুষ্পাৎ প্রভৃতি ত্রিরাত্রমাসীত—' অর্থাৎ জ্রী—ঋতুর প্রথম দিন হইতে তিন দিন পর্যান্ত ব্রহ্মচারিণী হইয়া বাস্ত উপাধানে ভূমিতে শয়ন, ও ধাত্রব পদার্থ ভিন্ন অন্য পাত্রে ভোজন করিবে। এই সময় মধ্যে গাত্রমার্ক্তনাদি প্রভৃতি কোনরূপ শুদ্ধাচারের কর্ম্ম করিবে না। বলুন তো এই নিয়ম এখন কর্মজন মহিলা পালন করিয়া থাকেন ? শুধু কি তাই ? সহবাস সম্বন্ধে ভগবান আত্রেয় নিম্নলিখিত নিয়মগুলি পালন করিবার জন্ম বিশেষভাবে উপদেশ দিয়াছেন:—

"ন চ ম্যুক্তাং—"অর্থাৎ ন্ত্রী যদি উপুর হইয়া
 পাকে অথবা পার্যবর্ত বা কাৎ হইয়া পাকে, তবে

এ সবস্থায় বীজ গ্রহণ করিবে না। "ত্রাতাশিতা কুধিতা পিপাসিতা ভীতা" স্ত্রী সত্যন্ত ভোজন করিলে বা পিপাসাতুর হইলে অথবা ভীতা, চঞ্চলচিত্তা, শোকার্ত্তা অথবা ক্ষুদ্ধা হইলে অথবা অত্যন্ত কানাতুরা হইলে গর্ভধারণ করে না এবং যদি গর্ভধারণ কবে তাহা হইলে বিকৃত সন্থান প্রস্ব করিবে। 'গতি বালাং অতি বৃদ্ধা:" অত্যন্ত বালিকা, অতিশয় বৃদ্ধা, চিরক্রাা, অথবা রোগগ্রন্তা স্ত্রীর সহিত সহবাস করিবে না।

আর উদাহরণ দেখাইব না। আর্য্যশ্বষি প্রণাত আয়ুর্বেবদ শাস্ত্রে এরূপ উদাহরণ যথেন্ট আছে। আমার বক্তব্য, যিনি যাহাই বলুন, ম্যালেরিয়ার তাণ্ডব নুত্যে বাঙ্গলা দেশ উৎসন যাইতেছে সভ্যু কলেরা, বসন্ত, নিউমোনিয়া বেরিবেরি যক্ষা ও কালাজ্বে বাঞ্চলাদেশ শ্মশান হইতে বসিয়াছে সভ্য এবং দারিদ্রা ও তরিবন্ধন খাছাভাবের ফলে আমাদের জীবনীশক্তি আগে হইতেই কমিয়া যাইতেছে এবং তাহার পরে কোন একটা রোগে আক্রান্ত হইলেই আর আমরা সহ্য করিতে না পারিয়া ভব্যন্ত্রণার হাত হইতে মুক্তি করিতেছি-ইহাও সতা, কিন্তু সর্বোপরি এ কথাও অবিসংবাদিত সভা যে, সংযমের শিক্ষার অভাবে করিতে না পারিয়া আমরা চবিত্র ৰল রক্ষা জীবনীশক্তিকে যেরূপ ক্ষীণ ও তুর্ববল করিয়া ফেলিয়াছি ও ফেলিতেছি তাহার সহিত দারিদ্রা ও খাছাভাবে অধিকতর ক্ষীণ ও চুর্ববল হওয়ায় কোনও একটা রোগ আদিলে তাহাকে দুর করা আর সম্ভবপর হয় না। আমাদের দেশে ডিস্পেপসিয়া এবং ক্ষয়রোগের বৃদ্ধি এমনই করিয়াই হইতেছে

এবং তাহার পরিণতিই হইতেছে আমাদের ভগ্নস্বাস্থ্য এবং অকাল মৃত্যু। ইংরাজীতে একটা কবিতা আছে –

The first Physicaan by debauch was made Excess began and sloth sustains the trade এই শ্লোক অবলম্বন করিয়া বাঙ্গালী কবি লিখিয়াছেনঃ

''আদিতে ছিল না হেথা চিকিৎসক জাতি চিকিৎসা বিজ্ঞান —দে যে নরের অখ্যাতি। উন্মন্ত জাহার পানে, ইন্দ্রিয় সেবনে, শেষে কাঁদে জরামৃত্যু ব্যাধির পীড়নে। দেখে তাই অর্থলোভে দেখা দিল এসে—চতুর মানব কেহ চিকিৎসক বেশে। অসংযমে এ ব্যবসা হ'য়েছে হাজিত, আলভে রেখেছে তারে আজিও জীবিত।''

বাস্তবিক কপাটী খুবই ঠিক। প্রকৃত কথা, যদি
আমরা ব্রহ্মচর্যাকে ফিরাইয়া আনিয়া পূর্বেকার
নিয়ম পালনে আবার অভ্যন্ত হই যদি আমরা
ধর্মের সহিত স্বাস্থোর সম্বন্ধ একাধারে বিজড়িত
রহিয়াছে—ইহা মনে করিয়া সকল কর্ম্মে প্রবৃত্ত
হই—যদি আলাদের সনাতন শাস্ত্রবিধি মানিয়া
স্থেসন্তান লাভ করিবার জাল বিশেষ ভাবে চেন্টা
করি –তাহা হইলে জোর করিয়া বলিব –আমাদের
জাল চিকিৎসকের দরকার নাই। চিকিৎসা
করাইবার জাল আমাদের রোগ হইবে না—রোগ
হইলেও প্রকৃতির সাহাযো আপনা আপনিই সারিয়া
যাইবে। স্প্তরাং আমাদিগকে ব্যস্ত হইতে হইবে
না। কিন্তু এসব কথা শুনিতেছে কে গু আর
ক্বিলিই বা কাহাকে গু

মাালেরিয়ায় পল্লীগ্রাম ধ্বংদ হইতে বসিয়াছে,

কিন্তু ইহার কারণ কি আমরা নহি 

কাথায় গেল সে স্থাবের পল্লীবাসের প্রাণা 🤊 কেন আমাদের প্রাচীন জলাশয়গুলি মজিয়া উঠিল ১ পরিষ্কার করিবার জন্ম কেন পল্লী প্রামে কেন্ট্র নতন জলাশয় কেন আর কেহ কাটাইতে ঢাহে না প গোচারণের মঠিওলি কেন নট হইল স পল্লীর প্রান্তর ভূমিতে ক্ষটপুটে গাভীর দল কেন সার বিচরণ করে না গ পল্লীগ্রামের গোলা সকল কেন মরাই শুল হইল ? পল্লীগ্রামের সে বার মাদে তের পার্কণ কেন উঠিয়া যাইল ৮ প্রামের (मरे मकल सुन्ध युव(कत जल (मरे (अलागांत छ लाठियात्वत पन-एम्ड नायाम श्रामन्त्रकातीत पन-সেই শিল্পকলা -- সেই সঞ্চীত-বাতালোচনা -- সেই স্থপতি ও মূর্ত্তিগঠন সেই বিচিত্ত কাব্যরচনা - সেই জ মদার বাড়ীর অবারিত দ্বার—সেই দরিদু, অন্ধ, খঞ্জ, ভিক্ষুক আহত, আনাহত রবাহতের দল,— সেই চির উন্মুক্ত অতিথিশালা—সেই গৃহস্থ সকলের আনন্দ কোলাহল সেই স্থুখ সেই শান্তি সেই সব পূর্বাম্মতি —কেন পল্লী হইতে উঠিয়া গেল গ সে সকলের কারণ কি আমর৷ নহি প আমরা কেন সেই পল্লীমাতার অনন্ত তর্ত্বায়িত হরিৎ সৌনদর্যা, গোলাভরা ধান দাগিভর

জল, কমলফুল্ল সরসী, ছায়া স্থাতল কুঞ্জকুটীর, অগাধ স্নেহ ও সানন্দভরা হৃদয় ছাডিয়া কোন আলেয়ার আলোক দেখিয়া, কোন মোহিনী সঙ্গীত অনুসরণ করিয়া, মায়ের প্রসাদ ভাগি করিয়া, পরগ্রে দাস্তবৃত্তি করিতে আসিয়াভি ৭ আমাদের জন্মই না উবৰ্ণরক্ষেত্র উষর হুইয়া গেল—ুসোনার বাংলা শাৰান হট্যা গেল, চির্তরে জ্যোৎসা ডবিয়া গেল। সামরা কি ইচ্ছা করিলে আবার পল্লীগ্রামে ফিরিয়া গিয়া গ্রামের বনজন্তল কাটাইয়া, পুন্ধরিণা দীর্ঘিকাগুলির সংস্কার করিয়া—আবার যেমনটা ছিল তেমনটা করিতে পারি না সালেরিয়া-কলেরার হাত হইতে আবার পল্লাগুলিকে রকা করিতে পারি না । কিন্তু সে প্রবৃত্তি আমাদের নাই। আবাল্য আচারভ্রষ্ট হওয়ায় সে প্রাকৃতি আমাদের চিরতরে নম্ট হইয়া গিয়াছে। স্বতরাং বর্তমান যুগের **স্বাস্থ্য সম্বন্ধে** চিন্তা করিয়া আমরা এই দিদ্ধান্তে উপনীত হইয়াছি যে, বাঙ্গালী যদি তাহার কুতকর্ণ্যের কুফলগুলি এখনও ভাল করিয়া বুঝিয়া তাহার প্রায়শ্চিত কণিতে প্রস্তুত না হয়, তাহা হইলে তাহার ধ্বংস সাধন অনিবার্যা-স্বয়ং ভগবানেরও তাহাকে রকা করিবার সাধ্য নাই।

### मार्डिज निः

অধ্যাপক শ্রীবিভৃতিভূষণ ঘোষাল M.A., B.L.

পণের বর্ণনায় সময় নফী না ক'রে এ কবারে দার্জ্জিলং সহর নিয়ে পড়া যাক্।

দাৰ্ভ্জিলিং সহর তু'টি পাহাড়ের উপর অবস্থিত। সহরের রাস্তাগুলো এঁকে বেঁকে স্বরীস্প গতিতে চলেছে—দেখুতে বড়ো স্থান্দর। সহরটি ছোটো। কিন্তু বড়োই স্থান্দর। এখানে প্রকৃতি তার নিত্য নূতন লীলা দেখাচ্ছেন। দূরে তুষার কিরিটী কাঞ্চনজ্জ্বা যে এক অপূর্বর দৃশ্য। কাঞ্চনজ্জ্বার আশে পাণে আরো কতকগুলি শৃন্ধ -স্বর্বদাই বরফে ঢাকা।

দার্জ্জিলিং ফৌশন থেকে বাজার মাইল খানেক হবে। বাজারটি সমতল স্থানে অবস্থিত—খুব প্রকাশু। বাজারের নীচে চাঁদমারী দার্জ্জিলিঙের বাঙালী পাড়া। বাজারের আশে পাশে ভুটিয়ারা বাস করে। এই সব কারণে বাজার ও তার চার পাশের জায়গা বড়ই নোংরা ও অস্বাস্থ্যকর।



গয়াবাড়ী রেল ফেশন।

দার্জ্জিলিঙে বেড়াবার প্রধান জায়গা ম্যাল।
এটি একটি থোলা মাঠের মতো। চারদিকে বসবার
জন্যে বেঞ্চি পাতা আছে। এইখানেই সকাল
সন্ধ্যায় সকলেই হাওয়া থেতে আসেন। ম্যাল ও
তার আশপাশটাই দার্জ্জিলিঙের চৌরন্ধি। যতো
বড়ো বড়ো দোকান, বড়ো বড়ো হোটেল সবই
এখানে। রোড, ম্যাকেঞ্জি রোড, ক্যালকাটা রোড
বার্বহিন রোড, আরও অনেকগুলি ম্যালে কিম্বা
তার কাছে মিশেছে।

ম্যাল থেকে খানিক এগিয়েই অব্জারভেট্রি পাহাড়। পাহাড়টি খুব উচু ও সমতল। এই পাহাড়ের উপর তিব্বতী মন্দির আছে, আর এখানে একটি গুহা আছে,—প্রবাদ যে, তার ভিতর দিয়ে তিব্বত পর্যান্ত স্কুজ্ব পথ পাওয়া যায়। যে তিব্বতী মন্দিরেব কথা বলেছি, সেইটে হচ্ছে



স্থকনা-অরণ্যানী

তুর্ক্তয় লিক মহাদেবের মন্দির এই দেবতার পণ অমুসারে নাকি দার্জ্জিলিং সহরের, পথ পত্তনী হয়।


অব্জারভেটরী পাহাড় থেকে অনেক দূর দেখা যায়। তিববত ও ভুটানের ওপারের পাহাড়-গুলো এখান থেকে দৃষ্টিপথে পড়ে। তাদের ব্যবধান উচ্চতা ও অবস্থিতি বোঝাবার জন্ম স্থান্দর ম্যাপ টাঙানো আছে।

আজারডেটরী পাহাড় পেরিয়ে লাট সাহেবের কুঠি আর তা' থেকে খানিক দূরে বর্চহিল পাহাড়। এই পাহাড়টি অভি স্থন্দর ও স্থবিখ্যাত। এখানে বনভোজন দার্জ্জিলিং প্রবাসীদের একটি প্রধান আমোদ।

বাজ্বার থেকে কার্টরোড ধরে' খানিক দূর গোলেই কার্টরোডের নীচে বোটানিক্যাল গার্ডেন। এখানে অনেক পাহাড়ী ফুলের গাছ। হরেক রকমের ফার্ণ ও অর্কিড সংগ্রহ করা হয়েছে। এই বাগানটি পাহাড়ের ঢালুর ওপর তৈরী।

দার্জ্জিলিঙে যেখানে বর্দ্ধমান মহারাজার প্রাসাদ
ঠিক তার ওপরে যে পাহাড় উঠেছে, তার নাম
জলাপাহাড়। এই জলাপাহাড় খুব উঁচু। এখানে
যাবার একটা রাস্তা বেশ কিছু খাড়াভাবে
উঠেছে। সে রাশ্বায় জলাপাহাড় যেতে গেলে
শীতের দেশেও গলদ্বর্দ্ম হতে হয়। কিন্তু বড়ো রাস্তা
দিয়ে গেলে পৌছিতে দেরী হ'লেও কফ হয় কম।
এই জলাপাহাড়ের ওপরে দার্জ্জিলিঙের সৈন্যাবাদ।
আর ঢালুর ওপর রাস্তার ধারে অনেক বড়োবড়ো
বাড়ী আছে। দার্জ্জিলিঙের প্রসিদ্ধ সেণ্টপ্লাল,
স্কুল এই পাহাড়ের ওপর আছে।

জলাপাহাড়ের খানিক দূরে কাটা পাহাড়।



সেণ্ট্পল্স স্কুলের উপর থেকে বরফ স্তৃপ ও দার্জ্জিলিঙের সাধারণ দৃশ্য।

সেখানে কামানের বাণ্টারি আর গোলন্দাজ সৈন্যদের থাকবার ব্যবস্থা আছে।


দার্জ্জিলিঙে সাহেবদের থাকবার জন্যে অনেক বড়োবড়ো হোটেল আছে। তার ভেতর Wood lands, Rockvilla Grand ও Central হোটেলই নামজাদা।

সহরের মানখানে একটা ছোটো পাহাড়ের ওপর ইডেন স্থানিটেরিয়ম। রুগ্ন ও তুর্বল সাহেব কর্ম্মচারীদের চিকিৎসা ও সেবাশুশ্রুষার জন্যে ১৮৮৩ সালে তু'লাখ টাকা খরচ ক'রে এই স্বাস্থ্যাবাস তৈরী হয়েছে। সে সময় ছোটলাট ছিলেন সার আস্লি ইডেন। তাই তাঁর নামে এই স্বাস্থ্যাবাসের নামকরণ হয়েছে।

দাৰ্ভ্জিলিঙে ভারতবাসিদের থাকবার সর্বপ্রধান স্থান লোইস্ জুবিলি স্থানিটেরিয়াম। ১৮৮৭ সালের মে মাসে ভারতেশ্বরা ভিক্টোরিয়ার জুবিলি উৎসব স্মরণার্থ এই স্বাস্থ্যনিবাস প্রতিষ্ঠিত হয়েছিল। ইহার তুইটি বিভাগ—হিছুঁয়ানি বিজ্ঞাগ ও সাহেবিয়ানা বিভাগ। দাৰ্ভিভূলিঙের মতো দুর্গ্নুল্য জায়গায় এই স্বাস্থ্য নিবাসে থাকবার ব্রুচ খুবই কম। যক্ষ্মা রোগীদের জন্য আলাদা ব্যুবস্থা এখানে আছে।

সহরের কিছু দূরে সিঞল পাগড়। সেখানে কর্ণীর জল ধরা থাকে আর সেই জল পাইপ করে' ক্রিয়ে এসে' সহরে সরবরাহ করা হয়।

১৮৯৮ সালে প্রথম দার্জ্জিলিং সহরের বৈত্যুতিক আলোর ব্যবস্থা হয়। সহর থেকে তু'মাইল নীচে সিদারপোং বনে একটা উপত্যকা আছে। সেখানকার অনেকগুলো ঝগা বেঁধে' সেই জলের প্রোত্থেকে বৈত্যুতিক শক্তি প্রস্তুত করা হয়। সিদারপোং যাওয়া আসা বড়োই কফ সাপেক্ষ।



১। টাইগার ছিল্ থেকে অরুণোদয়।

খুম পাহাড়ের কাছে টাইগার হিল দেখান থেকে গোরাশঙ্কর শিখরে সূর্য্যোদয় দর্শন দার্জিলিং শ্রেবাসীদের অবস্থা কর্ত্তব্য। সে এক অভিনব শুর্থ্যাণ হটে না। পরিকার আকাশ দার্জিলিঙে শান্তয়া যায় না বল্লেই হয়। আর আকাশ পরিকার বা থাক্লে সূর্য্যোদয়ের গরিমা উপভোগ করা শুক্র। টাইগার হিল বা বড়ো সিঞ্চাল সূর্য্যোদয় শেখ্তে গেলে রাতথাকতে সেখানে পৌছানো চাই। শার সেখানকার ডাক বাংলাতে থাকবার ব্যবস্থা শাগে থেকে করতে হয়।

**দার্জিলিং স**হর থেকে মাইল চারেক দূরে সহর থেকে অনেক নীচে লিবং। সেথানে ইংরেজ সৈত্যের ব্যারাক আছে। এইটি পাহাড়ের চূড়া কেটে ফেলে অনেক টাকা খনচ করে সেখানে ঘোড়দৌড়ের মাঠ তৈরী করা হয়েছে। মাঠটি ছোট। কিন্তু পাহাড়ের ওপর এর চেয়ে বড়ো মাঠের আশা করা যেতে পারে না।

দার্জিলিং গেকে ঘূমে যাবার পথে রেল লাইনে যে লুপটি পড়ে, তার নাম বাতাসিয়া লুপ। সেই লুপটির পরিসর খুব বড়ো। সেটি দার্জ্জিলিঙের একটা দেখবার জিনিষ।

দার্জিলিং সহর খুব পরিকার পরিচছন। ধূলার কোন চিহ্ন নেই। সহরের ময়লা নিকাশনের জন্য প্রাকৃতিক যে ব্যবস্থা আছে, তাই যথেন্ট। ভার Three reasons why your choice for the Pujah holidays Should be

### DARJEELING

- 1 It is the prettiest Hill Station in India;
- 2. For people in Calcutta and its neighbourhood it is the cheapest Hill Station to visit:
- 3. To no other Hill Station is the journey so comfrtable. The Darjeeling Mail now leaves Calcutta at a comfortable hour after Dinner, viz 20. 6 hrs (8 30 P. M. Calcutta Time). Siliguri is reached at 9.10 hrs. next morning (change to D. H.Ry) and the hill train leaves at 6.55 hrs after Tea, arriving at Darjeeling at 12.43 hrs.

On the return journey the D. H. R. Darjeeling Mail leaves Darjeeling at 14. hrs., arriving at Saliguri at 1935 hrs (change to E. B. Ry). The Broad Gauge Train leaves Siliguri at 20.15 hrs., after Dinner and arrives at Calcutta at 7 hrs (7.24 A. M. Calcutta Time) next morning.

Pujah Concession Return Tickets will be issued during the period 12th October to 10th November 1928 and will be available for completion of the return journey within 45 days subject to the condition that such tickets will cease to be valid after midnight of the 10th December 1928.

Concession Return Fares from Calcutta to Darjeeling-

First class ... Rs. 73/9.

Second class ... 41/4.

Servants (Single Journey only) ... 10/1/9.

Literature and other information on application to the Publicity Officer, E. B. Railway, 3 Koilaghat Street, Calcutta, (Telephone Regent 705).

No. T/242.



(ম্যালেরিয়া ও সর্ববিধ জ্বরেরাগের একমার মহৌযধ)

অত্যাবধি সৰ্ক বধ জ্বরেরাগের এমন আশু শান্তি কারক মহৌহধ আবিদ্ধার হয় নাই।

মূল্য—বড় বোতল ১৮০ টাকা প্যাকিং ডাকমাশুল ১১; ছোট বোতল ১১ টাকা প্যাকিং ডাকমাশুল ৮০ আনা

রেল্ওয়ে কিংবা প্রিমার-পার্খেলে লইলে খরচা অতি স্থলভ হয়।

পত্র লিখিলে কমিশবের নিরমাদি সম্ভন্নীয় অস্যাস্য জ্ঞাতব্য বিষয় অবগত হইবেন।

ভারতের রাজপ্রতিনিধি মহামাশ্র বড়লাট বাহাত্বর কর্তৃক পৃষ্ঠপোষিত—


বভিক্তহণ পালে এও কোৎ, ১ ও ০ বনফিল্ডস্ লেন, কলিকাতা। ওপর মিউনিসিপ্যালিটি নানা রক্ম ব্যবস্থা করে? সহরটিকে বেশ ঝর্ঝরে করে' রেখেছেন।

সহরের ভিতর প্রধান প্রাকৃতিক দৃশ্য ভিক্টোরিয়া জন্মপাত। এই প্রপাতটির ওপর চারটি পোল আছে। সেই সব পোল দিয়ে লোক যাতায়াত করে।

সেপ্টেম্বর থেকে নবেম্বরের মাঝামাঝি পর্যান্ত দার্জিলিঙে থাকার সবচেয়ে ভালো সময়। তখন রৃষ্টি থাকে না এবং প্রকৃতিও তার যা' কিছু সৌন্দর্য্য খুলে' দেয়। কাজেই পূজার ছুটিটা দার্জিলিঙে কাটানো খুবই ভালো—স্বাম্থ্যের উন্নতি, মনের স্ফুর্তি, দুইই একসক্ষে হয়। অল্পদিনের মধ্যে স্বাস্থ্যের উন্নতি দার্জিলিঙে বেমন হয় এমন বড়ো কোথাও হয় না। এখানে জিনিষপত্র এক মাছ ছাড়া বিশেষ তুর্ন্তা নয়। মাথম খুবই সন্তা এবং খুবই স্ক্সাত্ন। তা'ছাড়া তরীতরকারী অজন্ম।

কুয়াশাই এখানকার স্বাস্থ্যের বিশেষ সহায়ক।
কুয়াশার ভিতর বেড়াইলে শরীরে দ্বিগুণ বল পাওয়া
যায় এবং খুবই ক্ষুধার উদ্রেক হয়। এখানে
হাঁটার একটা স্থবিধা আছে এই যে, খুব হাঁপিয়ে
পড়লে সামান্য বিশ্রামের পর পথকফ আর মোটেই
অনুভূত হয় না।

मार्किलिएडत এक विभन ठीछा लागा। **এখানে** 



হিমালয়ের লীলা

সকলের সর্ববদা under wear পরা উচিত। নইলে হঠাৎ ঠাণ্ডা লেগে গেলে Hill Diarrhæa হবার সম্ভাবনা —আর সে রোগ একবার ধরলে সাংঘাতিক। এ বিষয়ে সকলের সাবধান হওয়া দরকার।

ই, বি, রেলওয়ের কৃপায় দার্জিলিং যাতায়াত দেও খরচ বেশা পড়েনা আর টেণও বেশ স্থ্রিধারন নয়।

আজকাল শিলিগুড়ি থেকে motor service হওয়ায় দার্জিলিং যাওয়ার আরও স্থবিধা হয়েছে।

পূজার সময় consesion এর দরণ দার্জিলিং যাওয়া আসার খরচ অর্দ্ধেক লাগে। সামনে বিজ্ঞাপন্ন পৃষ্ঠায় ভাড়ার হার ও ট্রেণের সময় দেওয়া হোল। এ স্থযোগ কারো হারানো উচিত নয়। see a a factor and a factor a

### मिकिनिम।

( পূর্ববপ্রকাশিতের পর )

ডাঃ শ্রীনরেন্দ্র নাথ ঘোষ L. M. S.

পূর্নের আবণ মাসের সংখ্যায় বলা হইয়াছে যে injectionএর পরেই বুকে যন্ত্রণা পূর্বক মুখ লাল াহওয়া ও নাড়ীর ক্রত স্পন্দন এবং খাস প্রখাসের কৃষ্ট হয় যখন adrenalin দিবার উপযোগিতা হয়; '**ইহ**িছাড়া মধ্যে রোগী অজ্ঞান ও হইয়া যাইতে পীরে। অনেক সময় মাথায় যন্ত্রণা অনুভব করে বিমি করিতে থাকে ,নাড়ীর গতি ক্ষীণ হইয়া মৃত্যু পর্যান্ত হইতে পারে। এরপ অবস্থায় রোগীকে ভংকণাৎ শোয়াইয়া দিবে। মাথার দিকটী নিচ্ ও পায়ের দিকটা উঁচু করিয়া দিবে। ইহাতে यि दांगी इप ना रहेग्रा छ उदा उत्र था ता न रहेए থাকে তাহা হইলে কুত্রিম খাদ প্রখাদ (artificial respiration) দিবে ও Strychnine এবং Camphor in oil of Camphor in Ether injection দিবে। অনেকের injection এর পরেই বুকে যন্ত্রণা হয়, মুখ লাল হইয়া উঠে ও নাড়ী খুব জ্রুত চলিতে থাকে এবং নিশাস লইতে কফ হয়—এতদবস্থায় adrenalin injection দিবে।

ইনজেক্সনের প্রতিক্রিয়া প্রায় ৬ঘণ্টার মধ্যে প্রকাশ পায়। বিষক্রিয়ার জন্ম অত্যন্ত অধিক জর হয়—১০৪ বা ১০৫ পর্যান্ত জর উঠে মাথার অত্যন্ত বন্ধনা হয়, কাঁপুনি হয় ও রোগী পিঠে অত্যন্ত বাধা অনুভব করে বমি হয় ও পেটে যন্ত্রনা হইয়া থাকে এবং কখনও কখনও সর্ববিশরীর আমবাতের ন্যায় ফুলিয়া উঠে। এরূপ ক্ষেত্রে রোগীকে যথেই পরিমাণে জলবালি, তুধ, জোলাপ ও শীতল জলে স্থান করাইয়া দিবে, মাথায় বরফ দিবে ও Iodine 10 c.c. শিরার ভিতর ইনজেক্সন দিবে।

মস্তকের ভিতর, স্বকের নিম্নে, বক্তে বা মৃত্যাশয়ে সূক্ষ্ম শিরায় Endothelium ধ্বংস হইয়া পারিপার্শিক তন্ততে (perivascular tissue) রক্তও সিরাম বহির্গত হইয়া বিপদ ঘটিতে পারে; বিশেষতঃ মস্তকের ভিতরে এইরূপ ঘটিলে রোগী অত্যন্ত শীরঃপীড়া বোধ করে, তড়কা হয়, পরে অজ্ঞান (coma) হইয়া মৃত্যু মুখে পভিত হয়। যদিও এই উপদর্গটি বিরল তথাপি যদি হয় তাহা হইলে নিদ্ধলিখিত উপায় অবলম্বনীয়।

- ১। Lumbar Puncture অর্থাৎ মেরুদণ্ড ছিদ্র করিয়া 15—20 c. c. cerebro-spinal
- ২। শিরা হইতে অন্ততঃ 15 ozs রক্ত বাহির করিয়া দিবে। 🕻
- ৩। adrenalin or lodine intravenous ( শিরার মধ্যে ) injection দিবে।

বকের নিম্নে হইলে হয় আমবাতের স্থায় ফুলিয়া উঠিতে পারে ও রোগী থব চুলকাইতে থাকে; ইহা শাঘই সারিয়া যায় অথবা Exfoliative dermatitis হইতে পারে, ইহা অতি সাংঘাতিক। ইহাতে মুখ ফুলে, সমস্ত শরীর লাল , ফোকাহয় উঠে ত পরে পুঁজ নেয়, উপরের চামড়াটি আঁইসের স্থায় উঠিয়া যাইতে থাকে ও অসম্ভব চুলকাইতে থাকে। সারিয়া যাইবার পরও সমস্ভ শরীরের চামড়া বেশ শক্ত ও খস্থসে থাকে। ইহাতে জর থুব বেশা হয়, অত্যন্ত মাধার যন্ত্রনা হয়, এবং কথন কখন রোগী অনেকবার পাতলা বাহে

করিয়া থাকে, প্রায় Broncho-Pneumonia or toxaemiaয় মৃত্যু ঘটে।

Exfoliative Dermatitis সারিতে চায়
না। রোগের প্রারম্ভে 25 c. c. 25% alkaline
Glucose শিরার মধ্যে ইঞ্জেকসন করিলে এবং
সারিয়া না যাওয়া পর্যান্ত একদিন অন্তর এরপ
ইঞ্জেকসন করিলে অনেক সময় এই রোগটি সারিয়া
যায় চুলকানিও অনেক কমিয়া যায়। Dusting
powder সর্বাকে মাখাইবে ও Calamine
Lotion লাগাইলে যন্ত্রনার অনেক উপশম হয়।
চামড়া ফাটিয়া গেলে 5—10% Ichthyol
মলম লাগাইবে ও Colloidal Iodine খাইতে
দিবে। মাছ, মাংস, ডিম বন্ধ করিয়া ঘোল, ডাবের
জল ও মিছরির জল এবং বালির জল অধিক
পরিমাণে খাইতে দিবে। রোগা আরোগ্য হইবার
পরও কিছুদিন কোনরূপ গুরুপাক দ্রব্য দেওয়া
উচিত নয়।

সিফিলিস্ এর জন্য মৃত্রে albumen পাওয়া গেলে arsenc-benzol ইঞ্জেকসনে উপকার হয়। ইঞ্জেকসনের পূর্বে মৃত্রে যদি albumen না থাকে এবং ইঞ্জেকসনের পর্ব্বর তিন দিনের মধ্যে যদি উহা মৃত্রে দেখা দেয় তাহা হইলে ইঞ্জেকসন বন্ধ করিয়া তথনই ঘোল, ডাবের জল, বার্লি জল খাইতে দিবে ও সম্পূর্ণ বিশ্রাম করিবার ব্যবস্থা করিবে। যকুতের দোষের জন্য ইঞ্জেকসন দিবার পরও Jaundice হইলে তৎক্ষণাৎ ইঞ্জেকসন দিবার পরও Jaundice ইলে তৎক্ষণাৎ ইঞ্জেকসন বন্ধ করিয়া Emetine ইঞ্জেকসন দিবে ও নানারূপ ক্ষারজাতীয় ঔষধ যথা Soda bicarb, So la benzoas, Soda sulph খাইতে দিবে ও যাহাতে বাহে ও

প্রস্রাব সরল থাকে তাহার ব্যবস্থা করিবে।
ইঞ্জেকসনের পর কখনও ছুই চক্ষু লাল হইয়া
উঠেও পি চুটী কাটিতে থাকে; এই জাতীয় চক্ষু
প্রদাহ খুব সামাত্ত রকমের হইয়া থাকে এবং অল্পেই
সারিয়া যায়। যদি অল্পে না সারে তথন Lotio
Protar না 4% করিয়া চোখে ২০০ বার করিয়া
দিলেই সারিয়া যায়। কখনও কখনও যে শিরাটীতে
ইঞ্জেকসন দেওয়া যায় তাহা দড়ার তায় ফুলিয়া
উঠেও অত্যন্ত ব্যথা হয় (Phlebitis); এরপ
স্থালে হাতটা একটা ঝুলির ভিতর (Sling) দিয়া
গলার সহিত উঁচু করিয়া বাঁধিয়া রাখিবে ও ব্যথার
স্থানে Ichthyol, Belladonna এবং Ioilised
Vasogen দিয়া ধীরে ধীরে লাগাইবে।

অপেক্ষাকৃত নূতন ঔষধ যাহা মাত্র ছয় বংসর काल निकिलिन हिकि शाय शान अधिकात कतियाएँ সেই যে বিস্মাথ তাহার সম্বন্ধে কিছু বলিয়া 'সিফিলিস' সম্বন্ধে প্রবন্ধটী শেষ করিব। ১৮৮৯ খঃ অন্দে Bealger সাহেব প্রথমে aminocitrate of Bismuth দিয়া ইঞ্জেক্সন করিয়া এত অধিক বিষক্রিয়া পান যে যদিও Bismuth তাঁহার মতে সিফিলিস আরোগ্য করিতে সক্ষম তাহা হইলেও তিনি উক্ত ঔষধটী ব্যবহার করিতে পুনরায় দাহদ পাইতে-ছিলেন না ৷ ১৯১৬ সালে Santon & Roberts বিসমাণের সিফিলিস্ বীজাণু ধ্বংস করিবার ক্ষমতা स्रोकात करतन। छाञ्चारमत পরবর্তী গবেষণায় Czernach ও Lavacliti দিফিলিস বীজাণু भजीत्वत्र मर्था প্রবেশ করাইয়া সিফিলিস্ রোগা**ক্রান্ত** করিয়া বিদমাণ দ্বারা চিকিৎসা করাইয়া আরোগ্য করেন এবং বিসমাথের সিফিলিস্ আরোগ্য করিবার শক্তির অপ্তিহত প্রভাব দেখান। Fournin'

ও Guenot ইহা মানবদেহে ব্যবহার করিয়া যথেষ্ট উপকার পান ও এতৎ সম্বন্ধে বহু গবেষণার ফলে স্থির করেন যে বিসমাথ, আর্দেনিক এর ভায় উপকারী না হইলেও ইহাতে সিফিলিস্ বীজাণু ধ্বংস করিবার শক্তি Mercury অপেকা অনেক অধিক পরিমাণে বিশ্বমান আছে। এতছিল অনেক Arsenic fast Mercury fast রোগী আছে যাহাদের arsenic or mercury প্রয়োগ করিয়া কোন উপ্লকার হয় না। সে ক্ষেত্রে বিসমাথ প্রয়োগে বিশেষ স্থফল প্রত্যাশা করা যাইতে পারে। বিসমাথের প্রয়োগবিধি এক্ষণে বিচার্য্য। বিসমাথ মাংসপেশীতে ইঞ্জেকসন দারা প্রয়োগ করা বিধেয়। শিরার ভিতর ইঞ্ছেক্সন দেওয়া হইলে বিষম বিষক্রিয়া হয় বলিয়া বিসমাথ ওরূপ ভাবে দেওয়া ভোয়: নয়। Merk তু একটা বিসমাথ ঘটিত ঔষ্ধ যথা Tarto Bi (Bismath Soilion cemmno cipute) এর উল্লেখ করিয়াছেন বাহাদের শিরার ভিতরে injection দিবার ব্যবস্থা কিছ R. Magnus এক C. C. Wismulen শ্রিরার মধ্যে ইঞ্কেসন দ্বারা প্রবেশ করণান্তর একটা রোগীর তৎক্ষণাৎ মৃত্যু হইতে দেখিয়াছেন। অতএব এভাবে শিরার মধ্যে বিসমাথ দিবার CD की शतिजाग कतारे गर्ववश ও गर्ववमा मञ्जल। অনেকের ধারণা পারদ যেরূপ শরীরে মর্দ্দন করিলে 'শরীরাক্তান্তরে প্রবেশ লাভ করে বিসমাথ ও তদুসুরূপ মর্দ্ধনের দ্বারা শরীরের ভিতর প্রবেশ লাভ করিতে সক্ষম: এইরূপ মর্দ্দন করিলে (inunction) হয়ত বিসমাণ কিয়ৎ পরিমাণে— শরীরের ভিতর যাইতে পারে কিন্তু তাহা 'সিফিলিস্'

এর ৰীজাণু ধ্বংস করিবার পক্ষে আদে শক্তিশালী নহে। সম্প্রতি বৈজ্ঞানিক উন্নতি সাপেক্ষ মৌলিক গবেষণা প্রসূত (Research) বিসমাথ ঘটি চ একটা ঔষধ যাহা 'বিস্নোন্' (Bisnone) নামে চিকীৎসা জগতে নিজের অধিকার বিস্তার করিয়া প্রাসিদ্ধি লাভ করিয়াছে তাহা শিরাভ্যন্তরে ইঞ্জেক্শন্ দিবার জন্ম ব্যবহৃত হইয়া থাকে এবং ইহাতে পূর্নেবাক্ত কথিত কৃফল ফলিতে অর্থাৎ মৃত্যু হইতে দেখা যায় না বরং অন্যান্ম ইঞ্জেক্শনের ন্যায় নির্দ্ধোষ। উক্ত উষধটা School of I ropical medicins এর ডাঃ চোপ্রা Lt-Col I. M. S অনেক চেফীর পর আবিকার করিতে সক্ষম হইয়াছেন।

বিসমাথ ঘটিত অনেক ঔষধ বাজারে পাওয়া यात्र: जनात्था त्य छेषत्थ विममाथ मर्तवादभका অধিক পরিমাণে থাকে দেই ঔষধ ব্যবহার করিলে ফল বেশী পাওয়া যায়। ইহা ব্যতাত বে ঔষধ-अलि कम यवनानायक रुप आय (महे अलिहे अधिक সাধারণতঃ, দেখা যায়, বাবহার হইয়া থাকে। Soluble Preparation (সম্পূর্ণ দ্রবণীয় উষধগুলি) অপেকা Susp nsion Preparation গুলি কম यञ्जनातायक ञ्रु छताः अधिक शतिमात्न वाबदाया। Christiansen, Hersey 43 Lomholt বিসমাথ কিভাবে শরীরে প্রবেশ লাভ করে এবং ইহার বহির্গমনের দার কি তাহা বিশেষ ভাবে এবং যথার্থরূপে Radio—Chemical উপায়ে নির্দারণ করিয়া এই ধার্ঘা করিয়াছেন যে বিসমাধ বেশীর ভাগ প্রস্রাবের ভিতর দিয়৷ বহির্গত হইয়া থাকে: বাঁহের সঙ্গে যতটুকু বহির্গত হয় ভাইার প্রায় •দিগুণ পরিমাণ প্রস্রাবের সঙ্গে বাহির হইয়।

যায়। এক্ষণে 'সিফিলিস্' সম্বন্ধে যভটুকু জ্ঞান সম্ভবপর ও তাহার চিকিৎসা সম্বন্ধীয় যাবতীয় ঔষধ ও উপাদান সমস্ত একে একে বর্ণনা করা হইল সত্য: কিন্তু জনসাধারণের প্রতি আমার এই অমুরোধ যে এই রোগসম্বন্ধীয় জ্ঞানলাভের পর যাহাতে ইহার প্রসারতা ব্যাপকভাবে বর্দ্ধিত না হয় ও সমাজের অমঙ্গল আন্যন না করে তংপ্রতি ব্যক্তিগত ভাবে ত বটেই সমষ্ট্রিচভাবে লক্ষ্য করিরা চলিলে এই মরণোমুখ নাঙ্গালী জাতির মরণের অন্ততঃ একটা পথও বন্ধ করিতে পারা যাইবে। প্রথমতঃ শিক্ষার দারা ও শারীরিক উন্নতির থার৷ স্বভাব চরিত্র গঠিত হউক, সদৃত্তি গুলি প্রেফ্টিত হউক, নৈতিক আলোচনা দমধিক ভাবে বৰ্দ্ধিত হউক এক কথায় মানুষ তৈরী হউক তবে ত দেশ রক্ষা পাইবে। দ্বিভীয়তঃ সকলেরই শিক্ষা ও মানসিক বুত্তি এক রকমেরই যে হইবে তাহা আশা করা যায় না; কুপ্রবৃত্তি বশে বা কেহ কেহ ক্ষণিক মোহ বা উত্তেজনা তাডিত হইয়া ভ্রান্তিবশতঃ কুকর্মা অনুষ্ঠান করিং। ফেলে দেখা যায় তাহাদের অনুরোধ অন্তঃ এ দব কুকর্মা করিবার পুর্বেব তাহার ফলাফল সম্বন্ধে বিশেষ সাবধান হইয়া ও স্থবিচার করিয়া তবে যেন এই সব

কর্ম করিতে অগ্রসর হন। তৃতীয়তঃ যখন ভ্রান্তিবশতঃ কুকর্ম্ম করিয়া ফেলিয়াছেন তখন আর ভারিবার সময় নাই; একটা ভুল বাঁগাইতে গিয়া নিজের ও দশের এবং তৎসঙ্গে সমাজের অকল্যাণ না বাড়াইয়া যাহাতে সেই ভূল সংশোধন করিতে পারেন তাহার উপায় অবিলয়ে অবলম্বন করা কর্ত্রা। তৎক্ষণাই একটা স্তাটিকিৎসকের পরামর্শ মত কার্যা করা দরকার এবং তাঁহার নিকট কোন কথা গোপন না করিয়া তিনি থেরূপ ব্যবস্থা করেন তাহ। বর্ণে বর্ণে পালন করা দরকার। ইউরোপীয়দিগের মধ্যে প্রায় **শতক**রা নিরানব্বই জন এইরূপ একটী কুকর্ম্ম করিলে তৎক্ষণাৎ টিকিৎশকের সাহায্য লইয়া থাকে: আমাদের ভিতর গোপন করিবার ইচ্ছা বেশী বলবতী। তাই বলিতেছিলাম সাবধান নিজেরা মানুষ হইবার চেণ্টা কর ও মানুগ হইতে শিখ, তাহা হাইলে সমস্ত ফিরিয়া আসিবে। বিজ রায় (D. L Roy) এর কথায় বলিতে গেলে বলিতে হয় ''গিয়াছে দেশ তুঃখ নাই আবার ভোরা মাতুষ হ''---মানুষ হ' মানুষ হ'। মানুষ হওয়া ছাড়া আর তোমাদের নিকট আমার কিছু বলিবারও নাই বা চাহিবারও নাই।

### ডাঃ জলধর মণ্ডল এল্-এম-এস, ভক্তিবিনোদ।

স্প্রসিদ্ধ ডাক্তার জলধর মণ্ডল এল্ এম্ এস্ গক্ত ২৪শে আবিণ বরাহ নগরে গঙ্গাতীরে দেহত্যাগ করিয়া সীয় সাধনোচিত ধামে প্রয়ান করিয়াছেন। তাঁহার বয়স মাত্র ৫২ বৎসর হইয়াছিল।



১২৮১ সালে ফাল্পনমাসে বসিরহাট মহকুমার
অধীন আড়বালিয়া গ্রামে ডাক্তার জলধরের জন্ম
হয়। ৺প্রাণনাথ মণ্ডল মহাশয় তাঁহার পিতা।
শৈণবে ও বাল্য জীবনে তাঁহাকে একান্ত ছঃখের
ও দারিন্দ্রের সহিত সংগ্রাম করিতে হইয়াছিল, এবং
এই অসম সংগ্রামে স্বীয় অন্তুত অধ্যবসায়ও পরিশ্রামের বলে তিনি বিজয়ী হইয়াছিলেন। নদীয়ার

৺গণেশচন্দ্র মণ্ডল ৺দুর্গাচরণ মণ্ডল ও ধার্ম কুড়িয়ার স্থাসিদ্ধ দানবীর 🗸 শ্যামাচরণ বল্লভ ও 🗸 রায় উপেন্দ্রনাথ সাউ বাহাতুরের আফুকুল্যে ও উৎসাহে তাঁহার বিভালাভ সম্ভব হইয়াছিল। নিম্ন প্রাথমিক. উচ্চপ্রাথমিক, মধ্যবাংলা প্রভৃতি যাবতীয় পরীক্ষায় তিনি উচ্চবৃত্তি লাভ করিয়াছিলেন। পরীক্ষায় তিনি কুড়িটাকা বৃত্তি পাইয়াছিলেন। इट्रेड পার ডাফকলেক এফ, এ, পাশ করিয়া তিনি মেডিক্যাল কলেজে ভর্ত্তি হ'ন। মেডিকালৈ কলেজে শেষ পরীক্ষায় উত্তীৰ্ণ হইয়া তিনি চিকিৎসা ব্যবসায় অবলম্বন করেন, কলিকাতার স্থপ্রসিদ্ধ সার্জ্জেন ললিতমোহন ব্যানার্জ্জি তাহার সহপাঠী। চিকিৎসা ব্যবসায়ে তাঁহার মনগ্রনভ প্রকৃতিদত্ত শক্তি ছিল ও এই ব্যবসায়ে তিনি প্রভুত যশঃ অর্জ্জন করিয়াছিলেন। ইচ্ছা করিলে তিনি প্রচুর মর্থ উগার্জ্জন করিজে পারিতেন। কিন্ত তিনি কলিকাত। অর্থাজ্জনির প্রকৃষ্টস্থান পরিত্যাগ করিয়া, মোটা শাহিনার প্রলোভন ত্যাগ করিয়া, ভবিষ্যতের অতি উজ্জ্বল সম্ভাবনা পরিত্যাগ করিয়া যেখানে তুঃখে ও দরিদ্রাতায় আচ্ছন হইয়া বিনা চিকিৎসায় মৃক জনসমাজ অবশাস্তানী ধ্বংশের মুখে প্রতি নিয়ত প্রবল বেগে প্রধাবিত হইতেছে. সেই পবিত্যক্ত मतिज नाताग्रद्धत হ্য ত্র পল্লীমায়ের কোলে 'সেবার জন্ম নিজে চির দারিদ্রাকে বরণ করিয়া তাঁহার জন্মভূমির নিকটেই ধান্য-কুড়িয়া

কর্মকেত্র স্থির করেন। তাঁহার হাদয় অতিদয়া প্রবণ ও পরত্বঃখ কাতর ছিল, এই কারণে তিনি অধিক অর্থ উপাড্জন করিতে পারেন নাই সতা, কিন্তু দরিজুনারায়ণের সেবায় আজুনিয়োগজনিত আজুপ্রসাদ ও স্কৃচিকিৎসার জন্ম বিমলযশঃ ও পল্লীমায়ের কোলের স্থলভ শান্তি তিনি প্রভূত পরিমাণ পাইয়াছিলেন। স্থাচিকিৎসায় তাঁহার যশঃ চারিদিকে ব্যপ্ত ইইয়া পড়িয়াছিল, কঠিন তুরারোগা পীড়ার চিকিৎসার জন্ম অতি দূরদেশ ইইতে তিনি সবস্থমানে সাহত ইইতেন।

তিনি রোগীর বাড়ী আসিলেই রোগী ও তাহার অভি ভাবকের মনে হইত রোগীর অর্দ্ধেক রোগ কমিয়া গেল, রোগীর প্রতি তাঁহার দয়া ত সহাসুভূতি চিকিৎসক মাত্রেরই অনুকরণ যোগ্য।

ভিনিকোন প্রতিভাশালী চিকিৎসক ছিলেন না,

তাঁহার হৃদয়ে এক চিরবৈরাগা বাস করিও।
ধনের মোহ, যশের মোহ, প্রতিপত্তির মোহ, এই
বৈরাগীকে আচ্ছন্ন করিতে পারে নাই। তাঁহার
সাধকচিত্ত বৈক্ষব রস্ সাধনায় সর্ববদা তত্ময় থাকিত।
তি ধানা কুড়িয়ায় শীশী৺রাধাকান্তেব সন্ধিরে
ভক্তমগুলা লইয়া যে রসচক্র স্প্রি করিয়াছিলেন
তথায় অতিদূর প্রাম হইতে মধুকর বৃত্তি ভক্তগণ মধু
আস্বাদন করিতে আসিতেন ও মোহিত ইইতেন।

গাতবাদ্যে তাঁহার বিপূল সমুরাগ ও দৈনীশক্তি।
ছল। এমন লীলাকীর্ত্রনগান সামরা শুনি নাই।
তাঁহার মধুর কীর্ত্তন ও নামগানে পাষাণ ও গলিয়া
যাইত। বৈক্ষব ভক্তিণাস্ত্রে তাঁহার প্রগাঢ় পাণ্ডিত্য
ছিল, তাঁহার পাণ্ডিত্যে ও ভক্তিকে মুগ্ধ হইয়া
নবদ্বীপ পণ্ডিত সমাজ তাঁহাকে ভক্তিবিনাদ
উপাধিতে বিভূষিত করিয়াছিলেন।

### বিবিধ

মত্যপাত্রীর বিরুদ্ধে মতামত—মত্ত ব্যবহারের বিরুদ্ধে আন্তর্জাতিক কংগ্রেসের অধিনেশন শেষ ভূইখাছে। কংগ্রেসে স্থির হাবে মত্ত ব্যবহারের বিরুদ্ধে বিশেষ করিয়া সাব দপত্রে প্রবল সান্দোলন চালান হইবে। কংগ্রেস মাতাল মোটর চালকদের গুরুতর দণ্ড বিধানের পক্ষপাতী; তাহাদের মতে এই সমস্ত চালকদের লাইলেন্স একেরারে কাড়িয়া লওয়া উচিত।

সুতন সোভিক্সাকা— শ্রীংটে একটি মেডিকাাল
ক্ষুল ক রবার প্রস্তাব হইমাছে, এই ক্ষুল সংলগ্ন কচেকটি
হোষ্টেলন্ত নির্মাণ করা হইবে। ক্ষুল গৃহের ভিত্তি স্থাপনের
ক্যু জাসামের গ্রণ্ঠ বড়গাটকে নিমন্ত্রণ করিয়াছেন।
ক্ষাপামী ভাত্যায়ী মানে বড়গাট শ্রীহট্টে আগিবেন।

আক্ত প্রীক্ষা বৈজ্ঞানিকরা এক বিন্দু রক্ত প্রীক্ষা করিয় বলিতে পারেন যে যাহার কে সে অমুকর পুত্র বা ক্তা নিশ্চয়ই নহে-—বিতীয়ত সে অমুক পিতা বা দীতার বংশধর হইলেও হইতে পারে। এই রক্ত পরীক্ষা টাটকা রক্ত ইইতেই সহজে হয়। কানের অসুখ ও সাঁতাল—যাহাদের কর্প পটাহে ছিদ্র আছে বা যাহাদের কান ওর্মাণ ভাষাদের কথন জলে নাম্যা স্থান করা হচিত নহে কারণ হঠাৎ কানে জল চুক্যা ছিন্ন কর্প পটাহ দিয়া কানের ভিতর এমন যাহাল র স্বত্তে পারে যাহাত মানুষ সহজেই অসামাল হইয়া পড়িয়া ডুবিয়া যায়

শাদের আহা—কৃমিলা অভয় আশ্রম ১৯২৭
সালে ১৪২,০০০ (এক লক বিয়ালিস হাজার) টাকার
থদর বিক্রয় : ইয়াছিল তাহাতে ১০০০ কাটুন্দ জুঁতি
পরিবার এবং অনেক ধোপা, কামার ছুভার প্রস্কৃতি
কাজ পাইথাছে—কাটুনীরা ২৭।২৮ হাজার টাকা
পাইয়াছে। আট নয় হাজার স্ত্রীলোক অবসর সমায়,
তাহাদের সাধারণ কাজে ক্ষতি না করিয়া ২৭.২৮ হাজার
টাকা উপার্জন করিয়াছে ইহা কি গরীব গৃহত্তের পকে
কম আয় ?

প্রসিক্ষ কথা সাহিত্যিক—শ্রীযুক্ত শরৎসক্র চট্টোপাগায় মহাশয় ৩১ ভাদ ৫০ বৎসরে পদার্পণ ক্রিরাছেন। তাঁহাকে ঐ দিবস বিশেষ সর্থনা করিবার ক্রিয়াযুৰক মহলে অনেক আহোজন করা হয়—আমরা ক্রিয়া বাবর দীর্ঘ জীবন কামনা করি।

ডে জুবা ভেউ—ভাদ্র মানের মাঝামাঝি গ্রীদে ধার্মিক এবেন্স ও তাহার নিকটবর্ত্তি নগরগুলাতে এত কাক ডেলুতে আক্রান্ত হইয়াছিলেন যে সহরের দোকান আক্রিমানিক দপ্তর ব্যান্ত ইত্যাদি সব দিনকরেকের জ্ঞ বিশ্ব নাথিতে হইয়াছিল। রোগের এমন উংকট ঢেউ কেহ নাগে দেখে নাই।

কোনোনের ত্রীড়া নৈপুল্য—মিলণী নামে কাট কিলোরী কুমারা হাই জাম্পে (High Jump) ইট ১২ ইঞ্চি উচ্চতা অভিক্রম করেচেন। এত উচ্ পৌতে আৰু পর্যান্ত কোন মেরেই পারেননি। লংজাম্পে কাল পর্যান্ত কোন মেরেই পারেননি। লংজাম্পে কাল প্রান্ত কোন মেরেই পারেননি। লংজাম্পে কাল প্রান্ত কাল ১৫ কুট ৫২ ইঞ্চি কিলম করেচেন। বর্তমানে আমেরিকার কুমারী ইলাম টেনিসের পৃথিবীর মধ্যে সেরা খেলওয়াড় বলিয়া কিলি ইভি পূর্বে ছিলেন ফ্রম্পের কুমারী স্থান। বিলাভি কালী হার্ভে ও কুমারী ইলিম বেণেট আন্তর্জাতিক কৈনিস্ মহিলা খেলোয়াড়। আমাদের দেশের বালিকাকিলার গুলিভে লেখাবলায় উৎসাহ দেওয়া উচিত।

কলিকাতার দুগ্ধ-প্রতাহ কলিকাতা করে ৩০০০ মন হুধ বাবহার হয়। তাহার মধ্যে ১০০০ লার কিছু অধিক পরিমাণ কলিকাতা কর্পোরেশনের ভরেই অবন্থিত গোয়াল হইতে আসে প্রায় হাজার কলিকাভার নিকট (Suburfs) হইতে আমদানী কলিকাভার নিকট (Suburfs) হইতে আমদানী কলিকাভার নিকট (জালালা ইেশনে আসিয়া পৌছায় ক্রিবল ৫০ মণ হাওড়া দিয়া আসে। বিশেষজ্ঞাদের মতে লিকাভার হুধ খুব খারাপ নহে। এখানে গড়ে লোকপিছু

সিগাত্রেভের ব্যবহার – গত বংসর

কার্বে ৩৫ কোট পাউগু সিগারেট ব্যবহার হইয়াছিল।

ব্রের পূর্বে ১০ কোট পাউগুরও কম সিগারেটের

কার্বেইড — অর্থাৎ এখন আগেকার অপেকা ৭গুণ

নারেটের প্রচলন বাড়িয়াছে — দেশবাদীরা কডটা

কারেটের করিডেছে ভাহার প্রভি লক্ষ্য রাণা উচিত।

**কিউলিস্পিলিটির** – খরচ কমান আয় স্থলরভাবেলিখিও **গড়ান কা**র্য তৎপরতা কি প্রকারে করা বাইতে পারে **,অঞ্**কো অধিক।

তাহার বিষয় মিউনিসিপলিটি কর্মচারিরা উপদেশ দিতে পারিলে তাহাদিগকে দিলি মিউনিসিপ্যালিটির ভাইস প্রেসিডেন্ট লালা শ্রীরাম তিনটি প্রস্কার দিবেন বলিরা ঘোষণা করিয়াছেন—কলিকাতা কর্পোরেসনের কর্জ্পক্ষরা এইরপ চেষ্টা করিলে ফল পাইতে পারেন।

কথা—৩য় ज्यह स्था। কৰুটোলা খ্ৰীট হইতে প্ৰকাশিত হইয়াছে। শ্রীযুক্ত মুরেন্দ্র কুমার বন্দ্যোপাধ্যার মহাশরের ক্লডিছ প্রথম হই সংখ্যা অপেক্ষা আরও ফুটিয়া উঠিয়াছে-ভাহার উপর মূদ্রন ও মনোহর কভার প্রতি সংখ্যাতেই নৃতন-ইহা যে অত্যন্ত প্রীতিপ্রদ ও সুকটি এবং দুরদৃষ্টির পরিচায়ক তাহাতে আদৌ সন্দেহ নাই। সংবাদপত্র জগতে স্থাবক্র বাবুকে জানে না এমন লোক অভি মল্ল-ভারতবর্ষের মুবুহৎ ইংরাজী পত্রের সহিত ভিনি বচ্চিন সংশ্লিষ্ট থাকিলেও বাঙ্গালা ভাষায় চৰ্চ্চা তিনি আদৌ পরিত্যাগ করেন নাই—তাঁছার বহু প্রবন্ধ আমাদের করিয়াছে—ভারতের বত প্রাদেশের অলক্ত অভিজ্ঞতা তাঁহার যথেষ্ট থাকিলেও বাঙ্গালা বিশেষ ১: 3 কলিকাতার সর্ব্ব বিষয়ের অভিজ্ঞতা তাঁহার বিশিইভা— প্রায়ই তিনি নিজ নামে কখনও প্রবন্ধ প্রকাশ করেন না। – এখন তিনি যখন নিজ নামে সাধারণ্যে প্রকাশ করিয়াছেন তথন তাঁধারা তিন সংখ্যা ''ঘরের কথা''র জক্ত আমরা তাঁহাকে অভিনন্দিত করিতে আনন্দ-বোধ করিতেছি। তাঁহার এই প্রচার কার্যোর সহায়ক কবিরাজ সি, কে, দেন এণ্ড কোংর এবছিধ তথ্যাপূর্ব সংসাহিত্য প্রচারের জন্ম আমর। শ্রীভগবানের নিস্কুট প্রার্থনা করি যে তাঁহারা এই কার্য্য প্রচারে বিরম্ভ না হন। প্রত্যেক বাঙ্গালীর কর্ত্তব্যু এ হেন সংবাদ সংগ্রহ পুস্তক চারি আনা ডাক মাওল দিয়া সংগ্রহ করা। ইহাতে সৰ্ব জাতীয় বাঙ্গালী কি ছাত্ৰ, কি ব্যবহার জীবি, कि क्वांनी, कि वावनानांत्र, धनी, महाकन नकरन जानारनंत्र দেশের সর্ব্ব রক্ম বিষয়ের ধারাবাহিক ইভিহাস পাইবেন। এ সংখ্যায় বাঙ্গালা গভ সাহিত্যের জেমবিকাশ ইংরাজ আমলের আরম্ভ হইতে প্রাঞ্জল ভাবে এক্সৰ্ধি অতি সরল ও বিরত হইয়াছে। পুরাতন সংবাদপতের তালিকা, ১৩৩৪ সালের ঘটনাবলী ইত্যাদি প্রবদ্ধ অভি ञ्चलत्रजादिनिथिक इट्रेग्नाट्यः। हेटा वानानीत टेक्सिन

Printed and Published by Dr. K. B. Mondal at 101 Cornwallis Street From. Gobardhan Press, 12 Gour Mohan Mookerjee Street, Calcutat.

সূত্র সম্পাদক-কবিরাজ এইন্দুড়ুষণ সেন আয়ুর্বেদ্লান্ত্রী LA.M.S.



### কালা-আজন চিকিৎসায় ''এ্যা ণ্টিমণি'' ঘটিত ঔষধগুলির মধ্যে আধুনিক গবেষণা প্রসূত ঔষধ



### NEO-STIBOSAN 693-B

(p-Aminophenylstibinic - acid Diethylamine)

কলিকাতা গ্রাত্মদেশক রোগ সমূহের চিকিৎসাগারে কালা-আজর বিভাগে দিবর্ষব্যাপী বস্তু গবেষণার ফলে ইহা নিদ্ধারিত হইয়াছে যে—

নিও-স্টিবোসান—নির্দ্দোষিতা হেতু অতিরিক্ত বেশী মাত্রায় প্রযোজ্য।
নিও-স্টিবোসান—বাজার চলন যে সমস্ত ত্র্যাণ্টিমণি ঘটিত ঔষধ তন্মধ্যে
আছে আণ্ড ফলপ্রদ ও আরোগ্য সম্বন্ধে অধিক ক্রিয়াশালী।

নিও ঠিবোসান— শিরার অভ্যন্তরে এবং মাংস পেশীর মধ্যে নেওয়া চলে।
ব্যবহার সম্বন্ধে মতামত—ডাঃ এল্ এন্ নেপিয়ার ৬১ জন রোগীর চিকিৎসায়
ফলাফল বিশ্লেষণ করিয়া এগাণ্টিমণি ঘটিত ঔষধ সমূহের
কালা-আজর চিকিৎসা সম্বন্ধে II No 693 ( Von
Heyden )

Ind. Journ. of Med. ১৯২৭ সালের জুলাই মানের ১৮১ পৃষ্ঠা কিরূপে বিক্রেয় হয় :—

- (ক) ১০টী আম্পুলযুক্ত বাক্স ০.০৫ গ্রাম।
  - ,, ,, o.\(\sigma\), o.\(\sigma\), o.\(\sigma\), o.\(\sigma\),
- (খ) উপরি (ক) দিখিত মাত্রায় এক একটা এ্যাম্পুল।
- (গ) হাঁসপাতাল এবং চিকিৎদা কেন্দ্র সমূহের জন্ম ১ গ্রাম ও ৩ গ্রাম মাত্রা সম্বলিত এক একটা এ্যাম্পুল।

ব্যবহার বিধি ও অগ্যাগ্য জ্ঞাতব্য বিষয় সম্বলিত পত্রিকা নিম্নলিখিত ঠিকানায় প্রাপ্ত হওয়া যায়:—

### Havero Trading Co. Ltd. Calcutta.

Pharmaceutical Dept. "Bayer-Meister Lucius" P. O. Box 212; Calcutta

### পরিচিত ও কালির ক্রেইথ পরিচিত ও কল প্রদ পরিচিত ও কল প্রদ সর্বন মানে ভাল কল সভালির প্রিকংসক সভালির প্রমাণে সেবনেই হাঁপ ক্রমে ১ দাপ সেবনেই হাঁপ ক্রমে ১ দিলেই সন্তানার উপাশা হয় প্রতি দিলি ১৮০, ডজন ১৫, সাগুল সতম্ব সাহাপুর, বেহালাপোঃ ২১ পর গুণা রাঞ্চ:- ৫১ রাজা নবক্রফের ট্রাট, শোভারাজার, কলিকাতা।

### ণাগলের মহৌমধ

এস, সি, রায় এণ্ড কোং

৬৭া৩ কর্ণওয়ালিস ট্র ট, কলিকংতা। টেলিগ্রাম—Dauphin, Caluctta.

৪- বংসর বাবং আবিস্থৃত চইয়া শত সহস্র হর্দান্ত পাগল ও সপপ্রকার বায়ুরোগগ্রন্ত রোগ আরোগ্য ইইয়ছে:। মৃচ্ছা, মৃগী, অনিজা, হিষ্টিরিয়া অথবা নামবিক চক্রলতা পভৃতি রোগে অব্যর্থ। পত্র লিখিলে ক্যাইলগ, বিনা মূল্যে পাঠান হয়। প্রতি শিশি পাঁচ টাকা।

### "স্বাস্থ্যের" নিয়মাবলী।

সাক্ষের অগ্রিম বার্ষিক মৃত্য ডাকমাগুল সহ ২ টাকা।
প্রত্যেক সংখ্যার মৃত্য ১০ আনা। ফঃল্পন হইতে মাঘ
পূর্ণ এক বৎসরের মৃত্য লওরা হর। কেত বৎসরের মধ্যে
আহক হইলে তাঁহাকে ফাল্পন হইতে কাগল লইতে হর।
মৃত্য সম্পাদকের নামে পাঠাইতে হর।

আপ্রাপ্ত স্থানা। "আছ্য" প্রতি বাংলা মানের ১লা প্রকাশত হয়। কোন মানের কাগজ না পাইলে দেই যানের ১৫ই তারিখের মধ্যে অপ্রাপ্তি সংবাদ ভাকবরে থবর লইরা ভাকবিভাগের উত্তর সহ আমাদের নিকট পৌহান আবশ্রক।

প্রত্যোক্তর। রিপ্লাই কার্ড কিছা টিকিট ন। পাঠাইলে কোন চিঠির কণাব কেওয়া সম্ভব হয় না।

প্রক্রান্তি। টিকিট ব টিকানা লেখা খাম দেওরা থাকিলে অমনোনীত রচনা ফেরত দে রা হয়। রচনা কেন অমনোনীত হইল, তৎসম্বন্ধে সম্পাদক কোন উত্তর দিতে অসমর্থ। বিভ্রাপন। কেনি মাসে বিজ্ঞান বন্ধ বা পরিবর্ত্তন করি ত হইলে, ভাষার পূর্ব্ব মাসের ১৫ই তারিখের মধ্যে জানাইতে হয়।

আলীল বিজ্ঞাপন ছাপা হয় না। ব্লফ ভালিয়া গেলে তজ্জন্ত আমহা দায়ী নহি এবং বিজ্ঞাপন বখন বন্ধ করিবেন, ব্লক থকিলে সলে সঙ্গে ফেরৎ লইবেন। নচেৎ হারাইয়া গেলে আমরা দায়ী নহি। বিজ্ঞাপন মূল্য অগ্রিম দেয়।

বিজ্ঞাপদের মাসিক মূল্য

পত্র লিণিতেল বাঙ্গালা ও হিন্দি সংস্করণ স্থাক্ষ্যের বিজ্ঞাপণের হার যানাম হয়।

> ব্ৰজেজনাথ গাঙ্গুলী এম, বি, (সন্বাধিকারী)।

कार्यामग्र > > नः वर्शक्षामिन हैिंह, कनिकालां

### ক্বযি-সম্পদ।

#### (গত বৈশাখ মাসে ১৮শ বর্ষে পদার্পণ করিয়াছে।)

বাঙ্গালাভাষার প্রকাশিত একমাত্র কৃষি-বিষয়ক সচিত্র মাসিক পত্র। অগ্রিম বার্থিক মূল্য ডাকমাণ্ডল সমেত ৩১ মাত্র।

প্রবন্ধ-সম্পদে অতুলনীর, চিত্র সোন্দর্যে) অপূর্বে ও সর্বত্র উচ্চ-প্রশংসিত বাঙ্গানার কবি বিষয়ক সর্বন্ধেই ও বৃহত্তর পত্র। ৬ তােক গৃহত্তেরই নিতা প্রয়োলনীর। আমেরিকা, ইংলণ্ড, ফ্রান্স ও লাপান প্রত্যাগত ক্ষিত্র্বিদ্গণ, বল ও আসামের সরকারী কৃষি বিভাগের বছসংখাক উচ্চপদ্য কর্মচারী এবং বছদ্দী ও অভিজ্ঞ খনামধ্যাত ব্যক্তিনিধের সকলেই কৃষি-সম্পদের নির্মিত লেখক। ইংলদের সিধিত কৃষি প্রথম এবং বছ ক্ষি-প্রত্তই ধারাবাহিক প্রব্যাকারে ১৮ বংসর বাবং কৃষি-সম্পদে প্রকাশিত ইইতেছে। কৃষি সম্পদে প্রত্যেকটি প্রংক্ষই অবশ্ব জ্ঞাতবা বছতখাপূর্ণ এবং শিক্ষাপ্রদা। নানালাতীর শাক-সজী, তরিতরকারী, কৃল ও ফলের চাব, আয়কর উদ্ভিদ চাব, মাহের চাব, গৃহপালিত পক্ষী চাব, মসলা-চাব গঙ্গেখাল গৌ-চিকিৎসা কৃষি শিল্প, সার-বিজ্ঞান, ধনার বচন, কৃষিবচন, উদ্ভিদভন্ধ এবং দেশী ও বৈদেশিক চাব-বাস-প্রণালী প্রধানতঃ এই সকল বিষয় কৃষি-সম্পদে বিত্ত ভাবে আলোচনা করা হয়। একমাত্র ক্ষি ব্যতীত অল্প কোনৰ বিষয়ই কৃষি-সম্পদে প্রকাশিত হয় না; এবং ইংতে কোনৰ বাজে প্রবন্ধ রহে না। কৃষিভত্ত্বের বহুল প্রচার কামনার, প্রথম বর্ষ হুইতে পঞ্চদশ্বর্যর অর্থাৎ ১৬০ গ্রহণত ১০০ সাল পর্বাস্তঃ

#### পুরাতন কৃষি-সম্পদের

প্রত্যেক বৎসরের সম্পূর্ণ দেট ( বাদশ সংখ্যা একত্রে ) একত্তীরাংশ মৃত্যা অর্থাৎ ১, টা ছার প্রণন্ত ছইবে। পুরাতন পত্রিকা অত্যক্ত সংখ্যকই আছে। এ আশাতীত হুবোর বেলীদিন রহিবে লা। হুতরাং যাঁহারা এ অমূল্য রহু সংগ্রহ করিয়া অর্থের সন্ধাবহার করিতে চাহেল, উহারা 'দিন কতক গরেই লওমা বাইবে'' বলিয়া চুপ করিয়া রহিবেন না—ঘাছা প্রত্ত হুবোল, তাহা দ্লীবনে ছই একবার আইবেশ মাত্র; উহা হেলার হারাইলে আপ্লোদের সীমা থাকে লা। পুরাতন ক্বি-দম্পাদের নুত্র সংস্করণের সন্ভাবনা নাই —একবার ফুরাইয়া গেলে, উহা আর ক্থনও পাইবে না।

পুরাতন কৃষি-সম্পদ ভি: কি: করিয়া পাঠান হর। স্তরাং যিনি যত বংসরের কৃষি-সম্পদ লইতে ইচ্ছা করেন, তত বংসরের স্বাভ মূল্যে ও ডাকমাগুলাদি (রেজেষ্টারী করিয়া পাঠাইবার ব্যরস্থ) মনিঅর্ডার করিয়া পাঠাইয়া দিলেই ঘরে বসিয়া সকল পাঁএফা প্রাণ্ড হইবেন, ডাকমাগুলাদি একবংসরের পত্রিকার জন্ম। কানা এবং একাধিক বংসরের হইলে প্রতিবংসরের জন্ম। কাগিবে।

টাক। পাঠাইবার ঠিকামা— খ্রীনিশিকাস্ত। ঘোৰ কৃষি-সম্পদ অফিস, ঢাকা।

কণিকাতা আয়ুর্বেদ কলেজ ও হাস পাতালের অংগ্রাপক ও হাউস ফিজিসিয়ান "স্বাস্থ্য" ও "আয়ুর্বিজ্ঞান" পত্রহয়েব সহযোগী সম্পাদক,

কবিরাজ শ্রীযুত ইন্দুভূষণ দেন আয়ুর্কেদশাস্ত্রী এল,এ,এম,এস, প্রশীত

#### নুতন পুস্তক

### বাঙ্গালীর খাদ্য

মহামহোপাথ্যায় কবিরাজ জীযুত গণনাথ সেন সর ঘতী এম, শ. এম, এম মহোদর লিখিত ভূমিকা সম্বলিং।

> অতি সহজ ও সরল ভাষায় খাছদ্রব্যের গুণাগুণ ইহাতে লিখিত হইয়াছে। ক্লান্ত্র বাহাদুর ডাঃ ই যুক্ত চূলীলাল বস্তু দি আই. ই বলেন— ''আপনার প্রবন্ধ পাঠে লোক উপকৃত হইবে।'' সুক্রা ॥০ আনা।

#### ২। পারিবারিক চিকিৎসা

প্রত্যেক রোগের কারণ ও তাহার্ব বছ পরীক্ষিত সহজ্ঞ পাদ ঔদা দ্বাবা চিকিৎসা হইতে প্রদান্ত হইরাছে। কবিরাজ শিরোমণি শ্রীযুক্ত স্থাংসানোস আচ্চস্পৃতি মহাশর বলেন এ পৃস্তাকর দ্বারা দেশের ও দশের উপকার হইবে। মৃল্যা ॥০/০ দশ আনা।

আরোগ্য নিকেতন

২০ বলরাম ঘোষ ষ্ট্রীট, কলিকাতা

### ম্যালেরিয়ার পর তুর্বলতা

ভাক্তারখানায়

রক্ত ও স্নায় উভয়ই ম্যালেরিয়ার দোবে আক্রান্ত থাকে।

কুইনাইনে ম্যালেরিয়া সারে কিন্তু জ্বের পরের ত্র্বলতায় ইহা কিছুই করিতে

স্পত্র পাওয়া যায়।


পারে না।

मानिटिने वा वहारत आयुरिक पूर्वनाजा, हेजानित जय हहेरज प्रतंत शाकृन, পুরাতন বল আবার লাভ করুণ স্যানাটোক্সেন বল পুর্ণ উপাদানে হৈয়ারী। একজন বাঙ্গলার চিকিৎসক ডাক্তার H. W. S. বলেন-স্যানাটোজেন ম্যালেরীয়ার তুর্বলভাতে অভিশয় ফলপ্রদ।

### SANATOGEN

THE TRUE TONIC FOOD

শ্বাস, কাস, হাঁপানী, সক্ষা, ক্ষন্ত রোগী আর হতাশ হইবেন না।



ফুস্ফুস ও কঠনালীগত হাবতীয় রোগে ইহা মন্ত্রশক্তির সায় কার্যাকরী গোল একেট-ব্যৱহাত এণ্ড কোৎ ১০১, কর্ণভয়ালিস হীট, কলিকাভা।

## नामनाल रेनिष्ठरवन्म काम्भानी लिबिरिए

### হেড্ অফিস, ৭, চার্চ্চ লেন, কলিকাতা। ইহা একটি প্রকৃত ভারতীয় জীবনবীমা কোম্পানী

অংশগত মূলধন—১০,০০,০০০ দণ লক্ষ টাকা সঞ্চিত মূলধন—১,২০,০০,০০০ এক কোটী যিশ লক্ষ টাকা

৫০,০০,০০০ পঞ্চাৰ লক্ষ টাকার অধিক বীমাকারিগণের দাবীপূরণ করা হইয়াছে।

'এই কোম্পানী অতি অল প্রিমিয়মে নীমাবিশেষজ্ঞ পণ্ডিতগণের অভিমত অমুসারে জীবন-বামার কার্য্য করিয়া পাকে। মধ্যবিত্ত ভদ্র জনসাধারণের জন্য জীবন-বামার ইহারা কয়েকটা অভিনা লাভগনক ব্যবস্থা করিয়াছে। এই সকল ব্যবস্থা থার পরি যারবর্গের ও অমুগত ব্যক্তিগণের গ্রাসাচ্ছাদনের ব্যবহা কর যাইতে পারে।

পুরুক্ন্যাগণের শিক্ষা ও বিবাহের বায় সন্ধুনন যে কিরুপ আগ্রাসসাধ্য তাহা প্রত্যেক অভিভাবকই সমাক উপনন্ধি করিতে পারেন। এই ন্যাশান্যাল ইন্সিওরেন্সের সহিত বীমা করিলে উক্ত সমস্তার অর্থাৎ আগ্রের অধিক ব্যন্ধান্ত বিভাগ-সমস্ত র সমাধান হইতে পারে, ইহাতে আপনার যদি আন্থা থাকে, তাহা হইলে এই কোম্পানীর নিয়ম্বালির জন্য আবেদন কর্মন।

#### James J. Hicks.

8, 9, 10, HATTON GARDEN, LONDON.



প্রসিদ্ধ হিন্নু থার্মোমিটারের প্রস্তুতকারক।

পৃথিবীর সর্বস্থানের প্রদর্শনীতে স্বর্ণণদক ও ডিপ্লোমাপ্রাপ্ত

### ্পার্মোমেটারের উপর হিক্স্ থাকিলেই বিশ্বাসযোগ্য।

ভারতে সর্ব্বত্র পাওয়া যায়।

ষ্টি আপনাদের কিনিতে অহ্বিধা ঃর, আমরা স্থবিধা দবে, পাইকারী হিগাবে কিনিয়া দিতে পারি।

Special Representative :- A. H. P. Jennings,

Sole Agents: - ALLEN & HANBURYS Ltd.

Block F. Clive Buildings, Calcutta.

সাবধান! আমাদের খার্গোমেটার জাল হইতেছে।

12-4

মরীর, অমুণ্ল, পেটবাখা ইত্যাদিতে

### होहेटकां भिष्ठे है। वटलहे---

ব্যবহার করিলে বিশেষ উপকার পাইবেন।

ইতোক্তেঞ্চ ড্ৰগ হাউস

সোলএজেণ্ট—

, বন্ধভ এণ্ড কোং

১০১ কুৰ্ণপ্ৰয়ালিস ষ্ট্ৰীট, কলিকাতা।

### অনোকারিপ্র

অধিকাংশ

**জীরো**গে

বিশেষ

উপকারী।

এক শিশি ২১ টাকা, হিন শিশি ৫১ টাকা

সি, কে, সেন এণ্ড কোং লিঃ ২৯, কলুটোলা **দ্বীট**, কলিকাতা।



### প্রতি বাঙ্গালার-গৌরব — বঙ্গলক্ষ্মী। বাঙ্গালীর-গৌরব — বঙ্গলক্ষ্মী।

বন্ধনা কটনমিল সম্পূর্ণ দেশী স্তায় বাঙ্গালীর চির আদরের বঙ্গলক্ষী বস্ত্র উৎপন্ন করে, তাই বঙ্গলারীর এত আদরের বঙ্গলক্ষী মিলের উৎপন্ন শক্তি বাজিয়। গিরীছে। আদর । এবার পূজায় নৃতন তথাবধানে আপনাদের আদরের বঙ্গলক্ষী মিলের উৎপন্ন শক্তি বাজিয়। গিরীছে। সকলেই বাহাতে ইছোত্রন্ধণ বঙ্গলক্ষী মিলের কাণড় পাইতে পারেন, তাহার আয়োজন করা হইয়াছে। মনে রাখিবেন সকলেই বাহাতে ইছোত্রন্ধণ বঙ্গলক্ষী মিলের কাণড় বাদা অসম্ভব রক্ষের কম চাওয়া এখনও অনেও দোকানে থরিদার আকর্ষন করিবার জন্ত বঙ্গলক্ষী মিলের কাণড়ের গাম অসম্ভব রক্ষের কম চাওয়া হয় বটে, কিছ চাহিকামূর্নপ বঙ্গলক্ষীর কাণড় না দিয়া বাজে অজ্হাতে অন্ত মিলের কাণড় গঙাইয়া দেওগা ইয় । হয় বটে, কিছ চাহিকামূর্নপ বঙ্গলক্ষীর কাণড় না দিয়া বাজে অজ্হাতে অন্ত মিলের কাণড় গঙাইয়া বঙ্গলক্ষীর অনেক কাপড়ের রক্ষ্ম আনেক বাড়ান হইয়াছে। আপনাদেরই উৎসাহে উৎসাহিত হইয়া বঙ্গলন্ধীর অনেক কাপড়ের রক্ষ্ম অনেক বাড়ান হইয়াছে। আপনাদেরই তংগাহে । কোন অজ্হাতে প্রতারিত না রক্ষমের কাণড় অপেকার্ক্ত আরও অধিক টেকসই করিবার ব্যবস্থা করা হইয়াছে। কোন অজ্হাতে প্রতারিত না হইয়া একবার—

### বঙ্গলক্ষা বস্তাগারে

৫২/৪ ও ৫২/৫ কলেজ ষ্ট্রীট, ৮১নং কর্ণগুয়ালিস ষ্ট্রীট, পি ৫৩এ নং আশুতোষ মুখার্চ্জির রোড ও ৪০ই নং ষ্ট্রীণ্ড রোড। আদিয়া পরীক্ষা করুন!

বাঙ্গলার কলস্ক দূর করুন, বঙ্গলক্ষীকে দীর্ঘজীবি করুন ! দেৱ দোম কল্পিতে হইবে না বাজে অজুংাত শুনিতে হইবে না।

সম্পাদক ডাঃ প্রাত্তকেন্দ্রনাথ গাঙ্গুলী, এম, বি। কার্যালয় —১০১, কর্মন্ত্র্যালিক ব্লীট, কলিকাতা।

### Terienta:

### Insurance & Reul Property Co., Ltd

Head Office :

### 6, Hare Street, Calcutta

Chief Agencies :

Throughout India, Burma & Ceylon.

Offers most liberal terms : Advantages of Guaranteed Multiple Benefit Policy: Automatic Non-fofreiture Policy: Investment Pond: Surrender Value and Loan on easy terms

### MALE LIVES INSUREI LIBERAL AGENCY TERMS

### থামে্।–ফ্রোজিন্টন্

#### IDEAL ANTIPHLOGISTIC

নিউমোনিয়া প্লুরিসি প্রভৃতি রোগে এব' সকল প্রকার ফোলা, ব্যথা ও রস সঞ্চারে অমোঘ। ইলেকট্রে লিটিক ক্লোরিপ

পানীয় জল সংক্রামক রোগের বীজাণু শূন্য করিতে এবং দূষিত বায়ে অদ্বিতীয়। বিস্তারিত বিবরণের জন্ম পত্র লিখন।

সরকার গুপ্ত এণ্ড কোং লিঃ

৪৭, বোদপাড়া লেন, (কলিকাতা)।

### ডাঃ অভয়কুমার সরকার D. P. H., M. B.

### প্রশীত। বহুপ্রশংসিত পুস্তকাবলী।

১। ওলাউঠা রোগের প্রতিকার ও চিকিৎস। মূল্য—১।০

বসস্ত রোগ ও তাহার চিকিৎসা। মূল্য—৩, টাকা। 2 1

### প্রাপ্তিস্থান--রাম্ব এও কোৎ

কলেজ রোড, ফরিদপুর।

স্থাসিদ্ধ সাহিত্যিক শ্রীরামেন্দু দত্তের নৃতন গল্পের বই

### फूटना ब्ली

রাও বাহাতুর জ্বধর দেনের ভূনিকা সম্বলিত। রেশমের বাঁধাই। দাম—> এক টাকা। প্রবাসী, ভারতবর্ষ, মাসিক বন্তমুখ প্রভতি শ্রেষ্ঠ মাসিকের লেথক রামেন্দু শবুর রচনার পরিচয় অনাবশুক। গ্রন্থণির কথা সমাণেচিকদের মুথেই শ্রবণ করুন :-প্রবাহনী—শেখক নবীন হইলেও তাঁহার কবিতার ও গল্পে রচনা-শক্তির পরিচয় পাওরা যায়। তাঁহার.....এ পায় পুত্তক ভাগ হইয়াছে, রচনা সরল ও অনাড্রব। পুত্তকটি সাহিত্য সমাজে আদর লাভ করিবে। ভাব ত্রহা---- গরগুলি ছোট, অনাবশ্রক বাগাড়ম্বর করিয়া গরের কলেবর ক্ষাত করিবার চেষ্টা লেখক করে।

নাই। ও ছারই অত গছগুলি স্থপাঠা ইইয়াছে। লেখার ধরণও স্কর।

টেড.

### <u>'ক্লোবোদক'</u>

মার্ক

#### 🙄 ইলেকটোলিটিক ক্লোরিন 👉

appropriate the support माज हुই जिन (काँगिष्ड এक कलिम जलात नर्ववधकात द्रांग वीजान विनर्ध द्रा। সাহয্যে বে সকল ভীষণ ব্যাধি বিস্তৃতি লাভ করে—( কলেরা, টাইফয়েড ইত্যাদি ) তাহাদের গতি রোধ করিতে আমাদের 'ক্লোব্রোদ্কে' অদ্বিতীয়। কলেবার সময় জলের সহিত ইহা ব্যবহার করা প্রতি গৃহন্তের একাস্ত কর্ত্তব্য। নিয়মিত ব্যবহারে কলেরার আক্রান্ত হইবার ভয় নাই। সকল সময় এক শিশি ঘরে মজুত রাখুন।

সকল বড ডাক্তার খানায় পাওয়া যায়।

### বেঙ্গল কেমিক্যাল, কলিকাতা !

এপর্যাক্ত ম্যালেরিয়া জবের এমন আশ্রের্যা মহৌষধ আর কেছ বাহির করিতে পারেন নাই। প্লাহা ও লিভারের এমন মহৌষধ আর নাই।

চট্টপ্রামের ডেপুটা ম্যাজিট্টেট ও ডেপুটা কালেক্টার প্ৰনীয় শ্ৰীযুক্ত ব'বু ষতীক্সমোহন ব্যানাৰ্জ্জি বলেন :---(অমুবাদ)

'আমার ছুইটি সন্তান ক্রমাগত পাঁচ সপ্তাহ ও তিন সপ্তাহ ধরিরা একজ্বরে কন্তু পাইতেছিল। অধিক-পরিমাণে কুইনাইন ও মন্তান্ত এলোপ্যাথিক ঔষধ ব্যবহারে কোন कम ना हर्यात्र व्यवस्थित कहे विस्थित तम विका वावहादत নির্দোষ আরোগ্য হয়। প্রথম দিন সেবন করাতেই জর বন্ধ হট্যাভিল। সেই অবধি যথনই আবশ্রক হয়, আমার निस् পरिवाद । यामात्र वसू-वास्त्रवत्र शतिवात्र मध्य धहे ঔষধ ব্যবদার করিরা জাদিতেছি এবং অত্যাশ্চর্য্য ফল भा**रेएडिइ।" मुना > (को**डो : \ डीका। जिन कोडें। रां. जः शिः ए महेल चात्रधां • चाना दिनी नार्गा। ভাকার কুণু এও চ্যাটার্জি, (Febroma Ltd) २७७, वहवामात्र द्वीपे, कनिकाछा।

#### © @ + + + 0 @ + + + 10 @ + + 10 @ + + 10 @ + + 10 @ + + 10 @ + + 10 @ + + 10 @ + + 10 @ + + 10 @ + + 10 @ + + 10 @ + 10 কিং এণ্ড কোং

৮৩ নং হারিদন রোড. -- ৪৫. ওরেলেদলি ছীট--হোমিওপ্যাধিক ধ্ৰধ ও পুস্তক বিক্ৰেডা। সাধারণ ঔষধের মৃল্যা-অগ্রিট 📈 • প্রতি ড্রাম ১ হইতে ১২ ক্রম।• প্রতি ড্রাম ১৩ হইতে 🐉 ৩ জন। 🗸 ত প্রতি ভাষ ২০ ত জন ১১ প্রতি ভাষ। সারল গৃহ চিকিৎসা—গৃহস্থ ও ভ্রমণক রীর

 স্থান্থান কলে কলে প্রস্তুত্ব প্রস্তুত্ব কলে কলিব উপযোগী, কাপড়ে বাধান ৪৪, পু: भूग र हाका ২য় সংস্করণ।

ইনফানটাইল লিভার -ডা: ডি, এন ষ্ট্রীয়, এম, ডি, কৃত ইংরাজী পুস্তক ১৮১ পঃ কাপড়ে ষ্ট্র 🏂 वैशिन भूमा २॥• छोका। ### + ### + ### + ### + ### + ### + ### + ### + ### + ### + ### + ### + ### + ### + ### + ### + ### + ### + ##

অজীৰ্ণ অমুশূল ইত্যাদিতে ভাইকোসিণ্ট **ड्रान्टलंड** ব্যবহার করিবেন



# নিরগুডায়

দ্ববলতায় অবসাদে.

ব্যবহার করুন 🛭

### Deschiens'syrup

ভেসিয়ান সিরাপ।

ইতিবাঁ, গে সমস্ত পৃথিবীর্যাণী ০০০০ প্রি: হাজার ভাজার জাকার হইয়া আঁকার করিয়াদেন যে এই উমধ্য সামীকা সমস্ত রোগীকে মারোগ্য করে এবং ঘালা ও গাঁক প্রদান করে। উমধ্য প্রস্কালীন "ডেসিয়ানুজ,শার্বিস,(ক্রাচ্স)"এই নাথের প্রতি লক্ষা রানিবেন ।

সমত ঔষবালযে এবং বাজারে প্রাওবা। পাইদাবী বিপ্রেডা—জে,বি,দস্কর, হৃদ্দং প্রাক্ত রীট, দলিদাতা। INSIST ON THE NAME OF DESCHIENS.

### जिज्ञान विरमारकन

দীর্ঘকাল রোগ ভোগের পর রক্তহীনতা, আনুসঙ্গিক তুর্বলভা ও অবসাদ দূর করিবার জন্ম এই সিরাপ বহু গবেষণা ও পরীক্ষার ফলে আবিদ্ধৃত হইয়াছে।

### निज्ञान रिरगारजन

হাঁসপাতালে রোগীদিগকে ব্যবহার করাইয় ও পরে তাহাদের রক্ত পরীকা করিয়া দেখা গিয়াছে যে অক্যান্য ওয়ধ অপেকা এই—

রক্ত পরিষ্কারক ও বলবর্দ্ধক

#### সিরাপ হিমোজেন

"হিমোগ্লোবিন"

ব্যবহারে রোগীর দেহে অতি সত্তর নৃতন রক্ত-কণিকা গঠিত হয়।

রক্তের প্রধান উপাদান "হি**মোক্লোবি**ন" হইতে প্রস্তুত।

### বেঙ্গল ইমিউনিটি কোং লিমিটেড

১৫৩ নং ধর্মতলা খ্রীট, কলিকাতা।


টেলিফোন :--৩৩৫৯

টেলিগ্রাম:-"Injectule"

### বাদপোটের

আইওডাইজড জ্যামেকা সারসা প্যারিলা

উইথ গোল্ড।



পরিবর্ত্তক (alterative) হিসাবে—ইহার মসাধারণ গুণ, শরীরের ছবিত রস গুলিকে মন্ত্র শক্তির মত পরিবর্ত্তন করিতে এই ঔষধ সক্ষম। যক্তত ও মুগ্রকোষই শরীরের সকল বিষাক্ত রস গুলিকে বাহির করে। স্নাক্রসা প্যাক্রিসা বিশেষজ্ঞদের মতে এই সকল কার্য্য করিতে অন্থিতীয়। ইহা যক্ত ও মুত্রকোষ পরিকার রাথে ও স্বাস্থ্য ভাল করে।

দরীরের নিম্নলিখিত ব্যাধি গুলিতে এই ঔষধ বিশেষ উপকারি—এক জিমা ইত্যাদি চর্দ্মবোগে, গলগণ্ড স্কার্ভী বাত, গোদ, গাউট, গাবে ও গাঁটে ব্যথা, গলার ব্যথা ও সকল প্রকার প্রাতন রোগ ও অনেক সাধারণ ব্যাধিতে আইওডাইজড জ্যামেকা সারসা উইথ গোল্ড মসাধাংণ ফলপ্রদ—

মাত্রা—চারের চামচের এক চামচ জ্বলের সহিত মিণাইরা দিনে তিন বার

সেবা। আছাতের ঘণ্টাখানেক পূর্বে ব্যবহার করিলে বিশেষ উপকার পাইবেন।

৩ স্বাউন্স শিশি (২৪ মাত্রা )—১৮০, ৬ স্বাউন্স বোতল (৪৮ মাত্রা )—এ০,

১২ আউন্স বেভেন (১৬ মাত্রা') ৬া০ টাকা।

বাদ**েগটি কো**ম্পানী ৯ ওন্ত কোট হাউগ খ্ৰীই কৰিব।তা।



সহলে ত্রবণীর, খাদহীন এই চুর্ণ, সার্মগুলী, মন্তিক আহি ও পোলী পরিপৃষ্ট করিবার পক্ষে সর্ব্বোন্তম থাত সামগ্রী। গাভ চুগ্ধ হইতে প্রস্তুত এই খাভাবিক ছানা জাতীর "প্রোটিড" থাতাট অত্যন্ত পৃষ্টিকর, সহরূপাচ্য এবং শরীরে সত্তর সংশ্লিষ্ট হয়।

শিশু এবং রোগীর পক্ষে "প্লাশমন" বিশেষ উপযোগী

ইহাতে এল্বুদিন, ফস্ফেট লাইম্, আররণ (লোচ), সোডিয়াম্ লাবণিক পদার্থের প্রাচুর্য্য হেতু "প্লাশমন" আনুর্শ থান্ত।



### **PLASMON-ARROWROOT**

প্রাশমন এরারুট!

সাধারণতঃ বাজাবে যে সমস্ত এরারুট প্রচণিত আছে তদপেকা প্রাশাসন্ এরারুট সহস্র গুণে শ্রেষ্ঠ। বিলাত, আমেরিকা ফ্রান্স, জার্মানি ও ভারতবর্ষে স্থবিধ্যাত চিকিৎসকগণ প্রাশাসনের গুণে ও উপকারিতার নিশ্চিত হইরা ব্যবহার করিতেছেন।

বন্ধানোগে, প্তিকর থাতের অভাব ও বিকৃতি রোগে, পরিপাক বিকার ও পাঁকাশরের বাবতীর রোগেই "প্রাশ্যন" সর্বোভ্য পথা।

শ্রীর পৃষ্টিশাখনে "প্লাশমন" মাংস অপেকা অনেকাংশে শ্রেষ্ঠ। উষ্ণত্বয় সহ "প্লাশমন" মাংস অপেকা অনেকাংশে শ্রেষ্ঠ। উষ্ণত্বয় সহ "প্লাশমন" সেবনে অভ্যুৎকৃষ্ঠ ফল পাওয়া যায়। ইহা অভি সইক্ষেই প্রস্তুত করা বার:— হই চামচ পরিমাণ প্লাশমন" এক ছটাক এলে উত্তমরূপে মাড়িয়া মক্তণ করিরা লইবে, পরে দেড় পোরা হবে ভাহা নিশাইরা অগ্নিতে চড়াইতে থাকিবে, বলক উঠিলেই নামাইরা লইবে এবং শীতল হইলে ভাহা রোগীকে পান করিতে দিবে।

প্লাশমন—এরারট, বিস্কৃট, কোকো, ওট্স, চকোলেট, কর্ণক্লাওরার এবং কর্ণপাউডার রোগীর পান উপবোগী, এবং কৃচি অনুগারী দেওরা বার।

मकन প্রসিদ্ধ ঔষধালয়ে প্রাপ্তব্য।

ग্যাসুফ্যাক্চারের প্রতিনিধি—

মিঃ এচ, ভি, নাগ

৭৫।১।১নং ছারিদন রোড, কলিকাতা।

### My System of Physical, Culture

Capt P. K. Gupta I. M. S.

Rs. 3/8

প্রত্যেক গৃহত্তেরই পড়া উচিত গ্রন্থকারের নিকট ১০০C Musiid Baree Streetএ পাওয়া যায়।



অধ্যাপক—ডাক্তার ডেলবেট বলেন যে—

মাঝে মাঝে বৃজাদ রোগ নামক একরূপ ভীষণ রোগের আবির্ভাব দেখিতে পাওয়া যায়। উহা শোথ এবং ''ধদা পশ্চিমে'' জাতায় রোগের সহিত অফুরূপ। 'বহুকাল পুর্বের বালী গ্যাংগ্রিন নামক একজাতীয় রোগের সহিত ইহার থুব সৌদাদৃশ্য আছে।


আমাদের দেশে বিদেশ হইতে টিন প্যাক করা যে সকল থাত আমদানী হয় দে সম্বন্ধে কোনও রূপ কড়া আইন না থাকায় বহুদিনের প্রস্তুত বার্লী বা কুত্রিম বৈজ্ঞানিক উপায়ে প্রস্তুত থাত বা "ফুড" নামধেয় রোগী ও শিশুর পথ্য বিনা বাধায় যথেচ্ছাভাবে বাজারে বিক্রন্ন হয় এবং আমাদের অজ্ঞতার দর্কণ আমরা বিদেশে বহুদিন পূর্ব্বে প্রস্তুত টিনে বা শিশিতে ভরা বার্লি, ফুড ইত্যাদি জিনিষ নি:সঙ্কোচে ব্যরহার কবিয়া থাকি এবং নানা রূপ রোগকে শরীরের মধ্যে আবাহন করি। বিলাত বা পাশ্চাত্য সভ্য দেশ সকলে এ রকম হইবার

উপায় নাই। সেধানে নির্দিষ্ট সময় উত্তীর্ণ হইয়া গেলে উহার বিক্রন্ত বন্ধ করিয়া দেওৱা হয়।

বহুদ্র দেশ দেশান্তর হইতে আনীত এবনিধ বার্গী বা ছুড সকলে বথেচ্ছাভাবে ব্যবহার করার ছিতে বিপরীত ঘটরা থাকে; সেই জন্ম বলি—এদেশে উৎপর টাট্কা ও সন্ম তৈরারী ফসল হইতে বৈজ্ঞানিক উপায়ে প্রস্তুতঃ—

কে, সি, বস্থ এণ্ড কোংর "পার্ল বার্লী" বা পাউডার বার্লী"

্যবহার করিরা প্রকৃত ও স্বাভাবিক রূপে আপনার ও পরিবারাদির স্বাস্থ্য রক্ষ: করুন, বাজারে, ডাক্তার খানায় ও মুদীর দোকানে সর্বত্র পাওয়া যায়।



#### x<del>色的</del>每年<del>的自身的自身的自身的自身的自身的自身的自身的自身的自身的自身</del>

#### পি, ব্যানাজির

## সপ দংশনের মহৌষধ।

টেড "লেক্সিন" মাকা।

ইহাতে সর্ব্বপ্রকারের সর্পবিষ নিশ্চিত আরোগ্য হয়।

মূল্য ১ টাকা, ভিঃ পিতে ১॥০ টাকা।

১২ শিশি ১০॥০, ভিঃ পিতে ১১।০, ৫০ শিশি ৪০, ভিঃ পিতে ৪২, টাকা। ১০০ শিশি ৭৫, ভিঃ পিতে ৭৮, ১৪৪ শিশি ১০৮, ভিঃ পিতে ১১২, টাকা। সমুস্ত টাকা মুগ্রিম পাঠাইলে ভিঃ পিঃ খুরুচ লালে না।

> শ্রীপরেশনাথ বন্দ্যোপাধ্যায়। মিহিলাম, ই, আই, আর : ( দাঁওভাল পরগশা)।

#### 



#### চলগুলকে খুব

কাল কর্ত্তে হ'লে

1

নিত্য কেশ্রঞ্জন-তৈল ব্যবহার করুন।

মহিলাকুলের কেশ প্রসাধনের শ্রেষ্ঠ-উপাদান আমাদের ক্রেম্প্রপ্রেক্তর । নিত্য মাথার মাথিলে চুলগুলি খুব ঘন এবং কালো হয়, মাথা ঠাপ্তা থাকে, কেশরঞ্জনের মধুর স্থান্ত দীর্ঘকাল্যাপী ও চিডোন্সাদকারী।

#### বাসকারিষ্ট

নীতের সময় সন্দি কাসি মনেকেরই লেগে থাকে। এক নিনি বাস্বকারিষ্ট এই সময় খনে রাখিলে সন্দি কাসি থেকে কোনকপ বস্তু পেতে হয় না। মৃত্য প্রতি নিনি এক টাকা। ডাক বায় সাত আনা।

কৃবিরাজ নগেন্দ্রনাথ দেন এণ্ড কোং লিঃ
আন্মুর্ক্সেনির উপ্স্থাসের।
১৮/১/১৯ নং গোরার চিংপুর রোড, কলিকাতা।

### ডাক্তার স্থন্দরীমোহন দাস প্রণীত

#### ১। শিশুসঙ্গল প্রথম শিক্ষা

প্রথম শিক্ষার্থিনা, বিশেষতঃ ডিষ্ট্রিক বোর্ডের ধাইদের জন্য-মূল্য ।৫/০ আন। মাত্র।

#### ২। সরল ধাত্রীশিক্ষা ও কুমার তব্র

চতুর্থ সংস্করণ
পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত।
এথমভাগ—ঘরে ঘরে শিক্ষার জন্য—মূল্য ১, টাকা মাত্র।
প্রথম ও বিতীয় ভাগ একত্রে বাঁধন—মূল্য ২, টাকা মাত্র।
'ধাত্রী বিত্যাশিক্ষার্থী ধাত্রী ও স্বাস্থ্য-তত্ত্ব শিক্ষয়িত্রী লেডী ভাক্তারদের
পক্ষে উৎকৃষ্ট পুস্তক।" ডাক্তার বেণ্ট্লী
বড় বড় ইংরেজী গ্রন্থের জটিল বিষয়গুলি বুঝিতে হইলে প্রত্যেক বাঙ্গালী
ছাত্রের এই স্কলভ গ্রন্থ পাঠ করা উচিত।

#### ৩। ব্ৰকা ধাত্ৰী রোজ নামচা

মূল্য ৫০ আনা। প্রাপ্তিস্থান ৪—১০৯ নং আপার সারকুলার রোড কলিকাতা।

## Brand & Co., Ltd., London. Invalid Food Specialists,



Awarded Gold Medal Calcutta Exhibition Brand's Essence of Chicken.

#### IMPORTANT.

When purchasing Brand's Essence of Chicken see that the label of each tin is overprinted in RED INK as follows: SPECIALLY MANUFACTURED for the INDIAN MARKET.

Brand's Rroducts stocked by the leading Chemists & Provision Merchants throughout India.

PRICE LIST forwarded on application to Mr. A. H. P. JENNINGS, Indian Representative, Block F., Clive Buildings, CALCUTTA.



বড় বোতল ১৬ দাগ

১৯০ চৌদ্দ আনা।
ছোট বোতল ৮ দাগ

১০ আট আনা।
ইনক্ষ যুক্তা ট্যাবলেট
ইনক্ষ যুক্তা সদ্দি, মাথাধনা,
গাতবেদনা ইত্যাদির মহৌষধ
মূলপ্রতি শিশি।৯০ আনা।
ডাইজেপ্তিব ট্যাবলেট।
ডিম্পেপসিয়া, অন্নশ্ল, পেট
ফাপা, বদহল্প ইত্যাদিতে
বিশেষ উপকারী।

নিউর্বালজিয়া বাম।
শত, গাঁটে গুণা, মাথা
ধরা, ইত্যাদিতে মালিশ করিতে হয়, আশ্চর্য্য ফলপ্রদ ঔষধ।

মূল্য প্রতি শিশি ৮০ আনা।
ক্ষেবি কিওর।
প্রতি কোটা।/০ আনা।
থোসের মলম।
খোসের মলম।
খোস পাঁচড়ার বহুপরীকিড
উষধ।

একজিমা কিওর। প্রতিকোটা । প আনা। কাউর ঘায়ের মলম। দাদের মলম। প্রতিকোটা • খানা

স্থলভে সৰ্বপ্ৰকার ঔষধ পাইবার একমাত্ৰ ঠিকানা



# GENASPRIN

#### জেনাস্প্রিনের আরও গুণ্।

প্রত্যেক ডাক্তার<sup>ই</sup> জেনাস্প্রিনের গুণ সম্বন্ধে নানংন্ কথা জানেন। ইহা ব্যবহার করা একেবারে নিরাপদ এবং অনেক রোগেই জেনাস্প্রিন দেওয়া হয়। একজন বড় ডাক্তার জেনাস্প্রিন্ সম্বন্ধে কি বলিয়াছেন, দেখুন—

"চোথের ব্যথায় জেনাম্প্রিন্ দিয়ে দেখেছি, খুব ভাল কাজ হয়—যদি বেশা মাত্রায় দেওয়া হয়। ছোট ছোট ছেলেরেও কোন কিছুই সঙ্গে মিশিয়ে জেনাম্প্রিন্ দেওয়া যায়। অনেক সময় ছোট ছেলেরা এস্পিরিনের ট্যাবলেট কান্নাকাটি না ক রেও খায়। ৫ বছরের ছেলের চোখে ব্যথা হয়েছিল। তাকে ১০ ত্রেণ জেনাম্প্রিন্ ৪ ঘণ্টা অন্তর খাওয়ানতে একেবারে সেরে গেল; খারাপ কিছুই হয়নি।

বাধকে পল্সেটিলা ও কলোফাইলান দিয়ে উপকার না হইলে, জেনাস্প্রিন আশ্চর্যারকম কাজ করে। স্ত্রীলোকের জরায় ও বীজকোষের সব রকম রোজেই জেনাস্প্রিন্ বেশ শক্তিশালী।

"হার্পিস জোফ্টারের পরে নিউরালজিয়াতে আমি জেনাস্প্রিন্ দিয়ে বেশ ফল পেয়েছি;

চোথের Irido eyelirisএ আমি অন্যান্য ঔষধের সঙ্গে জেনাস্প্রিন্ দিয়ে বেশ ফল পেয়েছি। অনেক দিন ব্যবহার কোনও কুফল ফলে নাই।

মেডিক্যাল প্রেস সাকু লার নবেম্বর ২২, ১৯২২।

আমাদের ভারতবর্ষের অফিসে লিখ্লেই, বিনামূল্যে আমরা জেনাস্প্রিন্ সথদ্ধে সমস্ত জ্ঞাতব্য বিষয় সম্বালত পুস্তক পাঠাইয়া থাকি।


#### মাটিন ও হারিস,

৮ শং ভয়াটারলু দ্বীট, কলিকাতা।

গ্রাহামের বিভিংস, পাশীবাজার খ্রীট, ফোর্ট, বোদ্বাই।

একমাত্র প্রস্তুতকারক—জেনাটোসার্ন লিমিটেড।

लाक्वरता, इंल्ड ।



### **পূৰ্বলতাকে** বশীভূত করিতে—

## আপনি পারেন স্ট্রান্টি ডিল দিয়া

সাধারণ বলহীনতা ও সায়বীক ছর্ববলতা অল্প দিন স্থানাটোছেন ব্যবহারেই বশীভূত হয়। স্থানা-টোজেন কেবল সায়্র জন্যই নহে, ইহা শরীরে ও রক্তকণার মধ্যে এমন দ্রব্য দেয়, যাহাতে শক্তিও স্বাস্থ্য স্থায়ীরূপে উন্নত হয়।

একজন প্রাসিদ্ধ জার্মাণ ডাক্তার Dr. Meissner অনেক রোগীকে স্থানাটোজেন দিবার পর বলিয়াছেন যে "শীত্রই সকল রোগীর উপকার দেখা দিয়াছিল ও কয়েক মাস পরে সকল রোগীই সারিয়া গিয়াছিল। সাশায় সতিরিক্ত ফল পাওয়া গিয়াছে।"

#### সকল ডাক্তারখানায় পাওয়া যায়।



#### The Original

#### সকল ঋতুর পক্ষে আদর্শ খাদ্য প পানীয়।

হলি সাণ্টেড মিল্ক লোকের প্লক্ষে পানীয় ও পুষ্টিকর খাত ছুইই, কারণ ইহাতে যেরপ প্রয়োজন ঠিক সেই পরিমাণ মত উপকরণ গুলি আছে। উৎকৃষ্ট বাছাই Malted, জব ও বিশুদ্ধ পটাুরাইজ (Pasteurised) করা ছুধ হইতে প্রস্তুত বলিয়া ইহা স্থপান। খাত্যের অতি প্রয়োজনীয় উপকরণ "ভাইটামিন" ইহাতে বালি ও ছুধ হইতে আসে। ম্যালেরিয়া, আমাশ্য জর ইত্যাদিতে বিশেষ ফলপ্রদ।

জলে গুলিলেই এক মুহূর্তে ব্যবহার করা যায়; আদল জিনিদ হর্তিক্স লিখিতে ভূলিবেন না।

বাজারে ও সকল ডাক্তারখানাতেই ৪ সাইজের পাওয়া যায়।

Made in England

HORLICK'S MALTED MILK CO., LTD., SLOUGH, BUCKS., ENGLAND.

## जिज्ञान शिर्वारकन

দীর্ঘকাল রোগ ভোগের পর রক্তহীনতা, আনুসন্ধিক দুর্ববলতা ও অবসাদ দূর করিবার জন্ম এই সিরাপ বহু গবেষণা ও পরীক্ষার ফলে আবিদ্ধৃত হইয়াছে।

## निज्ञान रित्गारकन

হাঁসপাতালে রোগীদিগকে ব্যবহার করাইয়া ও পরে তাহাদের রক্ত শ্রীকা করিয়া দেখা গিয়াছে যে অফাক্ত ঔষধ অপেকা এই—

রক্ত পরিকারক ও বলবর্দ্ধক

#### সিরাপ হিমোজেন

"रित्माद्रभाविन"

ব্যবহারে রোগীর দেহে অতি সত্তর নূতন রক্ত-ক্ষণিকা গঠিত হয়।

রক্তের প্রধান উপাদান "হিসোহোসি= স হইতে প্রস্তুত।

#### বেঙ্গল ইমিউনিউ কোং লিমিটেড

১৫৩ নং ধর্মতলা খ্রীট, কলিকাভা।

টেলিফোন :--৩৩৫৯

টেলিগ্ৰাৰ:-"Injectule"

#### অমৃতাঞ্জন

মাথাধরা স্নায়ুর বেদনা পিঠ ব্যথা কোটিদেশের ব্যথা



বাত

কাশী

मिक

পোড়া

এবং সর্ব প্রকার ব্যথা ও বেদনার এক্তেজালিক ঔষধ

Bombay

Madras

वाक्नारमस्य अक्षाव वक्नकात्री

লি মলিলাল এও কোহ কনং কন্টোলা টট, ক্লিকাডা।



#### চিকিৎসকের অভিমত নং ৮

নাড়ীর মুখ যখন ফুলে লাল হইয়া ক্ষত হয় বা সেখানে যখন ঘা হইয়া ঘন, চটচটে প্রাব হয়। নূতন বা পুরাতন জরায়প্রদাহ (Eudometritis) জরায় জীবকোষ (Ovary) বা যোগীপথের প্রদাহে



ভালরপ ব্যবহারে—আশুফল পাওয়া যায়—

"নাড়ীর মুখ বা জোনীপথ প্রদাহের চিকিৎসার জন্য আমি তুলার ডেলার গরম এণ্টিফ্রোজিসটিন ব্যবহার করি। ইহা ক্ষত স্থানে ভালরূপে লাগাইয়া গজ দিয়া ঠাসিয়া রাখা উচিৎ। তুলা বাঁধা স্থতার এক অংশ ও গজের খানিক বাহিরে থাকে পরে ২২।১৪ ঘণ্টা পরে রোগী উহা বাহির করিয়া লয়।"

R. A. V., M. D., BROOKLYN N. Y.

The Denver Chemical Manufacturing Co. New York.

Muller & Phipps (India) Ltd.
12. Old Court House St. Calcutta.



#### সূচীপত্ৰ

	বিষয় পৃষ্ঠ	ষ্ঠা বিষয়	•	পৃষ্ঠা
5)	<b>শু</b> শুগুর্গোৎসৰ ২৮: ডা: ভাগৰৎ কুমার শাস্ত্রী এম্, এ, এইচ, ডি,	ত। সংসঙ্গে স্বাস্থ্য দর্শন শ্রীকানাই লাল গাঙ্গুলী	••	<b>২</b> 9>
21	শাস্থ্য ২৬ ডা: শ্রীপ্লনরীমোহন দাস M. B.	৭। Psycho-Analyssis বা মনোবিশ্লেষণ । অধ্যাপক শ্রীক্ষমরনাথ মুখোপাধ্যায় M. A		२१७
91	छा: धीतरमनेहतः त्रांत L. M. S.	৬৪ ৮। চরকে চাল <b>ত</b> ত্ত . শ্রীমনোরমানুদেবী	••	२৮১
8	রোগ পরিচর্য্যা ২৬ শীস্থরেশচন্দ্র লাহা, M. B.	৬৫ ৯। পদ্ধা-প্রসঙ্গ শ্রীইন্দিরা-ক্রবী	••	१४२
	ব্যায়াম সম্বন্ধে কয়েকটা প্রয়োজনীয় কথা ২৬	৬৯ > । ভ্যাজাল 🛊 সরকারী মত	••	२৮२
	ঞীরোহিণীকুমার মণ্ডল বি, এ,	১১। विविध .	••	२৮१


এবার পূজার বাজারে

## कञ्चलिश्

পোধাকগুলি ঠিক ছেলেমেরেদের মনের মতন। সাড়ী ও ব্লাউজগুলি সবই নৃতন ধরণের করিয়াছেন। দামও বেশী নয়।

> কলেজ ষ্ট্ৰীট মাৰ্কেট, কলিকাতা।


Distension preceding normal defecation







Distension. No return to normal in constipation





Graph of peristaltic fatigue

ভাবিয়া দেখিয়াছেন কি?

বিশ ফুটের অধিক সারধারণ ভস্ত্রের মধ্য দিয়া আধ্দেরের অধিক নানা জাতীর দ্রব্যগুলি চালাইতে কতটা শক্তি লাগে। একজন বলেন এক মাইলের অধিক ফাঁটিতে বতটা শক্তি ব্যৱ হয়—প্রায় ততটা।

চিস্তা করণ, রগ্ন শ্বন্তের মধ্যে, না হলম হওয়া থাবারগুলি, এক এক ভাগের চালনা (Peristalsis) ও বিপরীত চালনা ইত্যাদির জন্ম কতটা শাক্ত নষ্ট হর্ন এবং এই মিছামিছি অন্তেও নাড়াচাড়ার অন্ত্রও ক্রমশঃ রগ্ন হইয়া বার।

ন্মজন (Nujol) গঞ্জ (গুঠনে) দান্তগুনিকে নরম ও তৈলাক্ত করিরা উহ।কে সহজে বাহির করিয়া দেয় ও অল্পের বেশী চালনা হইতে দেয় না। সাধারণ জোলর মত পদার্থ হইতে জলের মত তরণ পরার্থ লায়া বহু গবেষণা করিয়া ঘেট সর্বোপকা উৎকৃষ্ট ও কার্য্যকরা পাওয়া গিরাছিল সেইরা। প্যার্থাফনকে স্থান্তপ (Nujol) নাম দেওয়া হয়। ন্যুজল বিশেষজ্ঞাদের মনে physiologically ও শ্রীরের উদ্ভোপের পক্ষে অভি উপাদের। ষ্টাঙ্গান্ত অল্পেন কোং (New Jersey) দারা প্রস্তুত, এই উৎকৃষ্টতম প্যার্থাফনই ক্যুক্তের নামে বিখ্যাত।

## Nujol

For Lubrication Therapy

Made by STANDARD OIL CO. (NEW JERSEY)

Distributed by MULLER & PHIPPS (India) Ltd.

The most recent advance in the Antimony Treatment of KALA-AZAR

#### UREA STIBAMINE

কালাৰরে Antimony চিকিৎসার Urea Stibamine সর্বশ্রেষ্ঠ আধুনিক ঔষধ (Ureaর সহিত Para aminophenyl stibinic acid মিশাইরা প্রস্তুত হুইরাছে)।

हेरा वावरात कतिल भूव जात नगरत जिल्हा के जिल्हा का भाषता वात ।

#### ইহার গুলের বিশেষত্র ঃ-

- ( ) ছুই হুইতে তিন স্থাহ ব্যবহার করিলে রোগী সম্পূর্ণরূপে আরোগ্য লাভ করে
- ( २ ) ব্যবহার করিতে আরম্ভ করিলেই রোগলক্ষণগুলি অতি স্থুর দুর হয়।
- (৩) ঔষধ ব্যবহারে মোগীর অসহ যত্ত্রণা হটবার কোন লক্ষণ হয় না।
- ( <sup>8</sup> ) যে সকল রোগীদের sodium antimony tartrate বা tartar emetic দারা উপকার হয় নাও যে সকল রোগী পুনরায় রোগে পড়েন সেই সকল কেত্রে ইহার কার্যা অতীব স্থান্দর এবং সর্বাপেকা ফলপ্রাদ।
- (৫) পরীক্ষার দেখা গিরাছে বে রোগের গোড়ার ৪ বা ৫টা ইনঞ্জেকসন দিলেই বা অনেক সময় তাহার অপেকা কম ইনজেক্সনেও রোগ সারিয়া যায়।

কেছ চাছিয়া পাঠাইনেই আমাদের ডাক খ্রচায় Urea Stibamine শ্বাবহার করিবার প্রণালী দিখিত প্তিক পাঠাইরা দেওয়া হটবে।

Urea Stibamine, Bathgate & Co. e अज्ञाज विशाउ केवर विस्कृत निकृत भा बन्ना बान ।

BATHGATE & Co. Chemists, Calcutta.



#### মাৰোসালভার**স**ন্

- >। উপদংশ
- २। ग्राम् ( yaws )
- । পৌনপু নিক জন ( Relapsing fever )
- ৪। বসস্ত ইত্যাদির

#### কেন মায়োসালভারসন্ দিয়াই চিকিৎসা হয় ?

মাংসপেনীর ভিতর বা ছংকর নিম্নে স্চিবিদ্ধ করিয়া ঔষধ প্রয়োগ করিবার পক্ষে মায়োসালুভারসন্ সম্পূর্ণ নিরাপন। পৃথিবীর একজন বিখ্যাত রাসায়নিক Prof. Ehrlichএর দারা প্রস্তুত্ত; Neo-Salvarsan বাহা উপরিউক্তে শীড়াসমূহে শিরার ভিতর ব্যবহারের জন্ত জাতীর মহাসত্ত্ব (League of Nations) আদর্শ ধার্ব্য করিয়াছেন তাহার ভারই মায়োসালভারসনও সম্যুক্ কলপ্রদ।


সাবধান আৰু হইতেছে, মোড়ব্দের উপর নিম্নলিখিত কথাগুলি দেখিবা লাইবেন ঃ—
Specially manufactured for the Tropics
And packed for British India, Burma
Ceylon &c. and imported by Havero Trading
Co. Ltd., or ( the Colour & Drug Co.,
Ltd., our predecessors )

Sole Imparters :-

#### হাভেরো ট্রেডিং কোং, লিঃ

পোঃ বন্ধ নং ২১২২ ১৫, সাইভ খ্রীট, কলিকাতা।





वर्छ वर्ष ]

কার্ত্তিক—১৩৩৫

৯ম সংখ্যা

#### শ্ৰীশ্ৰীত্বৰ্গাৎসব

(লেখক--- মহামহোপাধ্যায় পণ্ডিতবিভূষণ ডাঃ শ্রীভাগবতকুমার শাস্ত্রী এম্ এ, পিএইচ্, ডি )

'ছুর্গোৎসব' বাঙ্গালার ও বাঙ্গালীর সর্বশ্রেষ্ঠ উৎসব একথা সকলেই জানে। তাই বলিয়া এ উৎসবের সহিত ভারতের অন্য প্রদেশের হিন্দুর কোনও সম্পর্ক নাই তাহা নহে। বাঙ্গালী যেভাবে, বে আড়ম্বরে যে যিরাট আয়োজনে যে উজ্জ্লতম প্রতিমায় এই পূজার উৎসব সম্পন্ন করে, অন্য কোনও ভারতীয় সম্প্রদায় সেই রীতিতে উহা সম্পন্ন করে না সত্য, কিন্তু তথাপি এই পূজা ও উৎসবের মূলতম্ব একরূপে না একরূপে ভারতের সমুগ্র হিন্দুজাতির হৃদ্ধে জাগরুক হইবার স্থযোগ ঐ পূজা ও উৎসবের সকল রীতিতেই ফুটিয়া উঠে। জিয় জিয় দেশের বর্ত্তমান ঐ পূজাপ্রণালীতেই কেবল মে কাই মূলতম্ব অক্ষ্ম তাহাও নহে, এই পূজার স্থামুক্তমিক ভাবনাভেদেও ভারতীয় হিন্দু চিরকাল কাই বজায় রাশিয়া আসিয়াছেন।

ক্ষুৰণাতীতকালে, প্ৰাচীন বৈদিকযুগে, এই

পূজা ভারতীয় আর্য্যগণের মধ্যে প্রচলিত ছিল 🕷 বলিয়া অনেকের ধারণা। সে ধারণা কিন্তু স্পর্ণ ভান্ত। বৈদিকমূগে এই পূজা ঐ মূগের রীভিনতই নিৰ্বাহিত হইত। বৈদিক যুগে দেবগণ উপাসক গণের সমক্ষে বক্তমাংসে স-শরীরে অবতীর্ণ হইডেম না। দেবতারা তথন সদৃশ্যই ছিলেন। **মন্ত্রশক্তির**ু অন্তরালে তথন দেবতার শক্তি নিহিত ছিল মন্ত্রই স্থতরাং তথন দেবতা বলিয়া নির্দিষ্ট ২ইড ইহাতে বিশ্বয়ের কিছুই নাই। মূল শব্দ হইছে জড় গতের ক্রমিক স্বস্থির কথা প্রাচ্য ও প্রতীয়া উভয় বিজ্ঞানই একপ্রকারে না একপ্রকারে নিক্ দিয়া থাকে। প্রাচীনতম গুগে মন্ত্রাত্মক বেদ সকল मूलभारकत जमारिताम पिवामिकित कीर्सन क्षिया সার্থকত। লাভ করিত। বৈদিকমন্ত্রে স্থভরাং দেবতার অধিষ্ঠান স্বতঃসিদ্ধ। মূল বেদ আম্র এখন পাই কি না দে স্বভন্ত বিচার। কিছু মূল

লক্ষ্ময় বেদ যে অনাদি, এবং সেই বেদের মন্ত্রশক্ষের প্রাণ যে দেবতার প্রাণ সে বিষয়ে বিচার বিতর্কের প্রভাবেও কোনও সন্দেহ জিমাতে পারে না। **সুলমন্ত্রের দার। আ**র্য্যাগণ দেবতার যে যে ভাবে প্রাসনার রীতি প্রবর্ত্তন করিয়াছিলেন, সেই সেই ভাবের সৃক্ষাবিশ্লেষণে আমরা জগতের প্রাণরক্ষার **দগ্য তদানীস্তন উপাসকগণের দেবতার নিকট** প্রার্থনার রহস্মই হৃদয়ক্ষম করি। স্প্রিপালনী শক্তির ভিন্ন ভিন্ন ধারায় ভিন্ন ভিন্ন দেবতা কল্লিত ছুইলেও বৈদিক যুগের মন্ত্রপূজার চরমে এক ঐশী শৈক্তি বা ঈশ্বই প্রতিভাত হইতেন। বেদের ভাষায় সেই শক্তি প্রকাশভেদে কখনও বিশাবরক ীব্রুণ', কখনও বিশ্ববন্ধ 'মিত্র' কখনও বিশেশর ্রীক্র' কথনও বিশ্বব্যাপী 'বিষ্ণু', কখনও বিশ্বজনক ্লৈবিতা', কখনও বিশ্বনিয়ন্তা 'যম', কখনও বিশ্বগামী **িঅগ্নি, এইরূপ ভিন্ন ভিন্ন নামে অভিহিত হই**তেন। **্বল** বৈদিক উপাসক যাৰতীয় পূজায় সর্নেবগরের ্মষ্টিপালনী শক্তিরই কোনও না কোনও রূপে <sup>ু</sup>শরণাপন্ন হইতেন।

স্থিশক্তির যাবতীয় রক্ষণধারার মধ্যে প্রাণিগণের প্রাণধারণের ব্যবস্থাই জগতের মূল রক্ষণনীতির পরিচয় প্রদান করে। শাস্ত্রে এই ব্যবস্থার স্তরভেদ এইরূপে নির্দিন্ট হইয়াছে:—
ক্যাতের জীব অন্ন প্রাণ, অন্ন শস্ত্যপূলক, শস্ত র্থিকাবী, র্থি মেঘমুক্ত। পরিণামে স্কুতরাং মেঘ ক্রেরে বথা সময়ে জলরাশি উন্মুক্ত করিতে না পারিলে কোনও শক্তিই স্থিচক্র আবর্ত্তিত রাখিতে শারিবেনা। যে পালনী শক্তি স্থানময়ে মেঘের ক্রিরালন্থিত জলরোধনী শক্তি বিধ্বস্ত করিয়া ক্রিরেত ব্থি-ধারার প্রবাহে শস্ত সকল জীবিত

রাখে সেই শক্তিই সর্বেশ্বরী মহেশ্বরী শক্তি—বৈশিক তত্ত্বদর্শী ঋষিগণ স্বভাবতঃই এরূপ ভারিতে পারেন ও ভাবিয়াছিলেন। বেদের দেবতার স্বভিধানামুসারে ঐ শক্তির সধীশর প্রায় ইন্দ্র নামেই পরিচিত।

বর্ষার স্বস্থলমুক্ত মেঘবারির কল্যাণে ভারত ভূমিতে চিরকালই ঐসময় ভারতীয় সারশস্তের বীজ বপনকাল বলিয়া পরিগৃহীত হইয়া আসিয়াছে। ঐ সময়ে জলরোধের সম্ভাবনা স্বভাবতঃ কল্লিতই হইতে পারে না। কোনও না কোনও রূপে বর্ষাকালে বীঞ্চ বপন কার্য্য কুষাণগণের বর্ষাবারিতে সংকুলান হইয়। যায়। শঙ্কটকাল কিন্তু শরৎকাল। আখিনে কে জানে কোণা হইতে একটা জল-রোধনী শক্তি, জগতের পালনী শক্তির প্রতিকৃল শক্তি, মেঘের পশ্চাতে আসিয়া উপস্থিত হয়। বর্ষণশক্তির আবরণী বলিয়া আর্ম ভাষায় ইহা 'রত্র' শক্তি, স্ম্বির প্রাণের নিরসনী বলিয়া ইহা 'অম্বর' मक्ति, मञ्जनक्षः मिना विनया देश मञ्जतं मक्ति, উচ্ছেদনকাবিনী বলিয়া ইহা দানবী শক্তি, রুষ্টির , অমৃতর্ম কাড়িয়া লইতে চায় বলিয়া উহা 'অহি' শক্তি ৷

বৈদিক উপাসক, জগতের কল্যাণকামনীয় আদিনের এই জলরোধ ২ইতে কৃষিজগৎকে বুজা করিবার জন্ম স্বতঃই পালনী শক্তির অধিষ্ঠান দেবতা ইন্দ্রের নিকট কাতর কণ্ঠে নিজ প্রার্থনা জানাইত। নয় দিন নয় রাত্রি পূজা করিয়া তবে দেবতার তুপ্তি সাধনে সে সমর্থ হইত। দশমদিনে ইন্দ্র ঐ দানবকে বিশ্বস্ত করিয়া জলপ্রবাহ মুক্ত করিয়া দিতেন। দশমীতে বৈদিক আর্য্যগণ একযোগে ইন্দ্রের বিজয় লীলা উদেবাধণ করিজেন। দেব-দানবের ঐ যুদ্ধকণা ও দৈবে

ু**ইন্দের** বিজয়কথা নানাবন্ধে নানাছন্দে বেদমন্ত্রে কী**র্তি**ত হইয়াছিল।

रिविषक औ इन्द्रविषयकाहिनीइ ভারতের পরবর্ত্তী সাহিত্যে ভিন্ন ভিন্ন আকারে আত্মপরিচয় করিয়াছে। প্রদান অবগ্রহর**পী** হলরেখারূপিণা সীতার অপহরণ অবরোধ ঈশরমূর্ত্তি রামের হস্তে ধ্বংগের কণা ঐ পূর্বব বৃত্তান্তেরই আর এক ধারা মান। বুনি এই রহস্থ বুঝাইবার জ্ঞাই সমুং রামচন্দ্রও অবতারলীলা প্রসঙ্গে, সীতা উদ্ধার ও রাবণ প্রংসের ব্যাপারে স্ষ্টির পালনা শক্তির পুজা করিতে বাধ্য হইয়া-**ছिल्नि ।** यादाइ ट्रीक देविनक यूटण यादा इटन्तुत দানবনিজয় লীলা, পরবর্ত্তী যুগে তাহাই শ্রীশ্রীরান চন্দ্রের বিজয়োৎসব। উভয়ের মূলেই পালনী শক্তির সম্থর-মর্দ্দন-প্রভাব স্থপরিক্ষুট।

স্বান্থ্যের পাঠক পাঠিক। তুর্গোৎসবের ঐ ভত্তটি বিশেষরূপে ক্ষরত্বস করিবার চেন্টা করিও। সঙ্গে সঙ্গে মনে রাখিও বে পালনা শক্তি সংসার-চক্র রক্ষা করিবার জন্ম অস্থ্রমন্দিনীর রূপে সার্যাগণের নিকট পূজিত ও বন্দিত, সেই শক্তিই

প্রতি মানবের জীবন-চক্র রক্ষা করিবার জন্ম হৃদয়ের অন্তরতম প্রদেশে নিতা শুদ্ধ মূর্তিতে বিরাজমান থাকিয়া দৃশহাতে দৃশ প্রহরণ লইয়া নিরন্তর জীবনরোধিনী শক্তিকে, অন্তরের অস্তরকে, পদদলিত, লাঞ্চিত ও নিজিতি করিতেছেন। এ পালনী শক্তির যতক্ষণ পূজা করিনে, ততক্ষণ তুমি জীবনে নির্ভয় নীরোগ নির্বাধি। বাহিরে মা দশভূজার পূজায় খনুক্ষণ যেন ভোমার ঐ ভাব সদয়ে উদ্দ্রহয়। তোমার চারিদিক হইতেই তোমার শরীরকে আক্রমণ করিয়া জরা ব্যাধি বিপদ্রাশি তোমার প্রাণ নিরোধ করিবার চেন্টা করিতেছে. সকল সময়ে সতর্ক থাকিয়া দশভূজ। পালনী শক্তির শরণাপর হইয়া তুমি জীবনের বাধা সকল অতিক্রম করিতে যতুবান থাকিবে। অস্তর বধ করিয়া তোমার জীবন রক্ষা করিবার জন্ম মায়ের কুপায় দশরূপ অসুই সভ্জিত রহিয়াছে। দৈহিকভাবে পুলার নিয়ম প্রতিপালন কর স্বাস্থ্যবিধি সক্ষুন্ন রাথ তোমায় অন্তবের হস্তে নির্জিত इट्टेंद ना ।

#### স্বাস্থ্য

ডা: স্থন্দরীমোহন দাস M. A. Principal National Medical College.

 পূর্ন সভাপতিদিগের প্রণালীর কিঞ্চিৎ বাতিক্রম করিয়া সাস্থ্য সথন্ধে আপনাদের বিশেষ দৃষ্টি আক-র্ধণ করিছে। ব্যক্তিক্রমের কারণ আমার ব্যবসায় তাহা আপনারা নিশ্চয়ই অনুমান করিয়াছেন। আমি মনে করি পূর্ণস্বরাজের সঙ্গে পূর্ণস্বাস্থ্যের ঘনিষ্ট সম্বন্ধ আছে। আপনারা সকলেই বলিয়া থাকেন গ্রামই প্রকৃত দেশ অত এব গ্রামই প্রকৃত কর্ম-ক্ষেত্র। এই কথা অনেক দিন হইতে শুনিতেছি. অথচ যাঁখারা প্রাম ছাডিয়া নগরে বাস করিতেছেন, কিন্তা সহরে থাকিয়া দেশের কর্মপ্রণালী রচনা করিতেছেন কৈ তাঁহারা ত গ্রামে গিয়া গ্রাম-বাসীদের একজন হইয়া, তাহাদের স্থুখ ত্রুখের সঙ্গে আপনাদের সুখ তুঃখ জড়িত করিয়া, তাহাদের মধ্যে তেমন ভাবে কাজ করিবার জন্ম যাইতেছেন না। তাহার কারণ কি ? তাহার প্রধান কারণ ওলাউঠা, ম্যালেরিয়া, কালান্ধর, বসন্ত প্রভৃতি मफुरकत्र विक्रीियका। श्राप्त शिशा यथन वला इय স্থাজ্যের জন্ম প্রাণপাত করিতে, গ্রামবাসীরা জরে ধুঁকিতে খুঁকিতে, শীতে কাঁপিতে কাঁপিতে কুধার शानाय श्वाटि अनिए. कीर्नमीर्न एक अकरे। লাঠির ঐকোয় ঠেকাইয়া আসিতে আসিতে কি बरल मा "मणाइ. প्रांग कि बारह (य (करता १' ওলাউঠা জনিত ৬০ হাজার, বদত্ত জনিত ২৫॥ ক্রিক্রজনিত ১৭ হাজার, ম্যালেরিয়া জনিত ৭লক সর্ববিধ জ্রজনিত ৯ লক্ষ্, পেটের অসুখজনিত ২৫ হাজার যক্ষা জনিত ১৭ হাজার, সর্ববিধ কফ সংক্রান্ত ৩০॥ হাজার মৃত্যু এরং ২॥ লক্ষ শিশু

মৃত্যুর বিভীষিকায় যাহারা প্রতিবৎসর আতৃঙ্কিত তাহাদের কর্ণপুট যাহারা স্বরাজ্য সম্বন্ধীয় বক্তৃতায় কম্পিত করেন তাহার৷ কি পশু-ক্লেশনিবারিনী সভার আইন পাশের বন্ধনে আদেন না ৭ মৃত্যুই কি একমাত্র বিবেচনা বিষয় ? এক ম্যালেরিয়া উৎপীড়নে সম্ভবত ৫০ লক্ষ লোক অকর্মণ্য হইয়া রহিয়াছে। ক্লোগের দক্তন কেবল জনহানি নয় धनशनिव रयः गवर्गामणे मिछनिमिभानिष्ठि वदः ডিষ্ট্রিক্ট বোর্ড সমূহ হাঁসপাতাল বাবত প্রতিবৎসর প্রায় ৭১ লক্ষ টাকা বায় করিয়া থাকেন। ইহার জ্ঞ আমাদিগকেই ট্যাকু দিতে হয়। আমাদের দেশে রোগের দরুন ধনহানির কোন তালিকা অভাবধি কেহ প্রকাশ করেন নাই। মার্কিনেরা বলেন তাহাদের দেশে রোগের দরুন প্রতিবৎসর ২০০ কোটি ডলার (প্রায় ৭০০ কোটি টাকার) ক্ষতি হয়। ধনকুবের মার্কিনেরা সেই ক্ষতি সহা করিতে পারেন, আমরা তাহার সহস্রাংশ সহ করিতে পারি কি ?

কিন্তু এই দেশত ইতিপূর্নে এই প্রকার
অস্বাস্থ্যকর ছিল না। আধুনিক ম্যালেরিয়ার
আবাস বারাসত ওয়ান্ হৈপ্তিংসের স্বাস্থ্যাবাস ছিল।
শীহট্টে ইতিপূনের এই প্রকার ম্যালেরিয়া বা
কালাজ্বর ছিল না। পেটে নাই অল্ল, গায়ে নাই
বন্তু, মানুষ রোগের আক্রমণ ব্যর্থ করিবার শাক্তি
(Power of Resistance) পাইবে কোথা হইতে?
এই বাংলা কি আধুনিক বাপালীর প্রায় কজক্ত্রগুলি তুর্বল ব্যক্তির বাস ছিল । এই বাংলার

প্রভাগাদিতা, চাঁদ রায়. কেদার রায় প্রভৃতির বীরম্বকাহিনী কে না জানে গ চাঁদ রায়ের ভগিনীও य वीत्राक्रना ছिल्लन इंजिहान जाहात श्रमाण। বিশাসঘাতক কতু ক বাধা প্রাপ্ত না হইলে বাঙ্গালী বার মোহনলাল কি বাংলার ইতিহাস পরিবর্ত্তন করিতেন না এই শ্রীহটেই কি বীরের অভাব ছিল ? মুদলমান নবাবের দৈশু যথন শ্রীহট্ট আক্র-मन कतिल नेशांव इतिक्षण वीत्रशतांकरम युक्त कतियां हित्तन। कर्खारमत्र मूर्य श्विनयाहि, "ठेक हुनानी" रहेर्ड यथन প্রতিশ্রুত ফৌজ আসিল না. অভিমানী কেডিয়া যখন "ন'শ ঠ্যাকা" পাঠাইলেন না. "মুখ-পোড়া" রেক্সার লাঠিয়াল যখন নদীর ज्वताति इत्छ वाह (छम कित्रा। भनायन कित्रलन। তাঁহার বিখাদী ভঙা রাধা অখোপরি আরোহণ করিয়া অমিত তেজের সহিত যখন তরবারি সঞালন করিতে লাগিল, মুসলমান সেনাপতি প্রমাদ গণিলেন। হরকিষণের মস্তকের জন্য পুরস্কার ঘোষিত হইল। বিখাস্বাতকের হস্তে তিনি ধৃত হইলেন। তাহার **इित्रमराक यथन त्राधात निक**ष्ठे जूलिया धता इहेल. "বাঁহা কিষণ তাঁহা রাধা" বলিয়া রাধা আপনার বক্ষমূলে ভরবারি প্রেণিত করিল।

বাল্যকালে দেখিয়াছি গ্রামের শতবর্ষীয় বৃদ্ধের হাঁকে এক মাইল দূর হইতে লোক আসিত। মালী জেলে প্রভৃতির বাহুবলে বিদেশী জমিদারদের লাঠি পরাস্ত ইইত।

তখন তেমন ছিল, এখন এমন হইল কেন? তাহার কারণ একদিকে ছুঃখদারিদ্যের নিষ্পেষণ অগুদিকে রোগনিবারণের প্রতি গবর্ণমেন্ট ও জন-সাধারণের অবহেলা। এই যে আসামে প্রতি বংশর ৪০ হাজার শিশু এবং বাংলায় ২॥ লক্ষ শিশু এক বংসর পূর্ণ না হইতে কালের করালগ্রাসে পতিত হয়, তাহারা বাঁচিয়া থাকিলে তাহাদের মধ্যে যে কেহ শঙ্করদেব কি অঘৈতাচার্য্য, আনন্দমোহন কি হ্মরেন্দ্রনাথ. চিত্তরঞ্জন কি বিপিনচন্দ্র হইত না, তাহা কে বলিতে পারে? স্বরাজ আনিতে হইলে স্বাস্থ্যোন্নতির দিকে দৃষ্টিপাত করিতে হইবে। স্থানে স্থানে ব্যায়ামের আখড়া স্থাপন করিয়া লাঠিখেলা কুন্তি, তরবারি খেলা প্রভৃতি শিক্ষা দিতে হইবে। প্রত্যেক ব্যক্তির বলর্জি করা আবশ্যক। বিশলন মাঠে খেলা করিবে আর বিশ হাজার জন গোরা পুলিসের ক্ষুদ্র যন্তিচ্ছন প্রাপ্ত হইয়া ট্রামের হাতল ধরিয়া বাছড়ের মতন ঝুলিয়া বাড়া কিরিলে শক্তিব্রিক হইবে না। প্রকৃত ব্যায়াম চাই। কেবল বালকদের নয়,—

#### মেয়েদের জন্যও বাবহা চাই

মেত্রেদিগকে — " · · · · · লভা লজ্জাবভী যথা মৃতপ্রায় পর-পরশনে '

করিয়া এবং গুণ্ডাদের শিকারস্বরূপ প্রস্তুত্ত করিয়া রাখিয়া জগতের নিকট হাস্থাম্পদ হইবার প্রয়োজন কি? ত্রিপুরার ইতিহাসে পাঠ করিয়াছি একদা বহিঃশক্র ত্রিপুরা আক্রমণ করিলে স্বয়ং রাণী তরবারি হস্তে অধারোহণ করিয়া কন্তিপয় সৈন্ম লইয়া সৈন্ম শক্র বিধ্বস্ত করিয়াছিলেন। এই স্থনামগঞ্জ অঞ্চলে আমার এক কুটুম্বিনী রণচণ্ডী সাজিয়া খেলাংঘোষ মহাশয়ের লাঠিয়ালনিগকে হটাইয়া দিয়াছিলেন। দেহে যদি থাকে বল, হৃদ্ধে থাকে সাহস, হাতে থাকে দণ্ড, কি সাধ্য তুর্ব ত্রেরা সভীর নিকট অগ্রসর হইতে পারে ?

নরনারী সাধারণকে স্কুস্থ ও সবল ছইতে হৈব। সেবাসমিভিদের কর্ত্তব্য, এই বিষয় অগ্রাণী হুইয়া স্থানে স্থানে কেন্দ্রস্থাপন করা।

গবর্ণমেণ্ট ত স্বাস্থ্যের জন্ম টাকার প্রস্তাব ্ট্রাঠিলে দেউলিয়া হইয়া যান। বাংলা গভর্নেণ্ট \*वेत्लन, ठाँशां निगत्क देखिया भवर्गरमाले প্রতি বৎ मत ৪০ কোটি টাকা পাঠাইতে হয় তন্মধ্যে ৩০ কোটি নিজেরা গ্রাদ করিয়া ভারতসরকার ১০ কোটি ক্ষেরত পাঠান; এই ১০ কোটিতে নাকি সমুদয় খরচ কুলায় না। পাবলিক হেল্থ বিভাগ নাকি (भार्षे ) २,०५० होका हा हिया हि एन. वाश्ना-সরকার ১৫০০ দিয়াই যথেষ্ট মনে করিলেন। একটি গল্প মনে পড়িল। পূর্বিবক্তে গানের আসরে গাহককে যে যাহা পারেন পুরস্কার দিতেছেন। একজন ধনী যখন একটা ছ-আনী রুমালে বাঁধিয়া ছুড়িয়া ফেলিয়া मिटलन मकरल ठाँछ। करिया विलल "निश्च पश्चि ताकात পুত'। স্বাস্থাবিভাগের কর্ত্তার তথনি উচিত ছিল वला - ४७ वर्षाग्रहाः स्वात्कात (वलाई मतकात দেউলিয়া : কিন্তু সৈত্য ও পুলিশ-বিভাগের বেলা ত ূ**তাঁহ**ারা মুক্তহস্ত।

তিন মাস পূর্বের, স্থরমা উপ তাকা সন্মিলনী মণ্ডপে দাঁড়াইয়া সভাপতির অভিভাষণ উপলক্ষে এই কথাগুলি বলিয়াছিলাম। কলিকাতার অকুকরণে শ্রীহট্টেও এক তরুণ সংঘ আছে। তাহাদিগকেও বলিয়াছিলাম শরীমাতাং খলুধর্মান্যমনম। যখন তরুণেরা আর একটা বক্তৃতা করিবার জন্য অন্থরোধ করিয়াছিলেন তাহাদিগকে আমার এই সনির্বন্ধ অনুরোধ জানাইয়াছিলাম যে তাঁহারা যেন বাক্য কার্যের পরিণত করেন। এই বাংলাদেশে প্রতি বৎসর পাঁচ লক্ষ লোক

ম্যালেরিয়া রাক্ষসীয় করাল প্রাসে পতিত হইতেছে। ঐ শ্রীষ্ট্র সহরে বাড়ী বাড়ী ম্যালেরিয়াবাহিনী মশকীর বাসস্থান, পুক্ষরিণী ও ডোবা রহিয়াছে। তাঁহারা দলবন্ধ হইয়া শনিবার কি রবিবার ঐ সমুদয় জলাশয়ের জঙ্গল পরিস্কার করিয়া তাহাতে পারিস জীণ কিম্বা কেরোসীন নিক্ষেপ করিতে পারেন। নেতৃবর্গকেও অনুরোধ করিয়াছিলাম ভাহাদিগকে সাহায্য করিবে: তাঁহারা সেই "কুরু" কার্য্যে শক্তি নিয়োগ করা আবশাক মনে করিয়াছিলেন कि ना कानि ना। তবে এই कानि, जामि हिलग्रा আসিবার মাস্থানিক পরে জ্বের প্রাত্নভাব হইয়াছে 'জনশক্তি'' পত্রিকা মিউনিসি-বলিয়৷ স্থানিক পালিটীর কর্ত্তব্য সম্বন্ধে উপদেশ দিয়াছিলেন। व्यर्श मिडिनिमिशालिंगे ममुनय कार्या कतित्व, সাধারণের কোন কর্ত্তব্য নাই। স্বাস্থ্য সম্বন্ধে জনসাধারণের এই কর্ত্তব্য অবহেলাই ত মিউনি-সিপালিটা সমূহের কর্ম শিথিলভার কারণ।

দেখিলাম মা লক্ষ্মদৈরও স্বাস্থ্য সম্বন্ধে কথা শুনিবার বিশেষ আগ্রহ রহিয়াছে কুলবধুরা সদর রাস্তা দিয়া পদত্রজে আদিয়া সভায় উপস্থিত হইয়া-ছিলেন। কিন্তু তাঁহাদের স্থাগ্রহ কাজে খাটাইবার জন্ম আমরা কি করিতেছি ১

মহাশক্তি পূজার জন্ম দেশময় সাড়। পড়িয়াছে।
মা লক্ষ্মীদিগকে বুঝাইতে হইবে তাঁহার। সেই মহাশক্তির অংশ। তাঁহাদের উপরই জাতীয় শক্তি
নির্ভর করে। শক্তিশালিনী-মাতৃক্রোড়ে ঘরে ঘরে
যখন সবল স্কুত্ব শিশুর হাসি ফুটিবে, তখনই বুঝিব
ভারতে আবার বাংলার গোরব ধ্বজা উড্ডীয়মান
হইবে; তখনই জানিব আবার বাংলায় মোহন লাল,


প্রতাপাদিত্য কর্ণেল স্থরেশ প্রভৃতির বীরত্ব হুঙ্কারে আকাশ মুখরিত হইবে। আবার

সিংহক্ষাধিসংরা নানালক্ষার ভূষিতা
চতুপ্রামহাদেবা নাগ্যজ্যোপবীতিনা
নারদাদি মুনিগণৈঃ সেবিতা ভবস্থন্দরী
ত্রিবলিবলয়োপেতঃ নাভিনাল মুনালিনী

পব্বত শিখরে অবেরাহণ করিয়া ভারতে দেবশক্তি পুনঃ প্রতিষ্ঠিত করিবেন। দানবশক্তি পরাভুত হইয়া পলায়ন করিবে। ঐ যে আমাদের মা দিংহকে পদতলে চাপিয়া আসিতেছেন, আর আকাশ পাতাল মাতৈঃ রবে কম্পিত করিতেছেন।

#### গুড় বনাম চিনি।

ডাক্তার--- শ্রীরমেশচন্দ্র রায়, এল, এম, এস,।



ইক্ষুদণ্ডের রসে, গুড়ে, দলোয় (কাশীর চিনিতে)—যথেষ্ট ভাইটামীন ও লৌহ থাকায়—উহারই স্বাস্থ্যের অনুকূল।

কলের চিনি, মিছরি, লজেঞ্জ, জ্যাম, জেলি, চোকোলাৎ, দোকানের মিন্টান্ন ধব্ধবে দোবরা চিনি— বিষবৎ এগুলি তাাজ্য।

ফলের মধ্যে যে মিফ্টরস আছে এবং মধু যথেষ্ট খাওয়া উচিত। যদি জাতিকে সবল ও শ্রন্থ করিতে চাহেন তবে গুড় ধরিয়া চিনি ছাড়ূন।

#### কালা-জুর

প্রভৃতি প্রাতন বোগ জনিত রক্তারতা ( এনিমিয়া ) রোগে

## जिज्ञान शिर्मातनारमंदिक

মন্ত্রশক্তির মত কাজ করে।
বিশাতী হিমোগোবিন অপেকা শতগুণে শ্রেষ্ঠ—
বহু বিচক্ষণ চিকিৎসক কর্তৃক
নিত্য ব্যক্তিও শ্রেষ্ঠ বলিচা বিচেতিঃ

#### মুল্য

বড় শিশি ছোট শিশি

#### ম্যালেরিয়া

নিয়মিত চিকিৎগাঃ আরাম হইতেই হইবে!

#### কেব্রি-ফিউপো

নিহমানুষায়ী সেবনে রোগ মুক্তি অনিবার্য্য বিচক্ষণ চিকিৎসকের ব্যবস্থা পত্রাস্ক্সারে প্রস্তুত ও মণোপ্যক্ত বিশুদ্ধ কুইনাইন সংখ্ক্ত বলিগা ইছা ব্যবহারে কথনও কোন কুফল দেখা যার না।

#### মুল্যা

বড় শিশি

**ভোট শিশি** 

l-/•

টেলিকোন বড় বাঞ্চার ২২৩৫

## ৰেপলে ৰাইও-ক্ৰেমিক্যাল

७६ वर करमज अक. लड़ाबद्धिकी ७९ वर करमज

ব্রাঞ্চ ডিপো:—১৩নং লায়াল খ্রীট ( পট্যাটলি ), ঢাকা।

টেলিগ্ৰাফ

' বাইওকেমিফ্ট'' কলিকাতা।

#### অমৃতাঞ্জন

মাথাধরা স্নায়ুর বেদনা পিঠ ব্যথা কোটিদেশের ব্যথা



বাত

কাশী

मिष

পোড়া

এবং সর্বপ্রকার শুধা ও বেদনার ঐ**দ্রজালিক ঔষধ** 

Bombay

वानगारमध्यत्र अक्याख वर्षे नकात्री

जि अनिमान प्र कार कार कारोग के, क्विकार।

Madras



#### অস্থুখ সারিবার মুখে

THE PACKAGE



ছ বিক্রক মিল্কে পৃষ্টিকর, স্বাস্থ্যকর পরিকার নবনীপূর্ণ ত্থা থাকে ভাহাতে উৎকৃষ্ট মন্ট বালি ও গমের গুড়া দিয়া অধিক উপকারী করিয়া হপথ্য ও স্থান্ত করা হয়। ইহা "ভাইটামিনে" পূর্ণ ও সহজে হক্তম হয় বলিয়া, রোগ আরোগ্যের পরে তুর্কল অবস্থায় ও পরিপাকশক্তি তুর্কল থাকায় কালের উপযোগী খাছ। ম্যালেরিয়া ও আমান্য জরের সময় ইহা মূল্যবান পথ্য ও নিরাহীনভায় শুইবার আগে ঈষং উষ্ণ অবস্থায় ব্যবহারে ঘুম আনে।

THE PACKAGE



গরম রা ঐণ্ডা জলে শাদ্র জোরে না ি লেই মুর্জ্ত মধ্যে তৈারী হয়।

যথন ব্যবস্থা দিবেন আপসল 'HORLIKS' লিখিতে ভূলিবেন না।

দোকানে ও বাজারে সর্বতে চার সাইব্রের পাওয়া যায়।

Made in England

HORLICK'S MALTED MILK, CO, LTD., SLOUGH. BUCKS. ENGLAND.

#### রোগী-পরিচর্য্যা।

শীস্থরেন্দ্র চন্দ্র লাহা, এম্. বি।

এই প্রবন্ধে রোগীকে পরিচর্য্যা করিবার জন্য
কি কি নিয়ম পালন করা কর্ত্তব্য সেই সম্বন্ধে
কয়েকটি কথা বলিব। সাধারণতঃ লোকের মনে
এ সম্বন্ধে অনেক ভুল ধারণা আছে। সেই জন্য
অধিকাংশ স্থলেই বিচক্ষণ চিকিৎসক ডাকা সত্ত্বেও
চিকিৎসার অনেক ক্রটী হইয়া থাকে। বাড়ির
মধ্যে কেহ কঠিন রোগাক্রান্ত হইলে সকলেই উলিয়
হন। এরূপ ক্ষেত্রে মাথা ঠাণ্ডা রাথিয়া
বিচারপূর্বক কর্ত্তব্য স্থির করা হুরুহ। অনেক
ক্ষেত্রে দেখিয়াছি, গৃহকর্ত্তার বিচারশক্তির অভাবের
ক্ষন্য রোগীর স্তাচিকিৎসার ক্রটী ঘটিতেছে।

#### রোগীর গৃহ।

রোগীর গৃহে একজন শুইবার মত একটি খাট
অথবা চৌকি, একটি চেয়ার ও একটি ছোট টেবিল
থাকিবে। ঘরে অনা কোন আসবাব থাকা উচিত
নহে। সমস্ত বাজির মধ্যে যে ঘরে সর্বাপেক্ষা
অধিক বায়ু চলাচল হয় ও সূর্য্যের আলো প্রবেশ
করে সেই ঘর রোগীর জন্য নির্দ্দিট করিবেন।
পরিকার মেঝের উপর কন্থল পাতিয়া তাহার উপর
বিছানা করিলে খাটেরও আবশ্যক নাই। মোট
কথা, ঘরে যত কম আসবাব থাকে, বায়ু চলাচলের
তত স্থবিধা হয়। আল্না, সেল্ফ, আল্মারী,
ইঞ্চিচেয়ার ইত্যাদি সমস্ত সরাইয়া লইলে ভাল হয়।
মেঝেতে বিছানার কিছু দূরে মাত্রর কিন্ধা কন্থল
পাতিয়া রাখিবেন। আজীয় বক্ষুবান্ধব আসিলে
ভাছার উপর বসিবেন। ডাক্রারের জন্য একটি
শ্বতম্প্র ক্যার থাকিবে।

কদাচ কোন রোগীর সহিত এক বিছানায়
কাহাকেও শয়ন করিতে দিবেন না। এই নিয়ম
পালন না করার ফলে অনেক বিপদ ঘটিয়া থাকে।
হাম, বসন্ত, ইনফ্র্য়েঞ্জা, টাইফয়েড ইত্যাদি কোনও
সংক্রামক ব্যাধি বাড়িতে একজনের হইলে, অন্য
তু'এক জনেরও হইয়া থাকে —ইহাব কারণ ইহাই।
গৃহের দরজা জানালা সমস্ত খুলিয়া, রোগীর গৃহে
ভিন্ন বিছানায় শুইতে পারা ষায়; কিন্তু ইহাও
নিরাপদ নহে। এরপ ব্যবস্থার জন্য বাড়িতে যদি
স্থানাভাব ঘটে, তাহা হইলে কোন বন্ধুর গৃহে
গিয়া রাত্রি কাটাইবেন। এই সহজ নিয়মটি পালন
করিবার জন্য একটু কম্ট শ্বীকার করিলে, ভবিষ্যতে
অনেক বিপদের হাত হইতে নিস্তার পাওয়া যায়।

#### ত্রধ ও পগা।

অনেকের মনে একটি ধারণা আছে যে
চিকিৎদক আদিয়া যে ঔষধ ব্যবস্থা করিয়া গেলেন,
দেটি নিয়মিতভাবে রোগীকে দেবন করাইতে
পারিলেই তাহার রীভিমত চিকিৎদা করান হইল।
ইহা স্মরণ রাখা উচিত যে ঔষধ দেবন করান
চিকিৎদার একটি প্রধান অঙ্গ হইলেও,
অধিকাংশ রোগে ভাহা নহে। দাধারণ পরিচর্যা
ও পথ্যই অধিকাংশ স্থলে রোগীর পক্ষে অধিক
প্রয়োজনীয়।

সব রোগেই পথ্যের প্রতি বিশেষ দৃষ্টি রাখা কর্ত্তব্য। চিকিৎসক বাহা বলেন, তাহা ছাড়া অন্ত কোন জিনিষ খাইতে দেওয়া উচিত নহে। একদিন ছুটো ফুলুকো লুচি কিন্তা একটি ডিমের বড়া

খাইলে কিছু হইবে না, এরপ মনে করিবেন না।

মনেক রোগে, বিশেষতঃ টাইফয়েড জুরে,

চিকিসকের কথা সঞাহ্য পূর্বক রোগীকে কুপথ্য
করাইলে ভাহার বিশেষ অনিষ্ট হইবার সাস্তাবনা।
এমন কি সে মৃত্যুমুখে পতিত হইতেও পারে।
এরপ ঘটনা প্রায়ই ঘটিয়া থাকে। শিশুদের পথ্য
সময়ে অধিক সতর্ক হওয়া প্রয়োজন; কারণ ক্ষুধার
সময় ভাহারা ক্রন্দন করিলে, বাড়িতে কোমলস্বভাবা

মাভা কিন্বা স্নেংশীলা দি দিমা, ঠাকুর মা ইত্যাদি
ভাক্তারের নিষেধসত্তেও গোপনে ভাহাকে কুপথ্য
করাইতে পারেন এ সম্ভাবনা মনে রাখা দরকার

সাধারণ লোকের যে মানসিক অবস্থা থাকে. রোগার তাহা থাকে না। রোগে ভূগিয়া ভূগিয়া ভাহার মেজাজ খিট্খিটে হইয়া যায়। বালকের ভায় অকারণে ক্রোধ, অতায় আব্দার নানারূপ খেয়াল ও একগু য়েমি অনেক রোগার মধ্যে দেখিতে পাওয়া যায়। এরূপ ক্ষেত্রে রোগীর সহিত সর্ববদা সম্মেহ ব্যবহার কর' প্রয়োজন। তিক্ত ওঁধধ সে নে বা অন্ত কোন প্রয়োজনীয় কর্ত্তবে তাহার অনিচ্ছা দেখিয়া কদাচ তাহার উপর ক্রোধান্তিত হওয়া উচিত নহে। প্রত্যেক কথা বার বার তাহাকে ধীরভাবে দরকার। পাঠকবর্গের বুঝাইয়া বলা মধ্যে যাঁহার। কখন রোগীর শিয়রে বসিয়া শুশ্রাষ। বুঝিতে পারিবেন করিয়াছেন তাঁহারাই ইহাই স্ক্রাপেক্ষা কঠিন কায। এ কার্য্য পুরুষের অপেকা জীলোকের। ভাল করিতে পারেন।

রোগার গৃহে কখন একসঙ্গে অধিক লোক থাকিবেন না; তাহাতে ঘরের বায়ু ছবিত হইবার সন্তাবনা। গৃহের মধ্যে তর্ক অথবা কোলাহল করা উচিত নহে; কারণ যতদুর সম্ভব রোগীকে ঘুমাইবার অবসর দেওয়া দরকার। রোগীর গুহে বসিয়া কথন রোগের সম্বন্ধে আলোচনা করিবেন না; তাগতে সে মনে করিতে পারে, তাহার কোনও কঠিন রোগ হইয়াছে। তাহার গ্ৰ প্রত্যেকবারই ''কেমন আছ'' জিজ্ঞাসা করা উচিত নহে: কারণ প্রত্যেকের মুখে এই প্রশ্ন বার বার শুনিতে শুনিতে তাহার বিরক্তির সীমা থাকে না। 'রোগী কেমন আছে' এ প্রশ্ন অন্তত্র (রোগীর ঘরে নহে) ডাক্তারকে জিজ্ঞাসা করিবেন। রোগীর ঘরে গিয়া মুখ গম্ভীর করিয়া বসিয়া থাকা উচিৎ নহে। অন্ত দিনের অপেক্ষা আজ তাহাকে ভাল দেখিতেছেন, এরূপ ভাবে কথা বলা কর্ত্তব্য। তাহার সহিত নানারূপ হাসির গল্লগুজব করা চলিতে পারে। মোট কথা, কথা বার্ত্তায়, ব্যবহারে, তাহাকে সর্বাদ। প্রফুল্ল রাখা দরকার ও তাহার রোগ মোটেই কঠিন নহে, শীঘ্রই সারিয়া যাইবে, এরূপ বিশ্বাস তাহার মনে আনা দরকার।

#### চিকিৎসক নিৰ্ববাচন।

যে চিকিৎসকের উপর আপনার বিশাস আছে, তাঁহাকেই ডাকিবেন। এরপ ক্ষেত্রে রোগীর মন্ত লওয়ার প্রয়োজন। একজন চিকিৎসকের দ্বারা তিন চারিদিন চিকিৎসা করাইয়া, ভাল হইল না দেখিয়া, আর একজন চিকিৎসক ডাকিবেন না। রোগীর সম্পূর্ণ ভার চিকিৎসকের উপর ছাড়িয়া দিবেন ও তাঁহাকে বিশাস করিবেন। যদি অভ্যাবে কোন বিচক্ষণ চিকিৎসকের মৃত লওয়ার প্রয়োজন হয়, তাহা হইলে চিকিৎসক সে কণা নিজেই বলিবেন। ইহাতে কোন চিকিৎসকেরই মর্য্যাদা স্থানি হয় না। যাঁহারা ভিন চারি জন ডাক্টোর ডাকেন

ভাঁহারা কোন চিকিৎসকেরই উপদেশানুযায়ী কার্য্য করেন না। ফলে রোগী অচিকিৎসিত থাকিয়া যায়। ধনবান লোকের গৃহে এরূপ ঘটনা নিত্য ঘটিয়া থাকে।

#### চিকিৎসকের মতামত।

একটি কথা দর্শবদা স্মরণ রাখা উচিত যে রোগীর সম্বন্ধে কি করা কর্ত্তব্য, সে বিষয়ে আপনার অপেকা চিকিৎসক অধিক ভানেন। স্থভরাং চিকিৎসকের সহিত তর্ক করা উচিত নহে। এরূপ বাবস্থায় রোগীর কেন মঙ্গল হইবে, এ কথা একজন সাধারণ লোককে বুঝাইয়া বলা চিকিৎসকের পক্ষে সৰ সময় সম্ভব নহে। আপনার মনে এ বিষয়ে সন্দেহ উপস্থিত হইলেও, তাঁহার উপদেশ নির্বিবাদে পালন করাই কর্ত্তব্য। চিকিৎসক যদি রোগীকে স্প্রপ্ত করাইতে কিম্বা স্নান করাইতে বলেন, তাহা হইলে ইহাতে রোগীর অনিট হইবার সম্ভাবনা আছে কি না. এ কথা গৃহিণীর নিকট জিজ্ঞাস। করিবার প্রয়োজন নাই। ডাক্তার আসিয়া যাহা যাহা করিতে বলিবেন, দেগুলি একটি কাগজে লিখিয়া সেই গুলি পারিলে রাখিতে ভাল হয়। দেখিয়া তদমুযায়ী কাঁহ্য করা উচিত। রোগীর কর্ত্তব্য সম্বন্ধে একজন ডাক্তার যাহা উপদেশ দিয়াছেন, তাহা অবলম্বন করা উচিত কিনা এ কথা একজন ডাক্তারকে পরিচিত আর আপনার জিজ্ঞাসা করিবেন না। কি করিলে রোগীর ভাল হয়, ভাহা চিকিৎসককে বুঝাইবার চেন্টা করা উচিত নহে; কারণ চিকিৎসক তাহা জানেন। পয়সা খরচ করিয়া যখন ডাক্তার ডাকিয়াছে-ৰ, তখন তাহার উপদেশাসুযায়ী প্রত্যেক কার্য্য করা

কর্ত্তব্য; তাহা না করিলে ডাক্তার ডাকিবার কোন অর্থ থাকে না।

#### চিকিৎসার বায় ও দারিদ্রা।

**हिकि** ६ म। वायुमाधा (म विषय मान्प्रक नाहै। দরিদ্র লোকের পক্ষে প্রভার ডাক্তারকে ফি দিয়া চিকিংস। করান স্ব সময়ে সম্ভ্রমপুর নহে। অবস্থায় যদি কুলাইয়া না উঠে, ভাহা হইলে কি রোগার চিকিৎসা হইবে নাণ এরূপ ক্ষেত্রে রোগীকে হাঁসপা হালে প্রেরণ করা সর্বহোভাবে কর্ত্তব্য। হাঁসপাতালে চিকিৎস। সম্বন্ধে সাধারণের মনে অনেক ভুল ধারণা বিভাগান আছে। অনেকে মনে করেন, হাঁসপাতালে রোগীর স্থারুরূপে চিকিৎসা হয় না ও যত্ত্ব করিবার ক্রটী ঘটে। বাজলা এরূপ ধারণা সভা নহে। ইাদপাভালে বিচক্ষণ চিকিৎসকগণের ভত্তাবধানে বোগীকে অহরহঃ থাকিতে হয়। অনিয়ম, কুপ্থা ইত্যাদি হইবার কোন সম্ভাবনা থাকে না। প্রয়োজন হইলে তৎক্ষণাৎ চিকিৎসকের সাহাযা পাওয়া যায়। এই সব স্থবিধা গুহে সম্ভবপর নহে। হাঁসপা**তাল** সম্বন্ধে লোকের মনে আর একটি আপত্তি আছে, সেটি সামাজিক। ভদুগৃহস্থের ঘরে যদি কোন স্ত্রীলোক কঠিন রোগাক্রান্ত হন, তাহা হইলে চিকিৎসার জন্ম বায় করিবার শক্তি না থাকিলেও গৃহকর্তা দ্রীলোককে হাঁসপা্তালে পাঠাইতে সন্মত হন না। ইহাতে নাকি মন্যাদাহানি হয় ও আত্মীয স্বজন বন্ধু বান্ধবেরা নিন্দা করেন। এরূপ সামাজিক আপত্তিতে ভীক ও তুর্ববলচেতা পুরুষের ই বিচলিত হন। কাহারও আপত্তিতে কর্ণপাত না করিয়া, রোগার যাহাতে স্থচিকিৎসা ও প্রাণরক্ষা হয়, সেরূপ ব্যবস্থাই সর্বর প্রথমে করা উচিৎ।

আকন্মিক বিপদ ও কর্ত্তব্য।

কেহ পুড়িয়া গেলে বা উচ্চস্থান হইতে পতিত হইলে, কিম্বা বাড়িতে কোন আকস্মিক তুর্ঘটনা উপস্থিত হইলে, সর্ব্যপ্রথমে রোগীকে একটি বিছানায় শয়ন করাইয়া দিবেন। এরূপ অবস্থায় সাধারণত বাড়ার স্ত্রালোক ও পুরুষের। ও নিকটস্থ বাড়ীর লোকেরা রোগীর গৃহে আসিয়া উপস্থিত **रन ७ नक**रल नगर्व ७ वरेश उरिक्रः स्र (कालारल করিতে থাকেন। প্রত্যেকে নিজের মতানুযায়ী এক একটি চিকিৎসাপদ্ধতি অবলম্বন করিতে বলেন ও ভীত কিংকর্ত্তব্যবিমৃত গৃহ কর্ত্তা একবার ইহার কথা, একবার উহার কথা প্রবণ করেন এবং নানারপ অস্বাভাবিক ও অলোকিক উপায় অবলম্বন করিতে থাকেন। উদাহরণ স্বরূপ একটি ঘটনার উল্লেখ করিতে পারি। আমার একটি বন্ধ-পত্নীর হঠাৎ 'ফিট্' হয়। সমবেত লোকজনের মধ্যে কেহ পরামর্শ দেন, কাণের ভিতর একটি কাঠি প্রবেশ করাইয়া দিলে ফিট্ সারিয়া যায়। তদকুসারে কোন বুদ্ধিমান বাক্তি আসিয়া এই অচৈ হত্য স্ত্রীলোকটির কাণের ভিতর একটি লোহশলাক। সবলে প্রবেশ করাইয়া দেন। তাহাতে ফিট্ সারিয়াছিল কি না, মনে নাই; কিন্তু রক্ত বন্ধ করিতে একট বেগ পাইতে হইয়াছিল ও বহুদিন যাবৎ তাঁহাকে কর্নের প্রদাহের জন্ম কফভোগ করিতে হইয়াছিল।

পূর্বেই বলিয়াছি রোগীকে প্রথমেই একটি বিছানায় শয়ন করাইয়া দিবেন ও ঘরের দবজা জানালা সমস্ত খুলিয়া দিবেন। পরে স্থির চিত্তে

আপনার সহজবুদ্ধিতে যাহা করা উচিত বিৰেচনা হয়, তখন সেই উপায় অবলম্বন করিবেন। রোগার যদি তৎক্ষণাৎ জীবনের সংশয় না থাকে, তাহা হইলে নিজে হইতে কিছু করিবেন না। ঘরের মধ্যে তুই একজন ছাড়া মার কাহাকেও প্রবেশ করিতে দিবেন না। বাডির স্ত্রীলোকদের অহাত্র সরাইয়া দিবেন, যদি তাঁহারা ক্রন্দন ও কোলাহল করিয়া চিকিৎসায় বাধা প্রদান করিতে প্রবৃত্ত হন। অনেক ক্ষেত্রে আকস্মিক তুর্গটনায় জীবন নফ্ট হয়, শুধু এইরূপ গোলমাল করার জন্ম। অশিক্ষিত লোকের কথায় বা উপদেশে বিন্দুমাত্র কর্ণপাত করা কর্ত্তব্য নহে। তৎক্ষণাৎ কি করা উচিত তাহা যদি ভাবিষা ন্তির করিতে না পারেন, তাহা হইলে কোন গৃহ চিকিৎসার বই খুলিয়া দেখিবেন, এরূপ অবস্থায় কি করা কর্ত্তব্য ও সেই উপদেশানুষায়ী কার্য্য করিবেন। আজকাল বাজারে সরল গৃহচিকিৎসার অনেক পুস্তক বিক্রয় হইতেছে। ইংরাজীতে Moore's family medicine এই শ্রেণীর একটি উৎকৃষ্ট পুস্তক। সকলের গৃহেই এরূপ একথানি পুন্তুক থাকা প্রয়োজন। ইতিমধ্যে নিকটস্থ কোন চিকিৎসককে ডাকিতে লোক পাঠাইয়া দিবেন। তিনি যতক্ষণ না আসেন, ততক্ষণ রোগীকে স্থিরভাবে বিছানায় শয়ন করাইয়া রাখিবেন। চিকিৎসকের আসিতে যদি বিলম্ব হয়, তাহা হইলে রোগীকে হাঁসপাতালে পাঠাইয়া দিবেন। এরূপ অবস্থায় কদাচ কোন বাজে লোকের কথায় রোগীকে চিকিৎসা করিতে অগ্রদর হওয়া উচিত নহে. তাহাতে নানারূপ বিপদের সম্ভাবনা আছে।

#### "ব্যায়াম সম্বন্ধে কয়েকটী প্রয়োজনীয় কথা"

শীরোহিনীকুমার মণ্ডল, বি, এ, কামারপোল ব্যায়াম সমিতির পরিচালক,

স্বাস্থোন্নতি করিতে হইলে যে বায়ামের প্রয়োজন, তাহা কাহারও সবিদিত নাই, কিন্তু যাহারা ব্যায়াম বিষয়ে নবীন শিক্ষার্থী তাহাদিগের এ সম্বন্ধে কতকগুলি স্বব্দ্য পালনীয় নিয়ম জানা আবশ্যক। নিয়মানুষায়ী ব্যায়াম না করিলে, উপকার হওয়ার পরিবর্ধে স্পাকার হওয়ার স্থাবনা, সাধনায় দিদ্ধি এই যে কগা, ইহা ব্যায়াম বিষয়েও প্রয়োজ্য, যাহাতে এই নবীন শিক্ষার্থীর কথঞ্চিৎ উপকারেও স্থাসিতে পারে, তাই লেখকের এই ক্ষুদ্র প্রয়াস।

১। ব্যায়াম প্রত্যুষে, দ্বিপ্রহরের স্নানের शुर्तन, रेवकारन किश्वा मन्नाय वायाम कवा यहिए পারে। যে সময়েই হউক না কেন, শরীরের माः मत्नात गर्रन विषया वित्नव कान जात गर লক্ষিত হয় না. কিন্ত প্রতিদিন একই সময়ে ব্যায়াম করা কর্ত্তব্য ৷ তবে আমার মনে হয়, সুর্ব্যোদয়ের পুর্বের ব্যায়াম আরম্ভ করা শ্রেয়ঃ। কারণ কোন বিষয়ে মনোনিবেশ কম্বিতে হইলে ঢিত ভির থাকা প্রয়োজন, এবং এই সময়ে চিত্ত স্থির পাকা স্বাভাবিক, ব্যায়ামের পূর্বের পাইখানায় যাওয়া এবং উত্তমরূপে মুখ ও হস্ত পদাদি প্রকালন করা নিতান্ত প্রয়োজন, উন্মৃক্ত স্থানে ব্যাথাম করাই প্রশক্ত; গৃহমধ্যে বাংয়াম করিতে হইলে, দরজা, कानालाखिल थुलिया फिट्ट इहेर्द, नग्नगार्ज ( ( क्वनमाल न्यां अप्रे शित्या ) न्यायाम कर्वा है

কিন্তু যদি অভান্ত শীতল বায় বহিতে একটা ঢিলা জামা (ফত্য়া) **ত**বে ব্যবহার করা সঞ্চ। ব্যায়ামকালে হাস্ত করা. মুখ দিয়া নিশাস ত্যাগ করা, এমন কি কথা বলাও সর্বব্যা পরিতাকা। প্রতি তুইটা ব্যায়ামের মধ্যে মিনিট বিভাগ কর্ববা। ব্যা**য়ামকালে** মাংসপেশীর আকুঞ্চন প্রসারণের দিকে মনঃসংযোগ করিতে হইবে, এইজন্ম কেহ কেহ একথানি বৃহৎ আয়না সম্মুখে রাখিয়া ব্যায়াম করিতে উপদেশ দিয়া গাকেন। বাায়ামাত্ত্ব মেনিটকাল নিৰ্ববাক নিশ্চল অবস্থায় সহজভাবে বসিয়া পাকিলে অভি শাঘ ক্লান্তি অপনোদন হইবে। বিশেষভাবে লক্ষ্য রাখিতে হইবে যেন অতিরিক্ত ব্যায়াম করা না হয়, যতক্ষণ ব্যায়াম করিতে ফা্র্তি ৰোধ হয় ততক্ষণই বাংয়াম করা সমীচান।

- ২। ন্নান ন্যায়ামান্তে ঘর্ম শুকাইয়া গোল; প্রতি অঙ্গপ্রভাজে উত্তমরূপে গাঁটি সরিষার তৈল মর্দ্দনান্তর শীতল জানে অবগাহন স্নান অতি সম্বর মাংসপেশী গঠনের সহায়তা করিয়া থাকে। স্নান সময়ে সর্ব্বপ্রথমে মাথায় জল দেওয়া উচিত, নতুবা চক্ষু ও মন্তিকের ক্ষতি হইতে পারে, যাহাদের প্রাতঃস্নান সহ্য হয় না, তাহাদের পক্ষে প্রাত্মের প্রারম্ভ হইতে উহা অভ্যাস করা বিধেয়।
- থাছ 'বাঁচিয়া থাকিবার নিমিত্ত খাও;
   খাইবার নিমিত্ত বাঁচিয়া থাকিও না।' দেহ রক্ষার

জন্য যভটুকু খাদোর প্রয়োজন, তদতিরিক্ত আহার ুকরার অর্থ শরীরকে ব্যাধির আগারে পরিণত করা কিছুই নহে। যে সকল যুবক িভিন্ন আর আমার প্রতিষ্ঠিত ব্যায়াম সমিতিতে যোগদান করিয়াছে তাহাদিগের অভিভাবক আমাকে সময়ে অসময়ে প্রশ্ন করেন, ''ছেলেরা পালোয়ান হইবে তাহা ত বুঝিলাম; কিন্তু তাহারা খাইবে কি ? শামি নিত্য ঘি, তুধ, মাংসই বা কোথায় পাইব, ব্দার বাদাম, পেস্তা, মনাকা ইত্যাদিই বা কোথা হৈছৈ যোগাইব ১'' তাঁহাদিগের প্রতি আমার এই অপুরোধ, ভাঁহারা যেন একবার একটু কষ্ট স্বীকার করিয়৷ গত ''বৈশাখের ''স্বাস্থ্যে'' শ্রীযুক্ত हेन्द्र छ्या (मन আয়ুর্বেবদশান্ত্রী মহোদয়ের ''খান্ততত্ত্বে ভাত দাল' শীৰ্ষক প্ৰবন্ধটী একটু চিস্তা পূর্বক পাঠ করেন; তাহা হইলে বুঝিতে পারিবেন, ষে ভাতের যে ফেন ফেলিয়া দেওয়া হয় তাহা আহারে কীদৃশ ফললাভ হইয়া থাকে, প্রাতঃকালীন ব্যায়ামের পরে এক ছটাক পরিমিত ভিজান অঙ্কুরযুক্ত ছোলা ভক্ষণ করা অতি

আহারের পর ছুইবন্টা সম্ভর একগ্রাস করিয়া শীতল জলপান করা বিধেয়।

8। পরিচছদ পরিধেয় বস্ত্রাদি সর্বদা পরিক্ষত রাখা আবশ্যক। দেহ যতটা অনাবৃত রাখা যায় ততই ভাল। বস্ত্রাদি খুব শক্ত করিয়া পরা অন্তুচিত; নতুবা রক্ত চলাচলের ব্যাঘাত জন্মে।

৫। নিদ্রা—নিদ্রা বিষয়ে বিশেষ কিছু বলিতে চাই না। প্রভাহ নিয়মিত ব্যায়াম করিলে স্থানিদ্রাই হইয়া থাকে। যদি কাহারও ইহার ব্যতিক্রম হয়, তবে ক্যাপ্টেন্, পি, কে, গুপ্তের নির্দ্ধেশামুযায়ী বিকাল বেলায় বৈঠকাদি পদঘয়ের ব্যায়াম করা মন্দ নয়।

পরিশেষে বক্তব্য এই. শ্ন্যহন্তে ব্যায়ামই
সর্ববসাধারণের পক্ষে করণীয়। তবে যাহার শরীর
অত্যন্ত সবল ও স্থায় এবং যে শূন্যহন্তের ব্যায়ামে
পরিত্প্ত নহে, তাহাকে অবশ্যই ডাম্বেল, গদা,
ইত্যাদি একটানা একটা ভাঁজিতেই হইবে, তাই
বলিয়া শুন্য হস্তের ব্যায়াম উপেক্ষার বস্তু নয়।

#### "সৎসঙ্গের স্বাস্থ্য-দশন"

( Philosophy of Health ) Satsang [ পূৰ্ব্ব প্ৰকাশিতের পর ]

( 2 )

Intensity, Love and Attachment to the Living Guide and Continuity can give us Health & Wealth --

Intensity or Intense Desire না হ'লে কোনও কাজেই উন্নতি হয় না; বর্ত্তমান সময়ে আমাদের Strong & Determined will না থাকায়, আমরা দিন দিন রুগা, ভগা ও কৃতত্ম হইয়া পড়িতেছি। Weakness of will is the Special complaint of the present day আমরা যেটাকে ইচ্ছাশক্তি মনে করি সেটা অনেক সময়ে উত্তেজনা বা খেয়াল মাত্র।

এই will force কি ভাবে পুনরায় প্রতিষ্ঠা করিয়া সর্ববিধ কল্যাণকর কাজে লাগান থেতে পারে, 'সৎ-সঙ্গ' সেই কৌশলটুকুই ধরাইয়া দিবার জন্ম আজ দেশবাসী সকলকে সাদরে আহ্বান করিতেছে "যোগঃ কর্মান্ত কৌশলম" এই দৃঢ় ইচ্ছাশক্তির, এবং ঐ শক্তি আরোপ করিয়া শ্রেয়ঃ মার্গে প্রয়োগ করার কৌশলের অভাবে, আমাদের কোনরূপ হিতকর অনুষ্ঠানই স্থায়ী হয় না। It meets with premature and unnatural death সৎ, অসৎ কোন কাজেই continuity বা ক্রেমাগতি থাকে না। আমরা কাজ আরম্ভ করিবার কিছুকাল পরেই আসহিষ্ণু অধীর Impatient হ'য়ে পড়ি, লেগে থাকতে পারি না।

'সৎ-সঙ্গ তপোবন শিক্ষামন্দির বালকবালিকা-

দিগের বিভাজ্যাসের সঞ্চে সঞ্চে তাহাদের ইচ্ছা; শক্তি সহিষ্ণু তাশক্তিও একাগ্রতাশক্তি বর্দ্ধিত করিবার সরল ও স্বল্লায়াসসাধ্য প্রণালী শিক্ষা দেওয়া হইয়া থাকে। এই শক্তিগুলি যথানিয়মে স্পর্ক্তিত হইলে তাহারা সমস্ত প্রকার স্বস্তব্যাধি বীজ ও বহিব্যাধি-বীজের আক্রমণ হইতে আত্মরক্ষা করিতে ও সম্প্রের ।

দৃঢ় অভ্যাস বারা কাজে শেষ পর্যান্ত লেগে থাকার শক্তি বা Force of Continuity জন্মায়। "অভ্যাসেন তু কোন্তেয় বৈরাগ্যেন চ গৃহতে"— অন্ত বিষয় হইতে মন বা আশক্তি তুলিয়া কোন নিদিষ্ট কার্য্যে বা বিষয়ে পুনঃ পুনঃ অভিনিবেশ করার নাম অভ্যাস। এই অভ্যাস দৃঢ় হইয়া অধ্যবসায় বা Perseverance হইতেই Cocentration বা একাগ্রভা শক্তি ক্ষুবিত হয়। ব্যবসায়াজ্মিকা বৃদ্ধিরেকেইকুরুনন্দন।"—এই একমুখী হওয়াই সকল শক্তির মূল। এই একমুখী হইবার চেন্টাবারা Intensity ও Continuity বৃদ্ধিত হয়।

মাত্র হই তিন কোঁটাতে এক কলসি জলের সর্বপ্রকার রোগ বীজাণু বিনষ্ট হয়। জলের সাহয্যে বে সকল ভীষণ ব্যাধি বিস্তৃতি লাভ করে—(কলেরা, টাইফ্য়েড্ইত্যাদি) ভাহাদের গতি রোধ করিতে আমাদের 'ক্লোক্রোদ্কে' অদিতীয়। কলেবার সময় জলের সহিত ইহা ব্যবহার করা প্রতি গৃহত্বের একান্ত কর্ব্য। নিয়মিত ব্যবহারে কলেরার আক্রান্ত হইবার ভয় নাই। সকল সময় এক শিশি ঘরে মজুত রাখুন।

সকল বড় ডাক্তার খানায় পাওয়া যায়।

## বেঙ্গল কেমিক্যাল, কলিকাতা।

## বিশ্বেপ্তর রস দেখীয় গাছ গাছড়ায় প্রন্ত বাট্কে

এপর্যান্ত ম্যালেরিয়া জ্বের এমন আশ্চর্যা মহৌষধ জ.র কেহ বাহির করিতে পারেন নাই। প্লীহা ও লিভারের এমন মহৌষধ আর নাই।

চট্টগ্রামের ডেপুটী ম্যাজিট্রেট ও ডেপুটী কালেক্টার পুজনীয় শ্রীযুক্ত বাবুষতীক্রমোহন ব্যানার্জির বলেন:— (অনুবাদ)

'আমাব গুইটি সন্তাম ক্রমাগত পাঁচ সপ্তাহ ও তিন সপ্তাহ ধরিয়া একজবে কন্ত পাইতেছিল। অধিক-পরিমাণে কুইনাইন ও অভাভ এলোপাাথিক 'উমধ ব্যবহারে কোন ফল না হা য়ায় অবশেষে এই বিশ্বেশ্বর রস বটিকা ব্যবহারে নির্দ্ধোয় আরোগ্য হয়। প্রথম দিন দেবন করাতেই জ্বর বন্ধ হটয়াছিল। সেই অবধি যথনই আবভাক হয়, আমার নিজ্প পরিবারে ও আমার বন্ধু-বান্ধবের পরিবার মধ্যে এই শ্রমধ ব্যবহার করিয়া আসিতেছি এবং অত্যাশ্চর্য্য ফল পাইতেছি।" মূল্য ১ কোটা : টাকা। তিন কোটা ২০০, ভি: পি: তে লইলে আরও। ০ আনা বেশী লাগে। ভালোর কুণু এণ্ড চ্যাটাজ্জি, (Febroma Ltd) ২৬৬, বন্ধবাজার প্রীট, কলিকাতা।

#### ৽৽৽৽৽য়৽৽৽য়৽৽৽য়৽৽৽য়৽৽৽য়৽৽৽য়৽৽৽য় কিং এণ্ড কোং

্ট্টি ৮০ নং হারিসন রোড,—৪৫, ওরেলেসলি খ্রীট—

হামিওপ্যাথিক ঔষধ ও পুস্তক বিক্রেতা।

সাম্পার্থন উন্সম্পের মুক্যা—অরিষ্ট ৮/০

ই প্রতি ড্রাম ১ হইতে ১২ ক্রম ।• প্রতি ড্রাম ১০ হইতে ই

ত ক্রম ।৮/০ প্রতি ড্রাম ২০০ ক্রম ১১ প্রতি ড্রাম ।

ই সারকা গৃহ চিকিৎসা—গৃহম্ব ও জ্রমণকারীর

ই উপযোগী, কাপড়ে বাধান ৪৪০ পৃ: মূল্য ২১ টাকা

্ট্র ইনফ্যানটাইল লিভার ডা: ডি, এন ১৯ রাণ এম, ডি, রুড ইংরাজী পুস্তক ১৮১ পু: কাপড়ে ১৯ ১৯ বাধান মৃশ্য ২॥• টাকা।
১৯ বাধান মৃশ্য ২॥• টাকা।

অজীর্ণ অমুশূল ইত্যাদিতে ভাইকোসিন্ট ভ্যাবলেট ব্যবহার করিবেন



# नित्र छ ज श


দ্ববলতায অবসাদে

বাবহার করুন চ

## Deschiens' syrup

ভেসিয়ান সিরাণ।

ইতিবা সমত পৃথিবীর্যাণী ০০০০ গ্রিণ হাজার ভাজার এক্ষত কইয়া জীকাব করিয়ালেন যে এই ব্রেয়া স্বর্জন সমত রোগীকে পাব্দোগা করে এবং আশা ও গাঁজ প্রধান করে।
ব্রেয়া প্রস্থালীন "ডেসিয়ানন্স,পার্কিন,ক্রোল্য)"এই নাবের প্রতি পাশা রাধিবেন।
সমত ঔষবাপায়ে এবং বাজারে প্রতিবা।
পাইকাবী বিজেতা—ডেক,বি,দেন্ডরা, হচনা প্রান্ত ন্ত্রীট, কলিকাতা।
INSIST ON THE NAME OF DESCHIENS.



## ডাক্তার স্থন্দরীমোহন দাস প্রণীত ১৷ শিশুসম্ভল প্রথম শিক্ষা

প্রথম শিক্ষার্থিনা, বিশেষতঃ ডিষ্ট্রিক বোর্ডের ধাইদের জন্ম- মূল্য । ১০ আন। মাত্র।

### ২৷ সরল ধাত্রীশিক্ষা ও কুমার তব্র

চতুর্থ সংকরণ

পরিবর্ত্তিত ও পরিবর্দ্দিত।

প্রথমভাগ—ঘরে ঘরে শিক্ষার জন্য--- মূল্য ১ টাকা মাত্র।
প্রথম ও দ্বিতীয় ভাগ একতে বাঁধন—মূল্য ২ টাকা মাত্র।
"ধাত্রী বিভাশিক্ষার্থী ধাত্রী ও স্বাস্থ্য-তত্ত্ব শিক্ষয়িত্রী লেডী ভাক্তারদের
পক্ষে উৎকৃষ্ট পুস্তক।" ডাক্তার বেণ্ট্লী
বড় বড় ইংরেজী এন্থের জটিল বিষয়গুলি বুনিতে হইলে প্রত্যেক বাঙ্গালী
ছাত্রের এই স্থলভ গ্রন্থ পাঠ করা উচিত।

#### ৩। রুকা ধাত্রী রোজ নামচা

মূলা ५০ আনা। প্রাক্তিস্থান ৪—১০৯ নং আপার সারকুলার রোড কলিকাতা। সহবে দ্ৰবণীর, স্বাদহীন এই চুর্ণ, স্নাগ্ন্যগুলী, মন্তিক অস্থি ও পেশী পরিপৃষ্ট করিবার পক্ষে সর্ব্বোভ্যম থাত্ত সামগ্রী। গাভীত্বস্ক হইতে প্রস্তুত : এই স্বাভাবিক ছানা জাতীর "প্রোটিড" থাত্তটি অত্যন্ত পৃষ্টিকর, সহজ্ঞপাচ্য এবং শরীরে সত্তর সংশ্লিষ্ট হয়।

## শিশু এবং রোগীর পক্ষে "প্লাশমন" বিশেষ উপযোগী

ইহাতে এল্বুলিন, ফস্ফেট লাইম্, আররণ (লোহ), সোভিরাম্ লাবণিক পদার্থের প্রাচ্থ্য হেতু "প্লাশমন''
আদর্শ থাতা।



## **PLASMON-ARROWROOT**

প্রাশমন এরারুট!

সাধারণতঃ বাজাবে যে সমস্ত এরারুট প্রচণিত আছে তদপেকা প্লাশামন্ এরারুট সহস্র গুণে শ্রেষ্ঠ। বিলাত, আমেরিকা ফ্রান্স, জার্মানি ও ভারতবর্ষে স্ববিখ্যাত চিকিৎসকগণ প্লাশামনের গুণে গুউপকারিতার নিশ্চিত হইয়া ব্যবহার করিতেছেন।

বন্ধারোগে, পৃষ্টিকর থাতের অভাব ও বিকৃতি রোগে, পরিপাক বিকাচ ও পাকাশরের যাবতীয় রোগেই "প্রাশমন" সর্বোভন পথা।

শরীর প্রিসাধনে "প্রাশমন" মাংস অপেকা অনেকাংশে শ্রেষ্ঠ। উক্ষত্ত্ব সহ "প্রাশমন" মাংস অপেকা অনেকাংশে শ্রেষ্ঠ। উক্ষত্ত্ব সহ 'প্রাশমন' সেবনে অত্যুৎকৃষ্ঠ ফল পাওয়া যায়। ইহা অতি সহজেই প্রস্তুত করা যায়:— সুই চামচ পরিমাণ 'প্রাশমন' এক ছটাক জলে উত্তমরূপে মাড়িয়া মস্থল করিয়া লইবে, পরে দেড় পোলা হথে তাহা মিশাইয়া অগ্নিতে চড়াইতে ধাকিবে, বলক উঠিলেই নামাইয়া লইবে এবং শীতল হইলে তাহা রোগীকে পান করিতে দিবে।

প্লাশমন—এরারট, বিস্কৃট, কোকো, ওট্দ, চকোলেট, কর্ণক্লাওরার এবং কর্ণপাইভার রোগীর পান উপযোগী, এবং কৃচি অসুবারী দেওয়া যায়।

मकल প্রসিদ্ধ ঔষধালয়ে প্রাপ্তব্য।

ম্যা সুফ্যাক্চারের প্রতিনিধি—

সিঃ এচ, ডি, নাগ

৭৫।১।১নং হারিসন রোড, কলিকাতা।

# My System of Physical, Culture

Capt. P. K. Gupta I. M. S. Rs. 38

প্রত্যেক গৃহত্বেরই পড়া উচিত

গ্রন্থকারের নিকট ১০০C Musjid Baree Streetএ পাওয়া বায়।



অধ্যাপক—ডাক্তার ডেলবেট বলেন যে—

মাঝে মাঝে বুজার্স রোগ নামক একরূপ ভীষণ রোগের আবির্ভাব দেখিতে পাওয়া যায়। উহা শোগ এবং "দ্যা পশ্চিমে" জাতীয় রোগের সহিত অমুরূপ। "বহুকলে পূর্বের বালী গ্যাংগ্রিন নামক একজাতীয় রোগের সহিত ইহার খুব সৌসাদৃশ্য আছে।

আমাদের দেশে বিদেশ হইতে টিন প্যাক করা যে সকল থাত আমদানী হয় সে সম্বন্ধে কোনও রূপ কড়া আইন না থাকায় বহুদিনের প্রস্তুপ বালী বা কুত্রিস বৈজ্ঞানিক উপায়ে প্রস্তুত থাত বা "ফুড" নামধেয় রোগী ও শিশুর পথ্য বিনা বাধায় যথেজ্ঞাভাবে বাজারে বিক্রন্ম হয় এবং আমাদের অজ্ঞতার দরুণ আমরা বিদেশে বহুদিন পূর্ণের প্রস্তুত টিনে বা শিশিতে ভরা বালি, ফুড ইত্যাদি জিনিষ নি:সংস্থাতে ব্যৱহার কবিয়া থাকি বং ন:নারূপ রোগকে শরীরের মধ্যে আবাহন করি। বিলাত বা পাশ্চাতা স্বৃত্যু দেশ সকলে এ রকম হইবার

উপায় नाहे। । प्रवास्न निर्फिष्टे সময় উত্তাৰ্গ हहेया গেলে উহার বিক্রম বন্ধ করিয়া দেওয়া ১ম।

বছদুর দেশ দেশাস্তর হইতে আনীত এবধিধ বালী বা ছুড সকলে যথেচ্ছাভাবে ব্যবহার করায় হিতে বিপরীত ঘটিয়া থাকে; সেই জন্ম বলি—এদেশে উৎপন্ন টাট্কা ও সন্ম তৈয়ারা ফসল হইতে বৈজ্ঞানিক উপায়ে প্রস্তুত :—

কে, সি, বস্থ এণ্ড কোংর "পার্ল বার্লী" বা পাউডার বার্লী"

াবহার করিয়া প্রকৃত ও স্বাভাবিক রূপে আপনার ও পরিবারাদির স্বাস্থ্য রক্ষা করুন, বাজারে, ডাক্তার খানায় ও মুদীর দোকানে সর্বত্ত পাওয়া যায়।



পি, ব্যানাজির


# সপ দংশনের মহৌষধ।

টেড "লেক্সিন" মার্কা।

ইহাতে সর্ব্বপ্রকারের সর্পবিষ নিশ্চিত আরোগ্য হয়। মূল্য ১, টাকা, ভিঃ পিতে ১॥০ টাকা।

১২ শিশি ১০॥০, ভিঃ পিতে ১১।০, ৫০ শিশি ৪০১, ভিঃ পিতে ৪২১ টাকা। ১০০ শিশি ৭৫১, ভিঃ পিতে ৭৮১, ১৪৪ শিশি ১০৮১, ভিঃ পিতে ১১২১ টাকা। সমস্ত টাক। অগ্রিম পাঠাইলে ডি: পি: খরচ লাগে না।

> শ্রীপরেশনাথ বন্দ্যোপাধ্যায়। মিহিজাম, ই, আই, আর ; ( দাঁওতাল পরগণা )।



চুলগুলকে খুব


কর্ত্তে হ'লে নিত্য **কেশ্রঞ্জন-তৈল** ব্যবহার করুন।

মহিলাকুলের কেশ প্রসাধনৈর শ্রেষ্ঠ-উপাদান আমাদের কেশব্ৰঞ্জন। নিতা মাথার মাধিলে চুলগুলি খুব ঘন এবং কালো হয়, মাথা ঠাণ্ডা থাকে, কেশরঞ্জনের মধুর श्राम मोधकानवााभी छ हिटलामानकाती।

## বাসকারিষ্ট

শীতের সময় সদি কাসি অনেকেরই লেগে থাকে। এক শিশি বাসকারিষ্ঠ এই সময় ঘরে রাখিলে সর্দ্দি কাসি থেকে কোনরপ কষ্ট পেতে হয় না। মুক্য প্রতি শিশি এক টাকা। ডাক বায় সাত আনা।

কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ আৰুকেদীয় উৰ্থালয়। ১৮।১।১৯ নং লোৱার চিৎপুর রোভ, কলিকাতা।



#### বাদগেটের ক্ষিভাব্র স্পেসিকিক।

পালাজ্বর নাশক এই মহৌষধি সেবনে বুসঘুসে ও পালাজ্বর, ম্যালেরিয়া, যকুতের বিকৃতি ও প্লীহা বৃদ্ধি আরোগ্য হয়। বিশেষতঃ ক্ষুধা-রাহিত্য, রক্তাল্পতা ও তুর্বলতা থাকিলে ইহাতে সমধিক ফল দর্শে।

সেবনের নিশ্রম—পূর্ণ বয়স্কদিগের জন্য বড় চামচের এক চামচ বা এক দাগ। ১২ বার বংসর পর্যান্ত চা চামচের ২ চামচ বা অর্দ্ধ দাগ। ৬ ছয় বংসর পর্যান্ত ১ এক চামচ ৩ তিন বংসর পর্যান্ত ৩০ ত্রিশ কোঁটা। শিশুদিগের জন্ম ২০ কুড়ি কোঁটা। জ্ববিরামকালে আহারান্তে অল্ল জলের সহিত দিবসে তুইবার সেবনীয়।

মাঝারি বোতল ২৪ দাগ ঔষধ, দাম · · · ২০ ছোট ঐ ১২ ঐ ঐ · · · ১

বাদগেট এণ্ড কোম্পানী,

কেমিষ্টসূ,

১৯ নং ওল্ড কোর্ট হা উদ খ্রীট, কলিকাতা।

# Brand & Co., Ltd., London. Invalid Food Specialists,



Awarded Gold Medal Calcutta Exhibition Brand's Essence of Chicken.

IMPORTANT.

When purchasing Brand's Essence of Chicken see that the label of each tin is overprinted in RED INK as follows: SPECIALLY MANUFACTURED for the INDIAN MARKET.

Brand's Products stocked by the leading Chemists & Provision Merchants throughout India.

PRICE LIST forwarded on application to Mr. A H. P. J. NNINGS, Indian Representative, Block F., Clive Buildings, CALCUTTA.



বড় বোতল ১৬ দাগ

১৯০ চৌদ্দ আনা।

ছোট বোতল ৮ দাগ

১৯০ আট আনা।

ইনফ ুয়েঞ্জা ট্যাবলেট

ইনফ ুয়েঞ্জা ট্যাবলেট

ইনফ ুয়েঞ্জা ট্যাবলেট

ইনফ ুয়েঞ্জা ট্যাবলেট

ইনফ ুয়েঞ্জা চ্যাবলেট

ইনফ ুয়েঞ্জা চ্যাবলেট

ইনফ ুয়েঞ্জা চ্যাবলেট

ইনফ ুয়েঞ্জা চ্যাবলেট

ইনফ ুয়েঞ্জা চ্যাদির মহৌষধ
মূল্য প্রতি শিশি ক' আনা।

ডাইজেপ্টিব ট্যাবলেট।

ডিম্পেপসিয়া, অয়শূল, পেট
ফাগা, বদহন্দম ইত্যাদিতে
বিশেষ উপকারী।

নিউর্যালজিয়া বাম।
বাত, গাঁটে ব্যথা মাথ।
ধরা, ইত্যাদিতে মালিশ
করিতে হয়, আশ্চর্য্য ফলপ্রদ উষধ।

মূক্য প্রতি শিশি ৮০ আনা।
ক্ষেবি কিওর।
প্রতি কোটা।/০ আনা।
োদের মলম।
থোস পাঁচড়ার বহুপরীক্ষিত
ভূষধ।

প্রকজিমা কিওর। প্রতিকোটা । প • আনা। কাউর ঘায়ের মলম। দাদের মলম। প্রতিকাটা • •ানা

স্থলভে সৰ্বপ্ৰকার ঔষধ পাইবার একমাত্ৰ ঠিকানা



## সতের হাজার চিকিৎসক কেন **উনকারনিসের**

#### প্রশংসা করেন ?

চিকিৎসক্গণ উইনকারনিসকে বিশুদ্ধ বলকারক অরিফ বলিয়া স্বীকার করেন।

তইনকারনিস্—গ্রীষ্মপ্রধান দেশে বাস হেতু মানসিক ও শারিরিক বিপদগুলির মূলে যে বিষক্রিয়া থাকে তাহা অপনোদন করিয়াছে বলিয়া প্রমাণিত হইয়াছে।

এই অরিষ্ট মাংস ও যবের সারাংশ সংমিশ্রণে এবং ম্যাঙ্গানিস্ হাইপোফক্টেট যোগে অথচ কোনরূপ দৃষিত দ্রব্য বর্জিত হওয়ায় এমন একটা বলকারক ঔষধ যাহা রক্তহীনতা তুর্বলতা, স্নায়বিক অবসন্নতা, জীবনীশক্তির সন্ধত। ও অভাভ স্নায়্বটিত রোগে বিশেষ ফলপ্রদ। জ্বের পর উইনকারনিস্ অতি আশ্চর্য্য, শরীর শোধনকারী ঔষধ এবং সাধারণ তুর্বলতা, অল্লাহার ও ঋতুর চরম পরিবর্ত্তন কালীন উপসর্গ সমূহ নিরাকরণে সমর্থ।

ভইনকারনিস্ আহার যোগায়, শরীর গঠন করে, ভেজবৃদ্ধি করে—রক্তপুষ্টি করে এবং শারীরিক ও মানসিক ক্ষমতা বৃদ্ধি করে।

এই ওষধটী একেবারে বিশুদ্ধ এবং ইহাতে কোন হানিকর দ্রব্যাদি নাই।




productive transfer of the contractive of the contractive of the contractive to the contr

# INTESTINAL STASIS

আহারীয় অবশিস্তাংশ যদি ১২ ঘণ্টার ভিতর সিকাম (Caecum) না ধা এবং ২৪ ঘণ্টার ভিতর মণ্ডবংশ নিঃসবণ না হয় তাহা ইইলে আল্লিক বদ্ধতা

Toxic blood to heart and general circulation



The path of intestinal toxemia

(Intestinal Stasis) উপস্থিত হয়। ইহার কতকগুলি কারণ বর্তমান আছে:—

(১) আন্ত্রিক বিষসঞ্চার (২) এ্যাপেন-ডিক্সএর পুন: পুন: প্রদাহ (৩) অস্ত্রের কোলন নামক অংশের স্থানচ্যতি य (थर्ड (8) ব্যায়ামের অভাব (c) বুদ্ধাবস্থায় মাংসপেশীসমূহের পরি-প্রমূচিত (%) (৭) ভন্মকালীন মাংস্পেনীর শুক্ত (৮) জ্যাকসনের ঝিলিব (১ লিভারসম্পকীয় (১০) ট্রান্সভার্ কোশনের মেচিড়ান ও দোমড়.ন (১১) নানাবিধ পকেট ও পলির প্রতের্ভাব।

যদিও দৈনিক মল নি:দরণ হয় তথাপি ৫০ হণ্টা হইতে ১০০ ঘণ্টা দিকাম (Caecum) সম্পূর্ণক্ষপে থালি হহতে লাগে। স্তরাং ধীরে ধীরে আল্রিক বদ্ধতা (Stasis) আদে; এই বন্ধতা দুরীকরণ করিতে হইলে

শুক্ষতা নিধারণ করিয়া তৈলাক্ত করিতে Nujol অধিতীয়। তরল প্যারাফিন এর মধ্যে Standard Oil Co. র প্রস্তুত Nujol স্ক্রিবয়ের প্রেষ্ঠ।

## Nujol TRADE MARK

For Lubrication Therapy

Made by STANDARD OIL CO. (NEW JERSEY)

Distributed by MULLER & PHIPPS (India) Ltd.
Beli Ram & Bros.

# GENASPRIN

# জেন আসপিরিন।

( আসপিরিন জাতীয় ঔষধের মধ্যে সর্বোৎকৃষ্ট।)

মাধাধরা, দন্তপুল স্নায়র পীড়া প্রভৃতি রোগে চিকিৎসক
ও বোগী এক বাক্যে জেন আদপিরিনের উপকারিতার
উচ্চ প্রশংসা কংন। নিম্নলিথিত অবস্থাতেও জেন
আদপিরিন বিশেষভাবে কলপ্রদ।

গ্রন্থীতে ব্যথা—বাত গেঁটে বাত (সর্ব অবস্থাতে)
আপ্তিও—আরথাইটিন, রিট্মাণ্টকেড আরথাইটিন্
ইত্যাদি।

মাংসপেশীর বাধা, ফাইব্রোগাইন্সি এবং শামব্যাগো। মাংসপেশার রোগ—যেমন ম:ইজালজিয়া। স্বায়্দদ্দীয় বোগে—নিউরাণজিরা, নিউরাইটিদ্ বার<mark>দাই-</mark>
টিদ্, বোগের দকণ অনিতা ও স্থচী বিদ্ধের স্থায় হয়।

ইন্সু্রেজা, সন্দি ইত্যাদি আধকপালে ও **অক্তান্ত** রকম শির:পীড়া, অনিদ্রা রোগে বিশেষ ফল পাওয়া **যায়।** ওতেরিয়ান বাগাও কমিয়া যায়।

জর—ডেফু, হাড়ভাফ। হার, সাদি গার্মি, ম্যালেরিয়া কুইনাইনের সহকারীরূপে ব্যবহার হয়।

আবেদন করিলে জেন আসপিরিনের নিয়মাবলী সহদ্ধে পুস্তিকা মাদরের সহিত বিতরণ করা হইবে।

## মাটিন ও হারিস,

৮ নং ওয়াটারলু ষ্ট্রীট, কলিকাতা।

গ্রাহামের বিভিংস, পার্শীবাজার ষ্ট্রীট, ফোর্ট, বোম্বাই। একমাত্র প্রস্তুতকারক—জেনাটোসান লিমিটেড।

गेगान ।वाभुरुष्ठ ।

लाक्वरता, रेःलख।

পুরাতন



পায়ের ঘা

অনেক সময় চিকিৎসকের চক্ষুশূল হইয়া দাঁড়ায়—কারণ তাঁহার সকল প্রকার ঔষধের ব্যবহারেও রোগী সারিতে চাছে না

গুইজন বিজ্ঞ চিকিৎসকের



#### ব্যবহারে অভিজ্ঞতা দেখুন

( একজন ২০ বৎসর ও অপর ২৪ বৎসরের পুরাতন চিকিৎসক )
তাহারা এই উত্তেজক বীর্জাণুনাশক ঔষধটি স্বধু বা ইক্থিওল
( Icthyol ) এর সহিত সকল কইন্দায়ক ঘায়ে লাগাইতে বলেন—
ক্যেকজনের আরোগ্যেই ডাক্তারের যশ কৃতজ্ঞ রোগীদের দারা
বিদ্ধিত হইবে।

# The Denver Chemical Manufacturing Co. New York.

Muller & Phipps (India) Ltd.

P. O. Box 773. Bembay.



# The Original & Standard Emulsion of Petroleum

#### Angier's Emulsion

is made with petroleum specially purified for internal use. It is the original petroleum emulsion—the result of many years of careful research and experiment.

#### Bronchitis,

Sub-Acute and Chronic, There is a vast amount of evidence of the most positive character proving the efficacy of Angier's Emulsion in subacute and chronic bronchitis. It not only relieves the cough, facilitates expectoration and allays inflammation, but it likewise improves nutrition and effectually overcomes the constitutional debility so frequently associated with these cases. Bronchial patients are nearly always pleased with Angier's Emulsion, and often comment upon its soothing. comforting " effects.



#### Pneumonia and Pleurisy.

The administration of Angier's Emulsion during and after Pneumonia and Pleurisy is strongly recommended by the best authorities for relieving the cough, pulmonary distress, and difficult expectoration. After the attack, when the patient's nutrition and vitality are at the lowest cbb, Angier's Emulsion is specially indicated because of its reinforcing infectors of digestion, assimilation and nutrition.

#### In Gastro-Intestinal Disorders

of a catarrhal, ulcerative, of tubercular nature, Angier's Emulsion is particularly useful. The minutely divided globules of petroleum reach the intestines unchanged, and mingle freely with intestinal contents. Fermentation is inhibited, irritation and inflammation of the intestinal mucosa rapidly reduced, and climination of toxic material greatly facilitated.

# ANGIER'S EMULSION

THE ORIGINAL AND STANDARD EMULSION OF PETROLEUM

Free Samples to the Medical Profession

ON APPLICATION TO
MESSRS. MARTIN & HARRIS, LTD., 8, WATERLOO STREET, CALCUTTA.

ANGIER CHEMICAL COMPANY, LIMITED, 86 CLERKENWELL ROAD, LONDON, ENG.

The most recent advance in the Antimony Treatment of KALA-AZAR

#### UREA STIBAMINE

কালাছরে Antimony চিকিৎসায় Urea Stibamine দর্কশ্রেষ্ঠ আধুনিক ঔষধ (-Ureaর সহিত Para aminophenyl stibinic acid মিশাইয়া প্রস্তুত হইয়াছে)।

ইহা ব্যবহার করিলে থুব অর সময়ের ভিতরেই উত্তম ফল পাওরা যায়।

#### ইহার গুণের বিশেষত্ব ঃ-

- (১) ছুই হইতে তিন স্থাহ ব্যবহার করিলে রোগী সম্পূর্ণরূপে আরোগ্য লাভ করে।
- ( २ ) ব্যবহার করিতে আরম্ভ করিলেই রোগলক্ষণগুলি অতি সত্তর দূর হর।
- (৩) ঔষধ ব্যবহারে রোগীর অসহ যন্ত্রণা হইবার কোন লক্ষণ হর না।
- ( ৪ ) যে সকল রোণীদের sodium antimony tartrate বা tartar emetic দ্বারা উপকার হয় না ও যে সকল রোগী পুনরায় রোগে পড়েন সেই সকল ক্ষেত্রে ইহার কার্য্য অতীব স্থান্তর এবং সর্বাপেকা ফলপ্রাদ।
- (৫) পরীক্ষার দেখা গিরাছে বে রোগের গোড়ার ৪ বা ৫টা ইনজেকসন দিলেই বা অনেক সময় তাহার অপেকা কম ইনজেকসনেও রোগ সারিয়া বায়।

কেহ চাহিন্না পাঠাইলেই আমাদের ডাক খ্রচার Urea Stibamine ব্যবহার করিবার প্রশালী লিখিত পৃত্তিক পাঠাইরা দেওরা হইবে।


Urea Stibamine, Bathgate & Co. ও অক্তান্ত বিখ্যাত ঔষধ বিক্ৰেতাৰ নিকট পাওয়া ধাৰ।


BATHGATE & Co. Chemists, Calcutta.



#### মাৰোসালভারসন্

- ১। উপদংশ
- २। आम् ( yaws )
- । পৌনপুনিক জন (Relapsing fever)
  - ৪। বদস্টত্যাদির





সাবধান : আল হইতেছে, মোড়কের উপর নিয়লিধিত কথাগুলি দেথিয়া লইবেন ঃ—
Specially manufactured for the Tropics

And packed for British India, Burma Ceylon &c. and imported by Havero Trading Co. Ltd., or (the Colour & Drug Co..

Ltd., or (the Colour & Drug


Ltd., our predecessors)

Sole Importers :-

### হাভেরো ট্রেডিং কোং, লিঃ

পোঃ বন্ম নং ২১২২ ১৫, ক্লাইভ ষ্ট্ৰীট<sub>্</sub>, কলিকাতা।





ষষ্ঠ বৰ্ষ ]

গগ্ৰহায়ণ-->৩৩৫

্ ১০ম সংখ্যা

## দক্তের গৃহচিকিৎসা।

ডাঃ আর, আহদাদ, ডি, ডি, এস্ (Principal Dental College, Calcutta.)

দন্তের গৃহচিকিৎসার উদ্দেশ্য হইতেছে দন্তক্ষয়
নিবারণের সাহায্য করা ও যে সকল মাংস পেশার
সাহায্যে দন্ত চোয়ালে সংলগ্ন থাকে উহাদিগকে
সবল করা। খাছ্য জান হইবার পূর্বের দন্তবারা
চবিত হয়, স্কুতরাং মুখ গহ্বর পরিষ্কৃত রাখা
একান্ত প্রয়োজন। রোগা যদি আপনি মুখ
গহ্বর পরিষ্কৃত রাখিতে যত্মশীল না হন সাধারণতঃ
দন্ত চিকিৎসক ষ্থাসাধ্য কৌশল প্রয়োগ করিয়াও
দন্তক্ষয় নিবারণ করিতে পারেন না।
দন্তের স্থায় দন্তের ভিত্তি যাহাতে স্থান্ত থাকে

সে সম্বন্ধে দৃষ্টি রাখা কর্ত্তব্য।

এরপ অনেক দন্ত আছে যাহা সম্পূর্ণরূপে
নীরোগ অগচ শিথিল ও অকর্মণা হইয়াগিয়াছে
কারণ যে পেশী দারা উহা মাড়ীতে সংলগ্ন উহা
ব্যাধিজীর্ণ হইয়া গিয়াছে। স্থদ্চ ভিত্তি ব্যতিরেকে
বেরূপ স্থরমা অট্টালিকার কোন মূল্য নাই সেইর্নপ
সংলগ্নকারী মাংগপেশা সকল সবল ও দৃঢ় না

থাকিলে স্থচারুগঠন পংক্তির **ज** शु প্রয়োজনীতা নাই। প্রতি দত্তের চতুঃপার্যন্ত পেশা সকল ব্যাধি দ্বারা আক্রান্ত হইবার সূত্র পাতেই স্থদক্ষ দন্ত চিকিৎসকের নিকট চিকিৎসা করা**ইলে** আরোগ্য হওয়ার সম্ভাবনা আছে। দম্ভপীড়াকে সম্পূর্ণরূপে নিবারণ করিতে পারিলেই উত্তম তাহা না পারিলে পীড়ার সূত্রপাতেই উহার নিবারণ করা উচিত। দন্ত অক্ষত রাখিতে হইলে দন্ত-ডিবির প্রতি দৃষ্টি রাখিতে হইবে, সমুদয় মুখ গহর পরিক্ষত রাখিতে হইবে, কঠিন খান্ত চর্বন করিতে ইইবে মাড়ি মৰ্দ্দন করিয়া দন্তের পারিপার্ষিক স্থানে রক্ত সঞ্চালনের উদ্রেক করিয়া মাড়ি স্থান্ট রাখিতে रहेरत। तनश्च यावकीय क्षिक भागर्थ **तन इहेर**क নিকাশিত না হইলে দেহের সর্বব অক্সপ্রভাকেরই রোগ বীজাণুর সহিত সংগ্রামের শক্তি কমিয়া আসে; মুখ গহররত্ব পেশী সকল দেহেরই অংশ অতএব মুখ গহবর স্তম্ভ রাখিতে হইলে যাহাডে সমৃদয় দেহ স্কৃত্ব থাকে তাহার প্রতি দৃষ্টি রাখিতে হইবে i

মা.ড়িকে মৰ্দ্দন করিতে হইবে।

সাধারণতঃ এই আন্ত ধারণা প্রচলিত আছে যে মাড়ির উপর বুরুশ চালনা করিলে মাড়ি ক্ষয় প্রাপ্ত ইয়। বুরুস দিয়া যথোচিতরূপে দন্ত মার্জ্জনা না করিলে যেরূপ দন্তের হানি হয়, তদ্রূপ মাড়ির উপরে অসুচিত ভাবে বুরুশ চালনা করিলে মাড়ির হানি হয়। দন্ত বুরুশ দিয়া উত্তমরূপে পরিক্ষৃত করিতে হয়। জিবছোলা দারা জিহ্বা উত্তমরূপে পরিক্ষার করিতে হয়। অবশ্য ইহার জন্য বুরুশ যথোপয়ুক্ত ভাবে চালনা করিতে শিক্ষা করা উচিত।

এক পদ্দা তুলা দিয়া মাড়ি মর্দদন করা যাইতে পারে। অথবা একথণ্ড পরিদ্ধার বস্ত্র ভিজাইয়া ভর্জনি ভারা ধরিয়া দক্তের গোড়ায় চাপ দিয়া মর্দদন করা যাইতে পারে। দত্তের উপকারিতা রক্ষা করিতে হইলে দন্তমার্জ্জনা করা যেরূপ আবশ্যক কেহ কেহ মনে করেন যে যাহার মাড়ী সবল নহে তাহার পক্ষে মাড়ী মার্ক্জনা করা তেডোধিক আবশ্যক।

অনুপযুক্ত খাগ্য দস্ত ও মাড়ির ব্যাধির স্থান্তি করে।

আমাদের আধুনিক দৈনিক খাত হইতে মাড়ির কোনওরূপ চালনা হয় না। এই নিমিত্তই কৃত্রিম উপায়ে মাড়ির চালনা করা প্রয়োজন। অধিক পরিমাণে কেক, রসগোলা, সন্দেশ, পায়স রুটী, বিস্কৃট ইত্যাদি আহার করিলে কোষ্ঠবন্ধতা হওয়া সম্ভব; এই সকল খাত আঠাল স্থতরাং দন্তের চতুপার্যে জমিয়া থাকিয়া দন্ত ও মাড়ির পীড়া জন্মায়। মংস্থা, মাংসা, ডিম ও পনির প্রভৃতি প্রোটীন নিযুক্ত খান্ত অধিক পরিমাণে আহার করিলেও ভাগতেও কোন্ঠকাঠিত উৎপন্ন হয়। এইরূপ উপযুক্ত নিক্ষাশনের অম্ভাবে দম্ভপাড়াব সূত্রপাত হয়।

উপযুক্ত খাগ্য গ্রহণ করিতে হইলে কিরূপ আহার্যের প্রয়োজন।

মুখ গহরর সৃষ্ণ রাখিতে হইলে আমাদিগের পরিমিতরূপ খেতদার, শর্করা ও প্রোটীনযুক্ত খাছ শাক্ষজী এবং সপক টাটকা ফল ইত্যাদি খাওয়া উচিত। উপযুক্ত খাছা না খাইলে দন্ত ও মাড়ী সুস্থ ও সবল থাকিতে পারে না।

স্বকীয় যত্ন ও চেফীর নিম্নলিখিত স্থফল পাওয়া যাইবে।

১। দন্ত, মাড়ী ও জিহ্বাতে মুখগহবরন্থ বীকাণুযথাসন্তৰ কম।

২। দণ্ডের উপর ময়লা জমিয়া থাকে না ও দন্তের উপরে ও চতুপ্পার্দে খাঞ্চকনা সংলগ্ন থাকে না।

৩। সংলগ্নবারী পেশী সকল সবল ও স্বস্থ থাকে।

- ৪। এপিথেলিয়াম (Epithelium) পুরু হয়
   ও বহিবীজাতুর সহিত সংগ্রামের শক্তি বর্দ্ধিও হয়।
- ৫। মাড়ির উপরস্থ পেশী সকলের (Sensitiveness) অনুভূতি শক্তির উপশম ইয়।
- ৬। অধিকাংশ স্থলে দন্তের ছিত্র হওয়া বছল পরিমাণে কমিয়া যায়।
- ৭। সর্বস্থলেই মাড়ি সংক্রান্ত পীড়া বন্ধ হইয়াযায়।
- ৮। দন্ত মাড়িতে কঠিন হ**ই**য়া **দং**লগ্ন : হইয়া যায়।

- ৯। উভয় পার্শব্ব দন্তবারা খাত চর্মবণ করিলে সকল দন্তের চালনা হয় ও সকল দন্ত স্কৃত্ব থাকে। দন্ত পরিষ্কার করিবার জন্য কিকি প্রয়োজন
- ১। দন্তের নিমিত্ত উৎকৃষ্ট বুরুশের প্রায়োজন। বুরুশের চুল গুলি বেশা নরম হওয়া উচিৎ নয় ও বাবহারের পর বুরুশটীকে উত্তমরূপে শুখান আবশ্যক।
- ২। দত্তের মধ্যবর্তী স্থানগুলি পরিকার করিবার জন্ম মোম যুক্ত সূতা (Floss) বা শলাকা ব্যবহার করা যাইতে পারে।
- ০। দন্তমঞ্জন বা পাউডার অপেক্ষা বুরুশ
  দিয়াই অধিক কার্য্য সাধিত হয় ইহা মনে রাখিতে

  ইইবে।
- 8। মুখ প্রকালন সম্বন্ধে সাধারণ লবণ মিশ্রিত (এক গ্রাস জলে চা চামচের এক চামচ লবন দিতে হইবে) গ্রম জল ব্যবহার করা যায়; যদিও সকল ক্ষেত্রে ইহার প্রয়োজন হয় না।
- ৫। দেওয়ালে টাঙ্গানো একটা আয়নায় দেখিদা দক্তের প্রসাধন করিতে হইবে।
- ৬। দত্তের গৃহ চিকিৎদার নিমিত্ত কোন কার্য্যে কত সময় ব্যায় করিতে হইবে তাহা ঘড়ি দেখিয়া নিরূপণ করিতে হইবে।

#### দন্ত মাজ্জন।।

প্রতিদিন অস্ততঃ ৯।১০ মিনিটকাল পর্যান্ত দন্ত মার্ক্তনা করিতে হইবে। মধ্যাক্ষ ভোজন ও সান্ধ্য ভোজনের পর এমনকি প্রত্যেক আহারের পর দন্ত পরিষ্কার করিতে পারিলে আরও ভাল। প্রাতঃকালে মুখ পরিষ্কার করিতে সকলেই ভাল বাদেন কিন্তু আহারের পর মুখ পরিকার করা আরও প্রয়োজনীয়।

#### জিহ্বার পরিচ্ছমতা

দন্তের ব্রুশ দিয়া জিহনার উপরিভাগ গোড়ার দিক হইতে সম্পুথের দিকে সন্মাণ্ডনার আয় মার্জ্জনা করিতে হইবে। প্রাতঃকালে আহারের পূর্বের ২ মিনিট্কাল এইরূপ ব্যবহার করিতে হইবে। জিভ্ছোলা ব্যবহার করিতে হইলে খুব সাবধানে করা উচিত যাহাতে ঘর্মণে জিহনার কোমল হক ছিড়িয়া না যায়।

দন্ত পরিষ্কার সন্মন্ধে কয়েকটা কথা

- ১। দক্তের বুরুশ উপরে ও নিচে চালনা করিতে হইবে।
- । অসাবধানতার সহিত শলাকা দ্বারা দাঁতের ফাঁকের মধ্যে পরিষ্কার করিলে মাড়া ভূষিত হইতে পারে বিশেষ করিয়া অপরিষ্কৃত মুখে।
- হা মোমযুক্ত সূতা অদাবধানতার সহিত বাবহার করিলে দক্তের সংলগ্নকারী পেশার হানি হইতে পারে।
- ৪। বাজারে বছপ্রকার অনিষ্টকর দন্তমঞ্জন প্রচলিত হইতেছে যাহা বাবহার করিলে দন্তের উপর ক্রাশঃ ক্ষয়প্রাপ্ত হইতে পারে।
- ৫। একের ব্যবহৃত দুমুমার্জ্জনী অন্তে ব্যবহার করিলে সাংঘাতিক প্রকার সংক্রামক পীড়া **জন্মিতে** পারে।
- ৬। অত্যধিক উফ বা শীতল জল ব্যবহার করিলে দন্তমঙ্কা আগাতপ্রাপ্ত হয়।

#### যক্ষারোগীর কর্ত্তব্য।

শ্ৰীমতী মঞ্জলিক। দেবী।

্যতপ্রকার ব্যাধি আছে যক্ষা তাহাদের ভিতরী সর্নবাপেক্ষা ভীতিজনক, ইহার বীজাণু শরীরে প্রবেশ করিলে এবং নৃত্র অবস্থায় তাহার উত্তমরূপে চিকিৎসা না করিলে, অধিকাংশ সময় ইহা সারে না। এই রোগের বীজাণু এত ছোট যে খুব জোবালো মাইক্রসকোপ' ব্যবহার না করিলে দেখা যায় না। এই বীজাণু দেহের অনান্য জায়গায় আক্রমণ করিলে হয়ত পরে সারান যাইতে পারে, কিন্তু ইহা ফুস্ফুসে আক্রমণ করিলে, চিরকাল এই রোগে কফ পাইতে হয়। স্থান্ত বোগের বীজাণু প্রায়ই কোনও প্রকার কীটের দারা আমাদের শরীরে প্রবেশ করে কিন্তু এই বীজাণু সাধারণতঃ একজন মানুষ হইতে আর একজনকে আক্রমণ করে, গরু পাখী ইত্যাদি হইতেও এইরোগ হইয়া থাকে।

যক্ষারোগীদের সাবধানে রাখিলে ইহা আর ছড়াইতে পারে না। তাহারা যে সমস্ত খাইবার বাসন, বিছানা, জামা কাপড় ইত্যাদি ব্যবহার করে, সের বহু কাহারও ব্যবহার করা উচিত নয়। রোগীকে যেখানে সেখানে থুথু ফেলিতে দিবেনা। কোনো পাত্রে কিম্বা ক্রমালে, ছেঁড়া কাপড়ের টুকরায় থুথু ইত্যাদি ফেলিয়া তাহা পোড়াইয়া ফেলিবে। রোগীর খুব কাছে বসা উচিত না, কারণ তাহার নিঃখাস প্রথাসের দারাও অত্য লোকের শরীরে ওই বীজাণু প্রবেশ করিতে পারে। রাস্তায় যাহাতে ধুলা না ওড়ে তাহার ব্যবস্থা করা মিউনিসিপালিটীর দরকার, কারণ ধূলাতে এই রোগের বীজাণু যথেষ্ট পরিমাণে থাকে। এই

রোগাক্রান্ত লোক রাস্তায় যথেচ্ছা থুথু ইত্যাদি ফেলে এবং পরে তাহা শুক্ষ হইরা ধূলার সহিত উড়িতে গাকে এবং আমরা তাহা নিঃখাসের সহিত গ্রহণ করিয়া ওই রোগে আক্রান্ত হই। যে বাটীতে যক্ষমী রোগীর বাস ছিল সেইরূপ বাটীতে বাস করিলে যক্ষমা হইতে প্রায়ই দেখা ধায়।

সহরে এই রোগ বেশা দেখা যায় ভাহার প্রধান কারণ সেখানের বাটীতে অধিক আলো বাভাস ঘাইতে পারে না। বিশুদ্ধ বাভাস এবং সূর্য্যের রশ্মি এই রোগ নাশ করিতে পারে। ultra violet যুক্ত সূর্যা রশ্মি এই রোগের বীজাণু নষ্ট করিতে পারে। সহরের বাটী সমূহ পরস্পরের এত নিকটে যে তাহাদের ভিতর আলো বাতাস সম্পর্ণরূপে প্রবেশ করিতে পারে না। দিতীয় रঃ মেয়েদের পর্দ্দ। প্রথার জত্ম এই রোগ তাহাদের ভিতর বেশী দেখা যায়। হিন্দু অপেকা বেশী মুদলমান জ্রীলোক এই রোাগ মারা যাইতে দেখা গিয়াছিল তাহার প্রধান কারণ মুসলমানদিগের ভিতর পদ্দা প্রণার বেশী চলন। তাহারা সাধারণতঃ ১০-১১ বছর বয়স হইতে অসুর্যাম্পশ্যা হয়, এবং ভাছারা বাটীতে এরূপ স্থানে বাস করে যেখান হইতে সাধারণ লোক তাহাদিগকে দেখিতে না পায়; এই স্থান গুলি সাধারণতঃ বাটীর ভিতর্দিকে, এবং সেখানে আলো বাতাস সাধান ভাবে প্রবেশ করিতে পারে না। হিন্দুদিগের ভিতরও এই প্রথা রথেষ্ট পরিমাণে আছে; কিন্তু তোহা মুসলমানদিগের অপেক্ষা কম। পর্দানশীন দিগকে বাহিবে যাইতে হইলেও গাড়ীর চতুর্দিকে

উত্তমরূপে পর্দা লাগাইয়া বাহির হইতে হয় এবং ঘরে থাকিলেও আলো বাতাসহীন জায়গায় রাখা হয়। এই কারণে পুরুষ অপেকা মেয়েদের यक्तारताश (वनी इय । हिन्दू जरशका मुमलमानिदर्शत ভিতর পর্দার আধিক্য বলিয়া মুসলমান এই রোগে হিন্দু অপেকা বেশা মরে। যে স্থানে হাজারে প্রায় ৬ कन मुमलमान जीत्नांक मात्रा यात्र (य जात-৩ জন হিন্দু মৃত্যু মুখে পতিত হয়। ঠিক এই কারণেই পুরুষ অপেক্ষা বেশী নারী এই রোগে আক্রান্ত হয়। প্রতি ৭ জন যক্ষায় মৃত নরনারীর ভিতর ৬ জন স্নালোক। কলিকাতা করপোরেশনের হেল্থ অফিসারের রিপোর্টে তিনি লিখিয়াছেন সহরের অধিক লোকপুণ গলিতে পর্দানশীণতার জগুই প্রত্যেক ৭ জন মূতের ভিতর ৬ জন স্ত্রীলোক এবং একজন পুরুষ মারা যায়। সহরে সাধারণ লোকে দেখিতে না পায় অথচ উত্তমরূপে আলো বাতাস খেলিতে পারে এরপে স্থান সচরাচর পাওয়া নায় না, স্থুতরাং বাধ্য হইয়া তাহাদিগকে আলো বাতাসহীন জায়গায় গাকিতে হয়। সহরের বাটী সমূহে আলো বাতাস সম্পূর্ণরূপে খেলেনা তাহার উপর আবীর ভিতরের দিকে মেয়েদের রাখা হয়, সেই সব জায়গায় সূর্য্যরশ্মি এবং নির্মাল বাতাস প্রবেশ করিতে পায় না : তৃতীয়তঃ খাতের অভাবের জন্মও এইরোগ হয়। আজকাল তেল দি দুধ মাখন ইত্যাদিতে নানাপ্রকার ভেজাল মিশ্রিত থাকে, এবং সেই সব ভেজাল মিশ্রিত জিনিষের ব্যবহারে আমাদের শরীর তুর্নল হইয়া যায় স্থতরাং রোগ প্রতিরোধ করিবার ক্ষমতাও নষ্ট হইয়া যায়। ফল, সজী ইত্যাদি ভাইটামিন পূর্য খাতে আমাদের শরীর ভাল থাকিতে পারে।

এই জিনিষ সমূহ রন্ধন কালে নানা প্রকার মশল। দ্বারা এবং সাগুণে বেশীক্ষণ ধরিয়া রালা হয় যলিয়া উহাদের ভাইটামিন নদট হইয়া যায়, স্কুভরাং কাঁচা টমাটো, ঢ়েড়স পেয়াজ ইভাদি খাইলেও উপকার হয়। এই জিনিয় সমূহের ব্যবহারে আমাদের শরীর তুর্বল হইতে পারে না ও রোগ প্রতিষেধক ক্ষমতা বৃদ্ধিত হয় স্কুভরাং সহজে যক্ষমা রোগ হওয়া সম্ভব নয়।

অধিক পরিশ্রামের পর সল্লকণ বিশ্রামের ফলেও এইরোগ হইয়া থাকে। বিশ্রাম না পাইলে আমাদের শরীরের জোর কমিয়া যায়, যাঁহার। অধিক পরিশ্রম করিয়া থাকেন ভাঁহাদের ঘুমান খুব বেশী দরকার। শরীরের বিভিন্ন সংশগুলি ভাহাতে বিশ্রাম পায়, সেইজন্ম রোগ প্রতিরোধ করিবার কম্ভাও শীঘ নন্ট হয় না এবং নানারূপ বাাধিতে কন্ট পাইতে হয় না।

যাহাদের যক্ষা হইয়াছে তাঁহারা সাবধানে থাকিলে যাহাতে অন্য কোন লোকের এই রোগ, না হয় তাঁহার চেন্টা করিলে ইহা একজনের নিকট হইতে আর একজনের হইতে পায় না। সাধারণতঃ ফক্ষা রোগীগণ কাহাকেও জানাইতে চান না যে তাঁহাদের ওই রোগ হইষাছে। এইরোগ বাটির একজনের নিকট হইতে. সকলের হওয়া সাভাবিক। একজনের এইবোগ হইলে, তাহাকে সাবধানে রাখা কর্ত্তবা, যাহাতে অন্য কাহারত্ত না হইতে পায় তাহার চেন্টা করা উচিত। না লুকাইয়া লোককে জানিতে দিলে তাহারা নিজেরাও সাবধান হইতে পারে, নতুবা সহরে যক্ষা এবং গ্রামে ম্যালেরিয়ায় শাম্বই বাঙালী জাতির নাম পৃথিবী হইতে মৃছিয়া যাইতে পারে।

# প্রদরিকের রোগ হর্য্য।

( তৃঙীয় কিন্তি )

#### [ श्रीद्रारमन्द्र पछ ]

৯। কণ্ডু শ্রন-ধে ধে কারণে এই রোগ হয় তন্মধো কোন্ঠকাঠিত অত্তম। অভএব. কোন্ঠকাঠিতের যে রুচিকর ঔষধগুলি আছে. নিতান্ত উদরাময় না থাকিলে দেগুলি পর্য্যায়ক্রমে বাবহার করা অনোদরিক-জনোচিত হইবে না। কিন্তু আমি এরপ ফাাকি দিয়া এক ঢিলে হই পাখী মারিতে চাহি ন।। তিক্তদ্রব্য মুখরোচক হয় না বটে কিন্তু তথাপি উচ্ছে করলা নিমপাতা প্রভৃতি, বাজারে বিনামূল্যে পাওয়া যায় না; যখন মূল্য আছে তখন বুঝিতে হইবে তাহার খরিদারও আছে, এবং এই খরিদ্ধারেরা মূল্য দিয়া উচ্ছে পল্তা কিনিয়া যে আঁ গাকুড়ে ফেলিয়া দেন না সে কথা প্রমাণ করিয়া না বলিলেও চলে। আমি ধেমন তৃপ্তির সহিত রসগোলা ভক্ষণ করি, আপনি যেমন ভৃপ্তির সহিত তামাক টানেন, তেমনি অনেকেই আছেন যাঁহারা প্রথমকার ঈষতুষ্ণ অন্নগুলি কুড্মুড়ে নিমপাতা বেগুনভাজা দিয়া মাখিয়া খাইতে তেমনই তৃপ্তি-বোধ করেন। ইহাদিগকে বেশী কিছু বলিবার প্রয়োজন নাই, কণ্ডুয়ন রোগ-গ্রস্ত হইয়া পড়িলে ইঁহারা যেন উপযুর্গিরি কয়েকদিন এইরূপ তৃগ্তির আস্বাদন লাভ করিতে থাকেন। কিন্তু 'ভিন্ন কুচিহিলোকা:"; আমি হুই একজনকে জানি যাঁহারা উচ্ছে, করলা, নিমপাতা, পল্তা কোনোটাই পছनদ করেন না। তাঁহাদের জন্ম কি করিব ভাবিয়া পাইতেছি না। তাঁহাদিগকে এইমাত্র বলিতে পারি,---

আপনাদের সর্বাঙ্গ যথন চুলকানিতে ভরিয়া উঠিতে-বসিতে চলিতে-ফিরিতে কণ্ডুয়নের আক্রমণে অস্থির হইবেন, তখন তো ডাক্তারের নিকট যাইতে হইবে ? আপনাকে যে 'এদেক অভ্নিম,' এদেক অভ্ 'ফাইভ্ পার সেণ্ট্ কার্বলিক' চিরভা' এবং সাবানের বিধি দিবেন তাহা কি যথাক্রমে রসনা-বোচক ও নাসিকা-বোচক হইবে ? 'এসেন্স অফ্ নিম' তে৷ খান নাই, বুঝিবেন কোথা হইতে ? আমি বাল্যকালে যথন মাতা-পিতার অধীন ছিলাম তখন একবার খাইয়াছি,—আর খাইতে চাহি না। তিক্ততার সে কেন্দ্রীভূত শক্তি কদর্য্যতায় কি অপরিসীম! খাওয়ার পর অর্দ্ধঘণ্টা পর্যান্ত মুখখানা ধতুষ্টস্কার-রোগীর মুখের মত বহুবিধরূপে কুঞ্চিত বিকুঞ্চিত, প্রকুঞ্চিত হইতে থাকিত! সেই হইতে 'বেঙ্গল কেমিকেলের' পৈট-গোল বেঁটে বেঁটে শিশিগুলা দেখিলেই আক্তও উদরস্থিত নাড়ী পাক দিয়া উঠিতে থাকে!

তার পর কার্বলক সাবান। দেশীয় বৈছের কাছে গেলে আরও একটা চমৎকার অঙ্গরোগের ব্যবদ্থা মিলিয়া যাইবে। সেটা আর কিছু নয়, 'নিম-তেল'। এ তুইটিই স্থান্ধে সমতুল! ইহাদের বিরুদ্ধে আর অনর্থক এক পাঙা লিখিয়া বৃদ্ধি খরচ করিতে চাহি না, শুধু এইটুকু বলিলেই আমার কাজ হাঁসিল হইবে যে ছটাক খানেক নিম-তেল আনাইয়া একবার গায়ে মাখিয়া দেখুন,

— আপনি স্বয়ং এবং পরিবারস্থ অপর সকলে, অতি অল্প সময়ের মধ্যে এক শিশি 'ইপিকাক্' শেষ করিয়া কেলিবেন ( ইপিকাক্' বমনের হোমিও-প্যাথিক ওবধ)।

এই সব শুনিয়াও কি মনে হয় না যে অল্ল চারিটি ভাত নিম বেগুন মাখিয়া খাওয়া অপেকাকৃত সুসাধ্য ? আহার্য্যের মধ্যে ইহাই কণ্ডুয়নের একমাত্র ভাল ঔষধ। ইহা ব্যতীত থাঁটি গো-তৃগ্ধ, শাক-সজী, ফলমূল ও স্থপাচ্য স্থাস্থ্যকর খান্তদ্রব্য আহার করা বিধেয়।

১০। গলাভাঙা বা সরভঙ্গ- সধুনা শুক্ষ হইয়াছেন এমন পল্লীগ্রামৃত্থ আত্মীয়দের (যাঁহারা वानाकारल विरमय अभिक्षे विनया विथा हिरान ) নিকট স্বরভঙ্গের একটা টোট্কা ওয়ধের সন্ধান পাইয়াছি। ভাহা আর কিছুই নহে, কলিকায় তেজপাত। সাজিয়া তাহারই ধূম পান করা। আবাল্য ধুমপান জিনিষ্টার মধ্যে কোন রসের ও আকর্ষণের চিক্ষ না দেখিতে পাওয়ায় কখনই উহার পক্ষপাতী হইতে পারি নাই, নতুবা তেজপাতা সাজিয়া খাইয়া দেখিলে হইত। কিন্তু ওদরিকের কুধায় अशि बुरमत वावन्द्रां कतिल करलां पर इटेरन ना। আহারের পর পাকস্থলীর মধ্যে তামাকুর ধোঁয়া প্রেরণ করিলে অমুরোগের সামাগ্য উপশম হয় একথা যথাস্থানে উল্লেখ করা হয় নাই, তাহার কারণও এই। এবং পরে দন্তমূল দৃঢ়ীকরণের জন্ম ● কা-টানার বিধিও এই জন্মই দেওয়া হইবে না।

সে কথা যা'ক, স্বরশুস্বের একটি ভাল ঔযধ, সোহাগার থই মূথে করিয়া থাকা। কিন্তু সেই মটর-প্রমাণ ছুই একটি টুক্ণায় ত উদর শান্তি হয় না! অত্থের মধ্যে এই অত্থেতিকে 'মুখ শুদ্ধি' বলা চলে, অথাৎ ইহার ঔষধ ধ্মপান ও মুখে কয়েক প্রকার ছোটখাট জিনিষ রাখা। শেষোক্তের মধ্যে লবক্ত ও বচের নাম করা যাইতে পারে। পূর্বব-সংখ্যায় প্রকাশিত কাশির ঔষধের মধ্যে যে পাঁচনের কথা উল্লিখিত হইয়াছে ভাহা স্থরভক্তেও তু'এক চুমুক চলিতে পারে।

তবে যেহেতু ওদরিকেরা আমায় আশীর্বাদ করেন আমার এই ইচ্ছাই প্রবল, আমি স্বরভঙ্গের একটা ভাল প্রতীকারের ব্যবস্থা করিতেছি। আশা করি এক বাটি মিছরী দেওয়া গাঁটি অভ্যুক্ত গরম তুধে কাহারও অরুচি হইবে না। কারণ উক্ত আহার্যা (পানীয় কেন বলিলাম না ভাহাও পরে বলিতেছি) কেবল মাতৃস্তগুপায়ী শিশুরাই খাইতে চাহে না; বয়স-বৃদ্ধির সঙ্গে সঞ্চে মাতাপিতা যত ত্রশ্বপান কমাইতে গাকেন, মানব-শিশুরও ততই ত্তম-প্রতি বাড়িতে থাকে! অবশেষে যখন বাল্য, কৈশোর অতিক্রম করিয়া মানুষ যৌবনে প্রবেশ করে বিবাহ হয়, পুত্র কন্সা পরিবেম্ভিত অবস্থায় আজ্ঞকালকার তুর্মানার ও ভেন্দালের বাজারে তুগ্ধ তুপ্পাপ্য হইয়া উঠে, তখন হইতেই তাহার কেমন যেন ত্র্য্ম পান করিবার স্পৃহা অম্ভুত ভাবে বাড়িভে পাকে। একথা বোধ হয় অসত্য নহে। কারণ **(इल दिलाय मा विश्वक-वां**ष्ठि लहेया प्रथ था उपाहरू আসিলেই হাত-পা-ছুড়িয়া চীৎকার করিয়া অস্থির হইতাম; এখন কিন্তু ত্র্ম, রাব্ড়ি, ক্ষীর সর জুটিবার আশা জন্মাইলেই আনন্দে হাত-পা-ছুড়িয়া চীৎকার করিয়া অন্থির হইতে ইচ্ছা করে! কালপ্ত कूंिंग गिं । এ दिन य वश्य-जन-साहन प्रथा, তাহাতে আপত্তি থাকা অসম্ভব ধরিয়া লইয়া আমি

বাবস্থা দিতেছি যে গলা ভাঙিয়া গেলে এক বাটি মিছরী-দেওয়া থাটি দুধে, অত্যুক্ত অবস্থায় শুঁঠের গুড়া ( শুক্নো আদাকে শুঠ বলে—শুক শিলে ইহাকে মিহিভাবে গুডাইয়া লইতে হইবে) ফেলিয়া, বেশ ঝাল ঝাল হইলে, চা খাওয়ার মত **5** भुक निया थारेरान । देश तार् थारेया छरेल সকালে গলা ছাড়িবার খুব সম্ভাবনা আছে। নতুবা ভোৱে উঠিয়া আর একট় ঔষধ দেবন করিবেন। এওঁষধটি আমার ব্যক্তিগত হিসাবে ভারী পছন্দ-মই। একটা কলাইকরা পরিক্ষত ছোট বাটীতে আধ ছটাক থাটি গাওয়া ঘি গ্রম করিতে হইবে ও উহার মধ্যে গোটা দশেক গোলমরিচের গুঁড' ছাডিয়া দিয়া একটুক্ষণ ফুটাইতে হইবে; তৎপরে সহামত যতটা গ্রম পারা যায়, গলা ভিজাইয়া কণ্ঠনালীর মধা দিয়া উহাকে প্রেরণ করিবেন, দেখিবেন আগ্রহাতিশ য্য যে জিব পুড়িয়ানা যায় !

তুপ্পকে কেন যে পানীয় না বলিয়া আহার্য্য বলিয়াছি, তাহার কারণ এই: একবার বহুদিন অফুখে ভুগিয়া অভ্যন্ত ফুৰ্বল হইয়াছিলাম ও 'এটা সেটা' খাইতে ইচ্ছা করিত; তথন ডাক্তারকে বলিলাম ''ডাক্তার বাবু একটা কিছু solid food এর ব্যবস্থা করিবেন ?'' তিনি বলিলেন, অল্ল পরিমাণ ''আচ্চা বার্লির **म**्ञ আজ তুধ মিশাইয়া খাইতে পারেন।" আমি বলিলাম, কিন্তু solid food ? তিনি বলিলেন, ' সাহা ঐ ত solid food হইল; তুধই solid fo d!" আমি ত বিস্ময়ে নির্বাক হইয়া রহিলাম। তিনি তখন আমায় বুঝাইয়া দিলেন যে ছুগ্নে solid foodএর সমস্ত উপাদান আছে; কেবল হুগ্ধ পান করিয়া, অন্য কিছু না খাইলেও মানুষ স্কুস্ত শরীরে বেশ

বাঁচিয়া থাকিতে পারে। স্থতরাং তুগ্ধ কেবল পানীয় দ্রব্য নহে পরস্তু উহাকে স্বন্ধন্দে আহার্য্য বলা যাইতে পারে।

্য ঘোর নিদ্রা বা কুম্ভ কর্ণ রোগ-ত্রেভাযুগে সনাম্থাত ভাতার এই বাবণের এই রোগ ছিল। তিনি ইহার কি প্রতিকার চেফা করিয়াছিলেন তাহা রামায়ণে লেখেনা: পরন্তু জানা যায় যে তিনি নাকি ব্রহ্মাকে তপস্থায় তৃষ্ট করিয়া বর-স্বরূপ এই রোগটিকে বরণ করিয়া লইয়াছিলেন! তিনি রাজার ভাই ছিলেন, অপিস ঘাইতে হইত না: গায়ে রাক্ষস- জনোচিত বল ছিল, স্বাস্থ্য হারাইবার আশকা ছিল না : স্বতরাং তাহার ছয়মাস যুমাইলে অক্লেণে চলিয়া যাইত: আমাদের কিন্তু লকেখরের ভাত্র-লাভ ইহজন্মে ঘটিবেনা স্কুতরাং এ রোগের ঔষধ চাই। কিন্তু ভগবানের কুপায় এ উৎকট রোগ নেতাযুগের সঙ্গে সঙ্গেই লোপ পাইয়াছে। ছয়মাস ঘুমাইলে আজকাল চিকিৎসক ডাকিবার প্রয়োজন হয় না. অভিধানে তাহাকে আজকাল ঘোর-নিদা না বলিঘা চির-নিদা বলে এবং দেই রোগাক্রান্ত ব্যক্তিগণ ওদরিকের রোগ্র্যার পাতা উল্টাইতে আসিবেন না। আজকাল এক প্রকার বিষাক্ত মক্ষিকার দংশনে যে কুম্বকর্ণ রোগ হইয়া থাকে তাহা ঈদৃশ ভীষণ নামের অযোগ্য। তবে উহাতে ছয়মাস নিদ্রা না হইলেও, মৃত্যু ঘটিয়া থাকে। স্থাের বিষয়. কেবল আফ্রিকাতেই এই রোগ আছে। যেমন वन-क्रम्म-भक्तकु- १ जिला-क्रुकीत मभाकीर्व छन्न (प्रम. তেমনি কুম্বকর্ণ-রোগের মত উৎকট ব্যাধি। 'কুম্বকর্ণের এই নিদ্রা-ব্যাধি ভঙ্গ করিতে কি উপায় অবলম্বিত হইয়াছিল তাহা উদ্ধৃত করিয়া দিতেছি,

কিন্তু শুনা ধায় যে নিদ্রাভক্তের পর তাঁহার মৃত্যু হয়। বােধ হয় এরূপ ছুর্ঘটনা ঘটিবার কারণ এই যে তিনি নিদ্রাভক্তের পর শ্রীরামচন্দ্রের সহিত ঘােরতর যুদ্ধ করিয়াছিলেন। বাঙালীরা এই রােগের দ্বারা আক্রান্ত হইলে ত্রেতাযুগের অবলন্ধিত উপায়ে কি নিদ্রা নির্ম্মান্ত হইতে সাহসী হইবেন ? যদি উক্ত উপায় অবলন্ধনের পরও তাঁহাদের দেহে প্রাণ থাকে তবে যুদ্ধাদি হাঙ্গামের মধ্যে না গেলে হয়ত কুম্ভকর্ণের মত পঞ্চর প্রাপ্ত না হইয়া টিকিয়া গেলেও টিকিয়া যাইতে পারেন।

ত্রেতাযুগে কুন্তকর্ণ-নিদাভক ২ইয়াছিল এইরূপে: --

''মহোদর বলে এক যুক্তি অনুমানি। মদিরা মাংসের দেহ খুলিয়া ঢাকনি॥ জাগাইতে না পারিবে এ-সব প্রবন্ধে। আপনি জাগিবে বীর মন্ত-মাংস-গন্ধে॥''

মর্থাৎ আহার্য্য ও পানীয়ের গন্ধে কুম্বকর্ণের নিদ্রা ভাঙিল। ইহাতে মাপত্তি নাই। মদিরা বাদে, কেবল মাংস ও তাহার মনুপানরূপী লুচি, নিদ্রিতের সম্মুখে ধরিয়া পরীক্ষা করিয়া দেখিতে পারেন। তবে এভাবে চিকিৎসা করিলে অনেকেই কুম্বকর্ণ-নিদ্রাক্রান্ত হইবার ভাগ করিতে আরম্ভ করিবেন।

( ক্রমশঃ )

# ছেলে 'মানুষ' করার কথা

[ ডাক্তার শ্রীরমেশচন্দ্র রায়, এল্ এম্ এস্ ]

এ দেশে, মায়েরা ছেলেদিগকে "গোপাল," "নন্দের ছলাল," "নীলমণি" প্রভৃতি গালভরা নামে আদর করিয়া থাকেন। এ সবগুলিই শ্রীকৃষ্ণের নাম। শ্রীকৃষ্ণের নাড়ুগোপাল দেখি; তাহা কেমন আনন্দময়, কেমন স্থপুষ্ট, কেমন গোলগাল! বাস্তবিকই বালক শ্রীকৃষ্ণই এ দেশের শৈশবের আদর্শ হওয়া খুব উচিত।

সাহেব-পাড়ায় যান, তাহাদের শিশুরা কেমন ও ভাঁটাটির মত, কেমন স্বাস্থ্যবান ও ফুর্ত্তির অবতার! আর, আমাদের ? আমাদের ছেলেরা বেঁটে রোগা ও রুগা এবং বাহানাদার, কাঁছুনে! ছেলের স্বাস্থ্য ভাল থাকিলে কখনো ছেলে কাঁছুনে বা বাহানাদার হয় না! দশটা পাড়া খুঁজিয়া একটা স্বাস্থ্যবাম ছেলে বা মেয়ে বাহির করুন দেখি— বোধ হয়, তাহাও মিলিবে না!!!

আমরা আজ আসল আদর্শ হইতে কত পিছাইয়া পড়িয়াছি! এইটাই হইল আমাদের সর্বনাশের প্রথম মূল সূত্র। আমরা ধরিয়া লইয়াছি যে, বাঙ্গালীর ঘরে বেঁটে রোগা, কাঁছনে ছেলেই জন্মায়! আজ আমাদের আদর্শ টা কত খাটো!! হায় বাঙ্গালা,—কেন আদর্শকে খাটো করিয়াছ ? এইটাই ত জাতির সর্বনাশের গোড়া। আজ যদি ছেলের, তথা জাতীয়, কল্যাণ চাও—খাটো আদর্শকে ভূলিতে অভ্যাস কর; বল —'কেন আমার ছেলে বেঁটে হইবে ? কেন আমার ছেলে রোগ ও রোগ-প্রবণ হইবে ? কেন আমার ছেলে কাঁছনে ও বাহানাদার হইবে ? আমার ছেলে কেন বাল-গোপালের মত আনন্দময় ও স্বাস্থ্যবান হইবে না ? যতক্ষণ ইহা না হইবে, ততক্ষণ আমি জল-গ্রহণ করিব না!!!"

কিন্তু, মুখে স্বধু আক্ষালন করিলেই ভ इहेर ना! এই দেখিকে সমূলে नम्छे कतिए इहेरल, তাহার উপযুক্ত শিক্ষা ও পর্য্যবেক্ষণ চাই! সে শিক্ষা ও পর্যাবেক্ষণ আমাদের কোথায় প ছেলের মধ্যে পাঁচটাকে যমের মুখে দিয়া তিনটাকে আধ-মরা করিয়া, চুইটাকে আমরা কোনও রকমে ''মামুষ'' করিয়া তুলিতে পারি এইত' আমাদের গৃহিণীপণার স্পর্দ্ধা! আমাদের গোড়ার শিক্ষার অভাব, মাঝে--গৃহিণী-পনার স্পদ্ধা. শেষে--গৃহিণীপনার মহিমামণ্ডিত উচ্চাসনের দাবী - কিস্তু সে শিক্ষার মুল্য কভটুকু ? আমরা চাউল কিনিতে গেলে কত দোকান যাচাই করি; কিন্তু পুত্রের জন্ম বধূ আনিবার সময়ে, তাহার পিতার অর্থের দিকে একটা চোখ রাখিয়া অপর চোখটিকে পাত্রীর চাম-রঙের দিকে রাখিয়া বিবাহের বাজারে ঘুরি ! অথচ, আজ বাঙ্গলা ভাষার কত পুস্তক বাহির হইয়াছে ও হইতেছে, কত বক্তৃতা ও কত এক্জিবিদান্ হইতেছে সুধু মাতৃজাতির জাগরণেরই জন্য।

জগতের মধ্যে সবচেয়ে বড় কাষের বেলায়—অজ্ঞ থাকিতে চান।

যে ব্যক্তি সংসারে একটি স্বাস্থ্যসম্পন্ন স্তসন্তান দান করিয়া যাইতে পারেন, তিনিই জগতে বরেণা। সেই সন্তানপালন সন্মক্ষে একেবারে কিছুই না শিখিয়া এত বড় কাৰ্যো ব্ৰতী হন। চাই শিক্ষা---চাই শিক্ষা---চাই শিক্ষা! চোখ খুলুন, অনুসন্ধিৎসা জাগান, পর্যাবেক্ষণ করিতে শিথুন! সকাল থেকে রাত্রি পর্য্যন্ত,— ছেলে কি খায় ও কি খায় না, কভটা খায় ও কভ বার খায়, কেন খায় না বা কেমন করিয়া খায় -তাহার সংবাদ ''বারোমাস ত্রিশদিন'' লইতে অভ্যাস করুন। ছেলে কি পরে, কি পড়ে, কোথায় বেডায় কাহার সঙ্গে বেড়ায়, কতবার কি রকমের তাহার **দাস্ত হয়,** कि तकरमत প্রস্রাব হয়, সে कि तकम করিয়া স্নান করে, খাইতে বসিয়া কোন কোন জিনিষ সে খায় না ও কেন খায় না—এসব খবর নিতাই রাথিতে হইবে। কোন ছেলের পেটে কোন খাবার কি রকম সহা হয় কি—হয় না তাহা তাহাদের মল নিত্য পরীক্ষা করিলে তবে বুঝিতে পারা যায়, নতুবা যায় না। ছেলে ছয় মাদেরই হউক, আর ঘাট বৎসরেরই হউক, বাপ-মায়ের নিত্য-কর্ত্তব্য ছেলেদের খাইবার সময়ে সকল কর্মত্যাগ করিয়া সেখানে বসিয়া থাকা। যে বাপ-মা তাহা করেন না, তাঁহারা কর্মেরে অবহেলা করেন। আমার ছেলেকে আমি না দেখিলে আর কে দেখিবে গ ছেলের প্রতি আমার কর্ত্তব্য না করিলে, আর কে সে-কায করিতে হাসিবে 

 এক থালা ভাত ধরিয়া দিয়া ৰা হাতে 'ফুইটা পয়সা দিয়া ''খাবার" কিনিয়া খাইবার অনুমতি দিলেই কর্ত্তব্য করা হয় না: শিক্ষাও হয়

না। ছেলেদিগকে এমন কোনও থাবার বা ঔষধ এক কোঁটা খাইতে দিতে নাই, যাহার কিছু অংশ তাহার বাপ মা স্বয়ং চাকিয়া না দেখিয়াছেন। ব্যারামের সময়ে একগাটি বিশেষ করিয়া প্রয়োজ্য।

সাহেবেরা ছেলেদিগকে মাঝে মাঝে ওজন বেন। যখন-তখন তাহাদের গায়ের তাপ লক্ষ্য কবেন। ছেলেদের চেহারা মেজাজ বা ব্যবহার কি রকম, নিত্য সে বিষয়ে লক্ষ্য রাখেন;—কাযেই, তাহাদের ছেলেদের কোনও অস্থ্য ফুটিবার আগেই তাহাদের বাপ-মায়েরা সাবধান হন। আর—আমাদের দেশে ? ছেলেরা যতক্ষণ বিছানা না লয়, ততক্ষণ আমাদের মনে প্রশান্ত উঠে না যে, ছেলের সাস্থ্য বলিয়া একটা অতীব-স্থকুমার জিনিষ আছে কি না। আর মনেও হয় না, সেটা আমাদে স্থতীক্ষ দৃষ্টির উপরেই থাকা উচিত!!! সাহেবদের বাপ মায়েরা যেমন চেহারা, মেজাজ ও ব্যবহারের প্রতিলক্ষ্য রাথেন, সাহেবদের স্কুলের শিক্ষক-শিক্ষয়িনীরাও তেমনি এ সকল বিষয়ে থর দৃষ্টি রাথেন বলিয়াই, ক্ষাতি হিসাবে তাহারা কত ভাল, কত বড়!!!

তাই বলিতেছিলাম যে ছেলেকে যদি ভাল করিতে ও রাখিতে চান তবে বই পড়ুন, পাঁচজন ডাক্তার-বৈছের নিকট যখন তখন পরামর্শ লউন। ছেলের খাবার, তাহার ব্যবহার. তাহার দাস্ত প্রভৃতির প্রতি নিত্য তীক্ষ দৃষ্টি রাখুন, তবে ত' শিখিবেন, কিসে কি হয় তবে ত' বুঝিবেন, গলদ কোথায় তবে ত' পুরাপুরি আকেল জন্মাইবে! নিত্য তদ্বির কথা চাই—স্বয়ংই তদ্বির করা চাই, যেমন করিয়া লোকেরা মকদ্দমা তদ্বির করে যেমন করিয়া সথের পাখীটার বিষয়ে তদ্বির করে,—আর তদ্বির করিতে করিতে, পর্য্যবেক্ষণ-শক্তি আপনি আসিবে—এবং তখন শিক্ষাও পাকা হইবে।

যে সংসারে ঐ রকম তদ্বির হইবে, সেই সংসারের গৃহিণীর জন্ম খান্ত-কথা ত্র'চারটা আভাষে বলিয়া যাইতেছি।

জন্ম থেকে মৃত্যু পর্যান্ত, সকলেরই তুধ খাওয়া উচিত। অনেক ছেলে ত্বধ খাইতে চায় না---বিশেষ করিয়া মেয়েরা! অগচ ছুধ যেমন শরীকে গড়ে, তেমন আর কিছতে নয়। আজকাল ছেলেদের एएटर काखिल नारे, शृष्टिल नारे। शांकिरव **(का**शा থেকে 🕴 হুধে-ঘিয়ে কান্তি ও পুষ্টি সেই ছুধ আজ দুর্মাল্য আর গোজাভির সেবাও নাই! মুখেই আমরা গোরুকে মাতা বলি, কিন্তু মাত্জ্ঞানে কখনো তাহার সেবা করি না : আজ তাই আমাদের এতটা জাতীয় অধঃপতন ঘটিয়াছে। আবার যদি কখনো গোরুর রীতিমত দেবা করিতে পারি তবেই এই জাতীর মন্সল হইবে নতুবা নহে। গরুর উন্নতির ও অবনতির সঙ্গে এই জাতিটার উন্নতি বা অবনতি একসুত্রে গাগা। গরুকে গোয়ালে বাঁধিয়া রাখিব, যথেষ্ট রৌদ্র ও হাওয়া খাইতে দিৰ না, তাহাকে অপ্রিকার রাখিব, তাহার ডলাই-মলাই হইবে না – ত' তাহার স্বাস্থ্য গাকে কোথা থেকে ? আর এই রক্ষম গোরুর তুধ খাইয়া কখনো কি আমাদের গোরুর তুধ যে ছেলে রীতিমত পায়, তাহারই স্বাস্থ্য ভাল হয়। গভাবস্থায় সারা গর্ভকালটাই পোয়া-তীকে প্রত্যহ অন্ততঃ একসের থাটি তুধ খাওয়াইতে পারিলে, তবেই তাহার শিশুর দাঁত ভাল হয় এবং জন্ম থেকে সন্ততঃ দশ বৎসরকাল বয়স পর্যান্ত রীতিমত দুধ গাইতে পাইলে তবে ছেলেদের আসল-দাঁত (Permanent teeth) ভাল থাকে। দাঁতের ব্যারামটা সভ্যতার মাশুল। বাঘ, সিংহ

ও আদিম অবস্থায় মানুষরা কেইই মাজন ও টুথক্রদ ব্যবহার করে না; অথচ তাহাদের দাঁতের এতটুকু ব্যারাম হয় না। আর আজ ভাল ও প্রচুর পরিমাণে ছধ পাই না বলিয়া, আমাদের ছেলে মাত্রেরই দাঁত খারাপ। দাঁতই যদি খারাপ হয়, তা হজম হয় কোথা থেকে ? হজম ভাল না হইলে, সে বাড়ে কোথা থেকে ? কাথেই, শিশু-পালনের গোড়াকার কথা হইতেছে—গো-সেবা; তাহার পরে—বধ্-সেবা, বধুকে যথেষ্ট পরিমাণে ছধ দিতেই হইবে; তাহার পরে, ছেলেদিগকে সকল খাবার দিয়াও প্রত্যহ

কিন্তু, কি তুর্দেব, এ দেশে একদিকে যেমন বিলাতী গুঁড়া পেটেন্ট "ফুডের" ছড়াছড়ি, তেমনি অন্তদিকে সাগু-বালি ব্যবহারের বাড়াবাড়ি! ফুড-গুলি বিলাতে এক রকম চলে না বলিলেই হয়— আর এই ছংখী রুগ্ন লোকদের দেশে উহাদের অবাধ চলন। আমরা (ডাক্তাররাই) প্রধানতঃ উহার চলেনর জন্ত দায়ী। ভুলিয়াও কখনো ছেলেদিগকে "ফুড" খাওয়াইবেন না—উহা খাইলে চেলেরা দেখিতে "গোল-গাল" হয় বটে, কিন্তু এমন অন্তঃ-সারশ্র্য হয় যে, একটা শক্ত ব্যায়াম ধরিলে আর টিকে না। ফুড ফেলিয়া দিন উহা অস্পৃশ্য, উহা অগ্রাহ্য, উহা অদেয় ৪

আমরা সিদ্ধ-করা চালের ফেন ফেলিয়া ভাত খাই পশ্চিমারা আতপ চালের সফেন ভাত খায়। আর্কট নগর অবরোধের সময়ে, সিপাহীরা সাহেব-দিগকে ভাত খাইতে দিয়া নিজেরা ফেন খাইয়া বাঁচিয়াছিল। আমরা রোগীর পথ্য হিসাবে, যে ঘুটের আঁচে রাঁধা পোড়ের ভাত দিই তাহারও ফেন গালাহয়না। পূর্ববিক্তে সাধারণ গৃহস্থের ছেলেরা ভোর বেলায় ফেনে-ভাতে একটা আলুসিদ্ধ ও লবণ দিয়া খাইয়া "নাস্তা" (breakfast) করে। ফেন খাওয়াইলে গরু ও ঘোড়া মোটা হয়। অতএব কোনও ছেলেকে ফেন ফেলিয়া খাওয়ার অভ্যাস এতদিন ধরিয়া হইয়াছে, তাহাদিগকে প্রথম-প্রথম মাসে একদিন, ক্রমশঃ সপ্তাহে একদিন, তাহার পরে প্রত্যহ, সফেন ভাত খাওয়াইতে অভ্যাস করাইবেন। ভাতই আমাদের সাজ্য আহার; খাছ হিসাবে ভাত নিন্দার জিনিষ নয়—এক একটা চাউল পৃথিবীর উর্বর। শক্তির ও সূর্য্য কিরণের শক্তির আধার। ফেন স্থদ্ধ ভাত খাওয়া অভ্যাস হইলে, ক্রমশঃ কলেনাজা চাউল ছাড়িয়া ঢেঁকি-ছাটা (কাড়া) চাউল খাওয়ানর অভ্যাস করিবেন।

জন্ত্র-জানোয়াররা ও আদিম-অবস্থাপন (বয়) মাসুষরা কচি ছেলেদের মত দিনে ৩।৪ বার মলত্যাগ করে: এইটাই জীবের পক্ষে স্বাভাধিক অবস্থা। আমরা সত্য হইয়া, দিনে একবার, চুইদিন অন্তর একবার কেহ বা সপ্তাহে একবার মলত্যাগ করি। কোনও কোনও কচিছেলের এই রকম অভ্যাস হইয়া গিয়াছে। ইহার চেয়ে কচি ছেলেদের পক্ষে খারাপ অভ্যাস থাকিতে পারে ন।। একবার যায় যোগী তুইবার যায় ভোগী, তিনবার যায় রোগী"-এই মিখ্যা প্রবাদ-বচনটি ভুলিতে চেফা করুন। যাহাতে বাল্যকাল হইতে মৃত্যু পর্যান্ত সকলেই নিয়মিত সময়ে ও দিনে ২।৩ বার, মলত্যাগের অভ্যাস করে, সে বিষয়ে প্রথম হইতেই পিতামাতার রীতিমত অবহিত হওয়া চাই-চাই চাই। খোলাসা দাস্ত হইবে বলিয়াই, সকল দেশের কচি ছেলেরা প্রাকৃতিক প্রেরণার বশেই কাঁচা ফল আড়ে গিলিতে ভাল বাংস। চিনার বাদাম, আখরোট, ছোলা মটর,

কাঁচা চাউল, প্রভৃতি এই উদ্দেশ্যেই ছেলেরা খাইতে স্বভাবতঃই ভালবাদে। আর আমরা পাছে অসুখ করে এই ভয়ে, ঐ সব দাঁতের পক্ষে উপকারী. পুষ্টিকর ও দাস্তকর জিনিষ খাইতে না দিয়া, কেউটে সাপের বিষতৃল্য দোকানের খাবার ছেলেদের হাতে कृलिया मिरे मान्छ माक शहरत तलिया, ছেলেদিগকে অল্ল বয়স থেকেই শাকপাতা খাওয়ান অভ্যাস করিতে হয়। শসা, মুলার শাক বাঁধাকপির কচি পাতা, কচি পালম শাক, বিলাতি বেগুণ, স্থালাড শাক (salad or lettuce), সেলারী শাক (Celery), ছোট-পেঁয়াজের কচি ডাটা, মূলা, গাজর, কলাই-স্থুটী, বীট কাঁচা পোঁয়াজ, পেয়ারা প্রভৃতি কাঁচা খাইবার অভাস করান খুবই প্রয়োজন এই রকম খাইলে, ভাইটামীন সহজে সংগৃহীত হয়, কোষ্ঠশুদ্ধি অতীব স্থন্দর হয় এবং স্বাস্থ্য খুবই ভাল থাকে। ছেলেদের মাছের ঝোলে নিত্য কতকগুলি শাক দেওয়া উচিত। যাহাতে অল্ল বয়দ হইতে তাহারা উহা না খাইলেও, চিবাইয়া রসটা ফেলিয়া দেয়, সে অভ্যাস করান চাই।

নিত্য, সময়ের-ফল সকল ছেলেকেই খাওয়ান উচিত। অবস্থায় না কুলাইলে, ২৫।১০ কোটা পাতি লেবুর রস একটু মিফ্ট দিয়া অতি অবশ্য খাওয়াইবেন। একটু একটু রসা কাঁটাল খাওয়াইতে ভূলিবেন না কাঁটালের কোষও যেমন পুষ্ঠিকর, ইহার বাজও তেমনি পুষ্ঠিকর। গুরুপাক বলিয়া ভয় খাইলে চলিবে না অল্প-স্বল্প ছেলেবেলা থেকেই খাওয়ান উচিত।

ছেলেরা স্বভাবত:ই মিফ খাইতে ভালবাসে।
মিফ খাইলে দেহ গরম থাকে ও দেহ মোটা হয় —
এই দুই কারণে ছেলেরা মিফ খাইতে চায়। যাহা-

দের পেটে ক্রমি আছে বেশী মিদ্ট খাইলে তাহাদের কুমির বৃদ্ধি হয় বটে: কিন্তু কুমির ডিম বা কুমির বাচ্ছা পেটে না থাকিলে, হাজার বার মিষ্ট খাইলেও কোনও ক্ষতি হয় না। [ স্মারণার্থ, আজ আপনা-দিগকে জানাইতেছি যে, ধূলা-কাদা বাঁটিয়া, ভাল ক্রিয়া হাত পরিকার না করিয়া খাওয়ার ফলে ও ভাল করিয়া শাক পাতা না ধুইয়া কাঁচা খাইবার ফলে, ধুলা-কাদায় যে কুমির ডিম গাকে তাহা উদরস্থ হইয়া পেটে কৃমির সঞ্চার হয়। কুকুর, বিড়াল, শূকর ও মানুষরা মাটিতে মলত্যাগ করে: উহাদের মলের সঙ্গে অসংখ্য কুমির ডিম ধুলার সঙ্গে মিশে। ছেলেদের আঙ্গুলের নথ বড়, ও যে ছেলের। **আঙ্গ**ল চোষে, বা যাহার৷ ভাল করিয়া হাত না ধুইয়া, বা ভাল করিয়া না ধোয়া কাঁচা শাকপাতা তাহাদেরই কমি হয়। যাউক সে কণা। ] ছেলে-দিগকে মিন্টরস খাইতে দিতে হইলে স্বচেয়ে ভাল —মধু; তাহার নীচে আক ও খেজুরের টাটকা রস বা পরিকার গুড় বা দোলো চিনি; তাহার চেয়ে 'নিরেশ''—মিছরি; ও সবচেয়ে থাবাপ জিনিধ— দোবরা চিনি। উহা না খাওয়াই উচিত এবং উহার তৈরি খাবার ন। খাওয়া আরও ভাল।

খাবারের মত সমান দরকারী—ষণেকট রোজেও খোলা যায়গায় ছেলেদিগকে নিত্য খেলিতে দেওয়া। আমরা প্রদা খর্চ করিয়া, ছেলেদিগকে জামার উপরে জামা পরাই—তাও আবার রক্ষীন, প্রদা খর্চ করিয়া সার্দি তৈয়ারি করাইয়া ও পর্দ্দা টাঙ্গাইয়া হাওয়াকে বন্ধ করি; এবং ছেলে কালো হইয়া যাইবার ভ্রুয়, এবং সদ্দি-গর্ম্মি হইবার র্থা ভ্রে,—ছেলেদিগকে রোদ্রে বাহির হইতে দিই না। এ সকল করার ফল কি প্ আমাদের দেশে আজ

**(ছেলেদের স্বাস্থ্য একেবারে নাই।** সকালে ও বৈকালে নিয়ম করিয়া সকল ছেলেকেই হাওয়া খাওয়ান চাই। শরীর অস্তুত্ত হইলে, পূবে বা ठां श राउयात (जात शाकित्ल, वा वर्षा शाकित्ल, বা শীত প'ড়লে, গায়ে জামা দিতে হইবে: নতুবা সদাসর্বদাই থালি-গায়ে মুক্ত-বায়ু ও রৌদ্র সেবন করিতে দেওয়া চাই। রোজ স্নান করান অভ্যাস করা, যথাসম্ভব জানালা খুলিয়া শোয়ার অভ্যাস করা, সকাল-সন্ধা খেলার গভ্যাস করা খুব ভাল। (ছलেরা চেঁচামেছি ও দৌড়াদৌড়ি না করিলে, তাহাদের "দম" ( wind ) বাড়ে না; অগচ, তাহাদিগকে জোর করিয়া 'ভদু'' করিবার অত্যা-চারের ফলে, আমরা ভাহাদিগের যে অনিষ্ট করি, সে কথা ভাবিবার সামর্থা আমাদের নাই। ছেলের জাতি চেঁচাইবেই ; পুরা-দমে তাহাদিগকে চেঁচাইতে ও হুটো-পাটি করিতে দেওয়া চাই। এঃ পড়িয়া যাইবে, ঐঃ হাত-পা ভাঙিবে, ঐঃ চোট লাগিবে— এই রকম অমূলক আশঙ্কা করিয়া ভাহাদিগকে ''ঠুঁটো জগলাথ'' তৈয়ারি করা অত্যন্ত ভূল। বোধ হয় আমাদের ছেলেরাই 'ভাজা মাছ থানি উণ্টাইয়া খাইতে জানে না!"

শেষ কথা—অনেকক্ষণ ধরিয়া বকিয়া আপনা-বাড়ীতে করিতেছি। *ছেলে*রা দিগের বিরক্ত বলিয়া. গৃহিনীদের তুষ্টামি ত্যথব করে দিবা ভাগে স্থনিদ্রার ব্যাঘাত করে বলিয়া—অনেকে অতি অল্ল বয়দেই ছেলেমেয়েদিগকে ভাড়া তাড়ি স্কলে ভর্ত্তি করিয়া দেন। একেই বলে 'থেতে দিবার কেউ নয় কিল মারিবার গোঁসাই।" যতদিন থেকে এদেশে বিশ্ববিত্যালয়ের পরীক্ষার সূত্রপাত হইয়াছে, ততদিন থেকে পড়ার অযথা-চাপে, জাতি হিসাবে, পুরুষ পরম্পরা আমরা ধাপে ধাপে ভগ্নস্বাস্থ্য হইয়া পড়িতেছি। স্কুল থেকে ছেলেরা

যখন বাড়া আদে. তখন তাহাদের মুখ দেখিয়াছেন কি 🤊 কতকাল যেন তাহারা খাইতে পায় নাই, কতদিন যেন তাহারা ঘানি টানিয়াছে !!! এ দেশে ছয় বৎসরের ছেলেটিও ১০॥ হইতে ৪টা পর্যান্ত পড়ে, এবং ১৭ বৎসবের যুবকও তাই গড়ে; মুড়ি-মিছরির এ রকম একদর—এ তুনিয়ায় আর কুত্রাপি নাই। আবার, মেয়েদের অবস্থা আরো খারাপ। তাহাদের ''াস্'' (bus) আসিবার ভয়ে কেহ আটটার সময়ে খাইয়া তৈয়ারি থাকে এবং বাড়ীতে ফেরে হয়ত ৫॥ টায়! যাহাদিগকে বুকের রক্ত দিয়', একটা নয়—অনেক গুলি ছেলেকে মানুষ করিতে হইবে, তাহার বনিয়াদ কি এমনি করিয়াই আল্লা করিতে হয় ? মেয়েরা নিজ দেহ শিশুর স্বাস্থ্য, শিশু পালন, মাতৃত্ব –এসব বিষয়ে অজ্ঞ থাকিবে —আর হনোলুলু কি কামস্বাট্কার নাড়ীর খবর রাখিবে, অ্যালজেব্রা করিবে-এ বিড়ন্থনা স্বধু অংপনাদের প্রশ্রেষ পাইয়া এ দেশেই শোভা পায়! यनि ছেলেমেয়েদের বাঁচাতে চান, তবে পড়ার চাপ কমান্ ৷ ঘরে—অসময়ে প্রাইভেট টিউটার, স্কলে শিক্ষক, এ রকম ঘরে-বাহিরে বিপদ পাকিলে কখনে। ছেলে মানুষ হয় কি ?

সাজ থেকে নিছেদের হাতে ছেলের খাওয়া-পরা, খেলা, পড়ান—সকল ভারই লউন। আপনার মোট অপর কেহ বহিবে না—আপনার কর্ত্তব্য আপনিই করুন। স্থপু হাঁড়ি হেঁদেল লইয়া থাকিলে চলিবে না—যাহাদের জন্ম হাঁড়ি-হেঁদেল, আগে তাহাদিগকে দেখুন। রামকে ছাড়িয়া রামায়ণ—সেকি রক্ষের ব্যবস্থা ? \*\*

<sup>\*</sup> ২৬শে আগষ্ট ১৯১৮ তারিখে নারিকেলডাঙ্গাস্থ স্থার ওরালাস ইন্ষ্টিউটে মহিলা-সভার প্রাদত্তাবক্তার সার-সঙ্গলন 'জীবনের আলো" হইতে উদ্ধৃত।

# রক্তহীনতা এবং আনুসঙ্গিক গুর্বলতা ও অন্যান্য উপসর্গের নূতন ঔষধ।

রক্তহীনতায় এ যাবত লোহ ঘটিত ঔষধ ( সায়রণ ) ব্যবহার করা হইতেছে। নানা প্রকার পরীক্ষা এবং বহু গবেষণা ও অনুসন্ধানের পর দেখা শাইতেছে যে লোহ ঘটিত ঔষধ সহজে হজম হয় না। অধিকস্তু সজীর্ণ সৃষ্ট্র করে। জার্ম্মেণ ও অন্যান্ত দেশের বড় বড় ডাক্তারগণ পরীক্ষা করিয়া দেখিয়াছেন যে রক্ত কণিকা হইতে হিমোগ্রোবিন বাহির করিয়া ইহার সহিত রক্তদোধনাশক ও রক্ত পরিকারক ঔষধ মিশাইয়া রোগীকে দিলে অতি সম্বর রোগীর দেহে নৃতন রক্তকণিকা গঠিত হয় এবং সঙ্গে সঙ্গে রক্তহীনতা ও আনুসঙ্গিক তুর্বলতা ও অন্যান্ত উপসর্গ দূর হইয়া যায়, সন্ত রক্তকণিকা হইতে প্রস্তুত্ত সিবাপ হিমোজেন নানা প্রকার রক্ত পরিকারক ঔষধের সঙ্গে মিশাইয়া দেওয়াতে সিরাপ হিমোজেন ও সিরাপ হিমোজেন ও সিরাপ হিমোজেন ও স্বান্ত বিভিন্ন কম্পাউওগুলি অবস্থাভেদে ব্যবস্থা করিয়া রক্তহীনতায় ও তুর্বলতায় বিশেষ ফল পাওয়া যাইতেছে।

#### সিরাপ হিমোজেন

রক্তহীনতায় সর্ব্বোত্তম ঔষধ।

দীর্ঘকাল রোগ ভোগের পর রক্তহানতা ছুর্দলতা, এবং অন্যান্য জটিল উপসর্গ দূর করিবার জন্ম বহু গবেষণা ও পরীক্ষার কলে সন্ম রক্তকণিকা হইতে সিরাপ হিমোজেন প্রস্তুত হইতেছে। হাঁস-পাতালে রোগীদিগকে ব্যবহার করাইয়া এবং পরে তাহাদের রক্ত পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে অন্যান্য ঔষধ অপেক্ষা সহর অধিক পরিমাণে রক্ত-কণিকা গঠিত হয়।

#### সিরাপ হিমোজেন

উইথ

ফস্ফো লেসিথিন।

স্নানবিক তুর্বলতা, অবসাদ, ইন্দ্রিয়ের শিথিলতা হিপ্তিরিয়া প্রভৃতি উপসর্গদহ রক্তহীনতা বর্ত্তমান থাকিলে এই ঔষধ অণ্যাশ্চার্য্য ফলদায়ক।

#### সিরাপ হিমোজেন

উইগ

ভিটামিন কম্পাউও।

(কডলিভার অয়েল, লাইম জুস ও ইন্ট)
রক্তহানতা ও তৎসহ স্নায়বিক দৌর্পলা, শরারের
স্বাভাবিক পরিপুষ্টির অভাব জনিত ফাণতা, পুরাতন
ফুস্ফুসের পীড়া, খাছাভাব জনিত তুর্বলতা ও কাজে
সক্ষমতা, ক্লান্তি সর্ববাজান অবসাদ প্রভৃতি উপসর্বে
ইহা অমোধ ঔষধ।

## সিরাপ হিমোজেন

উইথ

নরম্যাল দিরাম।

রক্তহীনতার সহিত অজীর্ণ, অগ্নিমান্দ্য বর্ত্তমান থাকিলে, বিশেষতঃ যক্ষ্মা প্রভৃতি ক্ষয় প্রবল ধাতুতে ইহা সমধিক উপযোগী।

# সিরাপ হিমোজেন

উইথ

হাইপোফস্ ফাইট্স্ কম্পাউণ্ড।

কুইনাইন হাইপোফস্ঃ ক্যালসিয়াম ষ্ট্ৰীকনিন হাইপোফস্ঃ পটাসিয়াম্ ,,

আয়রণ , ম্যান্সানিজ ,.
হাঁপানি পুরাতন সদি কাশি ইত্যাদি, যক্ষা
এবং যাবতীয় ফুস্ফুস্ সংক্রান্ত পীড়া সহ রক্তহীনতা
বর্ত্তমান পাকিলে ইহা অতিশয় হিতকারী। রক্তত্তিত
ম্যালেরিয়া জীবানু নই করিতে ইহা অবিতীয়।

এই ওষধ ম্যালেরিয়া জনিত রক্তহীনতা দূর করিতে ও ম্যালেরিয়ার পর নূতন রক্ত গঠনে বিশেষ সাহায্য করে এবং পুনরায় ঐ রোগ দ্বারা আক্রান্ত হইবার

সম্ভাবনা থাকে না।

# সিরাপ হিমোজেন

উইথ

গোল্ড (স্বর্ণ) ও আয়ো ডাইজ্ড্ স্থারস্থারারিল। উপদংশ ( সিফিলিস ) সায়ুর বিকার, রক্ততুষ্টি, বাত ইত্যাদি সহ রক্তহীনতায় ইহার তুল্য ঔষধ নাই।

#### সিরাপ হিমোজেন

উইথ

লিভার একষ্ট্রাক্ট।

সন্পপ্রকার রক্তশূন্যভায়ই আশ্চর্যা ফলদায়ক।

# বেঙ্গল ইমিওনিটি লেববেটরীতে প্রস্তুত

১৪৩ নং ধর্মতলা খ্রীট, কলিকাতা।

# বেঙ্গল ইমিউনিটী কোম্পানীর পরিচালকগণ।

জনারেবেল সার নীলরতন সরকার, কে-টী, এম-এ,

এম-ডি।

রায় হরিনাথ ঘোষ বাহাত্বর এম-ডি। হরিশঙ্কর পাল অব মেসাস বি, কে পাণ্ড কোং।

ডাঃ ইন্দুভূষণ বস্থ এম-ডি।

ডাঃ বিধানচন্দ্র রায়, এম-ডি, এম-আর-সি-পি,

এফ•আর-সি-এস।

ডাঃ পি নন্দী এম-ডি।

ডাঃ কে, ঘোষ ডি-টি-এম এণ্ড এইচ্।

ডাঃ এ, চক্রবর্ত্তী, বি-এস্-সি, এম-বি।

ডাঃ মনীক্সনাথ দে মএ-বি. এম-আর-সি-পি।

ডাঃ ধীরেন্দ্রনাথ ব্যানার্জ্জী এম-বি, এম ডি (বালিন)

ডাঃ এইচ, ঘোষ এম-বি।

ডাঃ ডি, আর, ধর, এম-বি, ডি-টি-এম, এম-আর,

मि-मि।

ডাঃ বি, বি, সেন, এম-এস-সি, এম-বি।

ডাঃ বি, সি, দাশ, বি-এস-সি, এম-বি।

কাপ্তেন নরেন্দ্র নাথ দত্ত এম-বি, ম্যানেজিং ডাইরেট্রর।

ল্যাররেটরী, পশুশালা, সমূহে অধুনাতন যন্ত্রাদি সাহায্যে স্থবিজ্ঞ চিকিৎসকগণের সাক্ষাৎ কর্তৃস্তাধীনে ধমস্ক কার্য পরিচালিত হয়।

ডাক্তার, কেমিষ্ট ও ডুগিফদিগকে বিশেষ কমিশন দেওয়া হয়।

#### হরিদ্রা

(লেখক — শ্রীসভীশ চন্দ্র চট্টোপাধ্যায় এম,এ,বি,এল, )

যে দ্রব্যে যত বেশাগুণ ও মানবের উপকারিতা আছে তাহাতেই শ্রীভগবানের পুরুষরূপের বা স্ত্রী-রূপের অস্তিত্ব গীতায় বর্ণিত আছে। তাই হরিদ্রা দেবী বলিয়া হিন্দুদের পূজিতা। হরিদ্রা নব পতিকায় অস্তম। হরিদ্রায় তুর্গার আহ্বান করিয়া হরিদ্রাধিষ্ঠাত্যে তুর্গায়ৈ নমঃ বলিয়া পাতাদি দারা পূজা করিয়া এই মন্ত্রে স্থান করাইতে হয়। হরিদ্রে হররূপাণি শঙ্করম্ম প্রিয়া সদা। রুদ্র রূপাণি দেবিত্বং সর্ববশান্তিং প্রয়াচ্ছ মে॥ এই মন্ত্রে প্রণাম করিতে হয়।

হরিদ্রে হররূপাণি উমারূপাণি প্রতে।

মম বিশ্ববিনাশায় পূজাং গৃহ্ন প্রসীদমে ॥
হরিদ্রা ব্যবহারিক ও বাহ্যিক জগতে কিরুপে বিশ্ব
বিনাশ কবে দেখা যাউক।

সর্ব্যপ্রকার মাঙ্গলিক কার্নে। হরিদ্রার প্রয়োগ
হয়। কোন শুভকর্ম্মে নিমন্ত্রণ পত্র দিতে হইলে
উহা হরিদ্রা রঞ্জিত করিয়া দিতে হয়। বাড়াতে
বহুলোকের সমাগম হইলে কোন সংক্রামক ব্যাধি
উৎপন্ন হইয়া ব্যাপ্ত হইতে না পারে তজ্জ্ব্য এইরূপ
করা হয়। হরিদ্রা রোগের বীজাণুনাশক। কাহারও
স্পর্শদেশ্যে কোন ব্যাধি যাহাতে ব্যাপক না হইতে
পারে তজ্জ্ব্য লেখকপৃষ্ঠ পত্রিকা হরিদ্রা রঞ্জিত
করিতে হয়। তারপর বিবাহাদি শুভকার্য্যে বহু
আত্মীয়বর্গ সমবেত হইয়া যাহাতে কাহারও চর্ম্মান
রোগ অন্যে সংক্রেমিত না হইতে পারে তক্ষ্ম্য তৈল
হরিদ্রা মাখান ব্যবস্থা আছে। উহা যেমন চর্ম্মরোগ
ও ভাহার সংক্রেমণ নিবারক তেমনি বহুলোকের

সমাগমে ঘরে দৃষিত বায়ু ও উত্তাপজনিত শরীরের বায়ু পিত্ত নিবারণের সহজ ও উৎকৃষ্ট উপায়। এই সময় হরিদারঞ্জিত বস্ত্র ব্যবহারের ব্যবস্থা ছিল তাহা এখন ভদ্র ও তথাক্থিত সভ্যপরিবাবে উঠিয়া গেলেও সমাজের নীচস্থানীয় ও গরীব জাতিদের মধ্যে বিশেষ গশ্চিমদেশে বিশেষ প্রচলিত আছে।

হরিদার একটা বিশেষ গুণ আছে যে ইহা বেশ মিলন ঘটাইয়া দেয়। ঝোলে যদি হরিদ্রা না দেওয়া হয় তাহা হইলে কেবল জিরা গোল মরিট দিলে উহা ছ্যাকড়া ছ্যাকড়া হয় এবং আলু, পটল, বেগুন যেন আলাদা আলাদা থাকিয়া যায়। হলুদ দিলে বেশ মিশিয়া যায়। হলুদের এই মিলনশক্তি থাকায় হর্দোৎফুল্ল মিলনকাম বরবধুর বায়ূপিত্তের প্রশমন করিয়া উভয়ের দেহ ও মনকে মিলনের উপযোগী করিয়া শেষ বেশ মিলন ঘটাইয়া দেয়। সেইজন্ম বিবাহের পূর্বেব গাত্রহরিদ্রায় ব্যবস্থা। এখন নিয়ম রক্ষার জন্ম একটু দেহে ঠেকাইয়া সাবান দিয়া ধুইয়া দেওয়া হয়। আগে কিন্তু রীতিমত তৈল হরিদ্র। মাথাইতে হইত। স্নানের পূর্বের তৈল হরিদ্রা মাথিয়া কিয়ৎক্ষণ পরে স্থান করিলে সমস্ত দিন শরীরে একটা স্লিগ্ধতা অনুভব হয়। তাহা আর কিছতেই হইতে পারে না। অথচ এই স্নিগ্মতায় সদি লাগে না। পূর্নের আঁতুড় ঘরে প্রসৃতি ও নৰপ্ৰসূত সন্তানকে হৈল হরিদ্রা মাথাইয়া সাঁতুড় ঘরের নানা প্রকার দৃষিত বীজাণু হইতে রক্ষা করা হইত। শিশুসন্তানকে তৈল হরিদ্র। মাথাইলে বিছানায় মল মূত্র ত্যাগ করার পর উহা গাত্রে লিপ্ত

থাকিলে নানা ভাষণ রোগের কারণ হয় এমন কি বিদর্প রোগ পর্যান্ত হয় তাহা নিবারণ করে। প্রসূতিকেও তাহার প্রসংবের পর নিজ শরীর নির্গত নানাপ্রকার আবের বীজাণু হইতে রক্ষা প্রসৃতিকে ঝালের সঙ্গে হরিদ্রাচূর্ণ দেওয়া হইত তাহাতে আভ্যন্তরিক রোগের বীক্ষাণু নফ হইত। এখন তাহার অভাবে নানা রোগের প্রাত্নভাব ও অকালে প্রসৃতি ও সন্তানের কাল কবলে পতন। এখন প্রায় মেয়েদের ও তাহাদের জননীদের শিশু প্রকোপ হস্তপদের জ্বালা দারা অভিব্যক্ত। প্রসৃতির মস্তকেও স্থালার অভাব নাই তাহার কারণ স্পিরিট মিশ্রিত নানা প্রকার এদেকা ব্যবহার। চালক সামাত্র তৈলাক্ত পদার্থের শরীর হইতে সাবান ছারা বিশ্লেষণ নানা প্রকার বিজ্ঞাপন লিখিত কেশ তৈলের ব্যবহার। এখন আর আমলকী মিশ্রিত মাথা ঘদার মদলা ব্যবহৃত হইয়া ক্রীলোকদের মস্তিক শীতল করে না প্রত্যহ স্নানের পূর্নেব লোধ হরিদ্রা প্রভৃতি ম্রক্ষণ করিরা রমণাদের স্নান হয় না তাই তাঁহারা নিজে পিতরোগগ্রস্থ ও তাঁহাদের শোণিত বন্ধিত শিশুও তদপেক্ষা বেশা। এমন দিন ছিল যে ভারতদামাজী স্থদক্ষিণাও এই সকল ব্যবহার করিতেন তাই কবি কালিদাস বলিয়াছেন "মুখেন সালক্ষত লোধ পাগুনা'। এখন এই আমলকী ও হলুদ ব্যবহার ত্যাগের দারা নানাপ্রকার জ্রীরোগ বিশেষ উভয় প্রকার প্রদর জননীক্ষাতীকে সম্তঃসার শৃন্য করিয়া ফেলিতেছে। এখন সকলেরই ভাবা উচিত যে কি প্রকারে এই ন্বারুচিযুক্তা জননী জাতীর মধ্যে নিত্য হলুদ মাথ৷ স্নানের সময় আমলকীযুক্ত মাথায় মসলা দেওয়া মসলা দারা মাথা ঘসা ও কিয়ৎকাল মাথায় লেপন করিয়া রাখিয়া অপূর্বব

কেশদামে মস্তক স্থ্য ভিজ্ঞত করিয়া নাঁরোগ হইয়া বলিষ্ঠ ও স্বাস্থাবান শিশুমগুলের মা হইতে পারেন তাহার উপায় নির্দ্ধারণ করা। এমন সহজে অল্প বায়ে জননা জাতার শরীর স্থন্থ রাখিবার আর দিতীয় উপায় নাই। ইহাতে বায় সামাল্য উপকার খুব বেণী। দিন কত অভ্যাস করাইয়া দিলে উহার উপকারিতা বুঝিতে পারিলে কেহ সহজে ছাড়িবেন না। একজন বিজ্ঞ হাকিম বলিয়াছিলেন যে হলুদ বাঁটার সহিত লেবুর রস দিয়া চামেলী ফুল তৈলের সহিত মাথিয়া দেহে মর্দ্দন কবিলে অচিরে খোস চুলকানি প্রভৃতি চর্ম্মরোগ নম্ট হয়। আমি নিজে এক সাধু মহাত্মার নিকট শুনিয়া কাঁচা হলুদ ও গুড় সেবন করাইয়া আমার একটা বন্ধুর চুলকালি ভাল করি ও তৎসঙ্গে ভাহার প্রস্রাবের পীড়ারও বিশেষ উপকার হয়।

ষ্ঠীপুজায় জননীগণ তাঁহাদের পুত্রকন্সাগণকে দ্ধি হরিদার ফোটা দেয় তাহাও দেহের ও মনের উৎকর্ম সাধন করিয়া থাকে। আয়ুর্বেবদে দুভ ও তৈল মুর্চ্ছাপাকের প্রীথমেই হলুদের ব্যবহার হয়। তাহার কারণ হলুদ জল দিয়া পাক হইয়া গুত ও তৈল নিজের গুণ ত্যাগ করিয়া অ্যান্স পাকের জিনিষের গুণ করিয়া তাহাতে সংরক্ষিত রাখে এবং সমস্ত দ্রব্যের গুণ মিলন করিতে হয়। বর্ত্তমান সভাযুগে কাপড় বিছানা **২ইবাব ভয়ে ও অসভাতার পরিচায়ক বলিয়া আজ** হরপ্রিয়া হরিদ্রার এত অনাদর ও এত রোগের ছড়াছড়ি। তৈল হরিদ্রা মাপিয়া কিছুক্ষণ পরে গামছা দিয়া বেশ করিয়া রগড়াইলে হরিদ্রার দাগ উঠিয়া যায় অথচ লোমকূপ দিয়া প্রবেশ করিয়া শুরীরের ম**হান উপ**কার সাধন করে। ইন্সেক্সন দিয়া ঔষধ প্রয়োগে চিকিৎসক্গণ খুব ফল

পাইতেছেন কিন্তু অনেক সময় যে তাহার ভাবীফল মহানিষ্টকর তাহা কেহ ভাবিয়া দেখেন না। হরিদ্রা লেপনে বিনা কটে প্রত্যেক লোমকৃপ দারা উহার ইঞ্জেকসন হয় এবং আয়ুর্নেবদীয় হৈল মর্দ্ধনেও তাদশ কার্য্য হয় বরং বেশী কার্যা হয়। অগচ উহা দারা কোন অনিষ্ট সম্ভব হয় না। কালে ত হৈল চিকিৎসা এক বকম উঠিয়া গিয়াছে। বোগী তৈল মাখিতে চান না তাই চিকিৎসকও উহার ব্যবহার ছাডিয়া দিয়াছেন। জীর্গজরে অঞ্চারক তৈল কিরাতাদি তৈল যে কি উপকার করে তাহা যাঁহারা ব্যবহার করিয়াছেন ভাঁহারাই বুঝিতে পারেন। আজকাল রোগ সকলেরই লাগিয়া আছে উষধ সেবন করিয়া নাড়ী ক্ষরিয়া যাইতেছে তবু ঔষধের বিরাম নাই। এ অবস্থায় নানা প্রকার ৈল সাছে রোগের নানা প্রকার ভাহার মর্দ্ধনে যদি রোগ সারে তবে কি তাহা করা উচিত নয়? আগে দ্রীলোকে চক্ষে অঞ্জন দিয়া চক্ষু সিগ্ধ ও দৃষ্টিশক্তি অকুগ্ন রাখিতেন; ন্ত্ৰীলোকদের বলিতে গেলে বলিবেন যে ''এ লোকটা পেপিয়াছে"। আমি একবাৰ একটা মেয়ে দেখিতে গিয়া জিজ্ঞাসা করিয়াছিলাম যে "মা রাঁধিতে জান" তাহাতে তিনি হাঁসেন এ হাঁসিব মর্ম্ম বুঝিতে না পারিয়া অনুসন্ধিংস্থ হইয়া কাহারও দারা হাসির কারণ জানিতে পারি। তিনি বলেন যে রালা ত রম্বয়ে বামুনের কাজ আমরা তাহার কি জানিব। যে দেশে দময়ন্ত্রী নল, দ্রোপদী, ভীম রালার জন্ম বিখ্যাত দেইদেশে সন্তান ভাই ভগিনী, পিতামাতা ও স্বামীর দেহের পোষক ও একমাত্র বাঁচিবার পন্তা যে ভাল রানা ও পবিত্রভাবে পবিত্র দ্ব্য দার৷ প্রস্তুত খাত্য দ্রব্য তাহা এখন রম্বয়ে বামুনের হাটে

পড়িয়াছে। যে দেশে আক্ষণ স্বপাকে রায়া করিয়া স্থান প্রাণিজাবি হইতেন এখন তাঁহারা নানা স্থানে নানা লোকের হাতে নানা প্রকার অপবিত্র দ্রব্য ভোজন করিয়া করাদেহে অকালে কালগ্রাদে পভিত হইতেছেন। আগে পুরুষণণ বিদেশে কাল্যবাপদেপে যাইত স্থালোকগণ পল্লীগ্রামেই থাকিয়া সাদাসিদে ভাবে কাল্যাপন করিত। পূর্বরপ্রণা সব বজ্বায় রাখিত। ঠাকুর সেবার কার্য্যে নিমৃক্ত থাকিয়া পবিত্রভাবে থাকিত ও পবিত্র রায়াদি হইত। বিমৃক্ত বায়ু সেবনে পুদ্ধরিণীর জলে অবগাহণ স্নানে, কল্সী কলসী জল আনায়, গাঁতা, তেঁকির কাজে প্রভূত পরিশ্রম করিয়া স্বাস্থ্যবান সন্তান সন্ততি লইয়া স্থাথ কাল্যাপন করিত। অর্থায়ও কম হইত। পল্লীগ্রামের উন্নতিও হইত।

এখন সব চাক্রী করিতে গিয়া বা ব্যবসা করিতে গিয়া পরিবারবর্গ সমেত কলিকাতাদি সহরবাসী হইতেছেন। ফলে পলাগ্রামের অবনতি পুরাতন সাস্থ্যকর প্রথা ত্যাগ, সাস্থাহানী গৃহাবরুক্তা ও বিলাস ব্যসন দেশকে ছারথার করিয়া দিভেছে। সর্বনা স্ত্রী সঙ্গে থাকায় প্রজোৎপত্তি বেশ বাডাইতেছে তুঃখদারিদ্র্য একাধারে আসিয়া रुटेट्डि । वर् प्रः एथरे पूकुन्मनाम भरामग्र याजांग्र বলেন যে কলিকাতা রাক্ষমীর হাত হইতে রক্ষা না করিলে আর বঙ্গদেশের অব্যাহতি নাই"। স্বর্গীয কবি যোগীন্দ্রনাথ বড় ত্বঃখেই লিথিয়াছিলেন। "ৰিলাস ব্যসনে মাতি, ভুগিতেছে হিন্দুজাতি অতীতের আদর্শ মহান্ তৃমি মা রহিও সাবধান" ''যে দেশে অন্নের তরে দাসখৎ লযে করে পুরুষেরা ভ্রমে দ্বারে দ্বারে হ'য়ে পিণ্ড অস্থি চর্ম্মসার সে দেশে বিলাস হায়, নারীর কি শোভা পায়

দেখ বংসে। প্রত্যক্ষ ত দেখেছ নয়নে'' নারী মাঝে আছাশাক্তি নারীতে করুণা ভক্তি জেন বংসে সদা বিরাজিত রয়। নারী শুধু ভোগ্যা ভার্য্যা নয়॥

আয়ুর্নেবদে হরিদ্রার গুণ :—
হরিদ্রাকাঞ্চনী পীতা নিপাখ্যা বরবর্ণিনী।
কুমিদ্রা হলদী যোধিং প্রিয়া হরিদ্রাসিনী॥
হরিদ্রা কটুকা তিক্তা দেহবর্ণ বিধায়কা।
উষ্ণা রুক্ষা শোধনী চ স্ত্রীণাং তু ভূষণং মতা॥
কফং বাতং রক্তদোষং কুষ্ঠং কণ্ডুং প্রমেহকম্।
ত্বগদোষঞ্চ ত্রণং শোখং পাশুরোগ কুমীনং বিষম্
পিনসং বারুচিং পিউমপটীং চেত নাশয়েং॥

হরিদ্র। কটুতিক্তরদ, দেহের বর্ণ কারক উষ্ণবীর্ঘ্য রুক্ষ, শোধক ও স্ত্রীলোকের ভূষণ।

কফজ ও বাতজ দোষ, রক্তছ্প্টি, কুষ্ঠ, কণ্ডু, প্রমেহ, হগদোষ, ত্রণ, শোগ, পাগু,রোগ কৃমি, বিষ দোষ, পানস, অকচি, পিত্ত ও অপচীরোগে ইহা প্রয়োগ করিতে হয়।

এখন পাঠকগণ একটু চিন্তা করিয়। জননা জাতির মধ্যে হরিদ্রা লেপন ও মন্তকে পিষ্ঠামলকী লেপনের ব্যবস্থা করিবেন কি ? না লেখকের প্রতি ব্যক্ষোক্তি করিয়াই হরপ্রিয়া হরিদ্রাকে উপেক্ষা করিয়া কেবল পাচকের হাতেই রাখিয়া দিবেন।

## বঙ্গীয় ছাত্রের স্বাস্থ্য।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র হিতসাধিনী সমিতির এক রিপোর্ট পাঠে জানা যায় যে,ছাত্র সমাজের
স্বাস্থ্যহীনতা গুরুতর আকার ধারণ করিয়াছে। গড়পড়তা শতকরা ৬৬ জন ছাত্রের শরীরে কোন না
কোন রোগ বর্ত্তমান। এদিকে দেশবাসীর দৃষ্টি
সাক্ষ্য হওয়া বাস্থনীয়। নিম্নে এই রিপোর্টের সার
মর্মা প্রদত্ত হইলঃ—

ছাত্রদিগকে পেশীবছল, মোটা, দোহারা ও কৃশ এই চার ভাগে ভাগ করিয়া দেখা গিয়াছে যে শত-করা হিদাবে প্রেসিডেন্সি কলেজে কৃশ ছাত্রের সংখ্যা কম, কিন্তু সিটি কলেজে সব চেয়ে বেশী। আবার ছাত্রদের মধ্যে অর্দ্ধেক দোহারা শ্রেণীভুক্ত এবং মাত্র শতকরা ,০ ভাগ পেশীবক্তল। শতকর। ৪ জন ছাত্র কুঁজো কিন্তু বয়স যে ছাত্রের যত কম, তার কুঁজও ধরা পড়ে তত শীঘ্র সেইজন্য বোধ হয় ইউনিভারসিটি কলেজে শতকরা ১৯ জন কুঁজো। সিটি ও প্রেসিডেন্সি কলেজে যথাক্রমে শতকরা প্রায় ৪৬ ও ৮৮ জন কুঁজো। লেথবার পড়বার সময়ে সোজা হ'য়ে বসে লিখলে পড়লে ততটা কুঁজো হওয়ার সন্তাবনা নাও থাকতে পারে।

গায়ের রং হিসাবে ছাত্রদের চারিভাগে ভাগ করা হইয়াছে –খুব ফরসা, ফরসা তামাটে ও কাল। পরীক্ষিত ছাত্রদের মধ্যে ইণিয়োপীয়দের তায় কাল রং পাওয়া যায় নাই। পরীক্ষায় জানা গিয়াছে, শক্কর। ১ ভাগ থ্ব ফরসা, ২৩ ভাগ ফরসা, ৬৮ ভাগ তমাটে ও ৭ ভাগ কাল। সকলেই জানেন যে, বাঙ্গালীদের অধিকাংশই ভামাটে রংয়ের। শতকরা হিসাবে স্কটিশচার্চ্চ কলেজে সবচেয়ে বেশী থব ফরসার সংখ্যা এবং প্রেসিডেন্সী কলেজে কালর সংখ্যা সবচেয়ে কম। ইউনিভারগিটি ও সিটি কলেজে খুব ফ্রসা সবচেয়ে কম এবং প্রথমোক্ত কলেজে কালোর সংখ্যা সবচেয়ে বেশী। প্রেসিডেন্সী কলেজে তামাটের সংখ্যা সনচেয়ে বেশী শতকরা ৭৬ ভাগ। জাত বা বর্ণ সিহাবে রংয়ের খেলা দেখিলে অনেক মজার তথা জানিতে পারা যাইবে। থুব ফরদার সংখ্যা সবচেয়ে বেশী স্থবর্ণ বণিক সমাজে, তারপরে ত্রান্সণদের মধ্যে তারপরে বৈছা ও কায়ন্ত সমাজে। এই হিসাবে स्वतर्वितिक मभाक नाम (मध्यारे युक्तियुक्त, कार्यन পরীক্ষিত স্থবর্ণ বণিক ছাত্রদের সংখ্যা খুবই কম। তাহা হইলে এই জানা গেল যে সাধারণতঃ আমরা যাদের উচু জাত বলি, তাদের মধ্যেই রং ফরসা দেখা যায় ৷

কালোর সংখ্যা মুসলমান, মাহিন্ত ও গন্ধবণিক দিগের মধ্যে বেশী, কিন্তু এই হিসাবে, মাহিন্ত ও গন্ধবণিকদিগকে বাদ দেওয়াই উচিত, কেননা ঐ সমাজ ভুক্ত পরীক্ষিত ছাত্রদের সংখ্যা কম।

সিটি কলেজের ছাত্রেরা ওজনও উচ্চত। হিসাবে বাকী কলেজের অপেক্ষা হীন। সাধারণ ছালদের ২-।২১ বৎসর বয়সই উচুতে বাড়িবার সময়, এবং এই সময়ই তাহারা ওজনেও বাড়ে।

নিঃশাদ লইয়া বুক ফুলাইবার বেলাতে সিটি কলেজের ছাত্রেরা বাকী কলেজের ছাত্রদের কাছে হার মানে।

সাধারণতঃ পরীক্ষায় জানা গিয়াছে যে বয়সের সঙ্গে সঙ্গেই শুনিবার ক্ষমতা কমিতে থাকে এবং ডানকান অপেক্ষা বা কানই বেশী খারাপ হয়। **(512)** 

শতকরা ৩৬জন ছারের দৃষ্টিশক্তি কম, তার মধ্যে আবার শতকরা ১৩জন চিক চদদা ব্যবহার করে। চোথ থারাপ হিসাবে ইউনিভারসিটি স্ত প্রেসিডেন্সী কলেজের ছারেরা অগ্রণা এবং ইহাদের তুলনায় সিটি কলেজের ছারদের চোথ থারাপ থুবই কম। পরীক্ষায় জানা গিয়াছে দে, ১৬ বংসর বয়স থেকে বয়সের সঙ্গে সঙ্গে ক্রমশঃ চোথ থারাপ ও দাঁতের অস্ত্রণের সঙ্গে একটা ভিতরকার সন্তর্ম আছে।

. দাঁত

এক তৃতীয়াংশ ছাত্রদের দাঁত খারাপ। এ বিষয়ে কমিটী ছুঃখের সহিত জানাইতেছেন যে, ছাত্রদের চোখ খারাপের দিকে যতটুকু মনোযোগ আছে, দাঁতের দিকে তাহাও নাই।

#### বিবিধ

বিবিধ দফার মধ্যে ক্সৎপিণ্ড কুসকুস, গলা, প্রীহা, টনসিল যকৎ ইত্যাদি ধরা হইয়াছে। এ বিষয় প্রেসিডেন্সি কলেজের ছাত্রদের স্বাস্থ্য থুবই খারাপ কারণ প্রেসিডেন্সি কলেজের শতকরা ৪৯জন ছাত্র উপরোক্ত কোন না কোন অন্তথে ভোগে, কিন্তু সিটি ও প্রটিশচার্চ্চ কলেজের ঐ হিসাবের সংখ্যা হইল ২১ ও ১৬। উপরোক্ত প্রায় প্রত্যেক রোগে যুনিভার্সিটী কলেজের ছেলেরা যত ভোগে, এত আর কোন ছাত্রেরা ভোগে না।

#### সর্বসমেত

সমস্ত রকমের রোগ ধরিলে প্রেসিডেন্সি কলেজের ছাত্রেরাই বেশী ভোগে, কারণ সিটি, স্কটিশচার্চ্চ, য়ুনির্ভার্সিটি ও প্রেসিডেন্সী কলেজের ছাত্রদের যথাক্রমে শতকরা ৬৭, ৬৪, ৭৭, ৯১ জন ভোগে। মোটামুটী গড়পড়তা ধরিলে শতকরা ৬৬ জন ছাত্রের শরীরে কোন না রোগ বর্ণনান।

# মফঃস্বলে কি করিয়া সুস্থ থাকা যায়।

(লেথক ডাঃ জাহ্নবী চরণ দাশ গুপ্ত L M. S)

ভোরতে ও গ্রাম্মপ্রধান দেশ সমূহে আসিবার পূর্বের লণ্ডনের School of Hygiene & Propical Medicine হইতে সকলকে তথায় থাকিবার বিষয় উপদেশ দেবার ব্যবস্থা হইবার কথা হইতেছে। একজন প্রসিদ্ধ চিকিৎসক এ বিষয়ে নিম্নলিখিত উপদেশ দিয়াছেন)।

এই গ্রীয় প্রধান দেশে বহুদিন থাকিয়া ও বহু নবানতদের কফ দেখিয়া আমার আজি যে অভিজ্ঞতা হইয়াছে ভাহাতে আমি বলিতে পারি যে সর্বন প্রথম ভ প্রধান উপদেশ যাহা মানিয়া চলিলে গ্রীম্মপ্রধান দেশ গুলিতে বাস করা সহজ হইয়া যায় তাহা হইতেছে, "সকল জিনিষেই পরিমিততা<sup>22</sup> মাদক ব্যবহারই দ্রোর প্রধানতঃ। এই ব্যবস্থা মত ন্যাভ্যাগ্রদের চলা উচিৎ। অনেকে বিকালে ৫।৭ পেগ (per) হুইন্ধি ব্যবহার করেন। প্রথম প্রথম ইহার বিষময় ফল বুঝা যায় না, কিন্তু সহরই পাকস্থলী ও যক্ত এত অধিক মাদক দ্রব্যের অত্যাচার সহ্য করিতে না পারিয়া রোগ গ্রন্থ হয় ও অনেকসময় উহাদের বাংধি জুরারোগ্যই হইয়া দাঁড়ায়।

আহারের বিষয় ভারতে বিশেষ সাবধান হওয়া উচিত "অল্ল পরিমাণে মাংস ও অধিক পরিমাণে তরিতরকারী আহার করিলে স্বাস্থ্য ভাল থাকিবে "ইহা বছ পুরাতন কথা হইলেও অতীব সত্য কথা। পানে ও আহারের এই 'পরিমিততা অভ্যাস করিলে ভারতে বহু সাধারণ রোগের হাত এড়ান যায়।

গ্রীষ্মপ্রধান দেশে সংক্রামক ব্যাধিদের হাত

হইতে পরিত্রাণের আর একটী উপায় হইতেছে,
মানুষের চিরশক্র মাজি ও মশাদের দূরে রাখা।
মাজি কলেরা টাইফয়েড আমাশয় ইত্যাদি রোগ
ছড়াবার প্রধান সহায়, এ দেশগুলিতে ইহার
উপদ্রব কম নহে।

মাছিকে কখনও প্রশ্রা দিবে না – সর্বদা ও সর্বব প্রকারে মাছিকে দমন করিতে থাকিবে-যাহাতে কোনরূপেই বাটিতে মাছি না থাকিতে পারে তাহার ব্যবস্থা করিবে। থাবার মাছিকে আকর্ষণ করে সভ্রব আঢ়াকা অবস্থায় কদার খাবার রাথিবে না। খাইবার ঘর ব্যবহারের পর ভাল করিয়া মুছিয়া ফেলিবে যাহাতে কোনও প্রকারে খাগুদুব্য মেকেতে না পড়িয়া থাকে। বাড়ির কাছে কোথাও যেন আবর্জ্জনার স্ত্রপ না থাকে मितिक बिट्मय नजत ताथ। প্রযোজন। কারণ আবর্জনাতে মাছি জনা্য়; সপ্তাহে অন্তঃ একনিন (कान 9 की वान विनासक छेष्य ( Disinafetant ) দার। মেঝে পুছিয়। ফেলিবেও নর্দ্দমাদিতে দিতে ভুলিবে না (Eletrolytic chlorine ইলেট্রো সিটিক ফ্রোরিন এ বিষয়ে বিশেষ কার্যাকারী।

মশক—এদেশে মানুষের আর এক শক্র ভারতের প্রধান মারাত্মক ও ভীষণ তুর্বলকারি
ম্যালেরিয়া ও ফাইলেরিয়া (পা ইত্যাদি ফুলা গোদ )
এই মশক দারাই বিস্তার লাভ করে। এই শক্রটিকে
নাশ করবার উপায় করা ও যাহাতে মশক না
কামড়াইতে পারে তাহারই চেফা করা বিধেয়।
বাড়ির চারিধারে ছোট ছোট জল জমবার যায়গা

গুলি বুজাইয়া ফেলা উচিৎ; কারণ এই জলগুলিতে মশক ডিম পাড়েও তাহাদের জীবনের কিছু সময় সন্ধার পর মশকগুলি কাটায়। অন্ধক রের সঙ্গে সঙ্গে ঘরে প্রবেশ করে ও ঘরের কোণে যেখানে কাপড় চোপড টাঙ্গান গাকে সেগানে আশ্রে লয়। দিনের বেলায় এই কোনগুলি হইতে মশা তাডান ও মারিয়া ফেলা বেশী শক্ত নয়। যেখানে সেখানে কাপড টাঙ্গানর ব্যবস্থা মোটেই ভাল নহে। তারপর মশারীর বাবহার অভান্ত হইতে হয়: তাহা হইলে মশার অত্যাচার হইতে রক্ষা পাওয়া খুব কঠিন হইবে না।

কাঁচা ও অধিক পাকা ফল খাওয়া যে ভয়ানক অনিষ্টকর তাহা সকলেরই সব সময় জেনে রাখা দরকার। ভাঙ্গা বা ফাটা অবস্থায় পাকা ফল কদাচ ব্যবহার করা উচিৎ নয়। বাজারে কলা কিনিবার সময় অনেকগুলি বোটার কাছে বা গায়ে ফাটা দেখা যায় সেগুলি ব্যবহারে অনিষ্ট হওয়া সম্ভব I টমেটো, লেটুস প্রভৃতি স্থালাদ (Falad ) প্রস্তুত কালে বিশেষ সাবধান হওয়া উচিৎ এইগুলি একটু পটাস পারম্যান্সনেটের জলে ( condy's totion ) ভাল করিয়া ধুইয়া লইয়া তাহার পর যাহাতে বাবহার করা হয় তাহার দিকে নজর রাখিবে।

প্রত্যাহ বিকালে একটা বড় কেটলা (kettle) জল ফুটাইয়া রাখিতে হইবে—পরদিন কুজাতে উহা ঢ়ালিয়া পানের জন্য ব্যবহার করিতে হইবে। কদাচ না ফুটান জল পান করা উচিত নছে, অনেক সময় উহাতে বিষ থাকে ইহা যেন মনে থাকে।

যে আর একটা জিনিষে বিশেষ সতর্ক হওয়া এই

গ্রীষ্মপ্রধান দেশে দরকার সেটি চাকর বেয়রাাদের দিকে নজর রাখা। অধিকাংশ সময়ে তাহারা দায়িত্ব-হীন ও ফাঁকিদার হয়—ধূলা ও ময়লা ঝাড়িবার জন্ম ঝাড়ন বা গমছা ভাহারা ব্যবহার করে। একট্ অতর্কিত হইলে একই ঝাডনে গ্রাস, থালা চায়ের বাটী পোছা গৃহের সাজ সজ্জাদি—টেবিল, চেয়ার. খাট ইত্যাদি ঝাড়া এমন কি তুধ ঘোল, সরবৎ আদি ছাকা একটি ঝাড়নে চাকরের। সারিতে চেষ্টা করে। গৃহকরীর প্রভাহ ভিন্ন ভিন্ন কাজের জন্ম ভিন্ন ভিন্ন কাড়ন সকালে ঢাকরদের দেওয়া —ও সেইগুলি পর দিন নুতন দেট ঝাড়ন দেবার আগে তাহাদের নিকট হইতে লইয়া সাবান দিয়া কাচাই--বার বাবস্থা নীজের তত্তাবধানে করিতে হইবে একট টীলা দিলেই তাঁহাকে ও তাঁহার পরিবারবর্গকে ঠকিতে ও ভূগিতে হইবে।

এই সব ব্যবস্থাগুলি নিয়মিত করা বিশেষ কফকর নহে। দৃতত। অবলম্বন করিয়া নিয়ম মত চলিতে আরম্ভ করিলে এগুলি একেবারে মজ্জাগত হইয়া যাইবে প্রে সামাত্ত সাবধান, একটু সভর্কতা অবলম্বন করিলেই সাপনা সাপনি প্রভাহ কলেব মত কাজ চলিতে থাকিবে।

এই বিধিগুলি পালন করিলে গ্রীমপ্রধান দেশের প্রধান ৫টা ব্যাধির হাত হইতে পরিত্রাণ পাওয়া যায়। সাধারণতঃ পরিকার পরিচ্ছন্ন থাকিলে ও কোনও সংক্রোমক ব্যাধির সময় টিকা ইত্যাদি লইলে বিশেষ কোন রোগে না ভূগিয়া স্তস্থ গাকা সহজেই

याय ।

## মান্ধের আয়ু।

( এীগোপীমোহন বহু বি, এদ, দি)

আধুনিক সভ্য ক্লাভীর মানবগণ প্রায়ই এইকথা মনে মনে জিজ্ঞাসা করিয়া থাকেন যে তামাদের কি এত শীঘ্র এবং অল্লবয়সে মানবলীলা সম্বরণ করিবার ্লাবশ্যক আছে ? এবং আমাদের ভবিয়তে সন্তান ্বিস্তুতিগণ একথা নিশ্চয়ই বলিবে যে আমাদের কি মরিবার আবশ্যক আছে 📍 ইহা কি সম্ভব যে মুত্যুর হাত হইতে এড়াইবার জন্ম ধৃদ্ধ বিশেষভাবে আরম্ভ হইয়াছে। এমন এক সময় ছিল যখন কেহ ্রীদি একশত বৎসর বাঁচিয়া থাকিবার আশা করিত হয় ভাহাকে পাগল বলা হইত নাহয় সে বাচাল ৰিশিয়া বিবেচিত হইত। অধুনা নানাপ্রকারভাবে ত্তুথে স্বচ্ছন্দে জীবন যাপন করিবার উপায় উন্তাবিত ছওয়ায়, প্রত্যেকই অধিকদিন বাঁচিয়া থাকিতে ইচ্ছা ক্তুরে এবং এই অধিকদিন বাঁচিয়া থাক্বার ইচ্ছা বেন বিশেষ লোক প্রিয় হইয়া উটিয়াছে। লেনস্-সূট লটন্ বলিয়া একজন বিখ্যাত পণ্ডিত বলেন যে কিছু দিন পূর্বেব তিনি স্থদীর্ঘ জীবনকে সোভাগ্যের শ্বান বলিয়া বিবেচনা করিতেন এবং ইহাকে দুস্প্রাপ্য ৰিলিয়াও মনে করিতেন। পরে তিনি এই বিষয়ে বিশেষ গবেষণা করিতে আরম্ভ করেন এবং বলেন ৰে কেনই বা মানবগণ স্থদীৰ্ঘ জীবনলাভ করিবে না। ভিনি আরও বলেন যে সাধারণ মাসুষ যে জীবন বাপন করেন, তদপেক্ষা অধিকদিন জীবন যাত্রা নির্ববাহ করা বিশেষ সহজসাধ্য।

ু ইহা আশা করা হইত, যে গড়পড়তা আয়ু বাড়িলেই স্থদীর্ঘ জীবন লাভের ইচ্ছা স্বততঃই বন্ধিত হইবে। আঠার শতাব্দীতে গড়পড়তা আয়ু ত্রিশ বংসর ছিল এবং এই ত্রিশ বংসরই অধুনা মধ্য বয়স বলিয়া বিবেচিত হয়। সেই সময় হইতেই গড় পড়তা আয়ু ক্রেমশঃ বাড়িয়া চলিতেছে। আজকাল বৈজ্ঞানিকগণ একশত বংসর জীবন ধারণ করা সহজ্ঞসাধ্য বলিয়া মনে করেন।

আজকাল দীর্ঘজীবন লইয়া চর্চ্চ। করার প্রথা বিজ্ঞান জগতে প্রবেশ লাভ করিয়াছে। সকল প্রকার চর্চ্চার ভিতর, ইহা অধিক আনন্দদায়ক ও সাহসিক, কারণ ইহার গবেষণায় জীবনের নানা প্রকার অপরিলক্ষিত ব্যাপার মানবের দৃষ্টিগোচর হয়। এই চর্চ্চা কলে দেড় শত বৎসরের ভিতর মানবের যে ভাবে গড়পড়তা আয়ু বাড়িয়া চলিতেছে তাহাতে এই স্থান্ট জীবন লাভ যাহা এখন অভি অল্পসংখ্যক লোকই বিশাস করেন. তাহা প্রত্যেক ব্যক্তিরই বিশাস্থাগ্য হ্ইবে। বৈজ্ঞানিকগণ এই স্থান্ট জীবন এক শত বৎসর বলিয়া ধার্য্য করিয়াছেন এবং ইহাদের ভিতর কেহ কেহ এই স্থান্ট জীবনকে একশত বৎসরেরও অধিক কাল স্থায়ী বলিয়াছেন। আবার ঋষি এবং কবিদিগের নিকট মানব অমর্বলিয়া খ্যাতি লাভ করিয়াছে।

এ কথা জোব করিয়া বলা যায় যে আমরা যতগুলি একশত বৎসর বয়ক্ষ লোক পৃথিবীতে বাঁচিয়া আছে বলিয়া মনে করি ইহা তদপেক্ষা বহু বেশী। কিরপে এই লোকগুলি একশত বৎসর জীবন ধারণ করিতে সমর্থ হইয়াছে তাহা চিন্তা করা বিশেষ সহত্বসাধ্য নহে। অতএব কি নিয়ুমে মাসুয এত দীর্ঘজীবন লাভ করে তাহা নির্দিষ্টভাবে

# রোগী ও দুর্রল অবস্থায়

ভাল বলেন। বেখানে হুখের উৎকৃষ্টভার সম্বন্ধে সন্দের আছে বা রোগী ফুটান হুখ, কুত্রিম হুখ, ভাল বা অন্ত প্রকারে তৈয়ারী পুষ্টিকর "জুস" সকল ভাল লাগে না সেখানে ইহা অভীব প্রয়োজনীয়। ইহাতে ননী সম্পূর্ণভাবে থাকে ও ভাহার সহিত কেবল বাছাই কয়া যব ও গমের Malto dextrine থাকায় এই হুখ অতি সহজে হজম হয় ও অভ্যাধিক পুষ্টিকর। প্রতি আউলো ১২১ কেলোরী ভাপ হয় ভাহার মধ্যে ছানাজাতীয় দ্রব্য হইতে ১৯ কেলোরী হয় ইহা সহজে ও শীপ্র গরম বা ঠাণ্ডা জলে গুলিয়া যায়। এক রে (X-Ray) পরিক্ষার ছারা পাইবার ঔষধের সহিত হ্নলী ক্ষান্তেত ক্রিক্স অতি উপাদেয়।

ভাল ছধ পাইতে হইলে "**হ লিকু"** निश्चित्त ।



Made in England

HORLICK'S MALTED MILK CO., LTD., SLOUGH. BUCKS., ENGL 'ND.

#### কালা-জুর

প্রভৃতি প্রাতন রোগ জনিত রক্তার জ্ব ( এনিমিয়া ) রোগে

# जिंद्रण विरमारणारशिक

মন্ত্রশক্তির মত কাজ করে।
বিলাজী হিমোগোবিন অপেকা শতগুণে শ্রেষ্ঠ—
বহু বিচক্ষণ চিকিৎসক কতুঁক
নিতা ব্যবহৃত ও শ্রেষ্ঠ বলিচা বিবেটিত।

মুল্য

বড় শিশি ছোট শিশি

#### भगादनतिया

निश्मित हि किश्माः बाताम हहेए हहेत्।

# কেব্ৰি-কিউপো

নিয়মানুযায়ী দেবনে বোগ মুক্তি অনিবার্য্য বিচক্ষণ চিক্তিংসকের ব্যবস্থা প্রামুসারে প্রস্তুত ও বধোণযুক্ত বিভন্ন কুইনাইন সংযুক্ত বলিয়া ইহা ব্যবহারে কথনও কোন কুফল দেখা ব ব না।

भंदन)

বড় 🏲 শি

ছোট শিশি

টেলিফোন

বডবাজার

2200

**त्रशल बाइ७-(क्रिक्शल** 

ওৎ মং ক্রামেন্ড ব্রীট, ক্যমিকাজা ল্যাৰরেটরী [

জ নং কালেজ ক্রীট, কালিকাওগাঁ ' বাইওকেমিফ্ট'

কলিকাতা

টেলিগ্ৰাফ

1

ব্রাঞ্চ ডিপো:—৩৩নং লায়াল খ্রীট ( পটুয়াটুলি ), ঢাকা।

#### অমৃতা ঞ্জন

মাথাধরা স্নায়ুর বেদনা পিঠ ব্যথা কোটিদেশের ব্যথা



বাত

কাশী

मिष

পোড়া

এবং সর্বপ্রকার ব্যধা ও বেদনার এদ্রেজালিক ঔষধ

Bombay

বাল্লাদেশের একমাত্র বর্ণ্টনকারী

সি মালিলাল এও কোহ ৮নং কন্টোলা টট, কৰিকাডা।

Madras

বলা যায় না! যাহা হউক মিতাচার বা পরিমিত হ (moderation) যে এই দীর্ঘ জীবন লাভের একমাত্র উপায় তাহা বিশেষ করিয়া বলা যাইতে পারে। এই নিয়মের ও ব্যতিক্রম আছে এবং যাঁহারা এই নিয়ম অগ্রাহ্ম করিয়াও একশত বংসর বাঁচিয়া থাকিতে সমর্থ হইয়াছেন, তাহাদের পক্ষে বলা যাইতে পারে যে তাঁহারা যদি এই মিতাচার পালন করিতেন, হয়ত তাহা হইলে আরও অধিক-দিন জীবন ধারণ করিতে পারিতেন।

সময় সময় পণ্ডিভগণ জীবনে কি বৃত্তি (occupation) অবলম্বন করিলে দীর্ঘ জীবন লাভ করা যায় তাহা চিন্তা করিতে থাকেন। কেহ কেহ বলেন যে বৃদ্ধি বৃত্তিকে (Intelligent Profession) প্রথম স্থান দেওয়া যাইতে পারে। দীর্ঘ জীবন লাভের পক্ষে দৈহিক এবং মানদিক পরিশ্রম উভয়ই জাবশ্যক; অবশ্য উভয়কেই যথাযথ জাবে চালানই সর্ববাপেক্ষা প্রশস্ত বলিয়া মনে হয় । কিন্তু দৈহিক পরিশ্রম যতই অধিক হউক না কেন, মানদিক পরিশ্রমের অভাবে দীর্ঘ জীবনের আশা একেবারেই লোপ পায় ইহা একজন অধ্যাপক এবং সাধারণ পরিশ্রমীর উভয়ের পক্ষেই থাটে; কারণ আমাদের জানা নাই যে কোন স্থানে বৃদ্ধি-মন্তার আবশ্যক হয় এবং কোন স্থানেই বা হয় না।

ষাট বৎসর বয়সে অধিকাংশ লোকেই কর্ম জীবন হইতে অবসর গ্রহণ করিতে ইচ্ছা করেন। কেই অকর্মণ্য হওয়ায় অবসর লন, আবার কেই বা অবশিষ্ট জীবন স্থাথ এবং বিনা ঝঞ্চাটে আত-বাহিত করিবার জগুই অবসর লইয়া থাকেন। অসময়ে কর্মজীবন হইতে অবসর লওয়ায়, দীর্ঘ

জীবন লাভ করা কফ্সাধ্য হইয়া পড়ে। चाता (मथान यारेट भारत य भृथिवीत नमूममू মহৎ কাৰ্য্যই বুদ্ধ বয়সে সম্পাদিত হইয়াছে। অধুনা আশী বৎসরকে জীবনের স্ব্রাপেকা সঙ্কটময় .. সময় বলিয়া ধরা হয়। একবার আশী বৎসর কাটিলেই কতক্টা রোগের হাত হইতে নিষ্কৃতি পাইবার সম্ভাবনা থাকে। এই আশী এবং এক শত বৎসর বয়সের ভিতরেই বহু বুদ্ধ বছু বুহুৎ এবং গবেষণামূলক কার্য্য সমাধা করিতে সমর্থ হইয়াছেন। কর্মাক্ষত্রে দেখা গিয়াছে যে জীবনের প্রত্যেক সময়েই কিছু না কিছু আশ্চর্য্য কার্য্য করা যাইতে পারে। অভএব দেখা যাইতেছে যে कि অল্ল বয়স এবং কি বৃদ্ধ বয়স, প্রত্যেক সময়ই মৃহ্ কার্য্যের জন্য প্রশস্ত। বুদ্ধ বয়দে যে বুদ্ধির পরি-, পৰতা আসে তাহা আমাদের দেশের একটা প্রবাদ্ধ হইতে বেশ বুঝা যাইবে। প্রবাদ আছে যে যুদ্ধি, সংপরামর্শ চাও, তবে তেঠাং এর কাছে যাও। এই তে ঠাং এর অর্থ ছইতেছে বুক্ত; অর্থাৎ যাহার मछक्षी श्रमपुशत्नत्र मृद्धा ्ञाञात्र नरेगाद्धाः তাহ। इहेल (नथा याहेरजह रच नीव जीवन नार्ष সম্বিধা বোধ, একবারেই জম।

জীবনের সর্বাপেক্ষা ভয়াবহ মৃত্যুর আক্রমণের হ ছই কারণ আছে— বৈজ্ঞানিক এবং আধ্যাত্মিক।
ইহারা এরূপভাবে জড়িত যে সাধারণ মনুস্থা তাহান হলয়ক্ষম করিতে অসমর্থ। বার্দ্ধকোর কারণ লইয়া মতভেদ বিশেষজ্ঞাদিগের ভিতর চিরকালই বিজ্ঞমান আছে। কিন্তু মিচ্নিকভ্ নামক পণ্ডিভের কল্পনা (Theory) সকলেই মানিয়া লন। তিনি বলেন যে বৃদ্ধ মানবের জীবিত পরমাণু প্র । ॥)
গুলি একটা যুদ্ধক্ষেত্র রচনা করে এবং এই যুদ্ধক

ক্ষেত্রের উপর সাদা ও লাল এই চুই রক্তকণা হইতে রচিত সৈন্যদল (collular forces) এক ভীবণ যুদ্ধের সৃষ্টি করে, যাহার ফলে অপেকাকৃত ভাল অথচ জীর্ণ মাংসপেশীগুলি হারিয়া যায়। এবং এই হারিয়া যাওয়ায় মানবগণ মৃত্যুমুখে পতিত হন। পাস্তর বিছালয় দেহের এই আভান্তরিক শক্ত বিনষ্ট করিবার জন্য এক সিরাম (serum) আবিষ্কার করেন: কিন্তু ইহাতে দেখা গেল যে, ইছা শত্রু মিত্র তুই বিনষ্ট করিতে সক্ষম। এখন এই বিভালয় এই রকম কোন পদার্থ আবিকার করিতে চেফা করিতেছেন, যাহার দারা দেহের তুর্গগুলি শত্রুহস্ত ইইতে দেহকে রক্ষা করিতে সমর্থ হইবে। যাথা হউক মৃত্যুর হাত হইতে রক্ষা পাওয়া সম্ভবজনক হইয়া আসিতেছে। কিন্তু পণ্ডিত মিচিনিকভ তাঁহার সিরামের উপর সমুদয় বিশাস স্থাপন করিতে নারাজ: কেননা তিনি বলেন যে মনের শক্তি দারা মৃত্যুর গতি কতকটা হ্রাস করা ধায়। মানৰ যতই মৃত্যুকে ভয় খাইবে, মৃত্যু ততই তাহার নিকটবর্ত্তী হইবে। তিনি বলেন যে এই ভয় পরিত্যাগ কর, তাহা হইলে মৃত্যু নিদ্রার তায় সাদরে অভার্থিত হইবে। জীব জন্মগণ কখনও স্বাভাবিক মৃত্যু বোধ করে না।

পৃথিবীর আদীম অধিবাসীদিগের মধ্যে মৃত্যুর আশকা ত ছিলই না, বরং তাহাদের ভিতর র্দ্ধগণ আল্লবয়স্কদিগের ধারা উদরসাৎ হইবার জন্য তাহা-দিগের শ্ব শ্ব জীবন নিজ ইচ্ছায় উৎসর্গ করিত। কিন্তু এখন যে দীর্ঘজীবন লাভ করিলেই অল্পবয়ক্ষদিগের নিকট প্রাণ সমর্পণ করিছে হইবে তাহার
এমন কোন আবশ্যক দেখি না। জাবনের গরিমাণ
কিছু বৃদ্ধি করিছে হইলে, অভয় হৃদয়ে মৃত্যুর জন্য
প্রস্তুত হইয়া থাকিতে হইবে। কিন্তু এইরূপ প্রস্তুত
হইয়া থাকিবার জন্য আমাদিগের বাঁচিবার ইচ্ছাকে
ঢিলা দিবার আবশ্যক নাই। পক্ষান্তরে মৃত্যুকে
নিরস্ত করিতে হইবে। বা শ্বিকই মানুষ তাহার
দৃঢ় করিতে হইবে। বা শ্বিকই মানুষ তাহার
দর্বপ্রথম স্থি ইইতে এই বাঁচিয়া থাকিবার ইচ্ছাকে
অল্পেণ করিতেছে; এবং কেহ কেহ এই বাঁচিয়া
থাকিবার ইচ্ছাকে "জীবন" নামে অভিহিত
করেন।

মানবের মনের শক্তি ঘারা বহু আশ্চর্যাজনক ঘটনা যে ঘটিতে পারে ভাহা বোধ হয় সকলে বিশাস করেন। কয়েক স্থলে ইহাও প্রমাণিত হইয়াছে যে অভ্যধিক মানসিক সংযমের ফলে বহু দৈহিক পরিবর্ত্তন দেখা গিয়াছে। ভাহা হইলে বলা ঘাইতে পারে যে মানব যেমন ভাহার ভাগ্য ভাক্ষর, ভেমনই ভাহার ঘাতক ও বটে। অভএব দীঘ জীবন লাভ করিতে হইলে এই মৃত্যুর প্রতি অভয় ভাবটুকু আমাদের শিক্ষা করিতে হইবে। মৃত্যু নিশ্চিত জানিয়া ভাহা কিরূপে সম্ভব হয় ? এই রূপ স্থলে মৃত্যুকে জীবন হইতে যতক্ষণ সবিশ্লেগ্য (Inseperable) বলিয়া বিশ্বেনা করা যায় তত্ত-ক্ষণ কোন স্থফলের আশা নাই।

# স্বৰ্গগত পীযৃষকান্তি ঘোষ

[ শ্রীযুক্ত বাবু ভূতনাথ মুখোপাধ্যায় ]

বাংলার আর একটা উজ্জ্বল নক্ষত্র খসিল। দেশমাতৃকার স্নেহ-করুণ ক্রোড় শৃত্য করিয়া বাংলার স্থসন্তান পীযুষকান্তি আজ পরলোকগত। তাঁহার অকাল মৃত্যুতে বাংলা দেশ একজন একনিষ্ঠ ও অক্লান্তকর্মী এবং হিন্দু সমাজের একজন বিশিষ্ট পীযুষকান্তি গোষ ও অনুরাগী সেবক হারাইল। অমৃতবাজার পত্রিকা-প্রতিষ্ঠাতা, স্বনামধন্য কর্মবীর মহাত্মা শিশির কুমার ঘোষ মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র। স্বর্গীয় শিশির কুমারের জন্মভূমি যশোর জেলায় অমৃতবাজার গ্রামে। উক্ত গ্রাম ও "অমৃতবাজার পত্রিকার" নামকরণ হয় স্বর্গীয় শিশির কুমারের স্লেহময়ী জননী শ্রীমতী অমৃতময়ী দেবীর নামে। অমৃতবাজ্ঞার পত্রিকা তখন বাংলা ভাষায় লিখিত দেশের তদানীন্তন অবস্থা ও সংবাদপত্র ছিল। শাসন-প্রণালীর উপর শিশির কুমারের সরস অথচ তীব্ৰ সমালোচনায় তৎকালীন জেলা ম্যাজিপ্ট্রেট হইতে আরম্ভ করিয়া ছোটলাট বাহাত্বর প্রভৃতি উচ্চত্য রাজকর্মচারীগণ এত বিত্রত হইয়া পড়িয়া-ছিলেন যে উক্ত সংবাদ পত্রখানির উপর রাজ-কর্মচারীদের শ্যেনদৃষ্টি পড়ে। স্থতরাং ঐ সংবাদ পত্রখানি শাসক সম্প্রদায়ের মুখপত্র, করিবার চেফী অথবা ধ্বংস করিবার বহু প্রয়াস হয়। নির্ভীক শিশির কুমার ভয় পাইবার পাত্র ছিলেন বাংলা সংবাদপত্রে গভর্ণমেণ্টের কলাপের প্রতিবাদ ও সমালোচনা বন্ধ করিবার জন্ম দেই সময় সরকার বাহাতুর প্রেস্ আইন পাশ করেন। শিশির কুমার ও তদীয় ভাতৃত্বন হেমন্ত কুমার

মতিলাল ও গোলাপ লাল প্রাণপাতী পরিশ্রম করিয়া উক্ত আইন জারী হইবার সঙ্গে সঙ্গে সংবাদ পত্রখানি রক্ষা করিবার জন্য একদিনে উহা ইংরাজী ভাষায় পরিণত করেন। এই সময়ে তাঁহারা কলিকাতায় আসিয়া বাগবাজারে ২নং আননদ চট্টোপাধ্যায় লেনস্থ বর্ত্তমানে যথায় অমৃতবাজার পত্রিকা আফিস স্থাপিত ঐ বাটী ভাড়ালইয়া ঐখানে সংবাদপত্রের আফিস, ছাপাখানা প্রভৃতি প্রতিষ্ঠা করেন। সে সময়ের ইতিহাস ঘাঁহারা জানেন তাঁহারা বুঝিবেন কি অকুতো পরিশ্রম দারা অমৃতবাজারের প্রাণ প্রতিষ্ঠা হয়। কম্পোজিটারের কাজ হইতে আরম্ভ করিয়া সম্পাদকীয় স্তম্ভ, সংবাদ সংগ্রহ প্রভৃতি সকল কাজ তাঁহাদের সহস্তে করিতে হইয়াছিল।

১২৮২ বঙ্গান্দে বৃহস্পতি বার ১৮ই ভাদ্র ইং ১৮৭৫ খৃ ফান্দে পীযুষকান্তি ঘোষ বাগবাজার ২নং আনন্দ চটোপাধ্যায় লেনত্ব বাটীতে জন্মগ্রাহণ করেন। পীযুষকান্তি শৈশবে অতি চঞ্চল প্রকৃতির বালক ছিল। পল্লীবাসী সমবয়ক্ষ অত্যাত্য বালকবৃন্দ লইয়া পীযুষ ভাহাদের বাটীর সংলগ্ন বাগানে কপাটী, লুকোচুরী দৌড়াদৌড়ী, উচ্চ বৃক্ষে আরোহণ করিয়া ফল পাড়া, লক্ষ ঝক্ষ, সন্তরণ প্রভৃতি অতি সাহসিক কাজে নিযুক্ত থাকিতে ভালবাসিত। কোন বালক পশ্চাদপদ হইলে ভাহাকে ভংগনা করিতে ছাড়িত্ত না। এ জত্য সকল সমবয়ক্ষ বালক ভাহাকে ভয়ও করিত। শৈশবের এই চাঞ্চল্যই পীযুষের কর্ম্মজীবনে ভাহাকে উত্তমশীল ও অক্লান্তকর্মী এবং কর্ম্মপটু

করিয়া তুলিয়াছিল। তাহার কর্ম্মবন্থল জীবনে শ্রান্তিবোধের অভিযোগ শুনি কখনও কেবল শেষ জীবনে তাহার শরীর কর্মভারে অতিরিক্ত অবসন্ন হইয়া পড়িয়াছিল তখনই তিনি নিজ ভগা স্বাস্থের কথা তুলিয়া অবসাদের কথা জ্ঞাপন করিতেন। কিন্তু কার্যাতঃ বাটীতে ফিরিয়া বিশ্রামের পরিবর্তে স্থুদীর্ঘ রজনী সংবাদ পত্র সেবা, হিন্দু সভার কার্য্য, দেশের যুবকগণের স্বাস্থ্যোমতির চিন্তা—প্রভৃতি দেশহিতকর কল্যাণ কার্যে আজনিয়োগ করিতেন। ভগ তাঁহার বিরাম ছিল না। মনে পড়ে একদিন রোগশ্যাায় তিনি উত্থান শক্তি রহিত, চিকিৎসকেরা সম্পূর্ণ বিশ্রামের পরামর্শ দিয়াছেন, আমি শ্য্যাপার্শ্বে বসিয়া নানা কথোপকথনে মতামনক্ষ করিবার চেষ্টা করিতেছি –তিনি বার বার আমায় জিজ্ঞাসা করিতেছেন—''হিন্দু সভার কার্য্য কেমন চলিতেছে ? কাগজে দেখিলাম কাল তোমাদের বাডী সভা---সভাটা এইখানে করিলে হয় না ? আমি শুইয়া শুইয়া শুধু দেখিব মাত্র।" প্রাণে এম্নি তাহার কর্মপিপাসা। যাক সে সব অনেক কথা। বাহুলা ভরে সে সব উল্লেখ নিপ্পায়োজন। শুধু ঐ উক্তি ঘারা ইহাই প্রমাণিত হয় যে তাহার শরীর অপট হইলেও মনে কর্মশক্তির বিন্দুমাত্রও হ্রাস হয় নাই। ় পাযুষকান্তি বাল্যে বাগবাজার পল্লাস্থ "মডেল স্কল" নামক বিভালয়ে পাঠ আরম্ভ করে-পরে "নিউ ইণ্ডিয়ান স্কুল' হইতে এণ্ট্ৰান্স পরীক্ষা দিয়া ঐ পরীক্ষায় উত্তীর্ণ হয় এবং তৎপরে প্রেসিডেন্সি কলেজ ও জেনারেল এ্যাসেম্ব্রিজ ইনষ্টিটিউসনে (বৰ্ত্তমান Scotish Churches College) debating club. অধ্যয়ন করে। কলেজেও

recitation প্রভৃতি প্রতিযোগীতায় তাহার অত্যন্ত অমুবাগ ছিল। এই সময় হইতেই তিনি তাঁহার পিতা স্বর্গীয় শিশির কুমারের নিকট সংবাদপত্র পরিচালনার শিক্ষানবিদী করেন এবং অমৃতবাজার পত্রিকার প্রফ দেখা, প্রফ রিডিং, সম্পাদকীয় স্তম্ভ কপি করা প্রভৃতি কার্য্য করিতে থাকেন, পরে শিশির বাবু অবসর গ্রাহণ করিলে তাঁহার খুল্লতাত স্বর্গীয় মতিলাল ঘোষের দক্ষিণ হস্ত স্বরূপ হইয়া অমৃত-



বাজার পত্রিকা পরিচালনায় সহায়তা করেন।
এমন দিন গিয়াছে যে তাহাকে সারা রাত্র জাগিয়া
কম্পোজিটারের কার্য্য হইতে মেসিন চালান কার্য্যে
পর্যান্ত নিযুক্ত থাকিতে হইত এবং সংবাদ পত্র
স্তম্ভের আছোপান্ত বিষয় গুলির যগায়থ distinction হইল কি না তাহাও দেখিতে হইত। ফলে
তিনি ভবিশ্যতে একজন বহুদর্শী ও পাকা সংবাদপত্র
সেবী (Journalist) হয়েন। কংগ্রেস, কনফারেক্স,
সভা, সমিতির নিখুত রিপোর্ট ভ্রমণ রুভান্ত, গল্প
প্রভৃতি লেখায় একরূপ তিনি সিদ্ধহস্ত ছিলেন।

ছোট বড় কোন ঘটনা তাহার চক্ষু এড়াইতে পারিত না।

কয়েক বৎসর নানাবিধ প্রতিযোগীতায় যথন অমৃত্বান্ধার পত্রিকাকে বিব্রত হইয়া পড়িতে হইয়া-ছিল তথন পীযুষ কান্তি অদম্য উৎসাহ, ধৈৰ্ঘ্য, সাহস ও আত্মবিখাস বলে সকল বাধা বিদ্ন অতিক্রম ক্রিয়া অমৃতবাজারের গৌরব অক্ষুণ্ণ রাখিতে সক্ষম হইয়াছিল। এক কথায় অমূতবাকার-পত্রিকা পীযুষ কান্তির প্রাণম্বরূপ ছিল। কেহ অমূত বাজারের নিন্দা করিলে তাহার প্রাণে আঘাত লাগিত, কিন্তু তিনি নিন্দাকারীকে কট় কথা কহিতেন না—বরং বাটীতে ফিরিয়া অমৃত বাজারের ক্রটী কোথায় খুঁজিয়া বাহির করিয়া সকল কর্মচারীবৃন্দকে ভাতৃসম্বোধনে সেই ক্রটী স্থালনের পথ দেখাইয়া দিতেন কখনও বা মৌখিক রুফীভাব দেখাইয়া নিজে আফিস ঘরে বসিয়া ব্যাপিয়া কার্য্য করিতেন। যেখানে কোন বিশেষ ঘটনা ঘটিত, অমূতবাজারের প্রতিনিধিম্বরূপ পীযুষ কান্তি সেখানে উপস্থিত হইতেন—তাহার মত ঘটনা ও তথ্যবস্তুল রিপোর্ট লিখিতে বর্ত্তমানে দিতীয় কেছ নাই বলিলেও অত্যুক্তি হয় না। এই স্থযোগে তিনি ভারতে সর্ববত্র বিশেষরূপে পরিচিত হইয়া পডেন। অমৃতবাজার পত্রিকা ছাড়া—তাহার পিতার পরি চালিত Spiritual Magazineএর তিনি বার বৎসর সম্পাদকতা করেন এবং প্রেততত্ব সম্বন্ধে গবেষণাপূর্ণ ও প্রভাক্ষ দর্শন সম্ভূত বহু প্রবন্ধ লেখেন। ১৯২৩ সালে নিখিল ভারত প্রেততাত্ত্বিক কনফারেন্সের প্রথম বৈঠকে তিনি সভাপতি নির্বাচিত হয়েন। আনন্দ বাজার পত্রিকাতেও তিনি किছু काल मण्लामकक्तर्भ काज कतिग्राहित्लन।

তথন আনন্দ বাজার রাজনৈতিক পত্রিকা ছিল না। ধর্ম সম্বন্ধীয় নানা গবেষণাই ঐ পত্রিকার মূলীভূত বিষয় ছিল। তথন ভাহার নাম ছিল আনন্দ বাজার ও বিষ্ণু প্রিয়া পত্রিকা।

নিজের স্বাস্থ্য নানা কারণে কুল্ল হইয়া যাওয়ায় দেশের যুবকদিগের স্বাস্থ্যের প্রতি তাঁহার বিশেষ লক্ষ্য পড়িয়াছিল এবং কি করিলে সচরাচর-দৃষ্ট রুগা ও শীর্ণ দেশের যুবকগণ পুনরায় হৃষ্টপুষ্ট ও বলিষ্ঠ হইবে—এই চিন্তা তাগাকে ইদানীং পাগল করিয়া তুলিয়াছিল। এই সম্বন্ধে তিনি Sad neglect of physical culture নামক একথানি কুদ্র পুস্তক রচনা করিয়া গিয়াছেন। ঐ পুস্তকে স্বাস্থ্য সম্বন্ধে অনেক তথ্যও সংগ্রহ করিয়া গিয়াছেন। আমি সকল যুবককে ঐ পুস্তক পাঠ করিতে অনুরোধ কবি।

এ কারণে স্থস্থ বালক ও সবল যুবককে দেখিলে তিনি আনন্দে নৃত্য করিয়া বলিতেন—বেঁচে থাক সোনার চাঁদ এলি ছেলেই দেশের কাজে লাগবে <u>।</u>" তিনি নিজে পরিমিতাচারী ছিলেন। ঘডি ধরিয়া স্নানাহার করিতেন, নিয়মিত ব্যায়ামাদি — শিষ ডন বৈঠকও করিতেন। তাহার শরীরের গঠন সভাবতঃ ক্ষীণ থাকিলেও বিশেষ কর্মাঠ ছিল। বর্ত্তমানে যে Walking competition এর প্রচলন হইয়াছে—ইহার বহু পূর্বন হইতে পীযূষ কান্তি একজন রীতিমত হণ্টনকারী ছিল। গিরিডি হইতে হইতে দে ওঘর পদত্রজে পরেশ নাগ পাহাড. ত্রিকুট, রিখিয়া প্রভৃতি মোহনপুর, স্থানে তাহার সহিত আমাদের নিত্য ভ্রমণের ব্যাপার ছিল। যথন আমরা একত্র দার্জিলিংএ ছিলাম উভয়ে আহারাদি করিয়া বেলা ১০টার সময় বাহির


इहेग्रा मक्ता १॥० है। भर्या छ এक होना भवज्र छ বিনা বিশ্রামে—শিখরের পর শিখর অতিক্রম করিয়া চলিতাম--শ্রান্তি কাহাকে বলে জানিতাম না। এই পদত্রজে ভ্রমণ কালীন পাযুষ কান্তি ঘড়ি খুলিয়া পরীক্ষা করিত কে কয় মিনিটে কত মাইল অভিক্রম করিতে পারিয়াছে। পীযুষ আমাদের বরাবরই মগ্রণী থাকিত। কিন্তু হায়। স্বাস্থ্যের প্রতি এত তীব্ৰ দৃষ্টি রাখিয়াও তাহার কর্মা ৰহুল জীবন অতাধিক পরিশ্রমে ও দেশের কল্যাণ কল্লে প্রভৃত চিন্তায় তাহার শরীরকে দিন দিন ক্ষাণ করিয়া তুলিভেছিল। বাংলা দেশে স্কুল কলেজে যাহাতে কিশোর ও যুবকেরা শরীর চর্চ্চায় মনোযোগী হয় সে বিষয়ে পাঘূষ কান্তির বিশেষ আগ্রহ ছিল এবং তাহা ক্রমশঃ কতকটা কার্য্যে পরিণত হওয়ায় তাহার প্রাণে আশার সঞারও হইয়াছিল।

পীয়ুৰ াশ্তি "প্ৰান্থ্য" নামক মাসিক পত্ৰিকাকে বড় ভালবাসিত ও তাহার প্ৰথম প্ৰচাৱে মুখবন্ধ লিখিয়া দেয় এবং পরে মধ্যে মধ্যে ইহাতে স্বান্থ্য ও খাত্ত সম্বন্ধে প্ৰবন্ধ লিখিত।

যাহাতে হিন্দুজাতীর সামাজিক নৈতিক ও ধর্ম্ম সম্বন্ধীয় সর্ববিধ পুনরভ্যুত্থান হয়, জীবনের শেষ ভাগে পীযুষ কান্তির সেই চিন্তাই প্রবল হইয়াছিল। তাই তিনি বাংলা দেশে হিন্দু সভার কার্য্যে বিশেষ উল্ভোগী ও উৎসাহা ছিলেন। বলিতে কি—বাংলা দেশে পাযুষ কান্তিই হিন্দু সভার প্রতিষ্ঠাতা ও মুখপত্র। এ দেশে প্রথম যখন হিন্দু সভার সূচনা হয় পাযুষ কান্তি, পণ্ডিত রিসক মোহন বিদ্যাভূষণ ও আমি মাত্র তিন জনে প্রচার কার্য্যে বাহির হই। কত বাধা, কত বিপত্তি, কত বিদ্রুপ

মাথার উপর দিয়া বহিয়া গিয়াছিল ও সেই প্রচেষ্ঠা ধ্বংস করিবার কত প্রয়াস অতিক্রেম করিতে হইয়াছিল তাহা এই ক্ষুদ্র প্রবন্ধে বর্ণনা করা অমন্তব। বন্ধীয় প্রাদৈশিক হিন্দু সভা তাঁহারই চেফীয় প্রথম গঠিত হয়। এবং তিনিই সেই সভার প্রথম সম্পাদক নির্বাচিত হয়েন। সেই বৎসরেই তাহারই উল্লোগে বাংলা দেশে প্রথম নিখিল ভারত হিন্দু মহাসভার অধিবেশন হয়। এবং সম্প্রতি পরলোকগত পাঞ্চাব কেশরী লালা লাসপৎ রায় সভাপতি নির্বাচিত হয়েন। ঐ বংসরই পুনরায় তাঁহারই চেফায় সিরাজগঞ্জে প্রাদেশিক হিন্দু मत्मालातत প्रथम अधित्यभन रय। भारत कतिमभूत, গোহাটী পুরুলিয়া ও পুনরায় কলিকাভায় পর পর অধিবেশন হয়। প্রাদেশিক হিন্দু কনফারেন্সের যে অধিবেশন University Institute এ ইইয়াছিল সে অধিবেশনের ভার পীযুষ কান্তি আমারই উপর গুস্ত করিয়া উত্তর পশ্চিম ভারতে কার্যান্তরে ও স্বাস্থোন্নতির জন্ম গমন করেন সেই সময় তিনি বঙ্গীয় প্রাদেশিক হিন্দু সভার সহকারী সভাপতি ছিলেন ও আমি সম্পাদক ছিলাম। প্রতি পত্রে এই সম্মেলনের সংবাদ তাহাকে জানাইতাম তিনিও উৎসাহপূর্ণ পত্র লিখিয়া আমায় কার্য্যে অনুপ্রানিত করিতেন। সেই সময় হইতেই তাহার স্বাস্থ্য পরে কলিকাভায় একেবারে ভাঙ্গিয়া পড়ে। ফিরিয়া আসিয়া অবধি স্থদীঘ কাল রোগশয্যায় থাকিয়াও হিন্দু সভার ভবিষ্যুৎ চিন্তা তাহার চিরশাণী ছিল। রোগশয্যায় পড়িয়াও পীযুষ আমাকে নিত্য ডাকাইয়া পাঠাইত তাহার সঙ্গে দেখা করিতাম দেখা হইবামাত্র হি'দু সভা ও সংগঠন কার্য্য স্থচারু চলিতেছে

কিনা ইহাই তাহার প্রথম প্রশ্ন হইত। 4115 উত্তেজনা হইলে তাহার রোগ বাড়িয়া যায় সেজতা আমি তু এক কণায় ভাহার উত্তর দিতাম। যখন তাহার পঞ্চে কথা কওয়া একরূপ নিষিক ছিল ভয়ে আমি উপরে উঠিতাম না। তাহার মার্গায় স্বজনের কাছ খেকে সংবাদ লইয়া ফিরিতাম। কিন্তু আমাদের উভয়ের সন্তরের বাঁধন এমন ছিল যে পরক্ষণেই আমার কাছে পত্র আসিত। আমার ভাক পড়িত। আমাদের এ দেখা সাক্ষাতে অনেক সময় আমি তাহার আত্মীয় স্বজনের কাছে কুন্তিত গত ২৯ সেপ্টেম্বর বঙ্গীয় প্রাদেশিক হিন্দু সভার বার্ষিক অধিবেশনেও পাযুষ প্রতিনিধি নির্বাচিত হইবার ইচ্ছা প্রকাশ করে ও এ বৎসর কার্যা নির্ববাহক সমিতির সভাও নির্ববাচিত হয়েন। কংগ্রেদেও যাহাতে প্রতিনিধি নির্নাচিত হইতে পারেন আমায় বার বার বলে। তার পরও কতবার দেখা হইয়াছে কিন্তু শেষ কয়েক বার দেখিতাম, সে শুইয়া শুইয়া ভাগবৎ পাঠ করিতেছে। হরিনামের মালা ঘুরাইতেছে। যেন বুঝিয়াছে দিন তাহার সংক্ষেপ। কিন্তু মুখে দে কথা প্রকাশ করিত না এবং আমিও বুঝি নাই যে এত শীঘ্র সে আমাদের সকল বন্ধন, সকল মায়া কাটাইয়া চলিয়া যাইবে। পাযূষ কান্তি গত ১৯শে কার্ত্তিক ৫ই নভেম্বর সোমবার রার ১ ॥০টার সময় মাত্র ৫৪ বংসর বয়সে মহাপ্রস্থান করেন। সেই রাত্রেই সংবাদ পাইয়া আমি তাহাদের বাটীতে যাইয়া শেষ দর্শন করিলাম। দেখিলাম মুখে ভাহার মূত্যুর মলিন চিহু নাই। যেন সকল কম্ট ভূলিয়া বেশ আরামে নিশ্চিন্ত হইয়া যুমাইতেছে। ভাবিলাম এ কি যুম! না अनन्छ বর্ত্তমানে পাযুষ কান্তির মত নিদা! বস্তুতঃ একজন সরল, নিরহক্ষারী, আড়ম্বরহীন, অভিমান শৃত্য, বন্ধুবংসল ও একাধারে বহু গুণ সম্পন্ন এমন একটী গাঁটী মানুষ আর আমাদের দৃষ্টিগোচর হয় নাই। সামি তাহার বালা সহচর, সহপাঠী, অন্তর, বন্ধু ছিলাম, যে বন্ধুত্ব বর্ত্তমানে বিরল, ভাহার পরলোক গমনে আমি বিশেষ ব্যথিত। তাহার আত্মার কল্যাণ করুণ ইহাই আমার শেষ निद्वन्त ।



## বিবিধ

কংগ্রেস ও প্রদেশনী—কলিকাতার এবার কংগ্রেস ও তৎসহ বৃহৎ প্রদর্শনী (Exhiliton) হইবে। লার্ক সার্কাস সকলে প্রার হুইশন্ত বিঘা জমিতে এই ছুইবের বাবস্থা করা হুইতেছে এই একজিবিসনে তারত লাত শির সকল দেখান হুইবে অধিকও কুশি মহিলার শির, স্বাস্থ্য বিভাগ দ্বারা শিক্ষা বিস্তারের চেষ্টা করিবার আব্যোজনও কর্তৃপক্ষরা করিতেছেন এই অমুষ্ঠানে তারতের সব দেখা গুলি হুইতেই নানারূপ দ্রব্যাদি প্রদর্শিত করিবার তাড়াহুড়া পড়িয়া গিরাছে বহুবংসর এরপ প্রদর্শনি এদেশে হয় নাই। প্রদর্শনি ডিসেম্বর মাসের মাঝামাঝি খোলা হুইবে।

ব্যাহ্রাম শিক্ষার ব্যবস্থা—গর্ভাদেণ্ট ব্যাহ্রাম শিক্ষার বালালা দেশের কুল (Phycical Calture) ব্যায়াম প্রবর্তনের ব্যবস্থার জন্ম নিযুক্ত করিরাছেন তিনি কিরূপ ব্যায়াম এদেশের উপবোগী তাহা স্থির কয়িয়া অনেকগুলি শিক্ষককে নিজ প্রণালী অনুষায়ী ব্যায়াম শিক্ষা দেবার উপায় তাহাদের শিখাইয়া দিবেন এই সব অভিজ্ঞ লোকের। জেলায় জেলায় গিয়া প্রত্যেক কুলে ছাত্রদের ব্যায়াম শিক্ষা দিবেন। তুনা যাইতেছে প্রায় ৫০টি গ্রাজুরেট ইতিমংগ্রই এই ব্যায়াম শিক্ষার জন্ম অদিয়াছেন।

লালা লাজপথ রাহ্য—লালা লাজপত রায়ের আকম্মিক মৃত্যুতে দেশবাসী অভ্যস্ত মর্মাহত হইরা পড়িরাছে। তিনি বৃদ্ধ হইরাছিলেন তাঁহার ৬৪ বংসর বয়স হইরাছিল কিন্তু স্কৃত্ব শরীরে ছিলেন বলিয়া তাঁহার আসয় মৃত্যু কেহই কয়না করিতে পারেন নাই। বিচক্ষণ রাজনৈতিক হিসাবে তাঁহার পুবই খ্যাতি ছিল এবং সে খ্যাতি সম্ভ্রপারেও গিয়া পৌছয়াছল। ভারতবাসী তাঁহার নিকট অনেক হিসাবেই শ্লী, কারণ তিনি শুধু রাজনৈতিক নতে, সমাজ

দেবক ও ধর্ম সংস্থারক রূপেও তাঁহার খ্যাতি ছিল।

সমগ্র ভারতবাসীর সহায়ুভূতি বেন তাঁহার শোক সমগু পরিবার বর্গের শোক লাঘ্য করে

বিলাতে ঝ 9—দত্ততি বিলাতে খুব
একচোট ঝড় হ<sup>3</sup>য়া গিয়'ছে। ঝড়ে অনেক
লোকের প্রাণহানী হইয়াছে বলিয়া শুনা ষাইতেছে।
বিলাতে সব জিনিষই বেশ একটু অতি মাত্রায়
হয়। কয়েক মাস আগে দিন কয়েকের জয়
অস্বাভাবিক রূপে বৃষ্টিপাতেও অনেক প্রাণহানী
হইয়াছিল।

পাশ্চাত্য — জগতে বিজ্ঞানের ধে কিরপ চর্চা হইতেছে ভাহা আমরা অবগত আছি। সম্প্রতি ফ্রান্সে কোন একটা বাগানে, একটা বাধাকপি হইয়াছে, ভাহার ঘের হইতেছে ৭ ফিট। কপিটা এত বড় করিবার জন্ম নাকি বৈহ্যতিক শক্তিও কাজে লাগান হইগ্রাছিল।

আইন সন্স্য — অনারেবল মিষ্টার সতীশ রঞ্জন দাসের মৃত্যু হওয়তে, বড়লাটের আইন সদভের পদ থালি হইয়ছিল এবং সেই পদে শ্রীযুক্ত জয়কার পাইবেন বলিয়াই অনেক দিল ধরিয়া শুনা মাইতেছিল, কিছু গশ্বরুদেন্ট এখন পর্যাস্ত কাহাকেও মনোনীত কপেন নাই। শ্রীযুক্ত জয়কার একজন সাইমন বিরোধী, অতএব গবরুদেন্টের সহিত তাঁহার বিশেষ সন্তাব নহে।

কান্দী হিন্দু মহিলাগ্রম—কাণী হিন্দু
মহিলাগ্রম এবং নারী সমিতির উদ্যোগে কুচবিহার
ঠাকুরবাড়ীতে মহিলাদের একটি সভা হয়। স্বর্গীয়
দুদেব মুখাজ্জীর পুত্রবধ্ প্রীয়ক্তা ধরাম্নুদ্দরী দেবী
সম্ভানেত্রীর আসন গ্রহণ করিয়াছিলেন। আশ্রমের
বাহিক বিবরণীতে দেখা যায় যে, আশ্রম অনেক হিতকর

কার্য্য করিয়াছে। প্রীমতী স্বর্ণান্ডা দেবী এবং প্রীযুক্তা অনুরূপা দেবী চমৎকার বক্তৃতা দিয়াছেন। আপ্রমের বালিকারা চমৎকার স্তোত্র এবং গানের হারা সভার আনন্দ বর্দ্ধন করিয়াছিল। আবরা এইরূপ বড়লাট ক্ষমদার দিগের নিকট যে বক্তৃতা করিয়াছেন ভারতে এই ভক্তি করিয়াছেন "যে প্রজাদের উরতিতেই ক্ষমিদারদের উরতি যদি জ্মিদারের। প্রজাদের দিকে দৃষ্টি রাথেন এবং আধুনিক কালোপযোগী উপায়সমূহ অবলম্বন করিয়া ভারাদের মধ্যে শিক্ষা, কাহ্য, কৃষি প্রভৃতির উয়্ল তর চেষ্টা করেন, ভবেই জ্মিদারেরা দেশের Natural Leaders বা স্বাভাবিক নেতারূপে গণ্য ছইবেন, অন্তথা নহে! আশা করি বড়লটের এই ক্ষপ্রিয় সভ্যের আঘাতে বেহারী জ্মিদারদের কিঞ্ছিৎ চৈতন্ত হইবে।"

১০৮ বংসর বহাসেও নৃত্য-মার্কিন রন্ধের যৌবন উৎসাহ। ১১০ এবং ১১৫ এর যোগদান।

ভ্যাস্থ্বাবের ২২শে সফ্টোবরের সংবাদে প্রকাশ যে
শনিবার দিন রাত্তিতে এথানে এক •৮ বয়স বৃদ্ধের
অন্তুত ক্মতিথি উৎদব সম্পন্ন হইয়া সিয়াছে। এই বৃদ্ধ
এখনও যুবকের মত প্রবল উৎসাহে ঘোড়ার সাজসজ্জা
প্রস্তুত্ব কার্য্য করিয়া থাকেন।

এই জনুতিথি উৎসবে ভ্যাঙ্ক্ৰার সহরের আরও

8 জন শত বর্ষের বৃদ্ধ বোগদান করিয়াছিলেন।

ইহাদের মধ্যে মিসেদ্ ম্যাকফোর বয়স ১০৫ এবং মিঃ জিন
ম্যাকিনটসের বয়স ১১০।

১০৮ বংসরের বৃদ্ধ কুইক ১০৮ টি সিগারেট উপহার লাভ করেন এবং শতবর্ষের বৃদ্ধগণ মিলিয়া নৃত্য করেন।

কাশীতে স্থ্যগ্রহণ উপলক্ষ্যে অভ্নধিক লোকের ভিড় হওয়াতে সহরে কলেরা ভীষণ আকারে দেখা দিরাছে। দৈনিক ছই শতের অধিক লোক মারা যাইতেছে।

শিক্ষা-সংক্রান্ত—তুরক্ষে লাটন বর্ণমাল। প্রবর্তনের পাকা ব্যবস্থা হটয়া গিয়াছে। তুরিক্ষের

ভাশনাল এসেম্ব্রিলি ঐ মর্গ্বে এক আইন পাশ করিয়াছেন। দেই আইন অনুসারে আগানী ডিলেম্বর মাদ হইতে সংবাদপত্র ও অভাভ গ্রহাদি লাটিন ভাষার ছাপা হইবে। আগামী জানুয়ায়ী মাদ হইতে গ্রহমেন্ট এবং ব্যান্ধ প্রভৃতির কাজ কর্মে লাটিন হর্ফ ব্যবহার থাকিবে। ১৯০০ অব্দে তুর্ক্তের সর্কত্র লাটিন বর্ণমালার প্রচলন হুইতে আর বাকী থাকিবে না।

'ডাফ্রিন' ভাহাজে থাকিয়া নৌ-বিছা শিক্ষার ু জলু মাদ্রাদ্র বিথবিছালয় ছইটি ছাত্তকে জিন বংসরের জিলু জলু মাসিক ৬০ করিরা বৃত্তি দিবেন বলিয়া ছির করিয়াছেন।

কানাডার মণ্টরিয়েল সহর হইতে ১২ই নভেম্বের সংবাদে প্রকাশ যে তথা হইতে "লার্কব্যাহ" নামক জাহাজে প্রায় হই লক্ষ মণ গম কলিকাতা অভিমূখে রওনা হইয়াছে। কানাডা হইতে এই প্রথমবার গ্র ভারতে আসিতেছে। শীঘ্র আর এক জাহান্ধ গম প্রেরিত হইবে।

বৈদেশিক বাৰ্ত্তা—৬ই নভেম্ব মাপানের প্রাতন রাম্বধানী কি ওটো নগরে মাপানের নৃতন সম্রাট হিরোহিটের রাজ্যাভিষেক হইয়াছে। কিওটো ও টোকিও সহর বিচিত্র সাজ সজ্জাষ ভূষিত করা হইয়াছিল। অভিষেকের পর নির্দিষ্ট সম্বে সম্রাটের এক কোটী প্রজা এক সাজ জয়োৱাস করিবা উঠিয়াছিল।

আমেরিকায় যুক্তরাজ্যের প্রেসিডেণ্ট ক্লিদের কার্য্যকাল অবসান হওয়ায় নৃতন নির্বাচনে মিষ্টার হভার প্রেসিডেণ্ট নির্বাচিত হইয়াছেন। ইনি আইওয়ার এক বন গ্রাম্য কর্মকারের প্র। ষ্ট্যালফোর্ড বিশ্ববিদ্যালয়ে ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তীর্ণ হন। বিগত মহাবুদ্ধে বেশজিয়মে ৭০ লক্ষ বিপদ্ধকে দৈনিক আহার বোগাইয়া ছিলেন।

সামরিক উপদেষ্টান্দেষ্টা—চীন কুরোমিংটাঙের সামরিক উপদেষ্টারূপে জার্মণী হইতে কার্ণেল বোরার সাংহারে পৌছিয়াছেন, তিনি গত মহাযুক্তে জার্মণ সামরিক পরিবলভুক্ত ছিলেন। কার্ণেল বোরার জাতীর দেনাদলকে নুতন ক্ষরিয়া গড়িয়া ভূলিবেন।

ডেনভার কেমিক্যাল কোম্পানীর কর্ত্তারা "The Bloodless Phlebotomist" ৭ম ভাগ বাহির করিরাছেন, ইহাতে অনেক উপদেশ পূর্ণ কথা আছে বাহা চিকিৎসকদের কাজে লাগিতে পারে। তাহার।

প্রসিদ্ধ জাপানি চিকিৎসক ( Dr. Noguchi ) মহাশরের একটা পেন্সিলে আঁকা বড় ছবি বিনা স্ল্যে বিভরণ করিতেছেন, স্বাস্থ্যের গ্রাহকগণের মধ্যে যদি কেই উক্ত ডাক্তার মহাশ্যের ছবি চাহেন এন্টিফ্লোজিষ্টানের মাবিদ্ধপ্তা ডেনভার কেমিক্যাল কোম্পানীর নিকট আমেরিকায় লিখিলে পাইবেন!

# সনে বাখিবেন প্রতি মিনিটে একটি করিয়া গরু রপ্তানি হয়; আমাদের শিশুরা ত্রথ না পাইয়া রোগে ভূগে মরে। সমবেত চেফায় ইহা নিবারণ হইতে পারে।

त्रह मण्लापक-कवित्राक औरेन्द्रृष्ट्य (मन वाग्नुर्द्यपणाञ्जी L. A. M. S.

Printed and Published by Dr. K. B. Mondal at 101 Cornwallis Street From. Gobardhan Press, 12 Gour Mohan Mookerjee Street, Calcutta,



#### কালা-আজর চিকিৎসায় "এ্যা ণ্টিমণি" ঘটিত ঔষধগুলির মধ্যে আধুনিক গবেষণা প্রসূত ঔষধ



#### NEO-STIBOSAN 693-B

(p-Aminophenylstibinic-acid Diethylamine)

কলিকাতা গ্রাত্মদেশজ রোগ সমূহের চিকিৎসাগারে কালা-আজর বিভাগে দ্বির্ষব্যাপী বস্তু গবেষণার ফলে ইহা নিদ্ধারিত হইয়াছে যে—

নিও-ষ্টিবোসান—নির্দ্দোধিতা হেতু অতিরিক্ত বেশী মাত্রায় প্রযোজ্য।
নিও-ষ্টিবোসান—বাজার চলন যে সমস্ত এ্যাণ্টিমণি ঘটিত ঔষধ তন্মধ্যে
আছে আশু ফলপ্রদ ও আরোগ্য সম্বন্ধে অধিক ক্রিয়াশালী।

নিও-প্রিবোসান— শিরার অভ্যন্তরে এবং মাংস পেশীর মধ্যে দেওয়া চলে।
ব্যবহার সম্বন্ধে মতামত—ডাঃ এল্ এন্ নেপিয়ার ৬১ জন রোগীর চিকিৎসায়
ফলাফল বিশ্লেষণ করিয়া এগাণ্টিমণি ঘটিত ঔষধ সমূহের
কালা-আজর চিকিৎসা সম্বন্ধে II No 693 ( Von
Heyden )


Ind. Journ. of Med. ১৯২৭ সালের জুলাই মানের ১৮১ পৃষ্ঠা কিরূপে বিক্রয় হয় :—

- (क) ১০টী এ্যাম্পুলযুক্ত বাক্স o.oc গ্রাম।
  - ,, ,, ,, o,\(\xi\),,
  - , , 0,0
- (খ) উপরি (ক) লিখিত মাত্রায় এক একটা **এ্যাম্পুল**।
- (গ) হাঁদপাতাল এবং চিকিৎসা কেন্দ্র সমূহের জন্ম ১ গ্রাম ও ৩ গ্রাম মাত্রা সম্বলিত এক একটা এ্যাম্পুল।

ব্যবহার বিধি ও সন্থান্য জ্ঞাতব্য বিষয় সম্বলিত পত্রিকা নিম্নলিখিত ঠিকানায় প্রাপ্ত হওয়া যায় :

# Havero Trading Co. Ltd. Calcutta.

Pharmaceutical Dept. "Bayer-Meister Lucius"
P. O. Box 2122, Calcutta.



# ণাগলের মহৌমধ

এস, সি, রায় এণ্ড কোং

৬৭া৩ কর্ণওয়ালিস ট্রাট, কলিকংতা।
টেলিগ্রাম—Dauphin, Caluctta.

৪ • বংসর বাবং আবিস্কৃত চইরা শত সহস্র হন্দান্ত পাগল ও সর্বপ্রকার বায়ুরোগগ্রন্ত রোগ আরোগ্য হইরাছে। মৃচ্ছা, মৃগী, অনিজা, হিষ্টারিরা অথবা সায়বিক ক্রমলতা প্রভৃতি রোগে অব্যর্থ। পত্র লিখিলে ক্যাটন্সা, বিনা মূল্যে পাঠান হয়। প্রতি শিশি পাঁচ টাকা।

# "স্বাস্থ্যের"

স্বাস্থ্যের অগ্রিম বার্ষিক মৃল্য ডাকমাণ্ডল সহ ২ টাকা।
প্রত্যেক সংখ্যার মৃল্য ১০ আনা। ফাল্পন ইইতে মাঘ
পূর্ণ এক বৎসরের মৃল্য লগুরা হয়। কেন্ন বংসরের মধ্যে
প্রাহক হইলে তাঁহাকে ফাল্পন হইতে কাগ্ড লইতে হয়।
মূল্য সম্পাদকের নামে পাঠাইতে হয়।

আপ্রাপ্ত সংখ্যা। "ত্মান্ত্য" প্রতি বাংল। বানের ১লা প্রকাশিত হয়। কোন মাসের কাগজ না পাইলে সেই মানের ১৫ই তারিখের মধ্যে অপ্রাপ্তি সংবাদ ডাক্ঘরে ব্বর লইরা ডাকবিভাগের উত্তর সহ আমানের নিকট পৌঙান আবশ্রক।

প্রতিষ্ঠা বিপ্লাই কার্ড কিখা টিকিট ন। পাঠাইলে কোন চিঠির জাব দেওয়া সম্ভব হর্ম না।

প্রক্রাদি। টিকিট বা টিকানা লেখা খাম দেওরা থাকিলে অমনোনীত রচনা ফেরত দেওরা হয়। রচনা কেন অমনোনীত হইল, তৎসধদ্ধে সম্পাদক কোন উত্তর দিতে অসমর্থ

# নিশ্বসাবলী।

বিজ্ঞাপন। পোন্মাদে বিজ্ঞান বন্ধ বা পরিবর্ত্তন করিতে হইলে, ভাহার পূর্ব্ব মাদের ১৫ই তারিখের মধ্যে জানাইতে হয়।

অল্লীল বিজ্ঞাপন ছাপা হয় না। ব্লক ভালিয়া পেলে তজ্জ্য আমধা দায়া নহি এবং বিজ্ঞাপন যথন বন্ধ করিবেন, ব্লক থকিলে সঙ্গে সংক্ষ ফেরং লইবেন। নচেং হাগাইয়া গেলে আমরা দায়া নহি। বিজ্ঞাপন মূল্য অগ্রিম দেয়।

বিজ্ঞাপনের মাসিক মূল্য

পত্র লিখিলে বাঙ্গালা ও হিন্দি সংক্ষরণ স্বাস্থ্যের বিজ্ঞাপণের হার যানান হয়।

> ব্ৰজেন্দ্ৰনাথ গাঙ্গুলী এম, বি, , (সন্বাধিকারী)।

कार्यालय - > > नः कर्वश्रालित द्वीर, कनिकाठा

#### ক্বযি-সম্পদ।

#### (গত বৈশাখ মাসে ১৮শ বর্ষে পদার্পণ করিছে।)

ৰাঙ্গালাভাষার প্রকাশিত একমাত্র কৃষি-বিষয়ক সচিত্র মাসিক পত্র। অগ্রিম বার্ধিক মূল্য ডাকমাগুল সমেও ৩২ মাত্র।

#### পুরাতন রুষি-সম্পদের

প্রত্যেক বংসরের সম্পূর্ণ দেট্ (বাদশ সংখ্যা একত্রে) একত্তীয়াংশ মৃদ্যা অর্থাং ১১ টাকার প্রদত্ত হইবে। প্রাতন পতিকা অত্যর সংখ্যকই আছে। এ আশাতীত হবোর বেশীদিন রহিবে না। স্বতরাং বাঁহারা এ অমুদ্যা রত্ন সংগ্রহ করিরা অর্থের সন্থাবহার করিতে চাহেন, তাঁহারা ''দিন কতক পরেই লওয়া বাইবে' বিলিয়া চুপ করিয়া রহিবেন না—বাহা প্রকৃতই হবোগ, তাহা জীবনে ছুই একবার আইনে মাত্র; উহা হেলার হারাইলে আপ্শোদের সামা বাকে না। প্রাতন ক্বি-দম্পদের নৃত্য সংস্করণের সম্ভাবনা নাই;—একবার ফ্রাইয়া গেলে, উহা আর ক্বন্ত পাইবে না।

পুরাতন কৃষি-সম্পদ ভি: কি: করিয়া পাঠান হর। স্বতরাং যিনি যত বৎসরের কৃষি-সম্পদ লইতে ইচ্ছা করেন, তত বৎসরের স্বলভ মুল্যে ও ডাকমাগুলাদি (রেজেষ্টারী করিয়া পাঠাইবার ব্যরসহ) মনিঅর্ডার করিয়া পাঠাইয়া দিলেই ঘরে বসিয়া সকল পত্রিফা প্রাপ্ত ছইবেন, ডাকমাগুলাদি একবৎসরের পত্রিকার জন্ম। ১০ আনা এবং একাধিক বৎসরের ছইলে প্রতিবৎসরের জন্ম। লাগিবে।

টাক। পাঠাইবার ঠিকামা—গ্রীনিশিকাস্ত। ঘোৰ কুবি-সম্পদ অফিস, ঢাকা।

কলিকাত। সায়ুর্বেক কলেজ ও হাসপা তালের অধ্যাপক ও হাউদ ফিজিসিয়ান
'বাস্থ্য' ও "আয়ুর্বিজ্ঞান' পত্রছয়ের সহযোগী সম্পাদক,

কবিরাজ ত্রীযুত ইন্দুভূষণ দেন আয়ুর্কেদশান্ত্রী এল,এ,এম,এস, প্রশীত

#### নুতন পুস্তক

# বাঙ্গালীর খাদ্য

মহামহোপাপ্রায় কবিরাজ শ্রীযুত গণনাথ সেন সর ঘতী এম, এ, এন, এম, এম মহোদয় িথিত ভূমিকা সম্বলিত।

> অতি সহজ ও সরল ভাষায় খাছদ্রব্যের গুণাগুণ ইহাতে লিখিত হইয়াছে। ব্যাহ্য বাহাদুর ভাঃ শ্রীযুক্ত চূলীলাল বস্তু দি. আই, ই বলেন — "আপনার প্রবন্ধ পাঠে লোক উপকৃত হইবে।" স্কুল্য ॥০ আনা।

#### ২। পারিবারিক চিকিৎসা

প্রত্যেক রোগের কারণ ও তাহার বহু পরীকিত সহজ্ব প্রাপ্য ঔষধ দারা চিকিৎসা হইতে প্রদন্ত হইরাছে। কবিরাজ শিরোমণি শ্রীযুক্ত স্থামাদোস বাচস্পৃতি মহাশর বলেন – এ পুস্তকের ধারা দেশের ও দশের উপকার হইবে। মুল্য ॥४० দশু মানা।

আরোগ নিকেতন

২০ বলরাম ঘোষ খ্রীট, কলিকাতা



(ম্যালেরিয়া ও সর্ববিধ জ্বরোগের একমাত্র মহৌযধ)

অন্তাবশি সৰ্কবিশ জ্বরেরাগের এমন আশু শান্তি কারক মহৌষ্থ আবিদ্ধার হয় নাই।

মূল্য—বড় বোভল ১॥০ টাকা প্যাকিং ডাকমাশুল ১১; ছোট বোভল ১১ টাকা প্যাকিং ডাকমাশুল ৬০ আনা

রেলওয়ে কিংবা প্রিমার-পার্শ্বেলে লইলে খরচা অতি স্থলভ হয়।

পত্র লিখিলে কমিশনের নিয়মাদি সম্বন্ধীয় অস্যাস্য জ্ঞাতব্য বিষয় অবগত হইবেন।

ভারতের রাজপ্রতিনিধি মহামাগ্য বড়লাট বাহাছর কর্তৃক পৃষ্ঠপোষিত—

ব্ৰত্তক্ৰহণ পাল এণ্ড কোৎ, ১ ও ৩ বৰ্নফিল্ডদ্ লেন, কলিকাতা।

# नामनाम इनिष्ठात्वज काम्मानी निषिठिए

# হেড্ অফিস, ৭, চার্চ্চ লেন, কলিকাতা। ইহা একটি প্রকৃত ভারতীয় জীবনবীমা কোম্পানী

অংশগত মূলধন—১০,০০,০০০ দশ লক্ষ টাকা শি সঞ্চিত মূলধন—১,২০,০০,০০০ এক কোটী যিশ লক্ষ টাকা


৫০,০০,০০০ পঞ্চা । লক্ষ টাকার অধিক বীমাকারিগণের দাবীপূরণ করা হইয়াছে।

্ এই কোম্পানী অতি অৱ প্রিমিয়মে ীমাবিশেষক্ত পণ্ডিতগণের অভিমত শ্রুসারে জীবন-বামার কার্য্য করিয়া পাকে। মধ্যবিত্ত ভদ্র জনসাধারণের জন্য জীবন-বামার ইহারা করেকটা অভিনব লাভগনক ব্যবস্থা করিয়াছে। এই সকল ব্যবস্থা হারা পরিবারবর্গের ও অনুগত ব্যক্তিগণের গ্রাসাক্ষোধনেব ব্যবহা করা যাইতে পারে।

পুত্রকনাগণের শিক্ষা ও বিবাহের বায় সন্ধান যে কির । মায়াসসাধা তার প্রত্যে । ১ ভিতরকট সমাক উপশক্ষি করিতে পারেন। এই ন্যাশান্যাল ইন্সিওরেন্সের সহিত বীমা করিলে উক্ত সমস্তার গর্থাৎ আরের অধিক ব্যয়ন বাছল্য-সমস্তার সমাধান হইতে পারে ইহাতে আপনার যদি আন্তা থাকে, তাহা হইলে এই কোম্পানীর নিয়মাবলির ক্রনা আবেদন করন।

#### James J. Hicks.

8, 9, 10, HATTON GARDEN, LONDON.



প্রসিদ্ধ হিক্স্ থার্ম্মোমিটারের প্রস্তুতকারক। পৃথিবীর সর্বস্থানের প্রদর্শনীতে স্বর্ণদক ও ডিপ্লোমাপ্রাপ্ত—

# থার্মোমেটারের উপর হিক্স্ থাকিলেই বিশ্বাসযোগ্য।

ভারতে সর্ব্বত্র পাওয়া যায়।

বদি আপনাদের কিনিতে অস্থবিধা হর, আমরা স্পবিধা দরে, পাইকারী হিগাবে কিনিয়া দিতে পারি।


Special Representative :- A. H. P. Jennings,

Sole Agents :- ALLEN & HANBURYS Ltd.

Block F, Clive Buildings, Calcutta.

সাবধান। আমাদের থাকোঁমেটার জাল হইতেছে।

# वाख्वल ।



বাহুবল না হইবার অন্যতম কারণ স্নায়ুমণ্ডলীর প্রবীলতা।
দুক্ষলশক্তি নিত্য জীবন-সংগ্রামে পদে পদে পরাজিত হয়।

'বি কোনও অবস্থায় দৈহিক সামর্থ্যে তুর্বল এবং অনুপযুক্ত মনে হইলে

আর কালবিলম্ব না করিয়া

# পুরুবিলী কমান্ন? ব্যবহার করিবেন।

অচিরে ধমনীতে সতেজ রক্তপ্রবাহ বহাইয়া স্নায়ুমণ্ডলীতে নবশক্তির সঞ্চার আনিয়া শরীর কার্য্যক্ষম, বলীয়ান এবং আত্মশক্তিতে সম্পূর্ণ আস্থাবান করিয়া ভুলিবেন।

সকল ডাক্তার্থানায় পাওয়া যায়। সি, কে, সেন, এণ্ড কোং লিঃ কলিকাতা।